তখন ঐ সভার সভ্যগণ উপস্থিত ছিলেন; তাঁহার সহিত ঐ সম্পাদকের মত ভেদ হয়। তখন যদি তিনি একটী ওয়ার্ডের একমাত্র মেম্বর, এ কথা বলিয়া তাঁহার ওয়ার্ডের কমিশনরগণের সকল মত প্রকাশ করেন। " বিনয়ভূষণ শ্রীরামদাস চক্রবর্ত্তী " মহাশয় কি এই স্বাধীনচেতা উদারমনা শিক্ষিত যুবক কেই ভাইসচেয়ারম্যান মহাশয়ের অনুচর বলিয়া অনুমান করেন? স্বাধীনচেতা স্পষ্টবাদী ব্যক্তি চির কালই, সর্ব্বত্র, সর্ব্বকার্য্যে, ভাল মন্দ বিবেচনা হীন,লোকের নিকট নিন্দনীয়। সভা করিলেই যে ভদ্রতার সীমা অতিক্রম করিতে হইবে, মত, তাহলে ন্যায় ও যুক্তির মস্তকে পদাঘাত করিতে হইবে, এমন কোন বিধি নাই। ইতি:—

২৯ এ এপ্রেল ১৮৮৪। } শ্রীসত: —

সোমপ্রকাশ

৩১ এ বৈশাখ সোমবার।

এক ব্যক্তি আমাদের নিকটে লিখিয়া পাঠাইয়াছেন। " জেলা হুগলীর অধীন খানা বল গড়ের অন্তর্গত মৌজে গোঁসাইডাঙ্গা নামক গ্রামে গত ৮ ই বৈশাখ শনিবার বেলা দুই প্রহরের সময় এক স্ত্রীলোক হত হইয়াছে। " এক এক সময়ে এক একটী রোগের মরসুম পড়ে। কখন ওলাউঠা, কখন বসন্ত, কখন সংক্রামিক জ্বর। এবার আমরা দেখিতেছি, এককালে অনেকগুলি রোগের মরসুম উপস্থিত। এবার ওলাউঠা ও বসন্ত রোগের ন্যায় খুন ও ডাকাইতী রোগও বিলক্ষণ প্রবল হইয়া উঠিয়াছে। যে দিন আমরা এক একটী খুন বা ডাকাইতীর সংবাদ না পাই, সে দিনই বুঝি এত খুন ও ডাকাইতীর আমদানী হইল কেন? সমাজের বিশেষ দোষ ঘটিয়াছে? না, পুলিষের দোষ ঘটিয়াছে? অথবা আইনের কোন মারাত্মক দোষ হইয়াছে? কিম্বা আদালতের বিচারে বিঘ্ন ঘটিয়াছে? আমরা দেখিতেছি, এ সকলগুলিতেই দোষ পাইয়াছে। এ সকল দোষের প্রতীকার ব্যতিরেকে এ রোগের সম্পূর্ণরূপে প্রতীকার হইবার সম্ভাবনা নাই।

সমাজে আর তেমন ধর্ম্মভীরু লোক নাই। বদমায়েসেরই প্রাধান্য হইয়াছে। তাহারা সদলবদ্ধ হইয়া নানা প্রকার দুষ্কার্য্যে চিন্তা ও বদমায়েসীর অনুষ্ঠান করিয়া থাকে। তাহাদিগের বদমায়েসীর অনুসন্ধান করিয়া দণ্ডবিধানের প্রথা নাই। সুতরাং তাহারা অকুতোভয়ে স্বাভিলষিত সম্পাদন করে। পুলিষে আর ভেদ নাই। বদমায়েসরা কোন প্রকার বদমায়েসীর কাজ করিলে পুলিষের লোকে তাহাদিগকে ধরে না অথবা ধরিতে পারে না। আইন ও আদালতের বিচার মৃত হইয়া পড়িয়াছে। টিক রোগের প্রতীকার করিতে হইলে ঔষধপত্র পুরিষ চাই, আহার করা চাই এবং বিচারপদ্ধতিও কঠিন চাই। বদমায়েসেরা ধরা পড়িতেছে না, সুতরাং উহাদের আস্পর্দ্ধা ও প্রশ্রয় বৃদ্ধি পাইতেছে। আমরা গত বারে পাঠকগণকে এই আভাস দিয়াছিলাম, বেণী কয়েদ হইবার কিনারা হইবার সম্ভাবনা হইয়াছে কিন্তু এ সপ্তাহে আবার সংবাদ দিতেছি, জয়েন্ট মাজিষ্ট্রেট চালনী আসামীকে ছাড়িয়া দিয়াছেন। খুনের কিনারা হইল না, বদমায়েসেরা বিষম ফাঁকি পাইল। ইহার পর দিনের বেলায় খুন না হইলে মঙ্গল। খুন ও ডাকাইতী যত অনবরত হইতে লাগিল, বদমায়েসেরা ধরা পড়িল না, তাহা হইলে আর মুসলমান রাজত্বে ও ইংরাজ রাজত্বে কি ইতর বিশেষ হইল? এ অবস্থা নিতান্ত শোচনীয় সন্দেহ নাই। রাজপুরুষেরা ইহার প্রতীকার বিষয়ে মুক্ত মনঃসংযোগ করুন।

৩১ এ বৈশাখ। বদমায়েসের বল।

বদমায়েসরা এখন আর পূর্ব্বের ন্যায় মুষ্টিমেয় নহে। কেন? ইংরাজের উদারতা ও ন্যায়পরতায় পূর্ব্বের ন্যায় ভীতি শঙ্কা তাহাদের আছে কি না? এই দুটী প্রশ্নের উত্তর দান করিলেই ভারতে ইংরাজ রাজনীতির কোন সময় কোন্ ইন্দ্রজাল প্রকাশ করিতেছে, তাহা বুঝিতে পারা যাইবে। ইংরাজেরা প্রথম যখন এদেশে আসিয়া পূর্ণ শাসন করিতেন, তখন ভারত মুসলমান দিগের হস্তগত ছিল। তখন মুসলমান সাম্রাজ্যের অন্তর্গত সমস্ত। শাসনকর্ত্তারা সকলে বিলাসী। তাঁহারা ইন্দ্রিয়সুখ চরিতার্থ করিতেই সর্ব্বদা ব্যস্ত। প্রজার সুখ স্বচ্ছন্দ সম্পাদন করিবার তাঁহাদের অবসর ছিল না। শাসন প্রণালী দুর্ব্বল, পুলিষের বন্দোবস্ত অতি অল্প। রাজকার্য্যের সহিত যাহার কিছু সম্পর্ক ছিল, সেই এক মহাশয়। দুর্ব্বল প্রথা পীড়ন করিতে তাহার কিছুমাত্র লালসা ছিল না। পুলিষ প্রজার রক্ষা কার্য্যে নিযুক্ত। সে স্বকর্ত্তব্য সম্পাদনে পরাঙ্মুখ, দুর্ব্বল প্রজার ধন মান সমুদায় গ্রাস করিয়া ফেলিত। ইংরাজ দুষ্ট লোক

র অবস্থা বোধ হয় আর ঘটিতে পারে না। সকল
জ, নিপীড়িত অত্যাচারিত ও অসন্তুষ্ট, এমন
য়ে ইংরাজেরা ভারতের শাসন ভার পাইলেন।
াদের সুশাসন অত্যাবশ্যক ছিল। তাঁহারা অপেক্ষা-
ত সংশাসনপ্রণালী প্রবর্ত্তিত করিয়া অত্যাচারের
ল পরিমাণে হ্রাস করিলেন। তখন কতকগুলি
তাশয় মহাপুরুষ এ দেশে আগমন করিয়াছিলেন।
তাঁরা অকপট হৃদয়ে ভারতবাসির কল্যাণসাধন
ষ্টা পাইতে লাগিলেন। ক্রমে চটক লাগিয়া গেল।
তবাসী প্রজারা ইংরাজের গুণে মুগ্ধ হইয়া গেলেন।
রাধজাতির উপরে ভারতবাসির ভক্তি অসীম
য় উঠিল। তখন ভারতবাসিরা ইংরাজের
ভাবের পরীক্ষা করিতে পারেন নাই এবং ইংরাজ
জন্মের মর্ম্ম বুঝিতে পারেন নাই। ইংরাজেরা
দেশীয়দিগকে কেবল পড়া শিখাইতে লাগিলেন,
ঃ পরস্পর তাহাদের মঙ্গল চেষ্টা করিতে আরম্ভ করি-
ন সুতরাং এ দেশীয়েরা তাঁহাদের সমুদায় কার্য্য
দ্ধ নয়নে দেখিতে লাগিলেন। তাঁহাদের দর্শণও
ছাকেই বলিয়া অনেকের হৃদয়ঙ্গম হইল। অনেকে
ন পরীক্ষিত হইলেন।

খন এ অবস্থার সম্পূর্ণ বিপর্য্যয় ঘটিয়াছে। এখন
দেশীয়েরা ইংরাজের অন্তরে প্রবেশ করিয়াছেন;
তাঁর রাজনীতির মর্ম্ম, সমাজের মর্ম্ম, ব্যবহারের
পণ ও কার্য্যের চাতুরী বুঝিয়াছেন। এই নিমিত্ত
দেশীয়দের আর ইংরাজের উপরে তেমন ভক্তি
ও বিশ্বাস নাই। এই নিমিত্ত এ দেশীয়েরা আর
বেশ্বর্দ্ধিত মনে না। ইংরাজ মুখে বলেন ও
ভাবনা দেন, সকলের সহিত এক ন্যায় ব্যবহার, সকলের
মিত্ত সমান আইন, সকলের প্রতি সমান বিচার
তরণ করিবেন, শুদ্ধ কথা বার্ত্তা ও আড়ম্বর করি-
ন না। কিন্তু কার্য্যে ইহার সম্পূর্ণ বিপরীত ব্যব-
র। ইংরাজের নিমন্ত্রণ আইন ও ভারতবাসির
ষিত্ত আইন পৃথক, উহাদিগের পদ বিভাগ ও
চার বিভাগ ব্যবস্থা স্বতন্ত্র। মহামুভব লর্ড রিপন
হাদুর সমস্তরে আইন করিবার চেষ্টা পাইয়া-
লেন বলিয়া অপদস্থানিত হইলেন। আমরা ইংরা
র যে ব্যবহার-কৌশল ও কার্য্যচাতুরীর কথা
লিলাম, তাহার কেমন পাঠক একবার দেখুন।
দেশীয়েরা সোরল সাম্বাণ্ট হইলে পাছে ইংরা-
কে তাঁহাদের অধীনে কর্ম্ম করিতে হয়, এই ভয়ে
বিল সর্ব্বিস পরীক্ষার্থির বয়স কমাইয়া দেওয়া
ইল। ইলবর্ট বিলের সিবিলিয়ান
ঘটনারই এ বিষয়ের প্রধান প্রতিবাদী।

এরূপ বিরূপ ঘটনা হইবার কারণ এই, যে ইংরাজ
রতের রাজা, সেই ইংরাজ ভারতের অধিবাসী, সেই
ংরাজ ভারতের প্রজা, আবার সেই ইংরাজ ধর্ম্মপ্রচারক। একবার
ইংরাজ রাজার দাঁড়াইয়া উপদেশ দিতেছেন, এবং
পরে চপেটাঘাত করিলে অপর গণ্ড ফিরাইয়া দিবে
খ্রীষ্টের এই আজ্ঞা। তাহার অনতিদূরে আর একজন
ইংরাজ চপেটাঘাতে গণ্ড উড়াইয়া দিতেছেন।
তাহার কিঞ্চিৎ দূরে ব্যবস্থাপক বসিয়া আর একজন
ব্যবস্থা প্রণয়নে কৌশল খেলিতেছেন। আর এক
জন যথাপূর্ব্বক এ দেশীয় রমণীর সতীত্ব নাশ করিতে-
ছেন। তাহার পার্শ্বে আবার একজন ধনিকের বেশে
আসিয়া এ দেশীয় শিল্পী ও ব্যবসায়ির অন্নে ধূলি
দিতেছেন। ইহাতে কি ভক্তি থাকিবার কথা?

ইংরাজ রাজনীতির এইরূপ গতি হওয়াতে এ
দেশে বিষময় ফল ফলিতেছে। শিক্ষকগণের উপ
দেশ ভাসিয়া যাইতেছে এবং ধর্ম্মপ্রচার বিফল
হইতেছে। মূর্খ লোকেরা ইংরাজের দৃষ্টান্ত গ্রহণ
করিয়া কেবল চুরি শিখিতেছে। বিদ্যালয়ের
বালকেরা অবাধ্য হইতেছে দেখিয়া আমাদের
লেপ্টেনন্ট গবর্ণর আদেশ করিয়াছেন। ইংরা-
জের অসৎ দৃষ্টান্ত এই তাহার কারণ। ইংরাজী শিক্ষার
প্রভাবে হিন্দুধর্ম্মবন্ধন শ্লথ হইয়া গিয়াছে। হিন্দু
ধর্ম্মোচিত সে ভীরুতা নাই; সে বিনয়নম্রতা নাই;
সে গুরুজনে ভক্তি নাই, পিতামাতায় সে বাধ্যতা
নাই। এখন সকলই বিসদৃশ, এখন সকলই বিশৃঙ্খল,
বোধহয়, এরূপ ওলটপালট কখন হয় নাই। মনুষ্য
যখরূপ চশমার কাজ করিয়া তখনকার ভূগোল
মানিয়া আত্মশ্লাঘা করিয়া থাকে, তাহাতে বাহাদুরী
জ্ঞান করিয়া থাকে। ভারতে প্রবর্ত্তিত ইংরাজ
রাজনীতি ও ইংরাজ দৃষ্টান্ত এরূপ বিষময় ফলের
প্রসবযুক্ত। রাজনীতির সংশোধন ও ভারতস্থ
ইংরাজের সচ্চরিত্রতাবলম্বন ব্যতিরেকে এ অবস্থার
সংশোধন সম্ভাবনা নাই। মিশনরিরা কি বলেন?
তাঁহাদের এত ভ্রম কেন? তাঁহারা এ দেশীয়দিগকে
উপদেশদান দ্বারা সচ্চরিত্র ও ধর্ম্মপরায়ণ করিয়া
তুলিবার পূর্ব্বে স্বদেশীয়দিগকে কিঞ্চিৎকাল উপদেশ
প্রদান করুন।

৩৪

এদেশীয়েরা নিজের পায়ে ভর দিয়া দাঁড়াবে।

উচ্চস্থান হইতে পতিত হইয়া যে ব্যক্তির হাড়গোড় ভাঙ্গিয়া যায়, প্রকৃতি অনুকূল ও সহায় হইয়া যদি তাহার অস্থিসঞ্চালনী শক্তি জন্মাইয়া না দেন, কেবল ঔষধ ও পথ্যের চেষ্টা দ্বারা তাহার উত্থানশক্তি হয় না। ভারতীয় আর্য্যেরা সভ্যতায় যে উচ্চতরসোপানে অধিরূঢ় হইয়াছিলেন, তাঁহাদের সন্তানগণ তাহা হইতে এত নীচে পড়িয়াছেন, যে তাঁহাদের অস্থি চূর্ণ হইয়া গিয়াছে, প্রকৃতি তাঁহাদের প্রতি অনুকূল নন। অবশেষে মুহ্যমান হইয়া তাঁহারা যে স্থানে, সেই উচ্চ স্থানেই পতিত হইবেন, সে আশা নাই। বিদেশ
দেবতাদের পূজা পরিচিত উচ্চ স্থানে ইংরাজিয়া
ভূমি ভেদ করিতে পারিতেছেন বটে, কিন্তু তাহা তাঁহা
ন উৎপাদনে সমর্থ হইতেছে না। এ
ক্ত অপরের শরীরের উপযোগী নয়। ইউরোপী
হিত্যের বাহু লইয়া আমরা উন্নত হইতে পারিব
ইউরোপীয়ের সভ্যতা লইয়া আমরা পূর্ব্ববৎ স
হইতে পারিব না। আমাদের যে আচার ব্যবহার
ধর্ম্ম অতে, তাহাই সংশোধিত করিয়া পুনর্জ্জী
করিয়া তুলিতে হইবে। তাহা না করিলে আ
কখন প্রকৃত উন্নতিশালী ও স্বাধীনভাবে মনুষ্য
কার্য্য করিবার ক্ষমতাশালী হইতে পারিব না। এ
গাছের কলম আর এক গাছে হয় বটে; কিন্তু
মের গাছ আটির গাছের মত শক্ত ও প্রচুরফলে
পাদক হয় না।

আমরা ইউরোপীয় সভ্যতা বলে বলীয়ান্ হ
য়ার যে চেষ্টা পাইতেছি, তাহা আমাদের পক্ষে কে
বিড়ম্বনা হইতেছে। আমরা ত এই একটী প্রধ
অনিষ্ট দেখিতেছি, প্রাচীন আর্য্যদিগের যে অমা
কতা নিরহঙ্কারতা বিনয়নম্রতা ও একতা ছি
তাহা আর নাই। এখন অহোগুণের আধিক্য
বৃদ্ধি হইয়াছে। এখন অশিক্ষিত শিক্ষিত অ
শিক্ষিতের সংখ্যা অধিক। যিনি কিছু শিখিয়ে
তিনি অহঙ্কারে মট মট করিতে লাগিলেন। তি
আর সকলের সহিত বাক্যালাপ করেন না, সকলে
সহিত একমত হইয়া কার্য্য করিতে চান না। তি
মনে করেন, সকলের উপরে উঠিয়াছেন, সক
যেন তাঁহার নীচে পড়িয়া গিয়াছে। সুতরাং স
লের সহিত মিলিয়া আর তাঁহার কোন কার্য্য ক
বার ইচ্ছা হয় না। অপর সকলকে পর্য্যুদস্ত করি
বড় হইব, তাহার এই ইচ্ছা প্রবল হয়। সকলে মিলি
ভাল কার্য্য করিয়া যে উন্নত হইব, সে ইচ্ছা হয় না
আমাদের দেশের বিস্তর অভাব আছে। সক
একবাক্য হইয়া সেই অভাব গুলির মোচন করি
দেশকে উন্নত করিয়া তুলিব, এ ইচ্ছা অল্প লোকে
দেখিতে পাওয়া যায়।

ঐ-গর্ব্ব ঘুচিয়া ও এই অভিমানজনিত অনিষ্ট
হুই একটী প্রমাণ প্রদর্শিত হইতেছে। উত্তরোত্তর
দেশে যেরূপ মার যে শ্রীবৃদ্ধি হইতেছে, পাঠক কি তাহা
কারণের অনুসন্ধান করিয়া দেখিয়াছেন? এ দেশী
দিগের অভিমান এই সকলসমাবৃদ্ধির প্রধান কারণ
যাঁহার কিঞ্চিৎ সঙ্গতি হইল, তাঁহার মুক্তিমান সী
ছাড়াইয়া উঠিল। তিনি আপনার সমুদায় বিষয়
বড় দেখিতে লাগিলেন। নিকটে যদি অপর কে
তাঁহার অপেক্ষা বড় থাকে, অথবা তাঁহার সমক
থাকে, তাহা হইলে তাঁহার হৃদয় বিদীর্ণ হ

...ক্ষণ না সে সেই বড়কে ও কু ...কে ছোট ...রিতে পারে, ততক্ষণ সে নিশ্চিন্ত হইতে পারে না ; ...ত কষ্ট করিয়া সেই বড়কে ছোট করিবে অধিকাংশ ...ত্রে তাহার সে প্রবৃত্তি জন্মে না, সকলেই অল্প ...য়া কিসে সেই বড়কে ছোট করিব, সচরাচর এই ...ইই জন্মিয়া থাকে। তাহাতেই দেশে সকলেরই এই ...বৃত্তি। উহার হ্রাস না হইয়া দিন দিন বৃদ্ধিই ...হেছে। ১৮৮২।৮৩ র বঙ্গদেশীয় শাসনসংক্রান্ত ...পোর্টে লিখিত হইয়াছে, চারি প্রকার বিচার ...ক্রান্ত টাম্প বিক্রয় হইয়া আয়ের বৃদ্ধি হইয়াছে। ...র্ব বৎসরে ৮৫৭৮১৫ ছিল, প্রস্তাবিত বর্ষে ৮৬৯৩৪১ ...বা হইয়াছে। সকলেরা বৃদ্ধি ও অন্য অন্য কয়টী ...য় এই আয় বৃদ্ধির কারণরূপে নির্দ্দিষ্ট হই ...ছে। ১৮ পরগণায় সর্ব্বাপেক্ষা অধিক বৃদ্ধি হই ...ছে। ২৪ পরগণায় ৬৪৭০৪ টাকা বৃদ্ধি ; বাখর ...জে ৪৩৪৭, ময়মনসিংহে ৪০৩১৭, হুগলীতে ৩১৬ ..., ত্রিপুরায় ৩০৫৩৫, এবং মেদিনীপুরে ৩৪৯৯১।

এ দেশীয় শিক্ষিত দলের অনেকে যে কেমন ...ক্তিমান্ধ হইয়াছেন, তাহার একটী প্রমাণ এই, ...হি যদি একটী ভাল বিষয়ের প্রস্তাব করে, অপর ...ক্তি আপনার বুদ্ধিবৃত্তি ও তর্কশক্তির অধিক ক্ষমতা ...খাইবার নিমিত্ত তৎক্ষণাৎ তাহার প্রতিবাদ করি- ...ন। সে বিষয়টী যাহাতে কার্য্যে পরিণত হইতে ...পারে, সেই চেষ্টা পাইবেন। এ দেশে বিধবা- ...াহ হওয়া অন্য সমুদায় দেশের অপেক্ষা বিশেষ ...বশ্যক। কারণ, এ দেশে বাল্যবিবাহ ও সহ ...বাহ প্রচলিত আছে। তদ্ভিন্ন অন্য দেশ ...পেক্ষা এ দেশে অধিক বিধবা হইয়া থাকে। ...ন্তু, একটী সর্ব্বনেশে কন্যা বিক্রয় প্রথা আছে। ...নেক পিতামাতা অর্থ লোভে বৃদ্ধের হস্তে বালিকা ...ন্যা সমর্পণ করেন। তাহাও এ দেশে বহুল পরি- ...ণে বৈধব্য ঘটাইবার কারণ। এ দেশে বিধবার ...ন্তুর পরিসীমা নাই। বিধবার বিষয়ে যে শাস্ত্র ...ছে, তাহা নিতান্ত কঠিন। উহা বিধবাকে নর্ক ...খে রক্ষিত করিয়া রেখে, তাহার মনুষ্য জন্মলাভ ...থা হইয়া যায়। তাহাকে চিরপরাধীন ও পরমুখা ...ক্ষী হইয়া জীবন যাপন করিতে হয়। এই সকল ...ত্যাচারের নিবারণার্থ এ দেশে বিধবাবিবাহ হওয়া ...ন্ত আবশ্যক। সকলে একবাক্য হইয়া যাহাতে ...ধবাবিবাহ প্রচলিত হয়, সেই চেষ্টা পাওয়া ...চিত। সভ্য দেশমাত্রেই বিধবাবিবাহ প্রচলিত ...ছে। নরনারী উভয়েই সমান, উভয়েরই ইন্দ্রিয় ...তি দুর্জ্জয়। সৃষ্টিবৃদ্ধির উদ্দেশে বিধাতা ইন্দ্রিয় ...তিকে দুর্জ্জয় করিয়া দিয়াছেন। নর যদ্যপি ...পনার ইন্দ্রিয়বৃত্তি চরিতার্থ করিবেন, নারী ...রিতে পারিবেন না ; সভ্য সমাজ ইহা কিরূপ

ব্যবহার দর্শনে সন্তুষ্ট মন। এই নিমিত্ত সভ্য দেশ মাত্রেই বিধবাবিবাহ প্রচলিত। কিন্তু দুঃখের বিষয় এই, আমাদের অভিমানমত্ত শিক্ষিত দলের একজন যদি বিধবাবিবাহ প্রস্তাব করিলেন, আর একজন অমনি বিদ্যত্তা পাণ্ডিত্য প্রদর্শন করিতে লাগিলেন। যাহাতে প্রস্তাবকর্ত্তার চেষ্টা বিফল হইয়া যায়, তাঁহার সে চেষ্টা জন্মিল। নিম্নলিখিত পত্রখানি আমাদের বাক্যের যাথার্থ্য পাঠকের হৃদয়ঙ্গম করিয়া দিবে। পত্রখানি এই:—

বিধবাবিবাহ।

সম্পাদক মহাশয়! শিক্ষিত সম্প্রদায়ের একটী ভ্রম বিশ্বাস জন্মিয়াছে যে সভ্যতাগুণী ভাষা পরিপোষিত হইতে হইলেই যেন বিধবাবিবাহ পক্ষ সমর্থন করিতে হয়। অন্ততঃ এরূপ দেখাইতে হইবে যাহাতে ঐ ভ্রান্ত লোকে "অনুলোম যুক্তি" প্রয়োগক্ষম অতি যত্নে অভিহিত না করে। গজেশ বাবু এরূপ উন্নতমনা শিক্ষিত লোক, সুতরাং তাঁহার চক্ষে পড়িয়া যায় যে "অনুলোম-যুক্তি-প্রয়োগক হইবে, তাহার আর সন্দেহ কি?

আর্য্যসমাজ আজ বিধবাবিবাহ বিধিবদ্ধ করিয়া মত্ত হইয়া উঠিয়াছেন,—কারণ গজেশ বাবুর মতে প্রজা বৃদ্ধি চাই। তিনি অতি দুঃখের যেরূপ অভাবের আবিষ্কার করিয়াছেন, তাহার সম্পূরণার্থ উপযুক্ত উপায়ও স্থির করিয়াছেন। ত্রিশকোটী মানব পরিপূর্ণ ভারত আজি কি লোকের অভাবে ক্ষীণ? না, এইরূপ চীৎকার অন্য কোনরূপ কারণ আছে? গজেশ বাবু কি এতদ্বারে সে বিষয়ের চিন্তা করিয়াছেন?

দেখা যাউক, যে যে সমাজে বিধবাবিবাহ প্রচলিত, সেই সেই সমাজের অবস্থা কিরূপ, ইংলণ্ড সমাজ বিধবাবিবাহের পক্ষ সমর্থন করে; ইংলণ্ড আজ করে কি? বোধ হয় করে না, যদি করিত, তাহা হইলে ইংরাজ কবিকুলগুরু শেক্সপীয়র হ্যামলেটের মাতার বিধবাবিবাহ নিন্দা সহকারে লজ্জিত করিতেন না। সম্পাদক মহাশয়! আমরা বিলাত কেবল নহি, তথাপিও নানা প্রকার ইংরাজি উপন্যাস, নবন্যাসাদি পাঠ করিয়া ইংরাজসমাজ বিষয়ে যে টুকু অবগত হইয়াছি, তাহাতে আমার দৃঢ় বিশ্বাস যে যদি কোন পরিবারের মধ্যে কোন স্ত্রীলোকের বিধবাবিবাহ হয়, তাহা হইলে উক্ত পরিবারের মানের হানি হয়। গজেশ বাবু একজন শিক্ষিত লোক, বোধ হয় তিনি এ কথা স্বীকার না করিয়া থাকিতে পারিবেন না। আবার ইংরাজ সমাজেও বিধবাবিবাহ যেরূপ চলিবার সেইরূপ চলিয়া আসিতেছে, কিন্তু তাহাদের সামাজিক অবস্থা কি আমাদের সামাজিক অবস্থা অপেক্ষা উন্নত

গজেশ বাবুর উত্তরের আশায় রহিলাম। কি না, তাহা হইলে আমাদের উন্নত আর্য্য সমাজ মধ্যে এরূপ বিষয় প্রবেশ করাইবার আয়োজন কি আর যদি উন্নত হয়, তাহা হইলে আমি সমস্ত মস্তকে বলিব যে কালবিলম্ব না করিয়া বিধবা বিবাহ প্রচলিত কর।

যে সকল প্রাণী "স্রষ্টার" বিনষ্ট হইয়াছে তাহাদের জন্য গজেশ বাবুর সহিত আমি সহানুভূতি প্রকাশ করি। কিন্তু জিজ্ঞাসা করি, হতভাগি প্রাণী বিনষ্ট হইতেছে, তাহা কি কেবল বিধবাবিবাহ প্রচলিত না থাকাতেই হইতেছে? আমার মতে এই অতিই বাল্যবিবাহ দোষের বিষময় ফল। এরূপ যাহা হউক এবং হতভাগিনী স্ত্রীলোকই হউক তাহা মধ্যে কখন সন্তুষ্ট হইতে পারে। এখন দেখা যাউক বৈধব্য বিচারের উপযুক্ত কি না? আমাদের সমাজ এরূপ কুসংস্কারাপন্ন যে বিধবাগণ বৈধব্য দশা সাংসারিক সুখের অন্তরূপ জ্ঞান না করিয়া ধর্ম্মবুদ্ধির ও পরকালের সুখের আধার স্বরূপ জ্ঞান করে এবং সমাজও তাহাকে কৃত্রিমভাবে এই শিক্ষা প্রদান করে। যতদিন বিধবাবিবাহ প্রথা প্রচলিত হইবে বলিয়া আমাদের আর্য্যসমাজ মধ্যে এবং বিধবা সুখের অন্তরূপ স্থাপিত করিয়া দেওয়া যায় নাই, ততদিন বিধবাগণ জানিবে যে পুনরায় বিবাহ করা উচিত, এ চিন্তায় পাপগ্রস্থ। তাহারা অতি দুর্ভাগ্য বশতঃ কোনরূপ ক্ষণস্থায়ী ইন্দ্রিয়সুখ বিনিময়ে স্বামিধ্যানে এবং ঈশ্বরচিন্তায় অনন্তকালের স্থায়ী সুখ ক্রয় করিতেছে। তাহাদের মনে কখনই উদয় হইত না, সুতরাং অভাব বোধও ছিল না। ক্রমে বিধবাবিবাহ প্রথা চতুর্দ্দিকে ব্যাপ্ত হইয়া পড়িল। ক্রমে চঞ্চলা বিধবাগণ জানিল যে সুখ ইন্দ্রিয়সুখ পরিতৃপ্তিতে আশা ইচ্ছা করিলে তাহা সম্পন্ন

বিবয়া হয়ে [illegible] আমার সকার কলাইয়া বর্ধমানকি [illegible] করতেছে? আমি উত্তর প্রতীক্ষায় রহিলাম।

সম্পাদক মহাশয়। [illegible] যুক্তি প্রদর্শন করিতে পারিলাম না। অগত্যা এ বিষয়ে আমার [illegible] করিয়া আপাতত নিরস্ত রহিলাম।

[illegible]

হিন্দুর বিধবা কন্যা ও ইংরাজের আফগান স্থানের সাদৃশ্য [illegible] বিধবা হইলে শ্বশুর [illegible] করিয়া যেমন পিতার সঙ্গে [illegible] ইংরাজের সহিত সম্পর্ক রাখে। [illegible] ভারতবাসী করিতেছে [illegible] তথাপি নিশ্চিন্ত হইতে পারি নাই। [illegible] জিজ্ঞাসা করি, এমীরকে কি নিমিত্ত বার্ষিক ৬ লক্ষ টাকা দেওয়া হইতেছে? [illegible] কি? সীমা প্রদেশ নিরাপদ করিবার [illegible] টাকা বৃদ্ধি করিবার অভিপ্রায়ে [illegible] বাঁধাইয়াছিলেন। [illegible] স্থান ও মান ছাড়া দেওয়া হইল। তাহার অর্থ পাঁচ লক্ষ টাকা জুটিয়া গেল। সেইরূপ ৬ লক্ষ টাকা অনর্থক অর্থ ব্যয়ের [illegible] হইতে পারে না। ভারতবর্ষের অর্থের দ্বারা [illegible] মেণ্ট কোথায় [illegible] মেণ্টের স্থানে স্থান [illegible] স্বাধীনতা করিয়া লন [illegible] ভারতবর্ষকে নিরাপদ করিবার অভিপ্রায় [illegible] মানকে কাবুলের সিংহাসনে [illegible] হইয়াছে, তাহাই [illegible] সনে করিয়া [illegible] তিনি যে সিংহাসনে বসিয়া নিরাপদে প্রচুর রাজস্ব সংগ্রহ করিতেছেন, আমীর [illegible] গ্রানস্থানের সেই সিংহাসনে উপবেশন করিতেছেন, তবে কেন তাঁহার প্রজারা তাঁহার [illegible] তবে কেন তিনি নিজ শরীরের ন্যায় সাধারণ ব্রিটিশ গবর্মেণ্টের অর্থের সদ্ব্যবহার জন্য ব্যস্ত হন? তবে কেন তিনি ব্রিটীশ গবর্মেণ্টে কতকগুলি অর্থ সাহায্য করিবেন, তাহার মুখাপেক্ষা করিয়া থাকেন? সীমা প্রদেশ রক্ষা করা সত্য হউক বা না হউক আমীরকে রক্ষা করিবার জন্য আমাদিগের গবর্মেণ্ট বিলক্ষণ ব্যস্ত।

বৃত্তি ভিন্ন আমীরকে আরও অনেক সামগ্রী দিতে হয়, তথাপি তাঁহার ব্যয় কুলান হয় না। [illegible] ভারি

লেই পাইতেছেন বলিয়া ক্রমে তাঁহার দাবী বাড়িতেছে। গবর্মেণ্ট যখন যে বিষয়ের প্রতিবাদ করিবেন, তখনই তিনি রুশের ভয় দেখাইবেন। পাঁচ বার এই ভয় দেখাইলে [illegible] একবার যে তিনি রুশের আশ্রয় লইবেন তাহার সম্ভাবনা কি? অতি প্রয়োজন হইলে মানুষের কর্তব্যাকর্তব্য জ্ঞান থাকে না, রুশ গবর্মেণ্ট ইংরাজ গবর্মেণ্টের অপেক্ষা অধিক অর্থের প্রলোভন দেখাইলে যে তিনি ইংরাজ গবর্মেণ্টের বুকে ছুরি বসাইবেন না, কিছুতেই আমাদিগের এ বিশ্বাস হয় না। রুশের ভারতবর্ষ জয় করিয়া ধন সংগ্রহ করিবার ইচ্ছা যেরূপ বলবতী, তাহাতে রুশের অধিক টাকার প্রলোভন দেখানও বিচিত্র নহে। সুতরাং এখন কিছু আপাত বিপদ হউক, ভারতবাসীর কপিলবস্তুতে তাহার সম্ভব থাকিবে, কিন্তু যাহাদিগের রক্ষা করা গবর্মেণ্টের এত যত্ন এত কষ্ট, তাহাদিগের দুষ্টের বুদ্ধি বৃদ্ধি হইতে থাকিলে, তাহা হইলে শাসনপ্রণালীর প্রশংসা কি? তাঁহাদিগের বুদ্ধিমত্তার গৌরব বা কি? গবর্মেণ্ট সমস্ত ভারতের উপর পূর্ণরূপে যাহাদের ধন বৃদ্ধির নিমিত্ত ও ইংলণ্ডের ধনাগার হইতে কুবেরের ভাণ্ডার সদৃশ করিবার জন্য যে যে সময়ে ভারতের রাজকোষে সিক্কা বসাইয়া দেন, ভারতবাসী সেই সময়ে যে হটকট করিতে থাকে, অসহ্য পীড়াই তাহার কারণ। আমাদিগের গবর্মেণ্ট রাজ্য বৃদ্ধির চেষ্টা করেন, কিন্তু আমরা তাহার বিপরীত করি। ইহার কারণ কি? আর কিছুই নহে, পাছে আমাদিগকে ব্যয় দান করিতে হয়, এই ভয়।

এক্ষণে জিজ্ঞাস্য এই, এরূপ বুঝাপড়া হইয়া ইষ্টলাভ কি? আমীর কোন কারণে অসন্তুষ্ট হইলে ব্রিটিশ পক্ষ যে পরিত্যাগ করিবেন না তাহার বা প্রমাণ কি? ভারতবাসীর সুখ দুঃখ যখন ব্রিটিশ-[illegible] উপর নির্ভর করিতেছে, তখন ভারতের রাজকোষ হইতে আমীরকে এরূপে টাকা দেওয়া [illegible] তাহার উপায়বিধান করা কি কর্তব্য নহে? গবর্মেণ্ট যখন আমীরকে রক্ষা করিবার ভারগ্রহণ করিতেছেন, ইঁহার রাজ্য নিরাপদ করিবার জন্য যখন সৈন্য রাখিতেছেন, তখন শাসনপ্রণালীর দোষ সংশোধন করা রাজস্ব আদায়ের ভালরূপ বন্দোবস্ত করিয়া তদনুসারে উঁহাকে চলিবার পরামর্শ দিন। তিনি যাহাতে তদনুসারে চলেন, তাহার উপায় করুন। তাহা হইলে আর ভারতের রাজকোষ হইতে ধন প্রেরণ করিতে হইবে না। তাঁহার খরচে কুলাইলে কেন তিনি ব্রিটীশ গবর্মেণ্টের মুখাপেক্ষী হইবেন? রুশের ভারত আক্রমণ ইচ্ছার কথা আমরা অনেক দিন হইতেই শুনিতেছি। উহা সম্বন্ধে কার্যে প্রবৃত্ত হইবার কি সম্ভাবনা

আছে? তা [illegible] গবর্মেণ্টের যে সীমা অ[illegible] তাহা তাঁহাদিগের রক্ষা করা হউক। আমীরকে [illegible] ইবার প্রয়োজন নাই, কিন্তু তাঁহাকে নিয়মিত [illegible] টাকা [illegible] প্রয়োজন নাই। এই টাকায় রেল [illegible] বিস্তার ও অন্যান্য কার্য্য করিলে অনেক উপ[illegible] হইবে। রেলপথে বিস্তারে এক দিকে বাণিজ্য [illegible] নিবন্ধন ভারতবর্ষের যেমন কিছু ধন বৃদ্ধি হ[illegible] তেমনি রুশের আগমনের সম্ভাবনা দেখিলে স[illegible] ভারতবর্ষ হইতে তথায় সৈন্য লইয়া যাইবার [illegible] হইবে। রুশেরা যে সত্বর ভারত আক্রমণ ক[illegible] তাহার সম্ভাবনা নাই। তাহারা কত দিন হ[illegible] যে মধ্য আসিয়ার অভ্যন্তর হইতেছে, তদনুসন্ধান করিলেই উহা সহজে অনুভূত হইবে। ১৮৫৯ [illegible] হইতে রুশ গবর্ণমেণ্ট আসিয়াস্থ [illegible] আরম্ভ করেন। ঐ অব্দে তাঁহারা কাস্পীয়ন সাগর পশ্চিম উপকূলে ও উত্তর উপকূলে যে ভূমি [illegible] ছিল, তৎসমস্ত স্বরাজ্যভুক্ত করিয়া লন। পূর্ব্বদি[illegible] প্রবল তুর্কোমান জাতি ছিল বলিয়া প্রথমে উহা[illegible] করেন নাই। ইহার পরে উত্তর ও পূর্ব্বদিকে [illegible] বৃদ্ধি করিতে আরম্ভ করিয়া ক্রমে চীনের সী[illegible] উপস্থিত হইলেন। ক্রমে যখন আরো অগ্রসর [illegible] সেই সময়ে খিবা খোকান্দ ও খোকান প্রতিকূল[illegible] করিল, কিন্তু দেশরক্ষা করিতে সমর্থ হইল [illegible] রুশ সৈন্যেরা মোটের উপর অধিকার করিয়া উ[illegible] পিরোফস্কি দুর্গ নাম দেন এবং শির দরি[illegible] অন্তর্গত খাসালা ও আর দুটী স্থানে স্বতন্ত্র দু[illegible] দুর্গ করিয়া অধিকৃত স্থান সুদৃঢ় করিয়া লন। [illegible] অব্দে ক্রিমিয়ার যুদ্ধ উপস্থিত হইলে রুশ গবর্ণ[illegible] নূতন দেশ জয় করিবার ইচ্ছা কিছুদিনের নি[illegible] পরিত্যাগ করেন। চারি বৎসর পরে আবার খ[illegible] টান পর্ব্বতের উপর কাউক ও তার্কো নামে দুটী [illegible] নির্ম্মাণ করেন। ৩৫

১৮৬৩ অব্দে ইঁহারা কাস্পীয় সাগরের পূর্ব্ব [illegible] কূলের এক তৃতীয়াংশ, আরাল সমুদ্রের উত্তর [illegible] কূলের সমস্ত এবং পশ্চিম উপকূলের অধিকাংশই [illegible] করিয়া কে লন। ইহার পর সির দরিয়া ও চু নদী, বলকাশ এবং ইসিকল হ্রদ অধিকার করিলে[illegible] ১৮৬৪ অব্দের সেপ্টেম্বর মাসে সেনাপতি টার্নেফ [illegible] কেন্ট জয় করেন। ১৮৬৫ অব্দে তুর্কিস্থানকে রুশ[illegible] মেণ্টের অধিকৃত রাজ্য এবং সেনাপতি টার্নেফকে তা[illegible] শাসনকর্ত্তা বলিয়া প্রচার করা হয়। ইসিকল [illegible] ও আরাল সমুদ্রের মধ্যে যত দেশ ছিল, তৎসম[illegible] তুর্কিস্থানের অন্তর্গত করা হইল। ১৮৬৮ অব্দে যে[illegible] রায় আমীর টার্কিস্তকে পরাজিত করাতে সেনা[illegible] জোমানোভস্কিকে তাঁহার পদে প্রতিষ্ঠিত করা [illegible] ইদি ইংরা নামক স্থানে আমীরকে যুদ্ধে প[illegible]

ন,হোর্ডেন্ট নামক একটী স্থানে ঘাঁটি,বোখারা কাবুল ও তাসখন্দের রাস্তা মিলিত হইয়াছে। তিনি ঐ স্থানটী অধিকার করিলেন। ১৮৬৭ অব্দে সেনাপতি কফমান সোমারোভস্কির পদে প্রতিষ্ঠিত হন। তিনি এপ্রেল মাসে উকহম নগর ধ্বংস করেন। ১৮৬৮ অব্দে সমরখন্দের অন্তর্গত জিয়াদ্দীন নগর বোখারার রাজার উপরিস্থ কাটিকরঘেন নামক স্থান অধিকার করিয়া লওয়া হইল। জুলাই মাসে জিরাবুলাক নামক স্থানে আমীর পরাস্ত হইয়া সন্ধিপত্রে স্বাক্ষর করিলেন। ১৮৭৩ অব্দে খিবার খাঁ সন্ধিপত্রে স্বাক্ষর করিয়া খিবাকে রুশরাজ্যভুক্ত করিয়া দিলেন। ১৮৭৪-৭৫ অব্দে আসিয়ার রুশরাজ্যের পশ্চিম সীমা কাস্পীয় সমুদ্রের পূর্ব্ব উপকূল। দক্ষিণ সীমা ক্রাস্না, উত্তর সীমা অক্সস নদীর উত্তর উপকূল পর্য্যন্ত বিস্তারিত হইল। ১৮৭৬ অব্দে সেনাপতি কফমান কোকান অধিকার করিলেন। ঐ অব্দে রুশের সহিত খুবন্দের যে যুদ্ধ হয়,তাহাতে রুশেরা ওরেনবর্গ হইতে তাসখন্দে অগ্রসর হইয়াছিলেন। পাছে ইঁহারা কমটণ্টিনোপল অধিকার করেন, ব্রিটিশ গবর্ণমেণ্ট সেই ভয়ে ১৮৭৮ অব্দের এপ্রেল মাসে রুশ গবর্ণমেণ্টকে ভয়প্রদর্শনার্থ এ দেশীয় সৈন্যদিগকে মাল্টায় লইয়া যান। কিন্তু রুশেরা ইহায় প্রতিশোধ লইতে ছাড়েন নাই। তাঁহারা কারস্তর্গের সীমাপ্রদেশ বিস্তার করিবার অভিপ্রায়ে প্রথমতঃ কৃষিস্থান হইতে কতকগুলি সৈন্য দিয়া সেনাপতি কফমানকে প্রেরণ করেন। দ্বিতীয়তঃ তাঁহারা আমেরিকা হইতে যুদ্ধ জাহাজ ক্রয় করিয়া বল্টিক হইতে তাঁহাদিগকে তাড়াইয়া দিবার জন্য সৈন্য প্রেরণ করিয়াছিলেন। অপর দিকে বোখারা কাবুল ও খিবাতে রুশের এজেণ্ট প্রেরিত হল। কেমন কি একজন কাবুল ভেদ করিয়া ভারতবর্ষে যাওয়া যায় কি না তাহা দেখিবার জন্য পেশোয়ার পর্য্যন্ত আসিয়াছিলেন।

মধ্য আসিয়ায় রুশ গবর্ণমেণ্টের যে সকল সৈন্য আছে, তাহারা চারি শ্রেণীতে বিভক্ত হইয়া ভারতাভিমুখে অগ্রসর হইবে স্থির হইয়াছিল। কফমান তাহাদিগের সৈন্যাপত্য করিতেছিলেন, তাহারা কাম ও সমরখন্দ হইতে হামিয়ান পাশের মধ্য দিয়া কাবুলে প্রবেশ করিবে। সেনাপতি স্কোবেলফ,কারগানার মধ্য দিয়া কাস্পীয়ের সীমাপ্রদেশে উপনীত হইবেন। সেনাপতি গ্রোডেকফ কিভা হইতে চার্জুইয়ের অভিমুখে অগ্রসর হইয়া সেনাপতি লোমাকিনের সহিত মিলিত হইবেন। লোমাকিন কাস্পীয় সমুদ্র হইতে ফিজিল কুমের মধ্য দিয়া অগ্রসর হইবেন, এই স্থির হয়। তাঁহারা আফগানস্থানের সীমা ও হিরাট আক্রমণের চেষ্টা পান। এতদর্থে ১৮৭৮ অব্দে ব্রিটীশ গবর্ণমেণ্ট রুশগবর্ণমেণ্টের সহিত সন্ধি বন্ধন করেন। রুশ গবর্ণমেণ্টের যে সকল এজেণ্ট ভিন্ন ভিন্ন স্থানে ছিলেন তন্মধ্যে কর্ণাল টোইলিটক কাবুলে, কর্ণাল গ্রোডিকফ হিরাটে, কর্ণাল মাটভায়েফ খিবা ও বোকসাসে এবং গোলপোদ্দিন কাসিমো পেশোয়ার হইয়া কাবুলে উপনীত হন। ইহারাই রুশকে তুর্কমানদিগের বিরুদ্ধে অস্ত্র গ্রহণে প্রোৎসাহিত করিয়াছিলেন। ১৮৭৯ অব্দে তুর্কোমানদিগের সহিত রুশের সংগ্রাম হয়। রুশ সৈন্যগণ জাজেলটেপ নামক স্থানে শক্তি সহকারে পরাভূত হন। ১৮৮১ অব্দে সেনাপতি স্কোবেলফ টেক্কি তুর্কমানদিগকে গিওক টেপি নামক স্থানে সম্পূর্ণরূপে পরাভূত করিয়া কাস্পীয় সমুদ্র হইতে আস্কাবাদে অগ্রসর হইয়াছিলেন। এই স্থানে একটী বাহিনী রক্ষা হইয়াছিল। মিচেলোভস্ক ও কিজিল আর্ভত এবং বাকু হইতে রেলওয়ে প্রস্তুত করিয়া ইহার সহিত সংযুক্ত করা হইয়াছে। এখন এমন বন্দোবস্ত হইয়াছে যে ইচ্ছা করিলে অতি সহজে এখানে ১৫০০০ সৈনিক আনীত হইতে পারে। ১৮৮২ অব্দের ফেব্রুয়ারি মাসে গোলপোদ্দিন কোসেফ লেপ্টেনাণ্ট আলিকানফ ও সুবলটারণ সোকোলফ ব্যবসায়ীর বেশে মার্ভ ও হিরাট পর্য্যবেক্ষণ করিতে যান। এতদিনের পর উহা হস্তগত করিয়া লওয়া হইয়াছে। ৪০ বৎসর পূর্ব্বে রুশ গবর্ণমেণ্ট পারস্যের ৭০০০০ বর্গ হাতারের ২৭০০০ বর্গ মাইল স্বরাজ্যভুক্ত করিয়া লইয়াছেন এক্ষণে মধ্য আসিয়ায় তাঁহাদের বিরুদ্ধ রাজ্য বৃদ্ধি হইয়াছে, পাঠক তাহা একবার বিবেচনা করিয়া দেখুন। তাঁহারা নূতন রাজ্য জয় করিবার সময় এমন কোন বাধা প্রাপ্ত হন নাই যে তাহাতে তাঁহাদিগের উৎসাহ ভঙ্গ হয়। অতএব তাঁহারা যে একবার ইংরাজের সহিত বল পরীক্ষা করিবেন, সে বিষয়ে সংশয় নাই। কিন্তু একটী কথা এই মুসলমান জাতিতে আর ইংরাজজাতিতে অনেক প্রভেদ। মুসলমান সেনাগণ ইউরোপীয় সৈন্যগণের তুল্য সুশিক্ষিত নয়। তাহাদের ধনবীর্য্যও ইউরোপীয়দিগের তুল্য নহে। তাহাদের মানসিক বন্দোবস্তও ভাল নাই। ইংরাজেরা বিনা যুদ্ধে মুসলমানদিগের হস্ত হইতে ভারতের অনেক ভূমি অধিকার করিয়াছিলেন। কিন্তু ইংরাজেরা মুসলমানদিগের ন্যায় অব্যবস্থিত মন। ইহাঁদিগের সমুদায় বন্দোবস্তই রুশদিগের অপেক্ষা উৎকৃষ্ট। ইংরাজসৈনিকে ও রুশ সৈনিকে অনেক প্রভেদ। রুশেরা এ সকল বিবেচনা না করিয়া সহসা যে ইংরাজজাতির সহিত যুদ্ধে প্রবৃত্ত হইবে, ইহা সম্ভাবিত নয়। ইংরাজেরা যে উপকরণ-সম্পন্ন হইয়া যত সৈন্য লইয়া যুদ্ধে উপস্থিত হইবেন, রুশেরা অন্ততঃ তাহার দ্বিগুণ উপকরণসম্পন্ন হইয়া না আসিলে জয়ী হইতে পারিবেন না। এ জয়লাভ রুশের পক্ষে দুর্ঘট।

উপসংহারে আমাদিগের বক্তব্য এই, আমীর গবর্ণমেণ্ট কাবুলের আমীরকে যে টাকা দিতেছেন তাহা বন্ধ করিয়া সেই টাকায় ভারতরক্ষার অন্য উপায় করুন। আমীরকে টাকা দেওয়া মরুভূমিতে বীজক্ষেপের ন্যায় বিফল হইতেছে। যুদ্ধকালে আমীর যে দিকে অধিকতর প্রলোভনে আকৃষ্ট হইবেন, সেই দিকেই চলিয়া পড়িবেন। আমীর ব্রিটীশ গবর্ণমেণ্টের নিকট এখন যে সাহায্য পাইতেছেন তখন সে কৃতজ্ঞতা ভুলিয়া যাইবেন। কাবুলে আমীরদিগের রুশের দিকেই টান দেখিতে পাওয়া যায়। সিয়ার আলিকে কি ভারতীয় রাজকোষ হইতে টাকা দেওয়া হয় নাই? তাহাতে কি ফল হইয়াছিল? যুদ্ধ উপস্থিত হইলে তিনি রুশের সাহায্য করেন। বিশেষতঃ আবদুল রহমান রুশের আশ্রয়ে অনেক দিন ছিলেন। রুশের অন্নে তাঁহার উদর পূর্ণ হইয়া আছে। তিনি যে রুশকে একবারে বিস্মৃত হইয়াছেন, আমাদের ত এমন বোধ হয় না। আমীর স্বতন্ত্রভাবে রাজত্ব করুন, তাঁহাকে সৎপথ দিয়া ভারতীয় গবর্ণমেণ্ট সাহায্য করুন। তাঁহার সহিত মৈত্রী বন্ধন ছিন্ন করিবার প্রয়োজন নাই। অর্থদ্বারা তাঁহাকে বদ্ধ করিয়া রাখিলেই যে যুদ্ধকালে তিনি ইংরাজের হইবেন, তাঁহাকে বিশ্বাস করিতে পারিবেন, আমাদের সে বোধ হইতেছে না। রুশের সহিত বন্ধুতা থাকিলে ব্রিটীশ গবর্ণমেণ্টের যে আয়োজন করা আবশ্যক হইবে, তাহা করিতেই হইবে, আমীরের অর্থ দ্বারা তিনি বদ্ধ আছেন বলিয়া তাহার কিছু ন্যূনতা করিতে পারিবেন না। তবে আমীরকে এখন টাকা দেওয়া কেন? আমাদের মতে এ নীতি প্রশংসনীয়

নূতন মিউনিসিপাল আইন।

আমরা ১৮৮৩ সালের ৭ই মে কলিকাতা গেজেটে দেখিলাম, নূতন মিউনিসিপাল আইনটী গবর্ণর জেনরল বাহাদুরের অনুমোদিত হইয়া সাধারণ গোচরার্থ প্রচারিত হইয়াছে। এ সম্বন্ধে আমাদের কয়েকটী বক্তব্য আছে। ক্রমে সেগুলি উল্লিখিত হইবে। মনোনীত করিবার প্রথাটীই আমাদের অদ্যকার আলোচনার বিষয়। আত্মশাসন শিক্ষা বলিয়া এতদিন যে ধুমধাম হইল, ইহাই তাহার আত্মা। যাহারা সদাশয়, তাঁহারা বলিবেন, এই আত্মশাসন শিখিতে পারিলে, ক্রমে আমাদিগের অনেক প্রকার শিক্ষা হইবে, আমরা উন্নত হইয়া উঠিতে পারিব। যাঁহারা দুষ্টাশয়,তাঁহারা এই ভাবিয়া শঙ্কিত হইবেন, এই আত্মশাসন শিক্ষা হইতে আমা

স্বায়ত্তশাসন শিক্ষা হইবে, ক্রমে আমরা ক্ষমতা-
লী হইয়া,ইংরাজ দিগের হস্ত হইতে রাজ্যটী কাড়িয়া
ইব। ইলবর্ট বিলের আন্দোলন লইয়া যে কত কাণ্ড হইল,
কত বাহবিতণ্ডা হইল, তাহার ইয়ত্তা নাই।
পদার্থটী যে কি, তাহা আমরা বেশ বুঝিতে পারি-
ছি। ইহা হইতে এ আমাদের কতদূর শিক্ষা
হইবে ও কতদূর ক্ষমতা বৃদ্ধি হইবে, তাহা আমাদের
বিদিত নাই। ৫।৬ জন কমিশনর পদে মনোনীত
হইবেন, তাঁহাদিগকে প্রাদেশিক নামে নির্দ্দিষ্ট
পথে ভ্রমণ করিতে হইবে। স্থানীয় গবর্ণমেণ্ট সকল
কার্য্যপদ্ধতি চিত্রিত করিয়া দিবেন, সেই পথেই
ফিরিয়া বেড়াইতে হইবে। কেহ যে এক পদ
অন্য দিকে ক্ষেপণ করিবেন সে সামর্থ্য থাকিবে
না। মুহুর্মুহু পদে পদে কমিশনরদিগের কৃত কার্য্যের
দোষ দিতে হইবে। এখন মনোনীত করিবার
প্রথা নাই, এখন কমিশনরেরা গবর্ণমেণ্টকর্ম্মচারির
ন্যায় ধামাধরা, মনোনীত করিবার প্রথা হইলেও সেই
ধামাধরা থাকিবেন। তবে বিশেষের মধ্যে
এই, এখন সাক্ষাৎ সম্বন্ধে ধামাধরা হইয়া আছেন,
তখন পরম্পরা সম্বন্ধে হইবেন। কার্য্যে তাঁহাদিগের
কোন প্রকার স্বাধীনতা থাকিবে না। কার্য্যটী
কেমন গুরুতর, যাঁহারা সেই কার্য্য করিতেছেন
এবং যাঁহারা তাহার অনুসন্ধান করিয়া দেখিতেছেন,
তাঁহারা বুঝিতে পারিতেছেন। কার্য্যের সারাংশ এই,
আমরা টাকা দিতেছি, আপনাদের রাস্তা ঘাট গুলি
করিয়া দিবে। এই কার্য্য করিয়া আমাদের মত
লোক শাসন করিবার ক্ষমতা বৃদ্ধি হইবার সম্ভাবনা,
এত বলবীর্য্য বিক্রম বাড়িবার কথা, পাঠক ইহাতেই
অনুমান করিয়া লউন। স্থানীয় গবর্ণমেণ্ট সাহস
করিয়া হাত খুলিয়া সকলকে সে ভারও দিতে পারি-
তেছেন না। নিম্নোদ্ধৃত ছটী সিডিউল দেখিলেই
পাঠকের তাহা অপরিজ্ঞাত থাকিবে না। যেরূপে
মিউনিসিপাল কমিটী গঠিত হইবে, অগ্রে তাহা
বলুন।

৩০ জনের অধিক না হয় কিম্বা ৯ জনের কম
না হয় এরূপ কমিশনর লইয়া এক একটী মিউনি-
সিপাল কমিটি হইবে। এই কমিশনরদিগের দুই
তৃতীয় অংশকে স্থানীয় লোকে নির্ব্বাচন করিবেন।
অপর এক তৃতীয় অংশ স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক
মনোনীত হইবেন। কমিশনরদিগের মধ্যে যাঁহারা
গবর্ণমেণ্টকর্ম্মচারী, তাঁহারা সংখ্যায় কমিশনর
সমষ্টির এক চতুর্থ অংশের অধিক হইবেন না।
যাহারা কমিশনর নির্ব্বাচনের ১২ মাস পূর্ব্বে তত্রত্য
মিউনিসিপালিটির অধীনে বাস করিবেন; যাঁহারা
বার্ষিক ৩ টাকার কম না হয়, এরূপ ট্যাক্স দিবেন,
এবং যাঁহারা উকীল মোক্তার প্রভৃতি কোনরূপ
উপাধিধারী, অথবা ৫০ টাকার কম না হয় এরূপ
মাসিক বেতন ভোগী হইবেন, তাঁহারা এই সভা
নির্ব্বাচন সম্বন্ধে মতামত দিতে পারিবেন। যাঁহাদের
মতামত দিবার অধিকার না থাকিবে তাঁহারা কমি-
শনর হইতে পারিবেন না। যাঁহাদের উপর কমিশ-
নর নির্ব্বাচনের ভার অর্পিত হইবে, তাঁহারা যদি এই
আইনের নির্দ্ধারিত সময়ের ৬ মাসের মধ্যে সভা-
নির্ব্বাচন করিতে সমর্থ না হন, তাহা হইলে স্থানীয়
গবর্ণমেণ্ট এক কিম্বা একাধিক সভ্য নির্ব্বাচিত
করিয়া সংখ্যা পূরণ করিবেন।

প্রথম সিডিউলের লিখিত মিউনিসিপালিটী
সকলের সভ্য নির্ব্বাচন করিবার ক্ষমতা থাকিবে না।
যে সকল কমিশনর কার্য্যে অমনোযোগী কিম্বা অন্য
দোষে দূষিত হইবেন স্থানীয় গবর্ণমেণ্ট অন্য অন্য
কমিশনরদিগের অনুরোধে তাঁহাকে পদচ্যুত করিতে
পারিবেন। যে কমিশনর উপর্য্যুপরি ছয় সভায়
অনুপস্থিত থাকিবেন তাঁহার প্রতিকূল কিম্বা আপাত
হওয়া যায় না, এমন অপরাধে অপরাধী হইবেন,
তিনি কমিশনর পদ হইতে চ্যুত হইবেন। কোন
কমিশনর ৩ বৎসরের অধিককাল পদস্থ থাকিবেন না,
যে ব্যক্তি ইচ্ছাপূর্ব্বক কমিশনর পদ হইতে অবসর
গ্রহণ করিবেন অথবা যে ব্যক্তি অনবচ্ছিন্ন ছয় সভা
পদ হইতে চ্যুত হইবেন, তিনি পুনরায় সভ্য
পদে নির্ব্বাচিত হইতে পারিবেন। কিন্তু যে ব্যক্তি
প্রতিভূ দিয়া মুক্ত হইবার অযোগ্য কোন গুরুতর
অপরাধে অপরাধী হইবেন, স্থানীয় গবর্ণমেণ্টের
আদেশ ভিন্ন তিনি সভ্য পদে পুনঃ প্রতিষ্ঠিত হইতে
পারিবেন না। দ্বিতীয় সিডিউলের লিখিত মিউনি-
সিপালিটীর চেয়ারম্যান স্থানীয় গবর্ণমেণ্ট কর্ত্তৃক
নির্ব্বাচিত হইবেন। অন্যের স্থলে কমিশনরেরা
আপনাদিগের মধ্যে একজনকে চেয়ারম্যান মনো-
নীত করিবেন অথবা অধিকাংশ কমিশনরের (দুই
তৃতীয় অংশের কম না হয়) মতে স্থানীয় গবর্ণমেণ্ট
চেয়ারম্যান নির্ব্বাচন করিবেন। স্থানীয় গবর্ণমেণ্ট
সময়ে সময়ে চেয়ারম্যান পরিবর্ত্ত করিতে পারিবেন।
৩ বৎসর কার্য্যের পর চেয়ারম্যান পদস্থ থাকিবেন
না; কিন্তু সাধারণে যদি ইচ্ছা করেন, তিনি পুনঃ
প্রতিষ্ঠিত হইতে পারিবেন। দুই তৃতীয় অংশ কমি-
শনরেরা যদি ইচ্ছা করেন, চেয়ারম্যান পরিবর্ত্ত করিতে
পারিবেন। কমিশনরেরা আপনাদিগের মধ্য হইতে
এক ব্যক্তিকে ভাইস চেয়ারম্যান মনোনীত করিতে
পারিবেন। অধিকাংশ সভ্যের মতক্রমে ভাইস
চেয়ারম্যান পদ হইতে অপসারিত হইতে
বেন। ভাইস চেয়ারম্যানেরও কার্য্যকাল ৩ বৎসর।
সাধারণের অভ্যর্থনায় তিনি পুনঃ প্রতিষ্ঠিত হইতে
পারিবেন। যদি কোন কমিশনর, চেয়ারম্যান

কিম্বা ভাইস চেয়ারম্যান মিউনিসিপালিটীর অধীনে
সী হইয়া অপসারিত হন অথবা মরিয়া যান, তা
হইলে ঐ ৩ বৎসরের অবশিষ্ট কালের জন্য অ
এক জন চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান নিযুক্ত হইবেন। কমিশন
রিদিগের একতৃতীয়াংশ চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যান
ম্যাক মিউনিসিপাল কর্ম্ম হইতে পারেয়াদি
দেওয়া যাইতে পারিবে। ইত্যাদি।

প্রথম সিডিউল।

জেলা	মিউনিসিপালিটী
খুলনা	চুকুরিয়া
ঐ	সেরপাটা
হাবড়া	হাবড়া
হাজারিবাগ	হাজারিবাগ
সিংহভূম	চাঁইবাসা
বাঁকুড়া	বাঁকুড়া
ঐ	জালোক.টী
চট্টগ্রাম	কক্স বাজার
মজঃফরপুর	মজঃফরপুর
ঐ	সীতামুড়ি
মুঙ্গের	মুঙ্গের
চম্পারণ	মেহিয়া
ভাগলপুর	কলগাঁ
ঐ	বাঙ্কপুর
ঐ	কেন্দ্রাপাড়া

উপরি লিখিত মিউনিসিপালিটীগুলিতে নির্ব
চন প্রথা প্রচলিত হইবে না। গবর্ণমেণ্ট স্বয়ং স
কমিশনর নিয়োজিত করিবেন।

দ্বিতীয় সিডিউল।

নিম্নলিখিত মিউনিসিপালিটীগুলিকে গবর্ণমে
চেয়ারম্যান নিয়োজিত করিবেন।

জেলা	মিউনিসিপালিটী
বর্দ্ধমান	কাটোয়া
হুগলি	উত্তর পাড়া
২৪ পরগণা	কলিকাতার উপন
ঐ	বারুইপুর
নবদ্বীপ	শান্তিপুর
ঐ	ঈশ্বরগঞ্জ
ঐ	মহেশপুর
মুর্শিদাবাদ	কাঁদি
দার্জ্জিলিং	দার্জ্জিলিং
হাজারিবাগ	হাজারিবাগ
ঐ	গয়া
লোহারডগ্গা	রাঁচি
সিংহভূম	চাইবাসা
মানভূম	পুরুলিয়া
চট্টগ্রাম	কক্স বাজার

পাটনা	পাইনা
গয়া	গয়া
সাহাবাদ	সাহিবগঞ্জ
ঐ ০	ভাগলপুর
মজঃফরপুর	সীতামহি
চাপরা	মধুবনী
সারণ	সিওয়ান
চম্পারণ	বেত্তিয়া

কলিকাতার উপনগর,উত্তর পাড়া, শ্রীরামপুর, বীরনগর প্রভৃতি মিউনিসিপালিটীগুলি কি চেয়ারম্যান মনোনীত করিবার যে ক্ষমতা লাভ করেন নাই? ঐ ঐ মিউনিসিপালিটীতে চেয়ারম্যান মনোনীত করিবার অনুমতি দিয়া একবার পরীক্ষা করিয়া দেখিলে কি হইত না? যদি ঐ সকল স্থলে অনুমতি দেওয়া না হইল, তবে গবর্ণমেণ্ট কোথায় পরীক্ষা করিয়া দেখিবেন? এখন যে বন্দোবস্ত আছে, তাহাতে করদাতাদিগের দত্ত অনেক অর্থ কর্ম্মচারিদিগের উদরসাৎ হইতেছে. কিন্তু চেয়ারম্যান,ভাইস চেয়ারম্যান,কমিশনর প্রভৃতি সকলকেই যদি দেশের লোকে মনোনীত করেন. তবে অনেক বাঁচিয়া যাইবে। ঐ টাকায় দেশের অনেক মঙ্গলকর কাজ হইতে পারিবে। যাহা হউক, উপসংহারে বক্তব্য এই, স্থানীয় গবর্ণমেণ্ট এদের সঙ্কোচ ভাব পরিত্যাগ করিয়া উদারভাবে অবলম্বন করেন, এই আমাদের ইচ্ছা।

১৮৮৩ অব্দের কলিকাতা ছোট আদালতের মকদ্দমা সংক্রান্ত রিপোর্ট প্রকাশিত হইয়াছে। গত তিন বৎসরে কত মকদ্দমা উপস্থিত ও কত মকদ্দমার নিষ্পত্তি হইয়াছে, নিম্নে তাহার তালিকা প্রদত্ত হইল।

	১৮৮৩	১৮৮২	১৮৮১
পূর্ব্ব বৎসর মজুত	১৩৫১	১৩৩৪	১২৭৮
নূতন মকদ্দমার সংখ্যা	২৩০৫৭	২৪৫৫৩	৩১১০৭
সমষ্টি	২৪৫৫৪	৩০৮৭	৩২৩৮৫
সোজাসুজি মকদ্দমা	৩৩৫৯	৪৩৩৭	৫১৮৫
ক্রম ভঙ্গের মকদ্দমা	৭৯৮৮	৮১৪১	৯৩৫৬
বাহিরের ডিক্রির আপত্তি গ্রহিয়া ডিক্রিমিস	১৩৫৫	১৩৪৮	১৪৫১
অন্যান্য ও টাকাইয়া ফেরত	৪২০	১৩৪১	৫৩৮৭
আপোষে মীমাংসা	৯৩৯১	১১৯৮০	১৪৫৭৬
বাদীর দোষে ডিসমিস	৪৫১৪	৫৭৭৪	৬৩৮৩
অনুপস্থিতিতে ডিসমিস	৭১	৪৮	৪২
বৎসরের শেষ রহা বাকী	১৮০১	১৩৫৭	১৩৩৩
সমষ্টি	২৪৫৫৪	৩০৮৭	৩২৩৮৫

১৮৮২ অব্দের ১৫ আইন জারি হওয়াতে গত বর্ষে ১৮৮২ অব্দের অপেক্ষা ৩৫২৬ টী মকদ্দমা হ্রাস হইয়াছে। ১৮৮২ অব্দে ১৫ টাকা দাবীর মকদ্দমা ১০৭৬ টী রুজু হয়। গত বর্ষে ৮৩৮৭ টী রুজু হইয়াছিল। ৫০ টাকা দাবীর মকদ্দমা ১৮৮২ অব্দে ১২১৩৩ টী রুজু হয় কিন্তু গত বর্ষে ১১০২০ টী রুজু হইয়াছিল। ইহার উর্দ্ধ দাবীর মকদ্দমার সংখ্যা বৃদ্ধি হইয়াছে। এক্ষণে ছোট আদালতে ২০০০ টাকা পর্য্যন্ত দাবীর মকদ্দমারও মীমাংসা হইতেছে। ১৮৮০ অব্দের ৯ আইনের ৩৬ ধারা অনুসারে এখন কোন বাক্তি আত্মীয় লোক অথবা আমেক্তার, কর্ম্মচারী,মোক্তার কিম্বা এডভোকেট দ্বারা মকদ্দমা চালাইতে পারেন না। হয় বাদীকে নয় তাঁহার উকীলকে মকদ্দমা চালাইতে হয়। আট আনার পরিবর্ত্তে স্ট্যাম্পের কাগজের এক টাকা মূল্য নির্দ্ধারণ করাতে এবং রেজিষ্টরির পর ৩ বৎসরের মধ্যে ডিক্রী জারি না করিলে রেজিষ্টরি ও যখানে ৬ই জন বাদী সেখানে প্রত্যেকে আনা করিতে টাকা জমা দিলে কুলিয়া আসিবার কই নিবন্ধন কলিকাতার কতকগুলি করদাতা ও সভ্য গবর্ণমেণ্টের নিকটে একখানি আবেদনপত্র প্রেরণ করেন। লেপ্টেনাণ্ট গবর্ণর তাঁহাদিগের আপত্তি সমূহের মধ্যে প্রথম আপত্তিটী গ্রাহ্য করিয়াছেন সামান্য বাদীর মকদ্দমার সংখ্যা হ্রাস করিবার জন্য স্ট্যাম্পের কাগজের মূল্য বৃদ্ধি করা হইয়াছিল, কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট আট আনাই রাখিয়াছেন। যে সকল মকদ্দমা গত বর্ষে রুজু হইয়াছে, তাহার মোট দাবী ১৯৮৯৪৮২ টাকা। ১৮৮২ অব্দের সহিত তুলনায় গত বর্ষে ১৬১১২২ টাকা বেশী দাবী হইয়াছে।

উত্তর পশ্চিমাঞ্চলের কৃষকেরা মহাজনদিগের উপর অত্যন্ত কুপিত হইয়াছে। তাহারা কোন সহুপায় করিতে না পারিয়া অনেকে মহাজনের প্রাণ সংহার করিয়াছে। উত্তর পশ্চিমাঞ্চলের লেপ্টেনাণ্ট গবর্ণর যে রেগুলেসি আদালতকে ৫০০ টাকা অবধির নালিশ এবং মহাজনের সহিত খাতকের কারবার কিরূপ ভাবে নিষ্পন্ন করিতে উপদেশ দিয়াছেন। কৌশলে কাজ করিতে পারিলে কৃষকদিগের মহাজনের উপর যে কোপের উদয় হইয়াছে, তাহার শান্তি হইবে ইহাই তাঁহার বিশ্বাস। খাতকের অনুকূলে অর্থাৎ অধিক সুদ না দেওয়া হয় ইহাই যেন লেপ্টেনাণ্ট গবর্ণরের ইচ্ছা কিন্তু আইন ত সেরূপ নহে, লেখা পড়া যেরূপ থাকিবে সেইরূপ সুদেরই ডিক্রী হইবে। আদালত যদি তাহার অন্যথা করেন, মহাজনেরা আর কারো টাকা ধার দিবে না. সুতরাং কৃষকদিগের কষ্ট অধিক পরিমাণে বৃদ্ধি হইবে। মহাজনেরা যে অধিক সুদে টাকা খাটে তাহার কারণ, কৃষকদিগের প্রয়োজন উপস্থিত হইলে আর থাকে না। তখন মহাজন যাহা চাহে তাহাই দিতে সম্মত হয়। সুতরাং অনেক স্থলে [illegible] অপেক্ষা সুদ বেশী চড়িয়া উঠে। গবর্ণমেণ্ট যদি ইহার নিবারণ করিতে চান, তবে কৃষকদিগের অবস্থার উন্নতির চেষ্টা পাউন। আদালতের প্রয়োজন উপস্থিত হইলে যাহাতে তাহারা বিনাবিলম্বে ন্যায় পুনা না হয়, তাহার উপায়বিধান করুন, তাহারা যাহাতে মহাজনের ব্যবহার শিক্ষা করিতে পারে এবং তাহারা যাহাতে কর্ত্তব্যাকর্ত্তব্য বুঝিতে পারে, এমন একটী উপায় করিয়া দিউন। তাহা হইলেই ঋণদিবের উপকারের আশা আছে সত্য,কিন্তু গবর্ণমেণ্ট তাহার ব্যবস্থার এ দেশীয়দিগকে গ্রহণ করিয়া বিচারালয় চালাইবার ব্যবস্থা করিতে বলিবেন এরূপ বোধ হইতেছে। ইহা যদি পরিণত হইলে গবর্ণমেণ্ট এখন যত চেষ্টা ও যত্ন করিয়াছেন তৎসমস্তই বে বার্থ হইবে তাহা বিলক্ষণ বোধ হইতেছে। সুতরাং কৃষকের অবস্থা চিরকালই সমান থাকিবে।

ইউরোপীয় সমাচার।

লণ্ডন ৯ই মে। গার্হস্থ্যশাস্ত্র বাহের সেক্রেটরি (অধ্যক্ষ) মৃত্যু হাস্য ও সাহের বিষয় তত্ত্ব করিতে [illegible] টাকা ও মুক্ত করিয়াছিলেন, তাহা হইতে মধ্যে অনেকে টাকা উঠাইয়া লন [illegible] টাকা দেওয়া বন্ধ করিয়াছেন।

সেণ্ট ঠমস নগরকর্ত্তৃপক্ষেরা একটী হইয়া সাধারণ প্রার্থনা করিতেছেন। গবর্ণমেণ্ট বিবেচনা করিতেছেন বলিয়া সার হিউবার্ট [illegible] করিতে করস্থ যন্ত্র তাঁহাদিগের উপর নিয়োগ করিতেছেন

২৮শে এপ্রেল। সাধারণতন্ত্র সমর্থক কতকগুলি লোক মেক্সিকো হইতে ক্যালিফোর্নিয়ার উপস্থিত হইয়াছিল, কিন্তু ইংলণ্ডের [illegible] তাহাদিগকে ফেরত পাঠাইয়া দিয়াছে।

লণ্ডন ৭ই মে। ডনকাষ্টরের রেস সেক্রেটারি ৭৭ প্রভৃতি ৯৭ টী সকল এমন্থলের লিখিয়া দিয়াছেন. এখনো যাহাতে সরকার ৯০০ টাকা হইতে পাঁচ বৎসরে ৯০ লক্ষ ৭৭ বৎসরে ৯০ লক্ষ টাকা পাইতে পারেন, তাহা আছে, সেই জন্য আগামী আগষ্ট মাসে এসম্বন্ধে বিবেচনা হইবে।

লণ্ডন ৬ই মে। ফ্রান্সের [illegible] করিতে কমন্স হাউসে [illegible] করিয়াছেন, তাহার বীর নেপোর পরিবর্ত্তন করা আবশ্যক হইয়াছে।

৩০ মাইল ৭ই মে। ফ্রেঞ্চি ডায়মণ্ডহারবর প্রান্ত ভিক্টর [illegible] এসম্বন্ধে সৌভাগ্যক্রমে সেক্রেটারির পরিত্যক্ত স্থান পরিগ্রহণ করিয়াছেন।

ব্রুসেল্স ৫ই মে। বিশপ ইলেক্টেড তিন জন ক্রিশ্চিয়ান কর্ম্মচারীকে বীজ বপন করিতে পাঠান হইয়াছে।

ডাবলিন ৭ই মে। ইংলণ্ডেশ্বরী আজ ইংলণ্ডে যাত্রা করিলেন।

লণ্ডন ৭ ই মে। মিশরে যে কমকরেশ হত্যা করিবে তাহাতে মিশর গবর্ণমেণ্ট অন্যান্য রাজার ন্যায় অভিপ্রায় প্রকাশিতে চাহিয়াছেন।

[illegible] ব্রেকেনরেশ সরকারী পদে [illegible] হইতে পাশা গবর্ণমেণ্ট [illegible] ছাড়িয়া দিয়াছেন। এই [illegible] নাজিম পাশা হইবেন।

লণ্ডন ৮ ই মে। [illegible] নামক একখানি আমেরিকার 'অলবানি [illegible]' মধ্যে একখানি ক্ষুদ্র জাহাজের সহিত [illegible] হইয়াছে। ফ্লোরিডার [illegible] হত হয়। অন্যেরা [illegible] রক্ষা হইয়াছে।

[illegible] ৭ই মে। [illegible] ৭৬ প্রজন্ম সভ্যতার [illegible] বলিয়াছেন, গবর্ণমেণ্ট [illegible] ছাড়িয়া দিয়াছেন কি না, তদ্বিষয়ে [illegible] পারা যায় নাই। তিনি এ বিষয়ের অনুসন্ধান [illegible] করিতেছেন। তিনি বলিয়াছেন ৪ঠা সেপ্টেম্বর [illegible] গবর্ণমেণ্টে নিবেদন করিয়া বলিবেন। সাহেব [illegible] সেনা মণ্ডলের সীমা প্রদেশের [illegible]।

লর্ড র‍্যাণ্ডলফ [illegible] বক্তৃতা [illegible] পরস্পরে অসন্তুষ্ট [illegible]

বিবিধ সংবাদ।

১৮৮২-৮৩ অব্দে [illegible] ৬০৪, সিকিম হইতে [illegible] ১১১৪৮০ টাকার [illegible] হইতে [illegible] ৮৮২৯৩ টাকার [illegible]।

কলিকাতা পাটের কলে প্রতি সপ্তাহে যে চট প্রস্তুত হয়, তাহা বিক্রয় করিবার জন্য সপ্তাহে দুই দিন করিয়া কল বন্ধ রাখা হইবে। এরূপ করা এই উদ্যোগ নিতান্ত বিঘ্ন হইতে পারিবে পাইবে।

শিক্ষাসংক্রান্ত সভার রিপোর্ট সম্বন্ধে গবর্ণমেণ্টের মত জিজ্ঞাসা করা হইয়াছিল। তাঁহারা যে সকল প্রস্তাব করিয়াছিলেন পক্ষান্তরে, লেপ্টনাণ্ট গবর্ণর সার সি, ইউ, আচিসন প্রায় তাহার সকলগুলিতে সম্মত হইয়াছেন। স্থানীয় আত্মশাসন প্রণালী প্রবর্ত্তিত করিয়া প্রাথমিক শিক্ষার ব্যয়ভার স্থানীয় লোকদিগের উপর প্রদত্ত হয় ইহা, তাঁহার ইচ্ছা। এ ইচ্ছায় কিন্তু সকলের ইচ্ছা হইবে না।

সম্পাদক শ্রীযুক্ত বাবু শ্যামধন মিত্র নিম্নলিখিত সংবাদটী আমাদের নিকট পাঠাইয়াছেন। "আগামী ১২ ই মে সোমবার অপরাহ্ণে ৬ ঘটিকার সময়ে কলিকাতা বলিয়াটোলা লেন ৪৫ নং ভবনে মহারাজাধিরাজ সম্প্রসন্নময়ীর দ্বিতীয় বার্ষিক অধিবেশন ও স্ত্রীশিক্ষাবিভাগের পারিতোষিক বিতরণ হইবে।

কার্য্য বিবরণ।

(১) কার্য্যবিবরণ পাঠ।

(২) পারিতোষিক বিতরণ।

(৩) মন্তব্য প্রকাশ।

(৪) সভাপতির বক্তৃতা।

(৫) কর্ম্মচারী নির্ব্বাচন ও কার্য্যনির্ব্বাহক সভা সংগঠন।

(৬) বিবিধ।"

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, কলিকাতা ৩নং মুক্তারাম ষ্ট্রীটে যে হোমিওপাথি বিদ্যালয় হইয়াছে, অদ্যদিন হইল তাহার ছাত্রদিগের পরীক্ষা হইয়া গিয়াছে; বিদ্যালয় ক্রমে উন্নতি লাভ করিতেছে। নিম্নলিখিত ছাত্রগণ পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন।

১। ভুবনমোহন মুখোপাধ্যায়।

২। নারায়ণ দাস বসু।

৩। অক্ষয়কুমার চট্টোপাধ্যায়।

৪। নলিনীকান্ত মিত্র।

৫। ভুবনমোহন ঘোষ।

৬। রাজকৃষ্ণ পাল।

৭। প্রাণকৃষ্ণ ভট্টাচার্য্য।

৮। কালীসহায় বন্দ্যোপাধ্যায়।

কাবুলের ফৌজে ৪০০০ ফরাসী আছে। ইহার মধ্যে এক হাজার স্ত্রীলোক। আমীর এই সকল কামরূপ রমণীর প্রতি অতি নিষ্ঠুর ব্যবহার করিয়া থাকেন। ইহা কি প্রজাদিগের অসন্তোষের একটী কারণ নহে? ব্রিটীশ গবর্ণমেণ্টের এই সকল অত্যাচার নিবারণের চেষ্টা পাওয়া কর্ত্তব্য।

শ্রীযুক্ত নিবীশ চন্দ্র বসু, বি, সি, বসু ও টি, মেটা সাউথন সেটারের কৃষিবিদ্যালয়ের পরীক্ষায় উত্তীর্ণ হইয়াছেন। বি, সি, বসু ও টি, মেটা পাশ্চাত্যশিক্ষায় সর্ব্বে ষষ্ঠ ও অষ্টম হইয়াছেন।

পরীক্ষা করিয়া দেখা হইয়াছে জমীতে [illegible] দানের অভাব নিবন্ধন ভারতবর্ষের কৃষিকার্য্যের দিন দিন অবনতি হইতেছে। কৃষি আমূলরূপে কার্য্য করিলে ও সকল সকাল চালাইলে এই দোষ থাকে না।

মে মাসের প্রথম সপ্তাহে কলিকাতা ও ইহার নিকটবর্ত্তী স্কুল সমূহে ১৯০৩২৯ জন ছাত্র ছিল।

এখন বৈদ্যনাথের [illegible] হইবে বলিয়া কাহার পাঠানদিগের বিরুদ্ধে যুদ্ধ যাত্রা করা হইল না। আগামী সেপ্টেম্বর মাসে তাহাদিগের সহিত যুদ্ধ করা হইবে। কিন্তু সেপ্টেম্বর পর্য্যন্ত তাহাদিগের উপদ্রব নিবারণের কি উপায় অবলম্বন হইবে? আর উপায় দ্বারা কি তাহাদিগকে শান্ত করা যায় না?

১৮৮৩৮৪ অব্দে ইংলণ্ডের [illegible] ১৬৫০০০০০ টাকা পাঠ হইয়া হইবে। তন্মধ্যে ১৮৮৩ অব্দের ১লা এপ্রেল হইতে ২৯এ এপ্রেল পর্য্যন্ত ৫১৩৬০০০ টাকা প্রেরিত হইয়াছে। ১৫০০৬৪০০০ টাকা ১৮৮৪ অব্দের ৩১এ মার্চ্চ অবধি পাঠাইতে হইবে। ইংলণ্ড যদি ভারতের এত টাকা গ্রাস করিলেন, তাহাতে কিরূপে পুষ্ট হইবে, যাহার নিষ্পেষিত করিয়া শোষণ করিয়া লয়, তাহাকে বলে কি সবল হইতে পারে?

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম, কলিকাতা ফ্রিমিসিডেন্সির ম্যাজিষ্ট্রেট মৌলবী সৈয়দ আমীর হোসেন মাসিক ৮৫০ টাকা বেতন পাইবেন ইনি তৃতীয় শ্রেণীর ডেপুটী ম্যাজিষ্ট্রেট, ৬০০ টাকা বেতন পাইতেছিলেন।

আমরা এ সপ্তাহে [illegible] কিরণশশীর নামে একখানি ইংরাজি মাসিক প্রাপ্ত হইয়াছি। সাহেবে যে বিধবা বিবাহ সভা প্রতিষ্ঠিত হইয়াছে, এই পত্র খানি সেই সভা হইতে প্রকাশিত হইতেছে। ইহাতে বিধবা বিবাহ সংক্রান্ত যাবতীয় কথা লিখিত হইয়া থাকে। এবং অনেকগুলি বিধবা বিবাহ করিবার উদ্দেশে ইহাতে বিজ্ঞাপন দিয়াছেন:—

আমাদের জাতীয় কুড়ি বৎসর বয়স্ক শিক্ষিতা এবং সুশ্রী রমণী; অভিজাত জাতীয় খাইয়া বংশীয় এক সম্ভ্রান্ত লোকের ষোড়শ বর্ষীয়া শিক্ষিতা কন্যা বাঙ্গালী কায়স্থ জাতীয় এক ১৯ বৎসর বয়স্ক বিধবা (ইনি ১৪ বৎসর বয়সে বিধবা হন); বঙ্গজ মুখোপাধ্যায় উপাধিধারী ১২ বৎসর বয়স্ক এক বিধবা (ইনি বিবাহের ৬ মাস পরে বিধবা হন), বৈদ্য জাতীয় ১৭ বৎসর বয়স্ক এক বিধবা (ইনি ১৩ বৎসর বয়সে বিধবা হন) আর একটী ২১ বৎসর বয়স্কা বিধবা বৈদ্যরমণী (ইনি ১৪ বৎসর বয়সে বিধবা হন); ১১ বৎসর বয়স্ক একটী পরমাসুন্দরী বিধবা ব্রাহ্মণ কন্যা, ও ১৪ বৎসর বয়স্ক এক সুশ্রী বিধবা বৈদ্যরমণী (ইনি ১১ বৎসর বয়ঃক্রমে বিধবা হইয়াছেন, বাঙ্গালা লেখা পড়া জানেন), কন্যাটীর মেয়ে প্রভৃতি মুনিতে ও উত্তম বয়ন করিতে পারেন হিন্দুমতে সচ্চরিত্র ও শিক্ষিত স্ব স্ব জাতীয় লোক বিবাহ করিতে অভিলাষিণী।

ভারতবর্ষীয় সিবিল সার্বিস পরীক্ষা উপলক্ষে না হইয়া ভারতবর্ষেই যাহাতে তদ্দেশীয় লোক উহাতে প্রবেশ করিতে পারে তজ্জন্য ষ্টেট সেক্রেটারির নিকট আবেদন করিবেন স্থির করিয়াছেন। চেষ্টা করুন, কিন্তু ফল আশু আশাপ্রদ নয়। যিনি পরীক্ষার সময় পাঠাইলেন না, তিনি এ বিষয়ে মত দিবেন, আশ্চর্য্য কি? আবেদনকারিরা কি এ বিশ্বাস করেন?

প্রাচীন সময়ে ভারতবর্ষের হিন্দু রাজারা বিদ্বান ব্যক্তি ও গ্রন্থকারদিগকে যেমন পারিতোষিক দিতেন, বেনজিমনের রাজা আজিও তেমনি গ্রন্থকারদিগকে পুরস্কার দিয়া থাকেন। এই কার্য্যে ইহার বার্ষিক ২৫০০০ ক্রাউন ব্যয় হয়। ১৮৮৫ অব্দে তিনি এই টাকা কেবল ভৌগোলিকদিগকে দিবেন স্থির করিয়াছেন। কি স্বদেশ কি বিদেশ হইতে যিনি ভাল ভূগোল লিখিয়া পাঠাইতে পারিবেন এবং যাঁহার ভূগোল প্রতিযোগিতায় সর্ব্বোচ্চ হইবে, তিনিই এই পুরস্কার লাভ করিবেন। ১ লা জানুয়ারির মধ্যে পুস্তক তাঁহার মন্ত্রির নিকট পাঠাইতে হইবে।

মান্দ্রাজ বিশ্ববিদ্যালয়ের সেনেট সভা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার শ্রী বৃদ্ধি করিয়াছেন। তাঁহারা প্রবেশিকা পরীক্ষায় ১২, এল, এ পরীক্ষায় ২৪, ও বি, এ পরীক্ষায় ৩৬ টাকা ফী ধার্য্য করিয়াছেন। এ বিষয়ে ফী বাড়াইবার কোন ভাল নয়। গবর্ণমেণ্ট কি বিদ্যা দানকে ব্যবসায় মধ্যে গণনা করেন? বিদ্যা সুলভ মূল্যে কিনিতে না মিলিলে কখন দেশের মঙ্গল হয় না। হিন্দু রাজারা কখন বিদ্যা বিক্রয় করেন নাই।

এচ, পি, গর্ণে নামক বিলাতের এক ব্যক্তি বোম্বাইয়ের রাইগক্ষ্ণার পত্রে লিখিয়াছেন, ভারতবর্ষীয় যুবকদিগের সিবিল সার্ব্বিস পরীক্ষাদান সম্বন্ধে যে নিয়ম করা হইয়াছে, তাহাতে কেহ পরীক্ষায় উত্তীর্ণ হইতে না পারেন, ইহাই যেন নিয়মকর্ত্তার ইচ্ছা। ১৮৭৮ অব্দে এ দেশীয় পরীক্ষার্থীর বয়োহ্রাসের ব্যবস্থা করা হইয়াছে। সেই অবধি এ পর্য্যন্ত ৮৩ জন ইউরোপীয় পরীক্ষার্থী উত্তীর্ণ হইয়াছেন, কিন্তু এ দেশীয় একজনও যুবক উত্তীর্ণ হইতে পারেন নাই। এক্ষণে বোম্বাইয়ের মোদির বি ভাবাবলী, মাদ্রাজীয় কে কাবয়ারী ও কলিকাতার কে এম জোয়ার নামে তিন জন এ দেশীয় বালক এই পরীক্ষা দিবার জন্য অত্যন্ত যত্নসহকারে অধ্যয়ন করিতেছেন। ইহারা যেরূপ কষ্টসহিষ্ণু, শ্রমশীল ও বুদ্ধিমান, তাহাতে ইহাদিগের পরীক্ষায় উত্তীর্ণ হইবার বিলক্ষণ সম্ভাবনা আছে। আমাদের রাজপুরুষেরা অনেক সময়ে উদারতার দোহাইতে গিয়া বিপাকে পড়িয়া যান। যখন অভিযোগি পরীক্ষায় বসি বস, তখন এ শ্রেণীয়দিগকে পরাস্ত দিতে দেওয়া হইবে না, এ নিয়ম করিলে সকল আপদের শান্তি হইয়া যাইত।

বিজয়রাঘব চেরিতে মিউনিসিপাল কমিশনরের পদচ্যুত করাতে তিনি হাইকোর্টে ষ্টেট সেক্রেটারির নামে ক্ষতিপূরণের ৯ লক্ষ টাকার নালিশ করেন। বিচারপতিরা তাঁহাকে এক পণ টাকার ডিক্রী দিয়াছেন। এ বিষয়ে প্রিভি কাউন্সিলে আপীল হইবে। আপীলের খরচা কে দিবে? মিউনিসিপালিটী না স্বয়ং ষ্টেট সেক্রেটারি?

আমরা শুনিয়া সন্তুষ্ট হইলাম, রায় কৃষ্ণদাস মাতাহর অবে যার প্রতিনিধি পোষ্ট মাষ্টার জেনরল হইয়াছেন। এইরূপ গুরুতর কার্য্যের ভার এদেশীয়ের হস্তে সমর্পিত হইবে, ও এদেশীয়ের ক্ষমতার পরীক্ষা হইবে।

লক্ষ্ণৌয়ে একটী ইংরাজী সংস্কৃত কালেজ খুলিবার জন্য ৩৫ হাজার টাকা সংগৃহীত হইয়াছে। অযোধ্যার অন্তর্গত ওনাওয়ের তালুকদার বাবু রামসহায় ইহার সাহায্যার্থ ৫০ হাজার টাকা মূল্যের পাঁচখানি গ্রাম ছাড়িয়া দিয়াছেন। ইহার বার্ষিক আয় তিন হাজার টাকা। ভারতবাসির ব্যয়শীলতা প্রসিদ্ধ। সেই ব্যয়শীলতা এই দিকে যাবৎ আকৃষ্ট না হইবে, তাবৎ দেশ সম্পূর্ণ উন্নতি লাভে সমর্থ হইবে না।

মাক্রিক ব্রাউন সাহেব শপথ না করিয়া ১১ই ফেব্রুয়ারি কমল হাউসে সভ্যদিগের সম্মুখে উপবেশন করাতে তাঁহার নামে অভিযোগ করা হইয়াছে। রাজী হার্ডিঞ্জ গিল্ফোর্ড নামক এ ডিসর একজন পক্ষকে এই মকদ্দমা চালাইবার জন্য নিযুক্ত করিয়াছেন। আমরা গবর্ণমেণ্টের শক্রতা সাধন করিবার কথা শুনিয়া ও ব্রাউন সাহেবের অতুল দৃঢ় প্রতিজ্ঞতা দেখিয়া বিস্মিত হইয়াছি।

গত সপ্তাহে আমরা এক কৃষি-বিভাগের প্রতি ওয়েব সাহেবের ঘোরতর অত্যাচার বৃত্তান্ত প্রকাশ করিয়াছি। আজ ৮।৯ বৎসর হইল, চট্টগ্রামের অন্তর্গত কেহুয়া চা বাগানের ওয়েব নামক একজন সাহেব কোন কারণে ক্রুদ্ধ হইয়া ছয় জন এদেশীয় লোককে বন্দুক দ্বারা গুলি করিয়াছিলেন। কেহ মরিও মরে নাই বটে কিন্তু সকলেই গুরুতর আহত হয়। ব্যাডকক সাহেব তখন চট্টগ্রামের জয়েণ্ট ম্যাজিষ্ট্রেট ছিলেন। তাঁহার নিকট এই মকদ্দমা হয়, তিনি ওয়েব সাহেবকে ৫০ টাকা অর্থদণ্ড করিয়া ছাড়িয়া দেন। দুই লোকে প্রহার পাইলে এইরূপই ঘটে। দেখা যাউক ডেপুটী কমিশনর কি করেন।

৩০ এ এপ্রেল যে সপ্তাহের শেষ হইয়াছে, সেই সপ্তাহের ভারতবর্ষের শস্য ও বৃষ্টির সংবাদ। বঙ্গদেশের সর্ব্বত্র বিশেষতঃ আসামে অত্যন্ত অধিক বৃষ্টি হইয়াছে। উৎকলবিভাগ ব্রহ্মদেশের কোন কোন স্থলে বৃষ্টি হইয়া গিয়াছে। মান্দ্রাজ, মহীসুর ও বোম্বাইয়ের সকল জেলাতেই উত্তম এবং বোম্বাইয়ের কোন কোন স্থলে, নাইজামরাজ্য ও উত্তর পশ্চিমাঞ্চল এবং মধ্যপ্রদেশের একটী জেলাতে সামান্য মাত্রিবর্ষণ হইয়াছে। মান্দ্রাজ ও মহীসুরের শস্যের অবস্থা বোম্বাইয়ে রবিশস্যের বপনকার্য্য প্রায় শেষ হইল। গাঙ্গেয়প্রদেশের কোন কোন স্থানে আজিও পানীয় জলের বিলক্ষণ অভাব আছে। বেরারের ভূমিসকল বরিশ শস্য বপনের উপযুক্ত হইয়াছে। উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যায় রবিশস্য এবং কোন কোন স্থলে ইক্ষু ও নীলবপন করা শেষ হইয়াছে। খাদ্যসামগ্রীর ও পানীয় জলের বিলক্ষণ কষ্ট রহিয়াছে। মধ্যভারতবর্ষের লোকে শস্য আচ্ছাদিতেছে। বরিশ শস্য বপনের উদ্যোগ করিতেছে। বঙ্গদেশের কোন কোন স্থলে এখনও বৃষ্টির প্রয়োজন। বোরো ধান্য ও ইক্ষুর চাষ উত্তম হইতেছে। কিন্তু আমন অনেক পড়িয়া গিয়াছে। আসামে কৃষিকার্য্য উত্তম রূপ চলিতেছে। বঙ্গ ও ব্রহ্মদেশ ব্যতীত সমস্ত বিসূচিকা রোগের বিলক্ষণ প্রাদুর্ভাব আছে। ব্রহ্মদেশের কোন কোন জেলা, শান্তরাজ্য হাজারিবাগ, এলাহাবাদ ও মধ্য প্রদেশের অন্তর্গত রাইপুরে শস্যের মূল্য ক্রমেই বৃদ্ধি হইতেছে।

৩০ বৎসর কার্য্য করিয়া রায় কা শীলাল বাবুকে পেন্সন লইয়া অবসর গ্রহণ করিয়াছেন। তিনি মেডিকল কলেজের উপাধি পরীক্ষায় উত্তীর্ণ হইয়া তথাকার রসায়ন শাস্ত্রের অধ্যাপক হন। কিছু কাল পরে কলিকাতায় প্রেসিডেন্সী কলেজে রসায়নের অধ্যাপকের কার্য্যে নিযুক্ত হন। এইখানে তিনি বিশেষ সুখ্যাতির সহিত গবর্ণমেণ্টের অনেক কার্য্য করিয়াছেন। বিজ্ঞানসম্বন্ধে এদেশীয় কোন চিকিৎসকই তাঁহার তুল্য ইংরাজসমাজের প্রশংসাভাজন হইতে পারেন নাই। শ্রমশীলতা, নম্রতা ও মিষ্টভাষিতা প্রভৃতি গুণে, কি ইউরোপীয় কি এদেশীয় সকল সমাজের লোকেই তাঁহাকে বিশেষ ভক্তি ও শ্রদ্ধা করিয়া থাকে। তাঁহার শারীরিক অবস্থার কথা শুনিলে পাঠকগণ বিস্ময়ান্বিত হইবেন। তিনি ৩০ বৎসর কষ্ট করিয়াছেন, কিন্তু পীড়া বলিয়া এক দিনও ছুটী লন নাই। এতদ্দ্বারা তাঁহার মিতাচারিতার বিলক্ষণ সপ্রমাণ হইতেছে।

আমরা শুনিয়া দুঃখিত হইলাম, সার এডওয়ার্ড ক্লার্ক বেরি সাহেব প্রাণত্যাগ করিয়াছেন। ইনি ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের কোন বিভাগের সেক্রেটারি ছিলেন। তৎসময়ে ব্যবস্থাপক সভার সভ্য পদে প্রতিষ্ঠিত হইয়াছিলেন।

কিছুদিন হইল, লাহোরের ভিন্ন ভিন্ন বিভাগের ১১০ জন কেরাণী পঞ্জাবের ভলণ্টিয়ার দলে প্রবেশ করিবার জন্য দরখাস্ত করেন। তাঁহাদিগকে এই উত্তর দেওয়া হইয়াছে "আপিসবাসিদিগের ভলণ্টিয়ার দলে প্রবেশের অধিকার নাই।" অধিকার নাই কেন? এদেশীয়েরা কুড়াল হইয়া পাছে রাজা কাড়িয়া লন, এই কি ভয়? যাঁহারা ভারতবাসির মঙ্গলের জন্য ও হত শাসন, এ কথা বলেন, তাঁহারা এ বিষয়টীর একবার চিন্তা করিবেন।

বেহার ও বারাণসীর অহিফেনের চাস ক্রমে হ্রাস হইতেছে দেখিয়া গবর্ণমেণ্ট ইহার কারণানুসন্ধানার্থ গত বর্ষে কমিশন নিয়োগ করিয়াছিলেন। কমিশনরেরা যেরূপ মন্তব্য প্রকাশ করিয়াছেন সেসম্বন্ধে গবর্ণর জেনেরল কৌন্সেলে কোন কথাই বলেন নাই, ১৮৮১।৮৩ অব্দে বেহার ও বারাণসীতে কত অহিফেন উৎপন্ন হইয়াছে নিম্নে তাহা প্রদর্শিত হইল।

	যত বিঘা জমীতে পোস্ত বোনা হয়।	যত বিঘা জমীর পোস্ত প্রস্তুত করা হয়।	উৎপন্ন অহিফেন।	মণ প্রতি মূল্য।
১৮৮১-৮২	৪৭৭১৯	৪৭৩১৯	৪৬৩৮২	৪৩৪৩৲—১—১
১৮৮২-৮৩	৪৪৩৮২৭	৪১৭৭২	৩৯২৩৩	২৭৭৩-০৪ —৪৲
বৃদ্ধি	•	•	•	•
হ্রাস	১০১৯২	৮৩৭৩	৬৬১৭০	১৩৬৩-১ —১৭

১৮৮১-৮২	৪৫৩৭৪	৩৯৮৪৩	৮৯৩৫৯	৫৭৪৯-১—
১৮৮২-৮৩	৪২৮৭৪১	৪১৩৫২	৩৯৮৩২	৪৫২১৩-৫ —১৩৲
বৃদ্ধি	•	১১৫৭	৭৪	•
হ্রাস	২১৩৭৩	•	•	৯১৭৩-১— ৭৲

সকল জমীতে জল সেচন করিবার সুবিধা না থাকাতে অহিফেন উৎপত্তির ব্যাঘাত হইতেছে। অহিফেনের গাছে কীট লাগাতে গত বর্ষে বিশেষ অনিষ্ট হইয়াছে। ১৮৮১ অব্দে সরফরাজপুরে ৩৭১ মণ অহিফেন উৎপন্ন হয়, কিন্তু গতবর্ষে ৪১ মণ মাত্র উৎপন্ন হইয়াছিল। হাজিপুরে ১০০০ মণ অহিফেন পাওয়া যাইবে স্থির ছিল কিন্তু গত বর্ষে তথায় ২০৮ মণের অধিক পাওয়া যায় নাই। আলীগঞ্জে ৭০০০ মণ অহিফেন পাওয়া যাইবে সিদ্ধান্ত করা হইয়াছিল, তথায় কেবল মাত্র ৮১১ মণ অহিফেন পাওয়া গিয়াছে।

বেরিং সাহেব লর্ড গ্রানভীলকে একখানি পত্র লিখিয়াছেন। তিনি বলেন গাসঘাসায় উঠাইয়া দিবার জন্য জেলিবের কোন আন্দোলন করা কর্ত্তব্য নহে। এরূপ আন্দোলন প্রচার করা মুসলমান দিগের ধর্ম্মগ্রন্থের বিপরীত কার্য্য। তাহারা প্রভুর আজ্ঞানুবর্ত্তি থাকিবেক বিবাহ অথবা কোন বিষয়ে কার্য্য করিতে পারে না। যদি এরূপ হয় তাহা হইলে মিসরে ইংরাজের প্রভুত্ব করাতে কি লাভ হইল? কোরাণে দাস রাখিবার কি স্পষ্ট আদেশ আছে? বিবাহ অনুচিকীর্ষাবশে বিদ্যুৎচন্দ্রের একটী প্রস্তাব উপলক্ষে এ উপদেশ রহিত করা হইয়াছে।

গবর্ণমেণ্টের টেলিগ্রাফ বিভাগের ভূতপূর্ব্ব সুপারিণ্টেণ্ডেণ্ট এডওয়ার্ড হার্ভি বার্ডির আজি তিন বৎসর হইল মুসলমানধর্ম্ম অবলম্বন করিয়াছেন, তিনি সম্প্রতি এই ধর্ম্মের সারবত্তা প্রতিপন্ন করিবার জন্য স্থানে স্থানে বক্তৃতা করিতেছেন। গবর্ণমেণ্ট না কি বলিয়াছেন তিনি যদি মুসলমানধর্ম্ম পরিত্যাগ করেন, তাহা হইলে পুনরায় তাঁহাকে তাঁহার পদে প্রতিষ্ঠিত করিতে পারেন। তিনি যদি মুসলমানধর্ম্ম পরিত্যাগ করিয়া পুনরায় খ্রীষ্ট ধর্ম্মের আশ্রয় গ্রহণ করেন, তাহা হইলে তিনি পীড়াগ্রস্ত কি না তাহার পরীক্ষা হইবে।

সওদাগর ও অন্য অফিসর যে সকল ইউরোপীয় কাজ করেন, তাঁহাদিগকে ভলণ্টিয়ারের কার্য্য শিক্ষা করিবার অবসর দিবার জন্য গত ১০ মে শনিবার অবধি অনেকগুলি বড় সওদাগরের আফিস চারিটার পর বন্ধ করিবার নিয়ম হইয়াছে। ইঁহারা অনুক ছুটিতে গিয়া সিমলাগর প্রভৃতি স্থানে গিয়া মাহুর শীকার করিতে শিখিবেন না ত?

সম্পাদক শ্রীযুক্ত বাবু হরিপদ মুখোপাধ্যায় সাধারণের নিকট সাহায্যার্থী হইয়া নিম্নলিখিত পত্রখানি আমাদের নিকটে পাঠাইয়াছেন।

শ্রীকৃষ্ণপুর বালিকা বিদ্যালয়।

ভায়াগপুর—বর্দ্ধমান।

কন্যাপ্যেবং পালনীয়া শিক্ষণীয়াতিযত্নতঃ।

শ্রীশিক্ষা সকল দেশেই নিতান্ত আবশ্যক, ইহা এক্ষণে সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করেন। শ্রীকৃষ্ণপুর সার্ব্বজনিক সভার যত্নে তথায় একটী বালিকা বিদ্যালয় অল্পদিন হইল স্থাপিত হইয়াছে। ইহাতে বর্ত্তমান ছাত্রীসংখ্যা ২৪ জন, এই সংখ্যা দিন দিন বৃদ্ধি হইতেছে এবং শ্রীঘ্রই শতাধিক হইবার সম্ভাবনা। বিদ্যালয়টী অবৈতনিক বালিকাদের পুস্তকাদির বিদ্যালয়ের আয় হইতে দিবার নিয়ম হইয়াছে। এক্ষণে একটী উপযুক্ত বিদ্যালয়গৃহ ও তদুপযোগী গৃহসজ্জা না থাকায় বিশেষ কষ্ট হইতেছে। অতএব দেশহিতৈষী মহাত্মাদিগের নিকট সবিনয়ে প্রার্থনা, স্বাভাবিক দয়াগুণে উদ্বুদ্ধ হইয়া যোড়শোপচারে মহাশয়া সাধারণ করিয়া বিদ্যালয়ের সভাধিপতিকে উৎসাহিত ও চিরকৃতজ্ঞতাপাশে বদ্ধ করেন।"

এক ব্যক্তি আমাদের নিকটে লিখিয়াছেন গত ৯ই বৈশাখ রবিবার কোয়ালিয়া আর্য্যধর্ম্মরক্ষিণী সভার নবম সাম্বৎসরিক উৎসবকার্য্য সমারোহের সহিত সম্পন্ন হইয়া গিয়াছে। পূর্ব্ব দিবস নগর সংকীর্ত্তনপূর্ব্বক সভার পরিশ্রমণ। সভার দিন প্রাতে শ্রীশ্রী৺ রাধাশ্যাম শ্রীবিগ্রহের ষোড়শোপচারে পূজা হোমাদি, ভোগোৎসব, মধ্যাহ্ন সময়ে ব্রাহ্মণ, বৈষ্ণব ও কাঙ্গালি ভোজন, ও অপরাহ্ণে সভাধিবেশন হয়। সভাস্থলে কয়েকজন সুবিখ্যাত ব্রহ্মণ পণ্ডিত ও অন্যান্য সম্ভ্রান্ত ভদ্রলোকের সমাগমে সম্পাদক ও সভ্যগণ বিশেষ উৎসাহিত হইয়াছিল। পণ্ডিতবর শ্রীযুক্ত কৃষ্ণদাস বেদান্তবাগীশ মহাশয়ের শ্রীমদ্ভাগবদ্গীতা ব্যাখ্যার সহিত পাঠ ও তদনুসঙ্গিক বক্তৃতা বিশেষ হৃদয়গ্রাহী হইয়াছিল। বিখ্যাত গায়ক শ্রীযুক্ত বিনোদলাল দাসের মধুর সঙ্গীত শ্রবণে সকলেই মোহিত হইয়াছিলেন। সুধাপুর হরিভক্তিপ্রদায়িনী সভার সম্পাদক শ্রীযুক্ত মধুসূদন তর্কবাগীশ মহাশয়ের কৃত সংকীর্ত্তনে অনির্ব্বচনীয় প্রেম ভাবের মধুরতা অনেককে বিমোহিত করিয়াছিল। ভগবানের কৃপায় এই ক্ষুদ্র গ্রামে ৯ বৎসর কাল এই সভার কার্য্য এক প্রকার সুশৃঙ্খলে নির্ব্বাহ হইয়া আসিতেছে, ইহা বিশেষ আহ্লাদের বিষয় সন্দেহ নাই। এক্ষণে সম্পাদক ও সভ্যগণ বিশেষ উৎসাহের সহিত ইহার ক্রমোন্নতিসাধনে যত্নবান হন, ইহা নিতান্ত বাঞ্ছনীয়।

পরিদর্শক বলেন "ইটা পরগণার অন্তর্গত অমেহটি মৌজায় একটী অদ্ভুত ঘটনা হইয়া গিয়াছে। সেই মৌজায় সদারাম নামক জনৈক ব্যক্তি নিরুদ্দেশ হয়, মন্ত নদীতে একটী লাশ পাইয়া তাহার লাশ বলিয়াই প্রমাণ হয় এবং তথাকার একটী লোক সদারামের হত্যাকারী বলিয়া সন্দিগ্ধ হয়। তদনুসারে সদারামের পুত্র তাহার শ্রাদ্ধ করে এবং সদারামের স্ত্রী বিধবা হয়। কিন্তু তথাকার ইন্‌স্পেক্টর বাবু বৈকুণ্ঠনাথ রায় এই সমস্ত ঘটনায় বিশেষ সন্দেহ করিয়া বিশেষ প্রকার অনুসন্ধানক্রমে জীবিত সদারামকে বাহির করেন। সদারাম গোপনে থাকিবার কারণ কি? ইহাতে কোন গূঢ় রহস্য নিহিত রহিয়াছে। ফলতঃ ইন্‌স্পেক্টর কোন নির্দ্দোষী ব্যক্তিকে সন্দেহ করিয়া ফাঁসাইয়া প্রমাণ করিয়া দিলে বড়ই দুর্ঘটনার বিষয় ছিল। এ বিষয়ে বৈকুণ্ঠ বাবু আমাদের বিশেষ প্রশংসা এবং ধন্যবাদের পাত্র সন্দেহ নাই। পুরস্কার পত্র নিষ্প্রয়োজন হয়। কিন্তু সদারাম পুনঃ দেহে পুনর্ব্বার পৃথিবীতে ফিরিয়া আইলেন, এটী কৌতুকের বিষয় বটে।"

ফাযরা ইষ্টপদে বেহিয়ার, ইয়ুসফজিয়ের উকীলেরা কয়েকটী নিয়ম করিয়াছেন, তদনুসারে কার্য্য করিবেন। এ বড়দিনের [illegible]

ী হইলেন, উহাতে স্ত্রীলোক স্বাধীন ভাবে সংসার
করিবার সময়ে এবং অবসরাভাবে নানাবিধ সমাজ-
ীয় সম্বন্ধে লিখিতে পারিবে। তাঁহারা নিজে ভাল
পড়িতেন না, বুদ্ধি দ্বারা লইতেন, ইত্যাদি।
ন সকলস্থলে লোকের যেপ্রকার অনুরাগ দেখিতে
য়া যায়, তাহাতে এবস্থ যে প্রতিজ্ঞা করিবেন,
াই রক্ষা পাইবে। সকলবাই আমাদের দেশের
ী প্রকার উন্নতির প্রধান প্রতিবন্ধক হইয়াছে।
যুক্ত কৃষ্ণদাস বন্ধ মহাশয় হইতে একখানি ইংরাজী
ইবল আমাদের নিকটে পাঠাইয়া দিয়াছেন। এখানি
ারার অতিচিত্র উপহার। ইহার বন্ধন ও
ববাদি উৎকৃষ্ট। বাঙ্গলাগঠনাও পূর্ব্বাপেক্ষা
নক উৎকৃষ্ট দেখিলাম। কলিকাতা অ্যাক্টিই
সমাজিয়া এদেশীয় সওকারিদিগের সাহায্যে
ুষায় করিয়াছেন। এদেশীয়েরা সাহায্য করাতে
সবিধি-র বাঙ্গালা রচনার অনেক পরিবর্ত্তন
য়াছে। পূর্ব্বে বাঙ্গালা প্রায় বুঝা যাইত না, এখন
নেক বুঝা যায়। আমরা মোলিনিথির আদি
ন্তের যেটি প্রতিকৃতি পাঠ করিয়া দেখিয়াছি, তদুপ
থিত সৃষ্টি প্রকরণের সহিত ইহার অনেক সৌসা-
া আছে। মনুসংহিতা সৃষ্টির পূর্ব্বে অন্ধকারের
া করিতেছেন, সাইবেলেও অন্ধকার আছে।
াম, গ্রন্থখানি অগ্রে ভাল বিচার করিয়া দেখি
ইচ্ছা হইল, কিন্তু কল স্থির করিতে পারি-
ম না। বোধ হয়, কেহ কাহাকেও দেখিয়া লেখেন
ই। উক্ত গ্রন্থকারের যুক্তিতেই ঐরূপ উহা
য়াছিল। কেবল ঐ দুই গ্রন্থকার কেন, যিনি
ষ্টির আদিকালের চিন্তা করিবেন, তিনিই অন্ধ
র দেখিবেন। আমরা প্রিয়বাবু কৃষ্ণদাস বন্ধের
ীতার্থ মধ্যে মধ্যে যাইয়া দেখিব, এই একটী
কোরও উদ্ধার করিব।

নূতন পুস্তক ও পত্রিকা।

১। নব প্রবোধিকা, প্রথম খণ্ড (১)। এখানি
কৃত শিক্ষারিদিগের নিমিত্ত লিখিত হইয়াছে।
থক বুদ্ধিমান্ গ্রাকরণের সূত্রগুলি বাঙ্গালা
ায় লিখিয়া সংস্কৃত উদাহরণ প্রদর্শন করিয়া-
ন। অন্যের সাহায্য গ্রহণ না করিয়া গ্রাকরণ
ধার এটী সহজ উপায় হইয়াছে সন্দেহ নাই।
ু এ প্রণালীটী আমরা বড় ভাল বোধ করি না।
কজন বুদ্ধিমান না থাকিলে ব্যাকরণ পাঠের বিশেষ
ল হয় না। বুদ্ধিমান ছেলে সংস্কৃত ব্যাকরণ-

(১) মুন্সী আবদুল করিম সাহিত্যবিশারদ প্রণীত। শ্রীযুক্ত
নাথ বসুমল্লিক প্রণীত, কলিকাতা সিটি বিদ্যালয় যন্ত্রে মুদ্রিত
১৷৵০ দুই আনা।

করণের যে পদ্ধতি অবলম্বন করিয়াছেন, তাহাই
উৎকৃষ্ট। অন্যান্য গ্রাকরণ-সূত্র রচনা করিয়া-
ছেন, তাহার উদ্দেশ্য কি? সূত্র অল্পাক্ষর না হইলে
মুখস্থ থাকে না। আমরা পরীক্ষা করিয়া দেখিয়াছি
অধিক অক্ষরে রচিত সূত্র বলিয়া বালকেরা তাহাকে
সূত্র মনে করিয়া রাখিতে পারে না। এই গ্রন্থ
সাপের যে প্রণালী, তাহাতে সূত্র মুখস্থ না থাকি-
লেও ইষ্ট সিদ্ধি হয় না। যাহা হউক, যাঁহারা
বালকদিগকে বিদ্যার সরল পথ অন্বেষণ করিবেন, এ
গ্রন্থখানি তাঁহাদের পক্ষে উপযোগী হইয়াছে।

২। সংক্ষিপ্ত ভারত (২)। ইহাতে ভারতবর্ষ-
সম্বন্ধীয় বিষয়গুলি সংক্ষেপে সংগৃহীত হইয়াছে। এরূপ
ভারতের মূল্য মনোযোগকারকগ্রন্থ অল্প আছে। গ্রন্থকার
স্বয়ং লিখিয়াছেন, ভারতে যাহা নাই, তাহা অন্যত্র
নাই। ভারতের যে যে বিষয় জানা আবশ্যক,
তৎসমুদায়ই ইহাতে বিশদরূপে বর্ণিত হইয়াছে।
ইহা সমুদ্রতুল্য, ইহাতে অবগাহন করিলে জ্ঞানরূপ
মহারত্ন লাভ করা যায়। ভারতের অতি বিস্তৃত
গ্রন্থ বলিয়া আদ্যন্ত পাঠ বড় কঠিন। ইহা সংক্ষেপে
সঙ্কলিত হওয়াতে জন সাধারণের বিশেষ উপকার
দর্শিবে।

৩। বাগচই ছন্দচরিত (৩)। এবার ছন্দচরিতের
পঞ্চম পরিচ্ছেদ বিশ্ববিদ্যালয়ের এল, এ, পরীক্ষার
পাঠ্য পুস্তকরূপে নির্দ্ধারিত হইয়াছে। গ্রন্থকার
উহার মর্ম্ম সঙ্কলন করিয়া সংক্ষেপে প্রকাশ করি-
য়াছেন। রচনাটী সুন্দর হইয়াছে।

৪। বরকন্যা বিক্রয় (৪)। পাশকরার ডাকাতী
বলিয়া গ্রন্থের অন্য একটী নাম দেওয়া হইয়াছে।
কন্যা বিক্রয় ও অনেক দিন হইতে এদেশে প্রচলিত
আছে। বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার সৃষ্টি অবধি
পাত্রও বিক্রয় হইতে আরম্ভ হইয়াছে। যে পাত্র যত
পাশ দেয়, তাহার তত মূল্য বৃদ্ধি হইতে থাকে। এই
হেতু অনেকে কন্যার বিবাহ দিয়া দরিদ্র হইয়া
যাইতেছে। গ্রন্থকর্ত্তা দোষগুলি উত্তমরূপে চিত্রিত
করিয়াছেন। পাঠের সময়ে অন্তঃকরণে বিকার
উপস্থিত হয়। ইহাই রচনার সবিশেষ প্রশংসার
বিষয়।

৫। চিকিৎসা সঞ্জীবনী (৫)। এখানি চিকিৎসা

(২) শ্রীযুক্ত বাবু বিজয়নাথ মুখোপাধ্যায় কর্ত্তৃক সঙ্কলিত।
কলিকাতা বিশ্বকোষের যেত্র এ্যান্টিম প্রকাশ যন্ত্রে মুদ্রিত, মূল্য
১৷৷০ দেড় টাকা মাত্র।

(৩) শ্রীযুক্ত হৃষীকেশ ভট্টাচার্য্য সঙ্কলিত, কলিকাতা
সিটি বিদ্যালয় যন্ত্রে মুদ্রিত, মূল্য ৷৵০ ছয় আনা।

(৪) শ্রীযুক্ত বাবু মোহিনীমোহন গুহ প্রণীত, কলিকাতা
নূতন আর্য্য যন্ত্রে মুদ্রিত, মূল্য ৵০ দুই আনা।

(৫) কলিকাতা ২।১ নং বাবুরাম ঘটক লেন যন্ত্রে
মুদ্রিত।

বিষয়ক মাসিক পত্রিকা। ডাক্তার শ্রীযুক্ত বাবু অমৃত-
লাল মুখোপাধ্যায় ও কবিরাজ শ্রীযুক্ত অম্বিকাপ্রসন্ন
কবিরত্ন উহার লিখিয়া এখানির প্রচার করিতে-
ছেন। যে নিয়মে এই পত্রিকা প্রচার করা হই-
তেছে, তাহা ভূমিকায় লিখিত হইয়াছে। যথা:—
"কবিরাজী ও ডাক্তারী উভয়বিধ চিকিৎসার মধ্যে
আমাদের দেখে কোন কোন রোগে কোন্ কোন্
চিকিৎসা বিশেষরূপে উপযোগী, অল্প চিকিৎসা ও
পিচকারি দেওয়া প্রভৃতি আনুষঙ্গিক ক্রিয়া-
গুলি ঐ উভয়বিধ চিকিৎসার কাহার মধ্যে কতদূর
উৎকৃষ্ট এবং রোগ পরীক্ষা, ঔষধপথ্য ও শুশ্রূষা
করা প্রভৃতি চিকিৎসকের অবশ্য জ্ঞাতব্য বিষয়
ও সহজ বা কোন্ রোগে কত দূর শ্রেষ্ঠ, ইত্যাদি বিষ-
য়ের আলোচনা ইহাতে পরিবেশিত হইয়াছে।

নজীর।

১৮৮৩। ২৩ এ জুন।

প্রধান বিচারপতি সরবিচার্ড গার্থ ও বিচারপতি
ম্যাকফারসন।

নিস্তারিণী চৌধুরাণী ও অন্য অন্য বাদি বাদী।
হরনাথ চৌধুরী প্রতিবাদী।

দেওয়ানী কার্য্যবিধির ৫২৫ ধারানুসারে আপীলীয়ে কৃত
আপীল হইবামাত্র আদালতে ৭ দিন কারণ দর্শাইতে রুল
হইলে যদি ৫০০ টাকা বা ততোধিক মূল্যের আপীল করা হয়, তাহা
হইলে আবেদন করিতে হইবে, নতুবা সকলের উপস্থিত
কারণ অনুসারে তাহা আদালতের কর্ত্তব্য। রুল কোন
আপত্তি করা না হয়, এ স্থলে আদালত তাহা খারিজ করিয়া দেন,
তাহার বিরুদ্ধে আপীল হইবে না।

কোন নাবালক বর সাজা হইয়া বিবাহ উপস্থিত
হইলে উভয় পক্ষ একত্র হইয়া তিন জন মধ্যস্থের
উপরে উহার মীমাংসা করিবার ভার সমর্পণ করেন।
মধ্যস্থেরা প্রমাণাদি গ্রহণ করিয়া ১২৮৬ সালের
৭ ই শ্রাবণ বাদিনীর অনুকূলে সালিসী করিয়া
করেন। উহা আদালতের জারী করাইয়া লইবার
নিমিত্ত মুন্সেফ আদালতে উপস্থিত করিলে প্রতিবাদী
মধ্যস্থগণ পক্ষপাত করিয়াছেন বলিয়া আপত্তি করি-
লেন। মুন্সেফ উভয় পক্ষের প্রমাণাদি গ্রহণ করিয়া
আবেদন অগ্রাহ্য করেন। পরে জজের নিকটে আপীল
হইলে তিনি মুন্সেফের রায় রহিত করিয়া সালিসী
করণাদেশ মঞ্জুর করিলেন। এইকোর্টে আপীল
হইল। হাইকোর্ট উপরিলিখিত সিদ্ধান্ত করিয়াছেন।
অর্থাৎ আপীল হইলে আদালত তৌহিনত করিবার
করিবার অনুমতি দিবেন, সেখানে আপত্তি না হয়,
আবেদন দাখিল করিয়া লইবেন। আদালত আর
আপীল হইবে না।

১৮৭১। ২৭ এ অক্টোবর।

বিচারপতি মিত্র ও বিচারপতি সিগট।

অভয়চন্দ্র মুখোপাধ্যায় বাদী।

মহম্মদ সাবির প্রতিবাদী।

মকদ্দমা, ফৌজদারী আদালতের অনুজ্ঞা—পাইকস্ত ইইবার বিষয়ে মাজিষ্ট্রেটের কর্ত্তব্য—ফৌজদারী কার্য্যবিধি (১৮৬৯ সালের ১০ আইন) ৩৮৮ ধারা।

ফৌজদারী কার্য্যবিধির ৩৮৮ ধারা অনুসারে কার্য্য করিবার জন্য মাজিষ্ট্রেটের কর্ত্তব্য এই, পাছি আসামীর যে কথা বলা যেন পাস্তুত অথবা দেওয়ানী আদালতের বিচার্য্য মকদ্দমার সাক্ষীকে হাজির করাইবার নিমিত্ত সাক্ষ্যসমন্ধের জন্য যেরূপ টাকা দিতে হয়, ইহা স্থির করিতে হইবে।

এ মকদ্দমায় বিচারপতি মিত্র যে রায় প্রকাশ করেন, তাহার সার মর্ম্ম এই:—

ফৌজদারী কার্য্যবিধির ১৪৫ ধারার ফৌজদারী আদালতের যে কর্ত্তব্য নির্দ্দেশ আছে, তাহা এ মকদ্দমায় খাটে না।

এ মকদ্দমার বাস্তবিক ঘটনা এই—একজন পুলিসকর্ম্মচারী মাজিষ্ট্রেটের নিকটে এই রিপোর্ট করেন, একটী চর লইয়া বিবাদ উপস্থিত। একপক্ষ বলপূর্ব্বক প্রজার নিকট হইতে খাজানা আদায় করিবার চেষ্টা পায়, ইহা হইলে শান্তি ভঙ্গ হইবার সম্ভাবনা। এই রিপোর্ট পাইয়া মাজিষ্ট্রেট উভয় পক্ষকে চারি মাসের নিমিত্ত ৫০০ টাকা করিয়া মুচলকা লইবার প্রস্তাব করেন। তাহাতে উভয় পক্ষ বলেন, তাঁহারা আপোষে বিবাদের মীমাংসা করিয়া লইবেন। কিন্তু মীমাংসা হইল না। ১৮৬৯ সালের ৪ঠা সেপ্টেম্বর মহম্মদ সাবির মাজিষ্ট্রেটের নিকটে এই বলিয়া এজেহার করে, অভয়চন্দ্র মুখোপাধ্যায় তাহার জমীর উপরে অত্যাচার করিতে উদ্যত হইয়াছে। মাজিষ্ট্রেট অপর পক্ষকে ডাকিয়া জিজ্ঞাসা করিলেন, এটী অভয়ের বিরুদ্ধে নালিশ। মহম্মদ সাবির দেওয়ানী আদালতের বিচার্য্য বিষয় অন্য উপায়ে সাব্যস্ত লইতে চায়। এই কারণে মুক্তিতে কলিকাতা হাইকোর্টের বিচারপতিরা মাজিষ্ট্রেটের আজ্ঞা রহিত করেন।

১৮৮০। ১৫ ই আগষ্ট।

বিচারপতি মিত্র ও বিচারপতি টটেনহাম।

হেরম্বচন্দ্র সিংহ বাদী।

ফাজু সিংহ প্রতিবাদী।

পুনর্ব্বিচারের প্রার্থনা, অনুরোধ গ্রাহ্য করা, সাক্ষীর দেওয়া, প্রতিবাদীকর্ত্তৃক মকদ্দমা শ্রবণ, দেওয়ানী কার্য্যবিধি (১৮৮২ সালের ১০ আইন) ৩২৩ ধারা।

যে বিচারপতি যে মকদ্দমায় যে রায় প্রকাশ করেন, দেওয়ানী কার্য্যবিধির ৩২৩ ধারায় লিখিত কারণ ভিন্ন যদি অন্য কারণে তাঁহার নিকটে তাহার পুনর্ব্বিচারের অনুরোধ করা হয়, আর তিনি যদি আবেদনকারীর প্রতিবাদীকে নোটীস দিয়া স্বপক্ষে বিবেচনা করেন, তাহা হইলে তাঁহার পরাধিকারী সে অনুরোধ শুনিতে পারিবেন।

কৃষির অধিকার লইয়া এই মকদ্দমা। মুন্সেফ মোকদ্দমা ডিক্রী দেন। আপীল হইলে জেলার জজ মুন্সেফের রায় রহিত করিলেন। মকদ্দমার পুনর্ব্বিচারের আদেশ হইল। জজ প্রতিবাদীকে নোটীস দিয়া বসনী হইয়া গেলেন। তিনি মুছল আইলেন, তিনি দেখিলেন, দেওয়ানী আদালতের ৬২৩ ধারা অনুসারে পুনর্ব্বিচারের আবেদন গ্রহণের বাধা নাই। অতএব, তিনি তাহা শুনিয়া পূর্ব্ব জজের রায় রহিত করিয়া মুন্সেফের রায় বাহাল করিলেন। প্রতিবাদী হাইকোর্টে আপীল করিল। তথাকার বিচারপতিরা সেসোক্ত জজের রায় বাহাল করিলেন।

১৮৮৩ ২৬ এ জুলাই।

বিচারপতি মিত্র ও বিচারপতি ওকেনেলি।

কোর্ব্বান আলি মিয়া বাদী।

সারদাপ্রসাদ আইচ ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী।

রেজিষ্টরী আইন (১৮৭৭ সালের ৩ আইন) ১৭ ধারা ১০০ শতের ন্যূন টাকার কবলা—রেজিষ্টরীর অবশ্য কর্ত্তব্যতা—প্রাধান্য—বন্ধকী কবলা—অধীন আদালতের কর্ত্তব্য—হাইকোর্টনজরের মতলব।

৯৯ টাকার বন্ধকী কবলা, ৯ মাস ১১ দিনে উহার পরিশোধ করিবার কথা। মাসিক শতকরা ২ টাকা সুদ, ইহা রেজিষ্টরী করিবার প্রয়োজন নাই, কিন্তু পরে এ বিষয়ের উপরে ১৯৫ টাকার যে একখানি বন্ধকী কবলা হয়, উহার প্রাধান্য হইবে।

নিম্ন আদালতসকল যে হাইকোর্টের অধীন, সেই হাইকোর্টের কৃত মীমাংসা অনুসারে বিচার করিবেন, অন্য হাইকোর্টের কৃত মীমাংসার অনুসরণে অধিকারী নহেন।

এ মকদ্দমায় বাদী এই কথা বলে, প্রতিবাদীরা ১২৭৮ সালের ১৯ এ বৈশাখ তারিখে সম্পত্তি বন্ধক রাখিয়া ৯৯ টাকা ঋণ লয়। কবলা রেজিষ্টরী করিয়া দেয় নাই। লেখা পড়া এইরূপ ছিল, ১২৭৮ সালের মাঘ মাসে টাকা পরিশোধ করা হইবে। ১২৭৮ সালের ১লা ফাল্গুন মকদ্দমার কারণ উপস্থিত হইয়াছে বলিয়া বাদী ১৮৮১ সালের ১৩ ই ডিসেম্বর মকদ্দমা উপস্থিত করে। ১৮৮২ সালের ১৪ ই ফেব্রুয়ারি সারদাপ্রসাদ পাইচ নামক এক ব্যক্তি আসিয়া বলিল, বাদী এই সম্পত্তির নালিশ উপস্থিত করিয়াছে, প্রতিবাদীরা ১৮৮১ সালের ২০ এ জুলাই ঐ সম্পত্তির বন্ধক রাখিয়া তাহার নিকট হইতে ১৯৫ টাকা কর্জ্জ লইয়াছে। ঐ কবলা রেজিষ্টরী করা, অতএব তাহার প্রাধান্য হইবে। প্রতিবাদীরা বলিল, বাদীর কবলা জাল। মুন্সেফ এই হেতুবাদে মকদ্দমা অগ্রাহ্য করিলেন, যে বাদী যে তারিখ পর্য্যন্ত নালিশ করিয়াছে, তাহাতে টাকা ১০০ ছাড়াইয়া যিয়াছে, অতএব কবলা রেজিষ্টরী করা আবশ্যক ছিল। তাহা না করাতে মকদ্দমা চলিতে পারে না। আলাহাবাদ হাইকোর্টে সিঙ্গল সিট ও সিভরায়ে যে মকদ্দমা হয়, তিনি তাহার নজীর দেন। জজ সাহেবের নিকটে আপীল হইলে তিনি মুন্সেফের রায় বাহাল করেন। কলিকাতা হাইকোর্টে আপীল হইলে উক্ত বিচারপতিরা এই সিদ্ধান্ত করেন, ৯৯ টাকার লেখা পড়া রেজিষ্টরী করিবার প্রয়োজন নাই এবং সারদা প্রসাদ আইচের ১৯৫ টাকার রেজিষ্টরী কবলার প্রাধান্য হইবে। সেসোক্ত জজ পরে হাইকোর্ট বাদীর আপীল অগ্রাহ্য করেন। বিচারপতিরা বলেন, এই কলিকাতা হাইকোর্ট ঈশানচন্দ্র ও সুকাবিবি এবং রোহিণী দেবী ও শিবচন্দ্র চট্টোপাধ্যায় প্রভৃতির মকদ্দমায় যে সিদ্ধান্ত করেন, তাহার নজীর ধরিয়া নিম্ন আদালতের মকদ্দমার নিষ্পত্তি করাই উচিত, অপর হাইকোর্টের নজীরের অনুসরণ করা উচিত নহে। কলিকাতা হাইকোর্টের নজীর ঐ কথা স্পষ্ট করিয়াছে।

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন।

বঙ্গদেশীয় লেপ্টনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

১৮ ই এপ্রেল ১৮৮৪। মুন্সেফ ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর ডবলু ও বেঙ্গ, আলেপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু ভবতোষ বন্দ্যোপাধ্যায় এবং আলিপুরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু যোগিন্দ্রযোগেন্দ্র ঘোষ ১৮৮০ অব্দের ৭ আইন অনুসারে কালেক্টরের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

সাঁওতাল পরগণার অতিরিক্ত ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর এচ, ই, পিকার্ড রাজমহলে বদলী হইলেন।

কুষ্টিয়ার কালেক্টরের অধ্যাপক বাবু শীলকান্ত সরকার কাঁসরপুর সবর ষ্টেসনের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর হইলেন। ইনি তৃতীয় শ্রেণীর মাজিষ্ট্রেটের ক্ষমতা প্রাপ্ত হইলেন।

মুঙ্গেরের ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু গোপালচন্দ্র মুখোপাধ্যায় রায়গাঁইর সবর ষ্টেসনে বদলী হইলেন।

পাটনার প্রতিনিধি ডেপুটী মাজিষ্ট্রেট ও ডেপুটী কালেক্টর বাবু মধুসূদনের বহু পর সবর ষ্টেসনে বদলী হইলেন।

কুষ্টিয়ার ডেপুটী মাজিষ্ট্রেট মৌলবী ইমদাদ হোসেন ফৌজদারী আইনের ৩০৮ ধারা মুতাবেক নজরবন্দি বিষয় করিবার ক্ষমতা প্রাপ্ত হইলেন।

বিজ্ঞাপন।

বিশেষ দ্রষ্টব্য।

আমরা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা সেই স্থানে থাকি। অতএব হাদিগের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়, হারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত যন্ত্র বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে ঠাইবার প্রয়োজন নাই। কোন গ্রাহক ার স্থানে কমিশন সেলে পুস্তক বিক্রয় র্থ জমা দিতে ইচ্ছা করিলে আমরা াহাও গ্রহণ করিয়া থাকি।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।
সোমপ্রকাশ যন্ত্রে নানাপ্রকার জবওয়ার্ক ইতেছে। সঙ্গত মূল্যে ও অল্প সময়ের ধ্যে কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিয়া য়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিনয়সহকারে সাধারণের গোচর করা ইতেছে, সোমপ্রকাশের মূল্যাদি-ংক্রান্ত যাবতীয় চিঠি ও কাগজ পত্রাদি যুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্ন লিখিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

পোড়া, কলিকাতার দক্ষিণ সোণার-র ডাকঘর, জেলা ২৪ পরগণা।

তবে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা াসিক পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা শঙ্খ ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

বিজ্ঞাপনদাতাদিগের প্রতি।

আমরা বিনয়সহকারে সাধারণকে জানাইতেছি, কাল সোমপ্রকাশে বিজ্ঞাপন দিবার বাসনা করেন, কার্য্যালয় সোমপ্রকাশের গাহক শ্রেণিভুক্ত করিয়া বিজ্ঞাপনের অগ্রিম মূল্য পাঠাইয়া দিবেন। প্রথম বার প্রতি ছত্রে ৵০ আনা, তাহার পর ৵০ আনা। ৵০ আনার ন্যূন আর লওয়া হয় না।

চক্ষুরোগ।

অনেকচক্ষুরোগস্য প্রত্যেকব্যাধিনাশকঃ।
সাধারণোঽয়ং যোগো হি জ্ঞেয়ো মুদ্রিতং বিনা।

এই ঔষধটী মুদ্রিতপূর্ব্বক প্রস্তুত হইয়াছে। ইহা দ্বারা সকল প্রকার প্রমেহ এবং বাতরোগজন্য আন্তরীক্ষ আরোগ্য হইতেছে। ২১ দিনের মূল্য ৫ টাকা। ঔষধসহ ব্যবস্থাপত্র পাওয়া যায়।

কোষ্ঠাশ্রিত বায়ুর ঔষধ।

অর্থাৎ যাহাদিগের মল পরিষ্কার না হইয়া নানা প্রকার রোগ জন্মায় তাহাদিগের ২১ দিনের ঔষধের মূল্য ৩ টাকা।

শ্রীনগিন্দ্রনাথ সেন কবিরাজ।
কাশী, কার্ত্তিমিয়ার চক্রবাড়ী।

বেদান্ত-রত্নাবলী

"নিষ্কান্তবিদ্যসার" শঙ্করাচার্য্যের "নিবৃত্তমাহক" দার্শনিকাব্য সহিত "তত্ত্বামলক" সুবোধিনী ও বিদ্য মনোরঞ্জিনী টীকা সহিত "দোষহরণ" এই চারি-খানি গ্রন্থ একত্র মূল ও বঙ্গানুবাদ সহিত মূল্য ১৪/০ আনা, ডাকমাশুল /০ এক আনা। "ইণ্ডিয়ান ও লকদর্শী" প্রকাশক শ্রীমহেশচন্দ্র পাল, বোড়াসাঁকো, ১৪১ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট; কলিকাতা।

(ডাক্তার ঘোষকৃত।)

গোদ, জলদোষ ও শ্বেতরোগের

উৎকৃষ্ট ঔষধ।

সিন্ধু-শোষক—ইহাতে গোদ ও জলদোষ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু এই দুটী রোগ অত্যন্ত পুরাতন এবং স্থানে স্থানে চর্ম্ম অসাড় হইলে এ ঔষধে তাদৃশ ফল হয় না।—মূল্য—প্যাকিং খরচা সমেত এক শিশি ২৲০।

শীতাঞ্জন—ইহাতে শ্বেতরোগ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু রোগ সর্ব্বাঙ্গব্যাপী বা পৈতৃক হইলে ইহাতে ফল হয় না। মূল্য—প্যাকিং খরচা সমেত এক প্যাকেট ২৲০।

এই দুটী ঔষধে পারা হরিতাল প্রভৃতি কোন বিষাক্ত দ্রব্য নাই। এই দুটী ঔষধ কলিকাতা ৫৮ নম্বর বিডন ষ্ট্রীট ডাক্তার ঘোষের দ্বিতীয় চিকিৎসালয়ে বিক্রীত হয়।

প্রসিদ্ধ বৈদ্যকগ্রন্থ।

তার প্রকাশ্যের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। তার মাশুল সহ মূল্য ১৸০। এই গ্রন্থের ১ম খণ্ড

প্রকাশিত হইলে এদেশের প্রসিদ্ধ সংবাদ পত্রসম্পাদকের সম্পাদকেরা স্পষ্টাক্ষরে ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কলেজ ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে প্রাপ্তব্য।

শ্রীচণ্ডীচরণ রায়—ম্যানেজার।

কবিতা-কুসুম।

অর্দ্ধ মূল্যে পাঁচ শত বিতরণ।

মাশুল সমেত চারি আনা।

সত্বরে মূল্য সমেত আবেদন করিলে প্রাপ্ত হইবেন। নির্দ্দিষ্ট গ্রাহক পূর্ণ হইলে আর কেহ মূল্যে পাইবেন না।

সংস্কৃতযন্ত্র গ্রন্থ
লুবাড়ী পাঃ
বেহিনিপুর জেঃ

শ্রীআনন্দলাল মাইতি

ডাক্তার শ্রীমঙ্গলাল মুখোপাধ্যায়ের
পরীক্ষিত ও অব্যর্থ।

তুষারবিন্দু তৈল।

অধিক অধ্যয়ন বা চিন্তা-জনিত মস্তিষ্ক দৌর্ব্বল্য, মস্তক ঘূর্ণন ও অন্যবিধ কারণ জন্য শিরঃপীড়াতে মহৌষধ। ইহা ব্যবহারে অকালপক্কতা কেশহীনতা বিদূরিত হইয়া কেশ গোড়াযুক্ত ও পরিবর্দ্ধিত হয়। ইহাতে মস্তিষ্ক শীতল রাখে ও শিরা-জনিত হস্তপদাদির জ্বালা আরোগ্য হয়। ইহা অতি মনোরম গন্ধবিশিষ্ট।

ইহা বাদামের তৈলে প্রস্তুত। মূল্য ১ শিশি ১ টাকা, প্যাকিং ১ ডজন ১৩ টাকা।

প্রশংসাপত্র।

The Bengalee 25th Decr 1883.

We have received one small bottle of scented Hair Oil manufactured by Dr Nundal Mookerji Besides being scented it possesses medicinal properties and has proved efficacious in diseases of the head

সোমপ্রকাশ ১৭ ই পৌষ ১২৯০ সাল।

কলিকাতা ভবানীপুরের ডাক্তার বাবু মঙ্গলাল মুখোপাধ্যায়ের কৃত "তুষারবিন্দু তৈল" আমরা এক শিশি উপহার প্রাপ্ত হইয়া পরীক্ষা করিয়া দেখিলাম তাহা নামানুরূপ হইয়াছে——

সহকারিদিগকে প্রতিমাসে কমিশন দেওয়া যায়। সুবর্ণবণিক ডিস্পেন্সরি পরপুকুর ভবানীপুর কলিকাতা।

অত্যুৎকৃষ্ট মহৌষধ।

একবার ব্যবহার করিয়া দেখুন !!!

ইহা কেশার্থে কতিপয় উদ্ভিজ্জ ব্যতীত কিছুই নয়। ইহাতে রক্তাম্লাশয়, সর্ব্বপ্রকার আমাশয়, যকৃদাল্লেয়, অজীর্ণ ও তজ্জন্য পক্ষে নিত্য পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৬ পুরিয়া এক টাকা প্যাকিং ৵০। অর্শরোগের অব্যর্থ ঔষধ। ৭ দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ছয় টাকা প্যাকিং ।০। আরোগ্য না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অন্যান্য ব্যবস্থা দেওয়া যায়।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য। ষ্টেটস চকবাজার মুড়া শিবতলা

সকল প্রকার মেহরোগের পরীক্ষিত মহৌষধ।

(প্রতি শিশি মূল্য ২ টাকা,—প্যাকিং ৵০)

এই আশ্চর্য্য মহৌষধ নিয়মপূর্ব্বক সেবন করিলে নূতন ও পুরাতন মেহ, মেহপ্রদর, মূত্রকৃচ্ছ্র, প্রস্রাবকালে জ্বালা ও পুয় ধাতুনির্গমন, প্রস্রাব সাদা খড়ির ন্যায় ঘোলা হওয়া, শুক্রমেহ, শারীরিক দৌর্ব্বল্য প্রভৃতি সমস্তই নিশ্চয়ই আরোগ্য হয়। এই ঔষধ সেবনে কলিকাতা এবং বিদেশস্থ বহু ব্যক্তি আরোগ্য হইয়াছেন।

শক্তি-সঞ্চারক ও রক্ত-পরিষ্কারক

জারক।

(মূল্য প্রতি শিশি ২৷৷০ টাকা,—প্যাকিং ।০)

এই মহৌষধ দ্বারা মানসিক দুর্ব্বলতা, অজীর্ণতা, পিত্তশূল, শুক্র, প্রমেহ উপদংশ, মাসী ঘা, রক্তদূষিত ক্ষত এবং শরীর যে কোন কারণেই হউক ও অন্ন প্রাপ্ত হউক না কেন ইহার সেবনে পরম্পরে রক্তপরিষ্কার, ক্ষুধাবৃদ্ধি, বলাধান, দেহপুষ্টি ও কান্তি বিশিষ্ট হয়।

সুবাসিত হেমকুমারী তৈল।

(মূল্য প্রতি শিশি প্যাকিং সমেত— ৪৵ টাকা।)

এই সুবিখ্যাত তৈল দ্বারা চুলের সমস্ত শত্রু নষ্ট হয়, চুল যম, কাল ও শীঘ্র বৃদ্ধি হয়, চুল উঠা, শীঘ্র পাকা, মাথা ঘোরা, চক্ষু দিয়া জল পড়া নিবারণ করে। প্রত্যহ স্নান ও কেশবিন্যাস কালে এই তৈল ব্যবহার করিলে শরীরের যন্ত্রণা সকল বিনাশ করিয়া শরীর ও চুল পরিষ্কার উজ্জ্বল, স্নিগ্ধ, সরসযুক্ত হয়।

সর্ব্বোৎকৃষ্ট গোলাপী দন্তমঞ্জন

(মূল্য প্রতি কৌটা ।০ আনা—ডাকমাশুল প্যাকিং ৵০।

ইহা দ্বারা দন্তমূল, দন্ত ক্রমকৃষ্ণবর্ণ, দন্তের মাড়িতে ঘা, পূয় ও রক্ত পড়া ইত্যাদি সমস্তপ্রকার দন্তরোগ নিশ্চয় সম্পূর্ণ আরোগ্য হয়, ইহা দ্বারা নিতান্ত দন্ত পুনরায় কঠিনরূপে বর্ণে দন্ত মুক্তার ন্যায় উজ্জ্বল হয়, মুখের দুর্গন্ধ একেবারে যায়।

ঔষধ পাইবার ঠিকানা।—১২ নং চোরবাগান লিণ্ডুড়ির গলি বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা শ্রীযুক্ত বাবু হরিদাস সেন নিকট প্রাপ্তব্য।

সোমপ্রকাশ ডিপজিটরী

১৭ নং কলেজষ্ট্রীট কলিকাতা।

এখানে সমস্তপ্রকার টোলাদি বাঙ্গলা ও সংস্কৃত পাঠ্যপুস্তক এবং সমস্তপ্রকার নাটক ও উপন্যাস সুলভমূল্যে বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্নলিখিত পুস্তকগুলি নূতন প্রকাশিত হইয়াছে :—

দারভাগ রঘুনাথ তর্কবাগীশ ৩, মানব স্বভাবোদয় ॥০ বেহিয়া বালিকা (উপন্যাস) উমেশচন্দ্র ৵০ কেশব প্রয়াগ ৵০ সাহেব পকেটপত্রিকা /৫ প্রেম পত্রিকা /০ কৃষকবালা ॥০ স্বদেশের হিতশিক্ষা ৷৵০ মুচিরামগুরু ।/০ বাবহা কল্পদ্রুম ৫, সোভনা উপন্যাস ১, সীতাহরণকাব্যের অর্থ ৺কৃষ্ণকিশোর বন্দ্যোপাধ্যায় ॥০ সীতার বনবাস-দীপিকা ।/০ মহাত্মা কেশবচন্দ্র সেনের জীবনচরিত ৵০ কেশব বিয়োগ ।০ অগস্তি মতম বাবু রামদাস সেন প্রণীত ॥০ হর হরদা ১।০ মহম্মদীয় ধর্ম্মতত্ত্ব ১, নিউপাঞ্জিকা ৫ কল্পনামঞ্জরি /১০ জমীদারি কার্য্যের নিয়মাবলী ১, মাহাই তাল ৵০ ব্রহ্মদাসের গীত ৫ ক্যাম্বিংহাম মৃত স্বাস্থ্যরক্ষার প্রয়োজন ৫৫ পুরুষবাসিনী ৸০ চক্ষু-রোগার্থ ৵০ ইত্যাদি।

নিম্নলিখিত গ্রন্থকারগণ নিম্নলিখিত পুস্তকগুলি কমিসন দেলে বিক্রয়ার্থ দিয়াছেন। যথা :—

বাবু হরিচরণ রায় —পরিমিতি /০ ব্যবহারিক শুভঙ্করী ৵০ সহজপরিমিতি ।০ বাবু পরৎচন্দ্র চৌধুরী সংহিতা সোপান ১ ম ভাগ ।০ বাবু ব্রজনাথ বিদ্যার্ণব প্রবন্ধ ৸০ বাবু কালীময় ঘটক প্রথম চরিতাষ্টক ॥০ ঐ দ্বিতীয় ॥০ কুসংস্কার ॥০ কৃষিপ্রবেশ ৵০ পদার্থ ৵০ ছয়মতা ১, পণ্ডিত কালীপ্রসন্ন বিদ্যারত্ন বাঙ্গলা ব্যাকরণ ৷৵০ ব্যাকরণ সংক্ষিপ্তসার ৵০ কৃষ্ণকান্ত ১ ম ১০ চাকরদীপিকা (ডাকমাশুল তৃতীয় ভাগের টীকা) ৷৵০ কাব্যোদ্যান ১ ৷৵০ ইত্যাদি।

সোমপ্রকাশ ডিপজিটরীতে, শুদ্ধ এই কোম্পানির সমস্তপ্রকার অন্যের সুপ্রসিদ্ধ ঔষধ বিক্রয়ার্থ আছে। মূল্য বড় বোতল ১৷৵০ ছোট বোতল ১ টাকা। এই ঔষধ সেবন করিলে যে কিরূপ অল্প আরোগ্য হয়, ক্ষুধা বৃদ্ধি করে এবং শরীরে বল হইয়া থাকে। প্যাকিং ।০ আনা।

মূল্যপ্রাপ্তি।

আমরা কৃতজ্ঞতা সহকারে স্বীকার করিতেছি, নিম্নলিখিত মহোদয়গণ এ সপ্তাহে সোমপ্রকাশের মূল্য প্রেরণ করিয়াছেন।

শ্রীযুক্ত বাবু তারিণীপ্রসাদরায়—দিনাজপুর ১
" " গোপীগোপাল মজুমদার—
অম্বিকা ২৷৷০ টাকা
" " রামদাস ঘোষ—উলসাবেড় ৭
" " ভুবনমোহন বিশ্বাস—মালদহ ৭
" " শিবহরি বন্দ্যোপাধ্যায়—রঙ্গপুর ৩
" " অম্বিকাচরণ মুখোপাধ্যায়—বৈদ্যপুর ১

সোমপ্রকাশ সংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

সমর্থপক্ষে সোমপ্রকাশের অগ্রিম মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক ১০ টাকা এবং ষাণ্মাসিক ৫৷০ টাকা। অসমর্থ পক্ষে ডাকমাশুল সমেত ৭ টাকা। অসমর্থ পক্ষে মাসিক ত্রৈমাসিক বা ষাণ্মাসিকের নিয়ম নাই।

অগ্রিম মূল্য না পাইলে মফস্বলে সোমপ্রকাশ প্রেরিত হয় না। যাঁহারা সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাঁহারা স্পষ্ট নাম ধাম স্পষ্ট করিয়া লিখিয়া কলিকাতার দক্ষিণ সোণাদহর ডাকঘরে শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নোট, চিঠি, বরাত চিঠি, মণি অর্ডার, ইহার অন্যতর করিতে যাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায়ে মূল্য প্রেরণ করিবেন। অন্য আনায় অধিক টিকিট প্রেরণ করিলে গৃহীত হইবেনা। মূল্য নিঃশেষিত হইবার পূর্ব্বে কেহ সোমপ্রকাশ গ্রহণে অনিচ্ছুক হইলে অবশিষ্ট মূল্য ফিরাইয়া দেওয়া হইবে না।

যাঁহারা বাসুল না দিয়া পত্রাদি প্রেরণ করিবেন তাঁহাদিগের সেই পত্রাদি গ্রহণ করা যাইবে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পংক্তি ৵০ ছয় আনা তাহার পর /০ এক আনা দিতে হইবে।

এই পত্র কলিকাতার দক্ষিণ সোণাদহ [illegible] হইয়া ভাগীরথীপারস্থ সোমপ্রকাশ যন্ত্রে শ্রীযুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর দ্বারা প্রতি সোমবার প্রাতঃকালে প্রকাশিত হয়।

সোমপ্রকাশ।

২৮ ভাগ। "প্রবর্ত্ততাং প্রকৃতিহিতায় পার্থিবঃ সরস্বতী শ্রুতিমহতী ন হীয়তাং।" ২৭ সংখ্যা।

অগ্রিম বার্ষিক মূল্য মাশুল সমেত ৩ টাকা। মাসিক মূল্য ১ এক টাকা।

১২৯১ সাল। ৭ ই জ্যৈষ্ঠ। ইং ১৮৮৪। ১৯ এ মে।

অগ্রিম সাম্বৎসরিক মূল্য মাশুল সমেত ৩ টাকা

বিজ্ঞাপন।

কুসুম-মঞ্জরী।

একবার পরীক্ষা করিয়া দেখুন!!!

(যাবক বেদনার অব্যর্থ মহৌষধ)

ইহা সেবনে যে সকল স্ত্রীলোকদিগের রজঃ সেবনের পূর্ব্বে বা পরে কটিকর পেট বেদনা ও বিলম্বরে এমন কি সময়ে সময়ে মূর্চ্ছা হয়, বক্ষাদোষ, ঘন-প্রদর, রক্ত-প্রদর, অকালে অধিক পরিমাণে রজঃস্রাব, ও অন্যান্য গোপনীয় পীড়া ইত্যাদি দোষ বিনষ্ট করিয়া গর্ভোৎপত্তির ব্যাঘাত দূর করে, বিবসের অধিক সেবন করিতে হয় না। ইহা শত শত রমণী আরোগ্য লাভ করিয়াছেন, বলা বাহুল্য আরোগ্য না হইলে মূল্য ফেরত দেওয়া যাইবে। এক কৌটার মূল্য ২ টাকা প্যাকিং ৵০ আনা।

মেহামৃত-রস।

এই ঔষধ সেবনে, সপ্তপ্রকার মেহ সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। প্রস্রাবকালীন জ্বালা ও ধাতু নির্গম, মেহ প্রদর, মূত্রকৃচ্ছ্র, শোণিতস্রাব যন্ত্রে ছাগলাদ্যা এবং এই সকল রোগজনিত অম্ল, মস্তিষ্কের দৌর্ব্বল্য, হৃদ্ধ পদাদির যাবৎ শারীরিক দৌর্ব্বল্য ইত্যাদি। যাঁহারা বহু টাকা সেবনে ক্লতকার্য্য হন নাই তাঁহারা একবার ব্যবহার করিয়া দেখুন। এক শিশির মূল্য যার প্যাকিং এক টাকা চারি আনা।

কোন উদাসীন হইতে প্রাপ্ত।

সপ্তপ্রকার অম্ল রোগের অব্যর্থ মহৌষধ।

ইহা সাবধানে খুব জ্বালা, আমাশয়িক অম্ল দোষ, অম্লশূল, অম্লাধিক্য জনিত উদ্গার, অম্লপুন, বেদনা, আমাশয়, চক্ষু হস্ত ও পদাদির দাহ, দৌর্ব্বল্য, অম্ল পৈত্তিক জ্বর, এবং উপসর্গ বিশিষ্ট অম্লজনিত ব্যাধি এই অপূর্ব্ব মহৌষধ মাত্র কয়েক সপ্তাহের মধ্যে নিশ্চয় আরোগ্য হয়। মূল্য ১৷৷০ প্যাকিং ৵০ আনা।

মস্তি-বিলাস তৈল।

অতি সুগন্ধযুক্ত সোনাদি প্রাক্টিক্যাল তৈল।

এই তৈল ব্যবহারে মাথাঘোর, শিরঃপীড়া, মাথা ধরা, মাথাঘোরা ও অনিদ্রা দূর করে। মস্তিষ্ক শীতল, চুল ঘন, কোমল ও গোড়া শক্ত এবং অল্পে কেশ হয়। গায়ে মাখিলে চুলকানি প্রভৃতি চর্ম্মরোগ জন্মে না। অধিকন্তু সৌরভে মন মোহিত হয়। স্নান করিলেও সৌরভ নষ্ট হয় না। দুই দিবস সমান গন্ধ থাকে। মূল্য ছোট শিশি ৷৵০, বড় শিশি বোতল ৷৵০, প্যাকিং ৷০, ৩ শিশি বোতল বড় ১ টাকা, প্যাকিং ৷৵০।

শ্রীহেমচন্দ্র চক্রবর্ত্তী।

৪৮ নং মদুরামের লেন, কাঁসারি পাড়া, সিমলা কলিকাতা।

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"

(মনোরম উপন্যাস)

এই মনোরম উপন্যাসদ্বয় স্ত্রীজাতিকে সতীধর্ম্ম ও পতিভক্তি শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী, সোমপ্রকাশ ও সংস্কৃত প্রিন্টিংওয়ার্কসে প্রাপ্তব্য, চীনেবাজার পঞ্চানন সাহার দোকানে ও কলিকাতা সর্ব্বত্র স্কুলে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

শ্রীযুক্ত [illegible] বিদ্যা[illegible] প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে [illegible] নোমূলে ক[illegible] কাতা ৯৭ নং ক[illegible]

ষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে পাওয়া যায়।

উপদেশমালা মূল্য	৷৵০
১ ম ভাগ	৵০
২ য় ভাগ	৵০
নীতিসার।	
১ ম ভাগ	৵০
২ য় ভাগ	৵০
৩ য় ভাগ	৵০
বিদ্যেশ্বর বিলাপ	৷০

কয়খানি একত্র লইলে [illegible] মাশুল ৵০ লাগিবে।

শ্রীসুরেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

আমি অতি দুঃখিত হইয়া [illegible] গণকে জানাইতেছি, নানা কারণের [illegible] বর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের [illegible] কর্ত্ত। পরিত্যাগ করিতে হইল। [illegible] ইহা আর সোণারপুর ডাকঘরের [illegible] চাঙড়িপোতায় প্রকাশিত হইবে না। যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের আকাঙ্ক্ষী হন তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল
১ লা চৈত্র

শ্রীনবকান্ত [illegible]
চাঙড়িপোতা
সোণারপুর [illegible]

প্রেরিতপত্র।

বিধবাবিবাহ।

সম্প্রতি আপনার ১৭ই বৈশাখের পত্রিকায় কাশরলিবাসী বাবু গঙ্গেশচন্দ্র বন্দ্যোপাধ্যায় বিধবাবিবাহ শীর্ষক পত্রের প্রতিবাদে যে যে বাক্য প্রয়োগ করিয়াছেন, তাহা দেখিয়া নিরতিশয় দুঃখিত হইলাম। গঙ্গেশ বাবু দুঃখিত হইয়া লিখিয়াছেন যে, সাধারণের মতের সহিত আমাদিগের মতের মিল নাই। এ অকৃত সিদ্ধান্ত তিনি কি দেখিয়া করিতে সংগ্রহ করিয়াছেন তাহা তিনিই জানেন। তাঁহার নিকট দুঃখের বিষয় হইতে পারে, কিন্তু আমাদের দুঃখের বিষয় কিছুই নাই। যেহেতু বিধবাবিবাহে যে ভারতীয় শিক্ষিত ব্যক্তি যে একমতাবলম্বী হইবেন, ইহা সম্ভবপর নহে। কারণ, কোন বিষয়েই সমস্ত ব্যক্তি কস্মিন্ কালে একমত হন নাই। "দশচক্রে ভগবান ভূত" এটা একটী স্বতঃসিদ্ধ কথা। গঙ্গেশ বাবু বিধবাগণের দুঃখে নিতান্ত কাতর হইয়া পরে প্রায়শ্চিত্ত করিতে উদ্যত হইয়াছেন ইহাতে তাঁহাকে ধন্যবাদ প্রদান করা কর্ত্তব্য। কিন্তু দুঃখের বিষয় এই, তিনি বিধবাদিগের প্রতি বাক্যে যেরূপ সহানুভূতি প্রকাশ করিয়াছেন বাক্যে তাঁহার তদ্রূপ দেখিতেছি না। তিনি যেরূপ কুবিদ্যা বুদ্ধিশালী ব্যক্তি, তাহাতে যদি দেখিতাম, তিনি তাঁহার সমাজস্থ বা গ্রামস্থ ব্যক্তিগণকে সমবেত করিয়া বিধবাবিবাহোৎসাহী দলের সহিত যোগ করিয়া তাঁহাদের দল পুষ্ট করিয়াছেন, বিধবা উদ্যোগী হইয়া দুঃখিনী বিধবাগণের বিবাহ দিতেছেন, তাহা হইলে আমরা আর পত্র লিখিতাম না, কিন্তু তাহা না করিয়া কেবলমাত্র লিখিয়া সহানুভূতি প্রকাশ করিলে কেবল আস্ফালন হইবেন লিখিয়াছেন, কৌলীন্য, বাল্যবিবাহ, বহুবিবাহ এই তিনটী দোষই বিধবাবিবাহের সহিত সংযোগ করিয়া তাঁহার এ অনুমান বাক্যটী সম্পূর্ণ ভ্রমাত্মক প্রত্যক্ষ হইতেছে, যে যে কারণে বিধবাবিবাহ প্রচলিত, মুসলমান জাতির মধ্যে কৌলীন্য প্রথা এক আকারে বর্ত্তমান, এবং বাল্যবিবাহের কথাপর্য্যন্ত নাই বলিলেই হয়। অপিচ লিখিয়াছেন যে, পরিবর্ত্তন পুনঃ কখনই ঘটে না, তিনি পুলিসের বার্ষিক রিপোর্ট পড়িয়া দেখিবেন।

আমরা লিখিয়াছিলাম, নৈতিক উন্নতির জন্য প্রত্যেক ব্যক্তিরই যত্নবান্ হওয়া কর্ত্তব্য। তদুত্তরে তিনি লিখিয়াছেন, তাহা অসম্ভব। কোন দেশে কোনপ্রকারের নৈতিক উন্নতি দেখিতে পাই না। আমাদের লিখিবার উদ্দেশ্য কি, আমরাও স্বীকার করি, অদ্যাপি কোন দেশেই নৈতিক উন্নতি অর্থাৎ ধর্ম্মবুদ্ধির তাদৃশ পূর্ণ বিকাশ হয় নাই কিন্তু তাই বলিয়া আমরা তদর্থ কিছুমাত্র যত্ন করিব না, এরূপ সিদ্ধান্ত করা নিতান্ত অবিবেচকদিগের কার্য্য সন্দেহ নাই। কেবল একমাত্র বিধবাবিবাহ লইয়া উন্মত্ত হইয়া অন্যান্য সমস্ত কর্ত্তব্য কর্ম্মগুলির প্রতি উদাসীন থাকিলে আমরা কি প্রত্যবায়ভাগী হইব না?

গঙ্গেশ বাবু লিখিয়াছেন "বিধবাবিবাহ না দিলে কালক্রমে বিধবাদিগের একেবারে বিলুপ্ত হইবার যথেষ্ট আশঙ্কা আছে" এ কথাটী প্রকৃতই হাস্যজনক কথা, যে হেতু লোকসংখ্যা দ্বারা নিঃসংশয়রূপে নির্দ্ধারিত হইতেছে, যে ভারতবর্ষে দিন দিন জনসংখ্যা পরিবর্দ্ধিত হইতেছে। ঈশ্বরেচ্ছায় আর কিছু দিবস [illegible] বৃদ্ধি প্রাপ্ত হইলে বিধবাবিবাহ দেওয়া হউক, না দেওয়া হউক, তখন অনেককে চির কৌমার-ব্রতাবলম্বন করিতে হইবে। তিনি বংশবৃদ্ধির জন্য ব্যস্ত হইতেছেন বিধবাবিবাহ দ্বারা তাঁহার আকাঙ্ক্ষিত বংশবৃদ্ধি হইবে বটে, কিন্তু বিশুদ্ধ হিন্দু বংশ বৃদ্ধি হইবে কি না তাহা সহৃদয় পাঠকবর্গের বিবেচনা করিবেন।

তত্ত্বজ্ঞ সোমপ্রকাশ সম্পাদক মহাশয় টীকনীতে লিখিয়াছেন "যে বাল্যবিবাহজনিত পাপস্রোতঃ বহুতর প্রথাদি দ্বারা [illegible] হওয়ার সম্ভাবনা নাই, কেবল যোগ্যাযোগ্যমেলন প্রথা প্রবর্ত্তিত হইলে উহা সম্পূর্ণ নিবারিত হইবে। এটী একটী প্রকৃত সত্য, তাহার সন্দেহ নাই। কি কি উপায়ে উক্ত যোগ্যাযোগ্য মিলন প্রথা (১) প্রবর্ত্তিত হইবে, তাহা আমরা নির্দ্ধারণ করিতে সমর্থ না হইয়া সম্পাদক মহাশয়ের শরণাপন্ন হইলাম। তিনি ইহার একটী যথার্থ উপায় উদ্ভাবন করিয়া জনসমাজের মহৎ হিত সাধন করিবেন।

উপসংহারে বক্তব্য ভারতবর্ষ আদিম সভ্য ও জ্ঞানবিজ্ঞানের ভূমি। বিধবাগণ যৎকাল হইতে পবিত্র ব্রহ্মচর্য্যব্রত পালন করিয়া পতিব্রতা ধর্ম্মের পরাকাষ্ঠা দেখাইতেছেন এবং সংসারের যাবতীয় সুখ তুচ্ছ করিয়া ধর্ম্মানুষ্ঠানের জন্য কিরূপে ক্লেশপরম্পরা সহ্য করিতে হয়, তাহা এবং পতিব্রত-ধর্ম্মের প্রকৃত মাহাত্ম্য জগৎকে শিক্ষা দিতেছেন। যাবতীয় বিধবাই যে এতাদৃশ দেবীপ্রকৃতি, তাহা আমরা বলি না, কিন্তু ঈদৃশী পতিব্রতা পতিদেবতা যথার্থ ব্রহ্মচর্য্য ব্রতাবলম্বিনী বিধবার যে অসদ্ভাব নাই তাহা সুদর্শী ব্যক্তি মাত্রেই প্রত্যক্ষ করিয়া আসিতেছেন। আমরা বিধবাবিবাহের বিপক্ষ নহি; কিন্তু আমাদের একান্ত ইচ্ছা, যাহাতে উল্লিখিত ঘৃণীয় পবিত্রতা, যাহা হিন্দুকুলের অতীব গৌরব স্বরূপ, সেই ঘৃণীয় পবিত্রতাটি কদাচারিতায় বিলুপ্ত না হয়। যে ঘৃণীয় সুধা বহুযুগে বহু আয়াসে সাগর মন্থন করিয়া লব্ধ হইয়াছিল, তাহা যদি হেলায় অন্তরে তখন করে তবে তাহাতে নিশ্চয়ই হিন্দুকুলের অমরগ্রন্থি ছিন্ন হইয়া যাইবে। বিধবাবিবাহের উদ্যোগিগণ কি নিয়মে বিধবাবিবাহ দিতে অভিলাষী, তাহা জানিবার নিমিত্ত আমরা ১২ এ চৈত্র তারিখের সোমপ্রকাশে প্রেরিত পত্রে ৫।৬ প্রশ্ন মুদ্রিত করিয়াছিলাম, কিন্তু নিতান্ত দুঃখের বিষয়, কেহই এযাবৎ প্রত্যুত্তর প্রদানে আমাদের সে আশা ফলবতী করেন নাই। প্রশ্নগুলির প্রত্যুত্তর পাইলে আমরা বুঝিতে পারি, তাদৃশ বিধবাবিবাহে আমরা যোগ দিতে পারি কি না।

সাধুহাটী
২৮ এ বৈশাখ।

শ্রীদিক্‌পতি চট্টোপাধ্যায়।

---

(১) একজন ব্রাহ্মণের সহিত ব্রাহ্মণীর বিবাহ হইলে যোগ্যে যোগ্যে মিলন হয়, একজন কুলীনের সহিত একজন মহাকুলীনের [illegible] যোগ্যে যোগ্যে মিলন হইল না; একজন শ্রোত্রিয়ের সহিত প্রমুখ বীজের [illegible] হইল, যে যোগ্যে যোগ্যে মিলন হইল না। কন্যার বাপ এ সকল বিবেচনা করিয়া বিবাহ দেন ও [illegible] করেন? মুসলমানের সহিত ইংরাজ কি কৃষ্ণকায়, চক্ষুহীন ও কাণ্ডজ্ঞানশূন্য হইলে আমাদের ভাবনাচিন্তাসম্পন্ন পতির [illegible] হয়? উভয়ের রূপ গুণ সমান না হইলে কি প্রেমে যোগ্যে মিলন সম্ভাবনা আছে? এমত অযোগ্য মিলনে সংসারটি সুখের হয়? সমাজস্থলে অনেকে প্রথম বিবাহের [illegible] পরস্পরের স্বভাবের গুণ দোষের বিচার না করিয়া বিবাহ করিয়া থাকেন, পরে যার উভয়ের অসদ্ভাব হইতে থাকে। এই হেতু কুলীনদিগকে [illegible] পাত্রী পরিত্যাগের ব্যবস্থা সর্ব্বদাই শুনিতে পাওয়া যায়। যোগ্যে যোগ্যে মিলন হইলে যে কখনই কি দোষ হয় না, তাহা বাবু ইন্দ্রনাথ বুঝিতে পারিবেন। সো—শ।

রাজপুর মিউনিসিপালিটীর অধীনস্থ
দৌড়াকের অত্যাচার।

রাজপুর মিউনিসিপালিটীর দৌরাত্ম্য আমার একটি যেরূপ অন্যায় অত্যাচার করিয়াছেন এবং সেই অত্যাচারের বিষয় ভাইস চেয়ারম্যান ও একজন উকীলবরকে জানাইয়াও যেরূপে অকৃতকার্য্য হইয়াছি, তাহার বিবরণ নিম্নে প্রকাশ করিতেছি।

আমার একটী বাড়ুর ঘরিয়া এক খানি কোলাই কলায় দৌরাত্মে যেয়। আমার ইচ্ছা সেই [illegible] দৌরাত্মে মাল্লুর যোগাড় করিতে [illegible]

[illegible] ৫৮: তিন আনা, পনর আনা আদালত [illegible] ফরমর ৵৹ পাঁচ আনা না দিলে [illegible] দিবে না কহিল। আমার [illegible] পরিবারভুক্ত আর এক ব্যক্তি ছিলেন, তাঁহার উপরে পাঁচ আনা হিসাব বিষয়ে আপত্তি করিলেন। কিন্তু সহকারী রক্ষক পাঁচ আনা [illegible] আনা। অবশেষে তাহারা পাঁচ [illegible] খোলসা করিয়া আমিক [illegible] বোডে লিখিত [illegible] ছাড়া [illegible] হইল না, তাঁহারা তাঁহি পুস্তকে [illegible] মাসী ও [illegible] খোরাকী দো [illegible] সন [illegible] তাহাও [illegible] বর, ইহাতে [illegible] এই সকল বিষয় [illegible] লাম, তিনি অগ্রাহ্য করিলেন। পরে [illegible] দৌড়ি করিয়া দোয়াত রক্ষকের [illegible] সারী রক্ষকের নিকট [illegible] দিলেন। তাহার মর্ম্ম এই, তত্রাচার্য্য [illegible] ইহাই [illegible] হইবে। কিন্তু সহকারী [illegible] গ্রাহ্যই করিলেন না। আমি চারি [illegible] করিয়াও [illegible] হা দেখিতে অসমর্থ হইলাম [illegible] মিসিপালিটীর অন্যতর সেবক গাজীপুর [illegible] এনায়েতউল্লা ঘোষকে এবিষয় অবগত করাই [illegible] সহকারী রক্ষককে কহিলেন, তুমি বাবু [illegible] তাঁর অধি [illegible] পাঠাইয়াছ কেন? আর তাঁহাকে [illegible] ছাড়িয়া [illegible] ? তাহাতে সে ব্যক্তি [illegible], খুচরা চিহ্ন থাকিলেই তাহাকে গাজীর মধ্যে [illegible] যায়। তাহাতে আমি কহিলাম, আমার [illegible] আনিতে প্রস্তুত আছি, যদি তাহাকে [illegible] ভাঙ্গা বলে তবে আমার কোন আপত্তি নাই। [illegible] বিষয় এই এ কথাও সহকারী গ্রাহ্যই করিল [illegible] আমাকে ভাইরি বহি দেখাইল না। পাঠক [illegible] চাব। আমার বাবুকে খোরাকি [illegible] হইল না এবং বড় লোকও নয়, অথচ পাঁচ [illegible] হইল। মিউনিসিপাল আইনে বাবুদের [illegible] বেশী দণ্ড নয়। আমি জিজ্ঞাসা [illegible] আতরিক তিন আনা কে উদরস্থ করিল? যখন [illegible] সহিত ইহারা এরূপ ব্যবহার করিল, তখন নিম্নকর মুখ চাপাজিদের উপর ইহারা যে ইহা অপেক্ষা অন্যায় অত্যাচার করে, তদ্বিষয়ে সন্দেহ নাই। ইহারা প্রতিদিনের খোরাকী নয় কিন্তু লোককে রীতি মত আহার দেয় না। ৫০ টাকা মূল্যের যন্ত্র ৩৫ দিনের পর যদি মিলামে বিক্রীত হয়, তাহার অর্দ্ধেক মূল্য হওয়াও আর হয়। আমি চারি পাঁচবার লিখা খোয়াকির গাড়ীদের সুবন্দোবস্ত দর্শিল নিতান্ত অবিবেচনার কার্য্য হইয়াছে। যাহা হউক আপাততঃ বক্তব্য এই, [illegible] ইহার প্রতি কি দৃষ্টিপাত করিবেন না?

শ্রীরামগোপাল পণ্ড
ঘোষালির।

মহাশয়! গত ৩১ এ বৈশাখের তত্ত্ববোধিনী পত্রে "শ্রীসভা" স্বাক্ষরিত এক খানি প্রেরিতপত্র প্রকাশিত হইয়াছে, তদ্বিষয় কিছু বলা নিতান্ত আবশ্যকীয় বিবেচনায় নিম্নে যাহা লিখিত হইল, তাহা পত্রস্থ করিয়া বাধিত করিবেন।

শ্রীসভার পত্রের প্রতি অক্ষরে যেরূপ বিদ্যার তর্কশক্তি, বিজ্ঞতা, বিচক্ষণতা, ও রসিকতা প্রভৃতি গুণরাশি বিরাজমান দেখা গেল, তাহাতে আমাদের বোধ হয় যে উক্ত পত্রখানি কোন মিউনিসিপাল কমিশনর মহাশয়ের লেখনী বিনির্গত, কারণ এ দাতাদিগের মধ্যে এরূপ অপূর্ব্ব দীপ্তি ও তর্কশক্তি-সম্পন্ন লোক দেখা যায় না।

শ্রীসভার লিখিত পত্রে টিকাজমি দিবার আইন কোথা? "ইহা জিজ্ঞাস্য করাতে তাঁহার বিদ্যার বিলক্ষণ পরিচয় পাওয়া গিয়াছে। "সভায়" যে সভা সভাই মিউনিসিপাল আইনে নিতান্ত শুওমুখ তাহার আর সন্দেহ নাই। কমিশনর মহাশয় কলেক্টর-সভায় বলিয়াছিলেন যে কমিশনর মহাশয়গণ মিউনিসিপাল আইন খানি জানেন না ও তাহার অর্থও বুঝিতে পারেন না, তাহা যথার্থ। এখনে আমরা শ্রীসভা মহাশয়কে অনুরোধ করি যে তিনি যেন ১৮৭৬ সালের মিউনিসিপাল আইনের ৬৫ ও ৩৬৫ ধারা খুলিয়া দেখেন এবং যদি আইনের অর্থ বুঝিবার ক্ষমতা না থাকে তাহা হইলে তাঁহার সমবিধ কোন বাহাদুরকে জিজ্ঞাসা না করিয়া যথার্থ কৃতবিদ্য লোককে জিজ্ঞাসা করেন। ঐ ৩৬৫ ধারার দ্বাদশাঙ্কে লিখিত আছে দ্বিতীয় অধ্যায়ের যে কোন নোটীস "by beat of drums" অর্থাৎ ঢক্কাধ্বনি দ্বারা মিউনিসিপালিটীর মধ্যে প্রচার করিতে হইবে (বলেটের নোটীস দেওয়া দ্বিতীয় অধ্যায়ের মধ্যে)।

কমিশনর মহাশয়ের "I am directed by the rate-payers of Rajpur Municipality" লেখাতে কি দোষ হইয়াছে আমরা বুঝিতে পারিলাম না এবং তাঁহার বাঙ্গ লেখাতে "কোথায় এবং কোন্ তারিখে সভা হইয়াছিল?" এরূপ অনবরত প্রশ্ন হইতে পারে না; কারণ, তিনি যদি লিখিতেন "I am directed by the rate-payers at a meeting" তাহা হইলে ঐরূপ প্রশ্ন হইতে পারিত। ঐরূপ প্রশ্ন হইলে তাহাতে তিনি ঐ সভার পত্র লিখিয়া [illegible] তিনি ঐরূপ লিখিয়াছিলেন।

"ঘুষেলা ছুচো খেতে পারে" বুঝিতে হইবে যে "পৃথিবীর [illegible] দিতে পারে না" এ প্রকার [illegible] আর কখনও শুনি নাই। শ্রীসভা কি যে "ঘুষেলা ছুচো খেতে পারে" লোকের টাকা বৃদ্ধি করিবার চেষ্টা কম হইয়া থাকে, তাহা হইলে "[illegible] সময়ের যে কথার উল্লেখ করাতে কমিশনর [illegible] বলেন এরূপ অত্যাচারের [illegible] নিস্তব্ধ হইল না কেন? [illegible] হইতেছিল; কিন্তু কোন উপায়ে কমিশনর মিউ[illegible] সিপাল আইনের ৮৫ ধারার অর্থ অনুসারে [illegible] বৃদ্ধি হইতে পারে না এরূপ আপত্তি তুলিয়া [illegible] বৃদ্ধি রহিত করাতে পার্শ্বস্থ পুনরায় পার্শ্ব পরিবর্ত্তন করিয়া শয়ন করেন।

আমরা জানি করদাতৃগণকে লইয়া যে সভা তাহারই নাম করদাতৃসভা। পূজনীয় [illegible] মহাশয় ঐ সভার চিরপ্রতিষ্ঠিত সভাপতি আছেন তিনি লেপ্টেনন্ট গবর্ণরের অনুরোধে মিউনিসিপালিটী ঘটিত বিষয়ের মীমাংসা করণার্থ করদাতৃগণকে লইয়া যে সভা করিয়াছিলেন, সে সভা যে অসভা সভা নহে, ইহা বলাতে শ্রীসভার অপূর্ব্ব তার্কিকতার প্রমাণ পাওয়া গিয়াছে।

ভাল সংস্কৃত জানিলে ভাল অর্থ বুঝিতে পারা যায় না, শ্রীসভার ন্যায় গভীরদর্শী বুদ্ধিমান কবিবর মহাশয় সে দিন তাঁহার বিষয়ে বিস্তর লিখিয়াছেন, এজন্য আর কিছু লিখিবার প্রয়োজন নাই।

শ্রীসভা যে কেমন সত্যবাদী, তাহা দেখাইতেছে। তিনি বলেন কবিবর "মিউনিসিপালিটীর মধ্যে গোটাকতক পুষ্করিণী খোঁড়া ভিন্ন আর ডাক্তারখানা আবশ্যক হইতে [illegible] আমরা মুক্তকণ্ঠে বলিতে পারি এরূপ কথা কোথাও বলেন নাই। তিনি বলিয়াছেন "[illegible] দেশে বিশুদ্ধ পানীয় জলের পুষ্করিণীর অভাব ইত্যাদি" যেন যাহাতে প্রবল [illegible] পারে সেই উপায় করা কর্ত্তব্য। "তিনি [illegible] খানা উঠ ইত্যাদির নামও করেন নাই। [illegible] খানার জন্য মিউনিসিপালিটী যে অর্থ [illegible] করিতেছেন, তদপেক্ষা আর অধিকতর [illegible] তাঁহার উদ্দেশ্য। বিশুদ্ধ পানীয় জল পরিবর্ত্তে প্রবল হইতে পারে না এ কথা বোধহয়

সোমপ্রকাশ।

৭ ই জ্যৈষ্ঠ সোমবার।

প্রেস কমিশনরের পত্রে জানা যাইতেছে, ষ্টেট সেক্রেটারি এরূপ বন্দোবস্ত করিয়াছেন, যে তাবৎ অর্থ এ বৎসর হইতে গ্রহণ করা হইবে না। প্রেস কমিশনর কহিতেছেন, ভারতবর্ষে ঐ গ্রহণ করা হইবে না; কিন্তু আমরা ৮ বৎসর ইউরোপীয় সমাচারে দেখিয়াছি, I.C. সেক্রেটারি ভারতবর্ষের জন্য শতকরা ৩½ কি ৪ লক্ষ টাকা (৩ কোটি টাকা) ঐ গ্রহণের টেবিল চাহিয়াছেন। হউক, আর ৪ বৎসর হউক, যখন ভারতবর্ষের জন্য ঐ গ্রহণ ৪ বৎসরে রহিত করিতে ঐ গ্রহণ করা হইবে না বলিয়া নিশ্চয় চিঠি আসে নাই। অতএব বর্ষের নিমিত্ত ঐ গ্রহণের ব আমরা কোন প্রেমজন দেখি না। ভারতের রাজকর্মচিব এবার ৩½ লক্ষ চাহিয়াছেন। আমাদের রাজপুরুষেরা কথায় বলেন, ভারতবর্ষ নিঃসম্বল; কিন্তু কার্য্যে তাঁহাদের তুল্য অমিতব্যয়ী আর দেখিতে পাওয়া যায়। আমরা একটী বিষয়ের উল্লেখ করিয়াছি, ভারতীয় রাজপুরুষদিগের সৈনিকবিভাগের ও পাথের ব্যয় যদি ভারত রাজভাণ্ডার হইতে দিতে না হয়, তাহা হইলে কি আমাদের রাজস্বসচিব আরো অধিক অর্থ সঞ্চয় দেখাইতে পারেন না?

ঐ রক্তের কলঙ্ক।

ভারত যে কোন কালে কলঙ্ক হইতে মুক্ত হইবে, তাহার সম্ভাবনা নাই। ভারতের কেবল সহস্র অপরাধ ধরা মুক্ত নয়, ইংলণ্ড স্বয়ং ও ইহার অপরাধের কারণ। সমরে সমরে ভারতের রাজ ভাণ্ডার হইতে ইংলণ্ডে বিস্তর টাকা পাঠাইতে হয়। এই ১৮৮০।৮৬।৪ ১৮৯৯।১৯০০ কিঞ্চিৎ ইহার পাঠ হইতে হইবে। ঐ দায় হইতে উদ্ধার হইতে হইলে আরও কতদিন অপেক্ষা করিবার প্রয়োজন হয়। আয় বৃদ্ধি, ব্যয়সংক্ষেপ ও ব্যয়সংক্ষেপ, এই ভিন বিষয়ের চেষ্টা সর্ব্বাগ্রে আবশ্যক হয়। একটী ভাল কমিশন বসান যায়, আর যদি তাঁহারা প্রকৃত হিতৈষী অন্ধ চিকিৎসকের ন্যায় নিষ্ঠুরভাবে ব্যয়সংক্ষেপের অস্ত্র চালনা করেন, দেখিতে পাওয়া যাইবে বিস্তর ব্যয় সংক্ষেপ হয়। ব্যয়সংক্ষেপই প্রকৃত আয়বৃদ্ধি। আয়বৃদ্ধির জন্য উপায় বড় অন্বেষণ করিতে হয় না। রাজস্বসচিবের সংখ্যা অনেক বৃদ্ধি হইয়াছে, বল পাইলে প্রতি বিভাগ হইতে কি দুই একটী করিয়া কমান যায় না? এখন ষ্টেট সেক্রেটারিরই [illegible] তিনিই যখন ভারতবর্ষের [illegible] তাঁহারই অনুমতি বিনা ভারতের আয় বিষয়ে কার্য্য হয় না। এখন সাক্ষ্যগ্রহণবিষয়ে যেরূপ সুবিধা হইয়াছে, তাহাতে সাক্ষ্য কমান কঠিন নয়। এখন সময়ে পাওয়া যায়, অনেক সম্রান্ত [illegible]

মানুষ নিজে স্বপ্নপ্রার্থী। কি সমাজ, কি রাজনীতি, কি ধর্ম্ম, কোন বিষয়েই প্রাচীন বা [illegible] এরূপ লোকের [illegible] এখন এরূপ বিষয়ের বিষয় [illegible] করিয়াছেন ভূমির বন্দোবস্তটী ই আলোচনীয় বিষয়। ইউরোপখণ্ডে [illegible] আসিয়াখণ্ডে হউক, সকলই ভূমির বন্ধ [illegible] পরিবর্ত্তনস্রোত বলবতী হইয়াছে। লণ্ডে দেখ, ঐ বন্দোবস্তের পরিবর্ত্তন [illegible] আলোচনীয় কার্য্য না হইয়াছে? বঙ্গদে লইয়া তুমুল আন্দোলন চলিয়াছে। মন্ত্রী এই [illegible] ভূমির সম্ব [illegible] সম্প্রতি স্কটলণ্ডে কৃষি সংক্রান্ত একটী [illegible] [illegible] ক্রস সভাপতির [illegible] বক্তৃতাকালে বলেন, [illegible] উনিশ মিলিয়ন একার [illegible] কণ্ঠে, ৭০ জনে উহার অর্দ্ধেক [illegible] উহার নবরূপসংস্কারে ভোগ করিয়া [illegible] ভূমির ভালরূপে পুনরায় বিভাগ করা হইলে স্কটলণ্ডের কৃষিসভা একণে যে আশে করিয়া থাকেন, তাহার আর স্থান থাকে না।

তাঁহার মতে ভূমিসংক্রান্ত আইনের [illegible] করা উচিত। বিলাতীয় সমীক্ষায় যে প্রকার ও দেখিতে পাওয়া যায়, তাহাতে কৈফিয়ৎ [illegible] একের অধিক আবাদের সম্পূর্ণ সমতা পাওয়া যায় না। এ নিয়মের অনুসারে [illegible] নয় বিভাগ সাধারণতঃ ঠিক না, এই প্রশ্ন [illegible] বলপূর্ব্বক রদ করিয়া দিলেও তাহা [illegible] হইবে কি না দ্বিতীয় সন্দেহ। যাহা হউক, বঙ্গদেশে [illegible] ভূমাধি ও প্রজা সম্বন্ধে যে বিস্তারিত চেষ্টা আরম্ভ হইয়াছে, তৎসম্বন্ধে আমরা একটী কথা বলিতে চাহি, গবর্ণমেণ্ট তাহা কার্য্যে পরিণত করিবার প্রথমে পরীক্ষা করিয়া দেখুন। গবর্ণমেণ্ট মনো দিয়া রাজস্বীয় অধীনস্থ [illegible] করিয়া গ্রহণ করুন, সমস্ত ভূমি ইজারার [illegible] বিভাগ করিয়া দিউন। সেরূপ [illegible] ঐ বিভাগ [illegible] কি

...রিয়াছি, আমাদের দুর্ভাগ্য দেশে এক ... কোন্‌ উদ্দেশ্য হয় কি না, পরীক্ষা ... দেখুন, এ পরীক্ষা করিতে যেমন এ... প্রজারা সন্তুষ্টচিত্তে নিয়মিত খাজনা দেয় কি ... ? এবং তাহারা উহাও দিতে পারে কি ... ? যদি তাহারা সন্তুষ্ট বা অসন্তুষ্ট, গবর্ণমেণ্ট ... কি তাহার অনুসন্ধান করিয়াছেন ? যদি তাহারা ... সন্তুষ্ট হয়, সে অসন্তোষের কারণ কি ? তাহারা ... তাহার সন্ধান লইয়াছেন ? গবর্ণমেণ্ট খাজনার ... অন্য হারে করিয়া দিলে সাধারণে সকল প্রজাকে ... করিতে পারিবেন না। খাজনা বলিয়া কিছু ... হইলেই তাহাদের অসন্তোষ। যদি আমরা ... কথা জিজ্ঞাসা করিয়া লই, গবর্ণমেণ্ট যদি ... বিক্রয় করিবার নিমিত্ত অধিকতর উৎসুক ... ? একজন বিজ্ঞ জমীদার এক দিন আমা... কে বলিয়াছিলেন তিনি যখন প্রতি বিঘা ... আনা করিয়া খাজনা লইতেন, তখনও প্রজারা ... চিত্তে নিয়মিতরূপে খাজনা দিত না ; তাহার ... যখন ঐ খাজনা ৸৹ আনা করা হয়, তখনও ... ভাব ; ১৲ টাকা হইলে ও সেই ভাব, এখন ... টাকা করিয়া লওয়া হইতেছে, এখনও ... ভাবের কিছুমাত্র বিপর্য্যয় হয় নাই। খাজনার ... প্রজার অসন্তোষ ও অকর্ম্মণ্যতার কারণ নয়। ... কারণ অনেক। তন্মধ্যে একটী এই, জমী... যা গবর্ণমেণ্টের খাজনা দেওয়া অবশ্য... ; সে কর্ত্তব্যজ্ঞান নাই। দ্বিতীয়তঃ অধি... প্রজার একমাত্র একবিধ শস্যের উপরে ... । যদি দুর্ভাগ্য ক্রমে উহাতে শস্য জন্মিবার ... ঘটিল, তাহা হইলেই তাহারা খাজনা ... অপারক হইল। তাহাদের এ অবস্থা সংশো... উপায় না হইলে কেবল খাজনার হারের ... বিধান দ্বারা তাহাদিগের সুবিধা হইবার ... নয়। প্রজারা যাবৎ লেখা পড়া শিখিয়া ... জ্ঞানসম্পন্ন না হইবে, যাবৎ তাহারা চতুর ... নানা উপায়ে উপার্জ্জন করিতে না পারিবে, ... তাহাদিগের মঙ্গল নাই। জমীদার ও প্রজার ... সম্বন্ধের সম্পূর্ণ বিপ্লব ঘটাইবার পূর্ব্বে উহা ... অবস্থা সংশোধন করিবার চেষ্টা পাওয়া ... মেণ্টের কর্ত্তব্য।

সেনাপতি গর্ডন ও বর্ত্তমান মন্ত্রিসম্প্রদায়।

সেনাপতি গর্ডন খার্ত্তুমে সঙ্কটাপন্ন হইয়া আছেন। বর্ত্তমান মন্ত্রিগণ তাঁহার উদ্ধার ... করিতেছেন না বলিয়া বিপক্ষ দল অহরহ নিন্দা... করিতেছেন। ... করিয়াছেন ... [illegible]

তাঁহারা বলিয়াছেন, সেনাপতি গর্ডন যে উদ্দেশে খার্ত্তুমে গিয়াছেন, তাঁহা হইতে তাহা ভিন্ন হইবে। আভাসে বোধ হয়, সে উদ্দেশ্য এই, সেনাপতি গর্ডন যদ্যি-সম্প্রদায়কে এই আশ্বাস দিয়াছিলেন, তিনি নিজ বুদ্ধি ও ক্ষমতাবলে মিক্‌টন জাতিদিগকে বশে আনিয়া যুদ্ধের শেষ করিবেন। গবর্ণমেণ্টকে আর ইহার জন্য শোণিত ও মেষের অর্থ ব্যয় করিতে হইবে না। গবর্ণমেণ্ট সেই কথায় বিশ্বাস করিয়া এত দিন উদাসীন ছিলেন। বিপক্ষ দলের নিন্দাবাদরূপ প্রবল বায়ুর আঘাতেও স্থিরভাব পরিত্যাগ করেন নাই। মধ্যে সেনাপতি গর্ডন কুপিতভাবে ইংরাজজাতি ও আমেরিকা বাসিদিগের নিকটে এই প্রার্থনা করিয়াছিলেন যদি তাঁহারা ২০০০০০ টাকা সাহায্য করেন তাহা হইলে, তিনি স্বাধীনভাবে আত্মরক্ষা করিয়া কথা হইতে চলিয়া আসিতে পারেন। ১৬ ই মে ইউরোপীয় সমাচারে দেখা গেল ; অবজার্ভার পত্র বলেন, গবর্ণমেণ্ট সেনাপতি গর্ডনের উদ্ধারার্থ আগামী অক্টোবর মাসে ১০০০০ সৈন্য পাঠাইয় দিবেন।

মন্ত্রিগণ এতদিন যে উদাসীনভাবে ছিলেন তাঁহাদের এই বিশ্বাস ছিল, বিপক্ষগণ সেনাপতি গর্ডনকে কখনও পরাজয় করিতে পারিবে না সামান্যরূপ সৈন্য প্রেরণ করিলেই চলিবে পাশার দাঁও পড়িবে। কিন্তু এ নীতিকে আমরা কখনও যোগ করি না। যদি শত্রুপক্ষ কোন প্রকার নূতন সাহায্য পাইয়া একান্ত প্রবল হইয়া উঠে, আ সেনাপতি গর্ডন আত্মরক্ষা করিতে না পারেন তাহা হইলে মন্ত্রিগণ যার পর নাই অপদস্থ হইবেন। তাঁহারা যে দেশের লোকের শোণিত ও অর্থ বাঁচাইবার চেষ্টা পাইতেছেন, তাহারা তাঁহাদিগের উপরে খড়্গহস্ত হইয়া উঠিবেন তাঁহারা দেশের লোকের মঙ্গল চেষ্টায় ফিরিতেছেন, দেশের লোকেরা কি তখন কৃতিমন্ত করিবেন ? তাঁহারা কি পদস্থ থাকিতে পারিবেন আমরা দেখিতে পাইতেছি, ইংরাজজাতি মনে দেখে ময়লা করেন না, যে কোনরূপে জয়লাভ হওয়া চাই।

ইংলণ্ডেশ্বরীর বর্ত্তমান মন্ত্রিসম্প্রদায় কাবুল ও মিশর লইয়া বড় ব্যতিব্যস্ত হইয়া পড়িয়াছেন। তাঁহারা ছাড়িতেও পারিতেছেন না, বেড়িতেও পারিতেছেন না। কাবুলে রুষের ভয়, আর মিসরে প্রবল আর্থহানি। বিরোধী দলের বিশেষ দৃঢ় এই, তাঁহারা অদূরদর্শী এবং যুক্তিশূন্য পক্ষপাতী মা বলে। ঐ উভয়স্থানে ইংরাজ হস্তক্ষেপ অন্যায় করিয়া লোকে উপহাস করিতেছে। তাহাতেই তাঁহারা বিপাকে পড়িয়াছেন। এখন ঐ উভয় রাজ্যের অধীশ্বরদিগকে নিজ মতে আনয়ন করিয়া তাঁহাদের রাজকার্য্যের সুশৃঙ্খলতা করিয়া দেওয়া মন্ত্রিগণের কর্ত্তব্য হইয়াছে। বিষয়ে একটী মন্ত্রণা সভা হইবার কথা হইতেছে। রাজন্যগণ একত্র মিলিত হইবেন, বোধ হয়, সেই সভায় বিষয়ের কর্ত্তব্যতা স্থির হইবে।

ভারতে বিজ্ঞানচর্চ্চা।

ভারতের উন্নতি উন্নতি বলিয়া চতুর্দ্দিকে ঘুষী ভেরী বাজিতেছে। কিন্তু সে উন্নতির স্বরূপ কি ? পাঠক যদি তাহার পরিমাণ করিতে চান, ভারতের বিজ্ঞান আলোচনা বিষয়টীর একবার আলোচনা করুন। ডাক্তার মহেন্দ্রলাল সরকারের বিজ্ঞান সভা ভারতের বিজ্ঞান বিষয়ে সবে নীলমণি ধরিয়াছে। আজও তাহার সর্ব্ব অবয়ব পুষ্ট হয় নাই। আজও একজন ভারতবাসী বিজ্ঞান সম্বন্ধে আপনার উদ্ভাবনী শক্তির বিনিয়োগ করিয়া কোন একটী নূতন আবিষ্ক্রিয়া করিতে পারেন নাই। ইহা কি ভারতের উন্নতির পরিমাপক নহে ? এই উন্নতির যাহারা গর্ব্ব করেন, তাঁহাদের মত পাগল আর কে আছে ? পাঠক ! ইউরোপখণ্ডের বিজ্ঞান চর্চ্চার বিষয়টী একবার আলোচনা করিয়া বলুন দেখি ভারতকে উন্নত বলিতে ইচ্ছা হয় কি না ?

ফরাসি, ফ্রান্স, ইংলণ্ড ও ইউনাইটেডষ্টেট অনেক দিন পূর্ব্ব অবধি বিজ্ঞান চর্চ্চার প্রধান স্থান। এখন ঐ সকল স্থানে দিন-দিন বিজ্ঞানের এত উন্নতি হইতেছে যে ভাবিলে চমৎকৃত হইতে হয়। জর্ম্মাণি, অষ্ট্রিয়া ও ইটালী কোন অংশেই ইংলণ্ড প্রভৃতির ন্যূন নহে। যে প্রসিদ্ধ বৈজ্ঞানিক তাড়িৎ সম্বন্ধে নানারূপ পরীক্ষা করিয়া তাড়িতের নূতন নূতন তত্ত্বের উদ্ভাবন করেন এবং তাড়িতে ও চুম্বক লৌহাদ্ভুত প্রদর্শন করিয়া বিজ্ঞানোন্নতির পথ সরল করিয়া দেন, সেই এমপিয়ার জন্মগ্রহণ করিয়াছেন। ইটালীর বৈজ্ঞানিক মেলোনিও অগতের অনেক উপকার করিয়াছেন। তাঁহার পরীক্ষিত আলোকের গুণ অতিশয়নীয়রূপে পৃথিবীর সকল দেশেই গৃহীত হইয়াছে। বিজ্ঞানের উন্নতি সম্বন্ধে জর্ম্মণি, ফ্রান্স ও ইংলণ্ডের কথা বলিতে গেলে আর শেষ করা যায় না। বিজ্ঞান প্রসঙ্গ হইলে জর্ম্মণির ও ফ্রান্সের কথাই সর্ব্বাগ্রে মনে পড়ে। যত বড় বড় বৈজ্ঞানিক এই দুই দেশে জন্ম করিয়া চিরস্মরণীয় হইয়াছেন, [illegible] কালে না জন্মিয়াছে, প্রায় [illegible] তাহাদিগের সমান

বহুকষ্টসাধ্য উপায় ভিন্ন এ পর্য্যন্ত দুর্ব্বোধ্য থাকিত গালভনি ও ভল্টেয়ারসম এই আশ্চর্য্য গূঢ় পদার্থটীর অস্তিত্বতা বলা অসঙ্গত হয় না। একণে অগ্নি কেবল দর্শন চর্চ্চার নয়, পদার্থ বিদ্যার আলোচনায়ও সর্ব্বাপেক্ষা শ্রেষ্ঠ হইয়াছেন। কি তড়িৎ কি অম্লজান সকল প্রকার অদ্ভুত বস্তুই ভ্রাতৃ অথবা অগ্নি হইতে সৃষ্ট হইয়াছে। রসায়নাদি বিদ্যায় ফরাসী ও অগ্নি উভয়েই বিলক্ষণ পারদর্শী। ইহারা প্রায় প্রতিদিন রসায়ন সম্বন্ধে এক একটী নূতন আবিষ্কার করিয়া জগতে প্রিয় ও প্রতিষ্ঠিত হইতেছেন। বৈজ্ঞানিক ইংলণ্ডের সহিত নিউটনের নামের এত সাদৃশ্য যে তাঁহার কথা কিছু না বলিয়া স্থির থাকা যায় না। তিনি একজন জ্যোতির্ব্বিদ্ পদার্থবিদ্যা বিশারদ মহা পণ্ডিত ছিলেন। বিজ্ঞানময় জগতের যে দিকে দৃষ্টিপাত করা যায়, সেই দিকেই তাঁহার নাম যেন বড় বড় সুবর্ণের অক্ষরে লিখিত রহিয়াছে দেখিতে পাওয়া যায়। তাঁহার উদ্ভাবিত গতি বিষয়ক তিনটী নিয়ম চিরকালই পণ্ডিত মণ্ডলীতে অভ্রান্ত বলিয়া আদৃত ও জ্যোতিষের মূল বলিয়া পরিগণিত হইবে। ফরাসী পণ্ডিত লাপলাস শব্দের গতি সম্বন্ধে নিউটনের মত ভ্রমপূর্ণ বলিয়া প্রমাণ করিয়াও তাঁহার শ্রেষ্ঠতা স্বীকার ও প্রশংসা করিতে কিছুমাত্র সঙ্কুচিত হন নাই।

যদিও ইংলণ্ড বৈজ্ঞানিক উন্নতিতে জর্ম্মণি অথবা ফ্রান্সের তুল্য নয়, তথাপি তথাকার পণ্ডিত গণের অধ্যবসায় ও যত্ন সম্পূর্ণ প্রশংসার যোগ্য। ইঁহাদের যত্নে ও অধ্যবসায়ে এত মহৎ মহৎ বিষয়ের আবিষ্ক্রিয়া হইয়াছে ও হইতেছে যে পৃথিবী চিরকালই ইঁহাদের নিকটে কৃতজ্ঞতাপাশে বদ্ধ থাকিবে। যত দিন পৃথিবীতে লেখা পড়ার চর্চ্চা থাকিবে, ততদিন বাকন্ ডেভি ডলটন প্রভৃতি পণ্ডিতগণের নাম জাজ্বল্যমান থাকিবে। ডলটনের পারমাণবিক মতই রসায়নের উন্নতির মূল।

বিজ্ঞান সম্বন্ধে ইংলণ্ডের আজকালের অবস্থাও বিলক্ষণ উন্নত। বিজ্ঞানই ইংলণ্ডের জীবন, বিজ্ঞানই ইংলণ্ডের মান সম্ভ্রমের মূল; অক্সফোর্ড ও কেম্ব্রিজ প্রভৃতি বিশ্ববিদ্যালয়ে বিজ্ঞান গভীর আদরের ধন। পদার্থবিদ্যা, উদ্ভিদবিদ্যা, জ্যোতির্ব্বিদ্যা, রসায়ন শাস্ত্র, চিকিৎসা শাস্ত্র প্রভৃতির বিশেষ আলোচনা দ্বারা ইংলণ্ডীয় পণ্ডিতগণ দিন দিন পৃথিবীতে নূতনরূপ জীবনদান করিতেছেন। [illegible] বিশারদ ডিনভেল, সার উইলিয়ম হার্শেল বয়সের বিলক্ষণ ক্ষমতা ও বুদ্ধিমত্তার পরিচয় দিয়াছেন। বিজ্ঞান যে মহাসাগরের উন্নতির মূল ইউরোপীয় পণ্ডিতগণ তাহা বিশেষরূপে প্রমাণ করিয়াছেন। এশিয়া ইউরোপ অপেক্ষা যে এত হীন, বিজ্ঞান আলোচনার অভাবই তাহার প্রধান কারণ।

যদি ইউরোপীয়দের সহিত আমাদের মিত্রতা না হইত, যদি ভারতে ব্রিটিশ রাজত্ব স্থাপিত না হইত, তাহা হইলে বোম্বে বাম্বীয়পোত বাষ্পীয় শকট প্রভৃতির মুখ কখনও দেখিতে পাইতাম না। বাষ্পীয়পোত, বাষ্পীয় শকট, তাড়িত বার্ত্তাবহ প্রভৃতির বিষয় যখন কাহার মনে বিশ্বয়রসের আর্দ্র না হয়? এগুলিই দুর্ব্বোধ্য ও গূঢ় এবং সকলগুলিই আমাদের অশেষ কল্যাণকর। যে কাশীতে যাইতে হইলে ত্রিশ বৎসর পূর্ব্বে প্রভূত অর্থ ব্যয় ও কষ্ট সহ্য করিতে হইত, অনেক সময়ে প্রাণ পর্য্যন্ত দিয়া টানাটানি পড়িত, এখন সেই কাশী এ পাড়া ও পাড়া হইয়া দাঁড়াইয়াছে। আমাদের পূর্ব্বপুরুষেরা একবারও মনে ভাবেন নাই, যে গোদাবরী সন্ততিগণ কখন এক সপ্তাহের মধ্যে কাশীতে গিয়া প্রত্যাগমন করিতে পারিবে হইবে। পূর্ব্বে দশ মাইল দূর স্নান স্থানে যাইতে হইলে দিবস টিয়া উপস্থিত হইত, বিপক্ষের আশঙ্কা জন্মিত, এখন ১০০০ মাইল পথ যাইতেও তাহার শরীর ঘর্ম্মাক্ত অংশ ক্লিষ্ট হয় না। আজকাল আর কটার মধ্যে আমরা দিল্লীর বড়র সংবাদ পাইতেছি। যে মহাপুরুষ এই প্রাড়িত বার্ত্তাবহের [illegible] করিয়াছেন, তিনিই যথার্থ বুদ্ধিমান, তিনিই ধন্য। বাণিজ্য সংসারের উন্নতি ও সুখের কারণ, বিজ্ঞানবল সেই বাণিজ্যের এতদূর উন্নতি হইতেছে। ইহা কি আশ্চর্য্যের কথা নয় যে এখন আমরা কুড়ি একুশ দিনের মধ্যে ইংলণ্ডজাত দ্রব্যাদি সমস্ত ভোগ করিতে পারি?

বৈজ্ঞানিক পণ্ডিতগণের নামোল্লেখ করিয়া বিজ্ঞান শাস্ত্রের উপকারিতা সম্বন্ধে যৎকিঞ্চিৎ বলা হইল; পাঠক দেখিতে পারেন, এই বিজ্ঞানমূলক উন্নতিসাধন বিষয়ে ভারতবাসির কতদূর সাধ্য আছে। বলা বাহুল্য যে আমরা বিজ্ঞান শাস্ত্ররূপ কল্প সমুদ্রের তীরপ্রদেশের অনেক দূরে আছি। বিজ্ঞানকে যখন মনুষ্য জীবনের একমাত্র অবলম্বন বলিয়া মানিতে হইতেছে, তখন সর্ব্বথা ইহার অনুশীলন করা কর্ত্তব্য। অজ্ঞানা রহস্য ভরা বৈজ্ঞানিক প্রস্তাব সংবাদপত্রে প্রকাশিত হইলে বোধ হয় পাঠকগণ কতক পরিমাণে উপকৃত হইতে পারেন। কেবল প্রস্তাবনাতেও অধিক কাল হইবার সম্ভাবনা নয়। বিজ্ঞান শিখিতে হইলে অনেক পুস্তক সংগ্রহের প্রয়োজন হয়। বিজ্ঞানের যুৎপত্তি লাভ করিতে গেলে পার্থিব পদার্থ সকলের নানা প্রকার পরীক্ষা করা আবশ্যক। সেই পরীক্ষা [illegible] সংগ্রহ সাপেক্ষ। তাহার পর পরীক্ষায় ফলগুলি বিশ্লেষণ, যন্ত্র সহকারে পর্য্যবেক্ষণ করা কর্ত্তব্য। আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্রগণ যদি বিজ্ঞান শিক্ষা বিষয়ে কৃতসঙ্কল্প হন, তাহা হইলে জাতীয় উন্নতির একটী প্রকৃষ্ট পথ ক্রমে ক্রমে পরিষ্কৃত হইয়া উঠে।

আর কত দিন যে আমরা সামান্য প্রয়োজনীয় বস্তুর জন্য ইংলণ্ডের মুখ চাহিয়া থাকিব তাহা বলিতে পারি না। বিলাতি দেয়লাই আমাদের একটী প্রধান প্রয়োজনীয় দ্রব্য। আমাদের মধ্যে অনেকেই উহা প্রস্তুত করিবার প্রণালী জানেন কিন্তু উহা প্রস্তুত করিবার চেষ্টা দূরে থাকুক তাঁহারা একবার তাহার বিষয় চিন্তাও করেন না।

যাইবেক বিবেচনা করিয়া, কিম্বা কোন প্রকার উপযুক্ত কারণ বশতঃ আদালতের নিকট অনুমতি লইয়া মকদ্দমা না লইয়া গেলে সংশোধন করিয়া মকদ্দমা উপস্থিত করিতে বলেন। ৯১ ধারা যাহা বলিতেছে এবং তাহার প্রণালীশাস্ত্রের নিয়ম যাহা এই মকদ্দমা উপস্থিত করে, বাদীরা নাবালক। প্রতিবাদী রঘুনাথ মিশ্রকে নাবালক বলে। মুন্সেফ বলেন ২১ বৎসর হইলে নাবালক হয়। শ্রীরঘুনাথের বয়স ১৮ বৎসর, অতএব সে নাবালক। সুপরিন্টেণ্ডেণ্টের নিকট আপীল হইলে তিনি বলেন ১৮ বৎসর উত্তীর্ণ হইলেই নাবালক হয়। শ্রীরঘুনাথের ১৮ বৎসর পূর্ণ হয় নাই। মকদ্দমার সময়ে সে নাবালক ছিল। বাদীরা বলে ঐ ভূমি পাইবার। প্রতিবাদীরা তাহাতে ঐ ভূমি হইতে বেদখল করিয়াছে। নাবালকদিগের বয়ঃপ্রাপ্তা ভগ্নী ভগবতী দেবী নাবালকদিগের কেহ বলিয়া এই মকদ্দমা উপস্থিত করেন। কিন্তু তিনি ১৮৫৮ অব্দের ৪০ আইন অনুসারে সার্টিফিকেট লন নাই। হাইকোর্ট পর্য্যন্ত মকদ্দমা হইয়া মকদ্দমা বিচারপতিরা এই স্থির করেন যে দেওয়ানী কার্য্যবিধির ৪৪০ ধারা ও ১৮৫৮ অব্দের ৪০ আইন অনুসারে সার্টিফিকেট না লইয়া মকদ্দমা উপস্থিত করাতে মুন্সেফ সেই মকদ্দমা লইয়া অন্যায় করিয়াছেন। মকদ্দমা না লইয়া তাহা সংশোধন করিতে বলা তাঁহার কর্ত্তব্য। এই সিদ্ধান্ত করিয়া মকদ্দমা পুনর্ব্বিচারার্থ নিম্ন আদালতে পাঠাইয়া দেওয়া হয়।।

১৮৮৩। ৩১ আগষ্ট।

প্রধান বিচারপতি সার রিচার্ড গার্থ ও বিচারপতি মাকফারসন।

রামকুমার ঘোষ বনাম।

প্রসন্নকুমার সান্যাল ও অন্য ব্যক্তি ডিক্রিদার।

অনুবাদ ও মুদ্রণকার্য্যের ব্যয়।

প্রিভিকৌন্সিলে আপীল করিতে হইলে অধিক অনুবাদ ও মুদ্রণকার্য্যের ব্যয় হয়, হাইকোর্টের ডেপুটী রেজিষ্ট্রর যেরূপ বলিবেন তাহা ঐ আপীলের খরচ বলিয়া পরিগণিত হইবে, উক্ত বিচারপতিরা এই সিদ্ধান্ত করিয়াছেন। সাহস প্রকাশ করিয়া ও লক্ষ্মিপর বিরুদ্ধের মকদ্দমায় বিচারপতি মাকফারসন এই সিদ্ধান্ত করেন। হাইকোর্টই ঐ খরচার নির্দ্ধারণ করিবেন। প্রিভিকৌন্সিল আপীল হইতে ঐ খরচা নির্দ্ধারিত হইবে না।

১৮৮৩। ১৩ ই জুলাই।

প্রিভিকৌন্সিল।

সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বাদী।

কলিকাতার প্রধান বিচারপতি প্রভৃতি প্রতিবাদী।

আদালতের অবজ্ঞাকারী বলিয়া সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের প্রতি মুন্সেফ কর্ণ বাহির করিয়া কলিকাতার হাইকোর্ট যে হুকুম দান করিয়াছিলেন, বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় কলিকাতা হাইকোর্টের ঐ হুকুম দিবার অধিকার নাই বলিয়া যে আপত্তি করেন, প্রিভিকৌন্সিল এই সিদ্ধান্ত করিয়াছেন, কলিকাতা হাইকোর্টের সে অধিকার আছে।

১৮৮৩ ৫ ৬ ই সেপ্টেম্বর।

প্রধান বিচারপতি সর রিচার্ড গার্থ ও বিচারপতি মাকফারসন।

শ্রীনরমণি দাস ও অন্য অন্য ব্যক্তি বাদী।

দুর্গাচরণ সাহা ও অন্য ব্যক্তি প্রতিবাদী।

নাবালকী অবস্থায় তাহার পক্ষে সে মকদ্দমা করিবে।

১৮৫৮। ৪০ আইনের ৩ ধারার এবং দেওয়ানী কার্য্যবিধির ৪৪০ ধারার তাৎপর্য্য এই নাবালকের পক্ষ হইয়া যে ব্যক্তি নালিশ করিবে তাহাকে উক্ত আইন অনুসারে সার্টিফিকেট লইতে হইবে। অথবা মকদ্দমা আরম্ভ হইবার পূর্ব্বে আদালতের অনুমতি লইতে হইবে। আদালত নালিশ গ্রাহ্য করিলে এরূপ বুঝিতে হইবে না যে আদালত তাহাকে অনুমতি দিয়াছেন।

মৃত শম্ভুচরণ ঘোষের বিধবা পত্নী শ্রীনরমণি দাসী তাহার নাবালক পুত্র শ্রীনরমণি দাসের পক্ষ হইয়া মকদ্দমা উপস্থিত করিয়াছিলেন। হাইকোর্টের উক্ত বিচারপতিরা উক্তরূপ সিদ্ধান্ত করিয়াছেন।

১৮৮৩। ১০ ই সেপ্টেম্বর।

বিচারপতি মাকফারসন ও পেথরাম পিল টনের।

বীরচন্দ্র মাণিক্য বাদী।

ঈশানচন্দ্র বর্দ্ধন ও অন্য অন্য ব্যক্তি প্রতিবাদী।

কোন স্বাধীন রাজার নামে ব্রিটিশ অধিকৃত আদালতের দেওয়ানী কার্য্যবিধি ৪৩২ ধারানুসারে নালিশ হয় না। কিন্তু ঐ ধারার এরূপ নিষেধ নাই যে তাঁহার নামে তাঁহার নিযুক্তিক কর্ম্মচারী দ্বারা ব্রিটিশ অধিকৃত রাজ্যবাসের কোন আদালতে নালিশ হইবে না।

ত্রিপুরার পার্ব্বত্য স্বাধীন প্রদেশের মহারাজ বাকি খাজনা ও ডোকলস পাইবার প্রার্থনায় এই বলিয়া তাঁহার নিজ নামে নালিশ করেন যে চাঁদপুর মহকুমার অন্তর্গত রোসাঙ্গবাদ নামক স্থানের তিনি জমীদার। কুমি-

গবর্ণমেণ্ট বিজ্ঞাপন

বঙ্গদেশীয় লেপ্টেনণ্ট গবর্ণরের আদেশানুসারী নিয়োগ।

রাজস্ব ও সাধারণ বিভাগ।

৩ ই মে ১৮৮৪। বাবু প্রসন্নকুমার চট্টোপাধ্যায় এম্‌ এ বি এল্‌ কে মফস্বল-প্রেসিডেন্সী কালেক্টর করেন।

মাননীয় উডবর্ণ সাহেব কে ডেপুটী কালেক্টর করণার্থ পত্র, ১৮৮০ অব্দের ৫১০ অনুসারে কালেক্টর পদে নিযুক্ত করিলেন।

মুন্সেফ মহম্মদ সাদেকোল্লার সহ ডেপুটী কমিশনরের পদে নিযুক্ত করিলেন।

বাবু প্রসন্নকুমার চট্টোপাধ্যায় এম্‌ এ বি এল্‌ কে মফস্বল-প্রেসিডেন্সী কালেক্টর করেন।

বাবু [illegible] কে ডেপুটী কালেক্টর করেন।

[illegible] কে ডেপুটী কালেক্টর করেন।

[illegible] কে ডেপুটী কালেক্টর করেন।

[

অন্তর্গত-মুলেফ বাবু হিমাংশু পাল ২৪ পরগণার অন্তর্গত ভাঙ্গড়ের মুন্সেফ হইলেন, ইনি ছোট আদালতের জজের ক্ষমতায় ৫০ টাকা পর্য্যন্ত মকদ্দমা করিতে পারিবেন।

ডায়মণ্ড হার্বরের মুন্সেফ বাবু গিরীন্দ্রমোহন চক্রবর্ত্তী খুলনার অন্তর্গত কুষ্টিয়ার মুন্সেফ হইলেন।

কুষ্টিয়ার মুন্সেফ বাবু উপেন্দ্রনাথ ঘোষ রাজসাহীর অন্তর্গত নওগাঁয় প্রতিষ্ঠিত হইলেন।

নওগাঁর মুন্সেফ বাবু কৃষ্ণদাস বসু ২৪ পরগণার অন্তর্গত বারাসতের মুন্সেফ হইলেন।

বাবু সারদাপ্রসাদ ঘোষ ত্রিহুতের অন্তর্গত হাজিপুরের মুন্সেফ হইলেন।

বাবু পূর্ণচন্দ্র মিত্র মানভূমের অন্তর্গত বড়বাজারের মুন্সেফ হইলেন।

বাবু কেদারনাথ রায় ২৪ পরগণার অন্তর্গত বারুইপুরের মুন্সেফ হইলেন।

বাবু উমাকান্ত ঘোষাল বর্দ্ধমানের অন্তর্গত মি মন্নাদের মুন্সেফ হইলেন।

সংবাদদাতার পত্র।

এলাহাবাদ।

আমরা সর্ব্বদা দেখিতে পাই ভারতবাসিদিগের প্রতি সাহেবদের অতি অল্পই সহানুভূতি আছে। তাহারা বিদেশি বলিয়া তাঁহারা সর্ব্বদা অভিমানভরে আমাদের হইতে দূরে থাকিতে ইচ্ছা করেন, আমাদের সহিত কোনরূপ সংস্রব রাখিতে লজ্জা বোধ করেন এবং আমাদের সহিত মিশিতে ঘৃণাবোধ করেন। ইহার যেরূপ পরিণাম হইতেছে তাহা সকলেই অনুভব করিতেছেন। যাহা হউক এই বর্ত্তমানে স্থানে স্থানে ইংরাজদিগের মধ্যে দুই এক মহাত্মাকে এরূপ দেখিতে পাওয়া যায় যে তাঁহারা এই অভিশপ্ত জাতির সহিত সদ্ভাব রাখিতে বা তাহাদের সহিত মিশিতে ঘৃণাবোধ করেন না। আমরা এই বিষয় বলিবার জন্য এই প্রসঙ্গ উত্থাপন করিলাম তাঁহার নাম ডাক্তার বিগ্ সাহেব। ইনিই গত ১৭ ই মে রবিবারে সেণ্ট পল ডিসিপ্লিনী স্কুলে ধর্ম্ম সম্বন্ধে প্রবন্ধ পাঠ করেন। ডাক্তার সাহেব যখন যাহা সহজ করিতে পারেন তাহা করিতে কখনই কুণ্ঠিত হন না। তিনি এই রবিবারে সেই স্কুলে ধর্ম্ম সম্বন্ধে প্রবন্ধ পাঠ করিবেন বলিয়া সংবাদ দিয়াছিলেন। তাহাতে আমাদের সহিত সদ্ভাব সংস্থাপন করা তাঁহার উদ্দেশ্য। সভাস্থলে তিনি যেরূপ ভাবে কথোপকথন এবং বক্তৃতা করিয়াছিলেন তাহাতে তাঁহার অমায়িকতার প্রকাশ পাইয়াছিল। যাহা হউক বিগ্ সাহেব বলেন আমরা মনুষ্যজন্মের প্রধান বন্ধু। ইহা শুনিয়া অনেকে সন্তোষ লাভ করিয়া, কিন্তু এ বিষয়ে অনেকের দৃষ্টি নাই। তিনি বলেন তোমরা খৃষ্টিয় ধর্ম্ম গ্রহণ করিয়া কিছু [illegible] তাহা ঠিক আমরা তোমাদের [illegible] করিয়া থাকি। আজ যদি তোমরা তোমাদের [illegible] ত্যাগ করিয়া তোমাকে [illegible] হইতে হইবে, কিন্তু আমাদের [illegible] করিলে যদিও তোমাকে আপাততঃ [illegible] না ঘটে কিন্তু অন্যান্য [illegible] ঘটিবে। [illegible] প্রকৃতির [illegible] পাইবে। ডাক্তার বিগ্ সাহেব আমাদের [illegible] তিনটী নিয়ম প্রতিপালন করিতে বলিলেন। প্রথম খাদ্য, দ্বিতীয় পানীয়, তৃতীয় পরিচ্ছদ। খাদ্য সম্বন্ধে ছোট হাজরী বড় হাজরী ইত্যাদি কথা বলিলেন। তাহা ও আমাদের প্রযুক্ত। পানীয় সম্বন্ধে কেবল জলই একমাত্র ব্যবস্থা। ডাক্তার সাহেব এদেশবাসীর যাহাতেই বিষবৎ পরিত্যাগ করিতে বলিলেন; এ দেশবাসীরা সাহেবদের অনুকরণ করিতে ভালবাসা হইয়া পড়িয়াছে। অনেকে মদ [illegible] করিবার জন্য দুর্গা বাবুর করিয়া থাকেন, কিন্তু তাহা সম্পূর্ণ অযৌক্তিক। [illegible], যখন শরীর সুস্থাবস্থায় থাকে তখন কুপথ্য আপনা হইতেই অনুকূল হইবে, কিন্তু তাহাতে দুষ্ট দুষ্ট ক্ষুধাকে উত্তেজিত করিতে হয় তাহা কখনই আমাদের বলিতে হইবে। কুখাদ্য সুখাদ্য কি সকলই স্বাভাবিক, সুতরাং তাহা আপনা হইতেই জন্মিয়া থাকে। ডাক্তার সাহেব পরিষ্কার পরিচ্ছন্ন পরিতে এবং সকলকে বলের আবশ্যক, কি গ্রীষ্ম কি শীত সকল সময়েই ফ্লানেল ব্যবহার করা কর্ত্তব্য বলিলেন। তিনি ধূমপান [illegible] সকলকে নিষেধ করিলেন, কারণ [illegible] স্বাস্থ্যের হানি হয়, তবে যাঁহারা এ বিষয়ে অভ্যস্ত হইয়াছেন তাঁহারা পরিমিত রূপে ব্যবহার করিবেন। ডাক্তার সাহেব বলেন এ দেশীয়েরা বৎসময়ে রোগের চিকিৎসা করে না, রোগ নিতান্ত কঠিন না হইলে ডাক্তারের আশ্রয় গ্রহণ করিতে অভিলাষী হয় না। ইহাতে অনেক সময়ে চিকিৎসকের অপযশের ভাগী হইতে হয়। এদেশের লোকের আর একটী দোষ এই, এক জন ডাক্তারকে দুই তিন দিন দেখাইয়া আরোগ্যের পর অন্য আর একজনকে দিয়া চিকিৎসা করান, এরূপ এতজন ডাক্তারকে চিকিৎসার উপযুক্ত অবসর দেওয়া হয় না এবং তজ্জন্যই রোগের শান্তি করা কঠিন হইয়া উঠে। তিনি [illegible] দিবসের আর একটী বিশেষ দোষ দেখাইলেন, যে একজন রোগীর পীড়া হইলে তাহার সমস্ত বন্ধু সেই রোগীর গৃহে গিয়া তাহাকে বেষ্টন করিয়া বসে, এক ঘরে অনেক ব্যক্তি থাকাতে নিশ্বাস প্রশ্বাস দ্বারা বায়ু দূষিত হয়, সেই বায়ু সেবন করিয়া রোগীর আরও পীড়া বৃদ্ধি হইয়া থাকে। ডাক্তার সাহেব [illegible] বিষয়ে [illegible] বলিয়াছিলেন তাহা অধিকাংশে এস্থলে বলা অসম্ভব, কেবল দুঃখের বিষয় এই তিনি যাহা সম্বন্ধে বলিতে বিরত হইলেন তাহা আমাদের অত্যাবশ্যক বিষয়ের অপেক্ষা অধিক। ডাক্তার বিগ্ সাহেব আর কতক কথা বলিয়াছিলেন তাহা অধিকাংশে এস্থলে বলা অসম্ভব, কেবল দুঃখের বিষয় এই তিনি যাহা সম্বন্ধে বলিতে বিরত হইলেন তাহা আমাদের অত্যাবশ্যক বিষয়ের অপেক্ষা অধিক। ডাক্তার সাহেব আমাদের পরিষ্কার পরিচ্ছন্ন হইয়া থাকিবার কথা বলিতে বিস্মৃত হইয়াছেন। এটী আমাদের বিশেষ প্রয়োজনীয়। তিনি বলেন আমরা নিজ গৃহ ইত্যাদি পরিষ্কার রাখিতে পারি কিন্তু গৃহের বাহিরে পরিষ্কার রাখা আমাদের সাধ্য নহে। এখনা মিউনিসিপালিটী আছে, কিন্তু সেই মিউনিসিপালিটী স্বীয় কার্য্য করিতে কিরূপ অযোগ্যতা প্রদর্শন করিয়া থাকেন তাহা বলা যায় না। মিউনিসিপালিটী, আরোহিদিগের গমনাগমনের পথ সর্ব্বপ্রকারে পরিষ্কার রাখিতে বাধ্য কিন্তু যে সকল এত লোকের মধ্যে তাহার দিকে তাঁহাদের দৃষ্টি নাই। মেথরেরা দুর্গন্ধ জল রাস্তার উপর ফেলিতেছে, নানা প্রকার পুরিষজন্য রাস্তা চারিদিকে থাকাতে বায়ুকে দূষিত করিয়া নানা প্রকার পীড়া উৎপাদন করিতেছে তদ্বিষয়ে ইঁহাদের ভ্রূক্ষেপ নাই। তাঁহারা কেবল আদায়ে সদাই ব্যস্ত। বাস্তবিক পণ্ডিত অযোধ্যানাথ যাহা বলিয়াছেন তৎসমস্তই সত্য। এবং এ বিষয়ে বিগ্ সাহেব ও সাধ্যমত তাঁহাদের কথায় পোষকতা করিলেন। আমরা আশা করি মিউনিসিপালিটী স্বীয় কর্ত্তব্যকার্য্য পালনে মনোযোগী হইয়া সুখার ক্ষয় করিতে চেষ্টা করিবেন। ইহার পর এখানকার একজন প্রসিদ্ধ ডাক্তার বাবু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় দণ্ডায়মান হইয়া স্বীয় অভিপ্রায় ব্যক্ত ও তাঁহার সহযোগিনীর [illegible] করিতে নিষেধ করেন। ইহার পর বাবু কালিদাস বিগ মিউনিসিপালিটীর পক্ষ হইয়া দুই এক কথা বলেন। ডাক্তার বাবু মিউনিসিপালিটীর [illegible] দেখাইবার জন্য, তিনি যে মিউনিসিপালিটীর [illegible] করিবার জন্য [illegible] কি। যাহা হউক ইহা আমরা মুক্তকণ্ঠে স্বীকার করিতে পারি মিউনিসিপালিটী স্বীয় কর্ত্তব্যকার্য্য পালনে [illegible]

বিজ্ঞাপন।

বিশেষ দ্রষ্টব্য।

আমরা কলিকাতা কলেজ ষ্ট্রীট ৯৭ বাটীতে পুস্তকালয় খুলিয়াছি। আমরা যাবদ্ধা সেই স্থানে থাকি। অতএব হাবিশের সোমপ্রকাশের মূল্য কলিকাতায় পাঠাইয়া দিবার সুবিধা হয়। হারা ঐ স্থানে পাঠাইবেন, আর সংস্কৃত (বা গুরুদাস বাবুর পুস্তকালয়ে াইবার প্রয়োজন নাই। কোন গ্রন্থ- এখানে কমিশন সেলে পুস্তক বিক্রয়- থ জমা দিতে ইচ্ছা করিলে আমরা হাও গ্রহণ করিয়া থাকি।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

ামপ্রকাশ যন্ত্রে নানাপ্রকার জবওয়ার্ক ইতেছে। পরস্ত মূল্যে ও অল্প সময়ের ধ্য কার্য্য সুচারুরূপে সম্পন্ন করিয়া ওয়া হয়।

মূল্য পাঠাইবার ঠিকানা।

বিনয়সহকারে সাধারণের গোচর করা ইতেছে, সোমপ্রকাশের মূল্যাদি- ক্রান্ত যাবতীয় চিঠি ও কাগজ পত্রাদি যুক্ত ভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তীর নামে নিম্ন ণিত ঠিকানায় পাঠাইয়া দিবেন।

ঠিকানা।

ড়িপোতা, কলিকাতার দক্ষিণ সোণার- ডাকঘর, জেলা ২৪ পরগণা।

যে যাঁহারা বিনিময়ে সংবাদপত্র বা পত্রাদি দেন, তাঁহারা কলিকাতা ষ্ট্রীট ৯৭ নং বাটীতে পাঠাইবেন।

বিজ্ঞাপনদাতাদিগের প্রতি।

আমরা বিনয়সহকারে সাধারণকে জানাইতেছি, সোমপ্রকাশে বিজ্ঞাপন দিবার বাসনা করেন, সোমপ্রকাশের সংখ্যা গণিয়া বিজ্ঞাপনের মূল্য পাঠাইয়া দিবেন। প্রথম প্রতি পংক্তি ৵০ আনা, তাহার পর ৵০ আনার কমে আর লওয়া হয় না।

চন্দ্রচূড় রস।

অরোচিত্বমুখস্রাবঃ প্রমেহাগ্নিনাশকঃ।
সাবক্ষোরোমুদ্রিতেন ন ক্ষোরোমুদ্রিতং বিনা॥

এই ঔষধটী যুক্তিপূর্ব্বক প্রস্তুত হইয়াছে। ইহা দ্বারা সকল প্রকার প্রমেহ এবং বাতকৌপলা আশ্চর্য্যরূপ আরোগ্য হইতেছে। ২১ দিনের মূল্য ৫ টাকা। ঔষধসহ ব্যবস্থাপত্র পাওয়া যায়।

কোষ্ঠাশ্রিত বায়ুর ঔষধ।

অর্থাৎ যাহাদিগের মল পরিষ্কার না হইয়া নানা প্রকার রোগ জন্মায় তাহাদিগের ২১ দিনের ঔষধের মূল্য ৩ টাকা।

শ্রীনগিন্দ্রমোহন সেন কবিরাজ।
কাশী, খাকনিয়ার তহবাড়ী।

অত্যুৎকৃষ্ট মহৌষধ

একবার ব্যবহার করিয়া দেখুন!!!

ইহা দেখীয় কতিপয় চিকিৎসক বাঙ্গালা ভিন্ন কিছুই নয়। ইহাতে রক্তামাশয়, সর্ব্বপ্রকার আমাশয়, অম্লকাশ্বেদ, অজীর্ণ ও অম্লপিত্তজনিত পেটের পীড়া নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ১৬ পুরিয়া এক টাকা প্যাকিং ৵০। অর্শরোগের অব্যর্থ ঔষধ। ৭দিবসে নিশ্চয়ই আরোগ্য হইবে। মূল্য ছয় টাকা প্যাকিং ।০। আরোগ্য না হইলে মূল্য প্রত্যর্পণ করিব। অন্যান্য নানা ব্যবস্থা দেওয়া যায়।

শ্রীপূর্ণচন্দ্র ভট্টাচার্য্য ভিষক্ চন্দননগর ফরাসি বিবরণ।

প্রসিদ্ধ বৈদ্যক গ্রন্থ।

ভাব প্রকাশের দ্বিতীয় খণ্ড প্রকাশিত হইয়াছে। ডাক মাশুল সহ মূল্য ১৸৵০। এই গ্রন্থের ১ ম খণ্ড প্রকাশিত হইলে এদেশের প্রসিদ্ধ সংবাদ পত্রসমূহের সম্পাদকেরা মুক্তকণ্ঠে ইহার বিশেষ প্রশংসা করিয়াছেন। এই পুস্তক কেবল ৯৭ নং কলেজষ্ট্রীট সোমপ্রকাশ ডিপজিটরিতে প্রাপ্তব্য।

শ্রীদুর্গাচরণ রায়—ম্যানেজার

(ডাক্তার ঘোষের ঔষধ।)

গোদ, জলদোষ ও ধবলরোগের উৎকৃষ্ট ঔষধ।

সিন্ধু-শোষক—ইহাতে গোদ ও জলদোষ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু এই দুটী রোগ অত্যন্ত পুরাতন এবং স্থানে স্থানে ক্ষত অসাধ্য হইলে এ ঔষধে কাতর হয় না।—মূল্য—প্যাকিং খরচা সমেত এক শিশি ৩৲০।

শ্বেতাঙ্কুর—ইহাতে ধবলরোগ নিশ্চিতরূপে আরোগ্য হয়। কিন্তু রোগ সর্ব্বাঙ্গব্যাপী বা পৈতৃক হইলে ইহাতে ফল হয় না। মূল্য—প্যাকিং খরচা সমেত এক প্যাকেট ২৲০।

এই দুটী ঔষধে পারা ইত্যাদি প্রকৃতি কোন বিষাক্ত দ্রব্য নাই। এই দুটী ঔষধ কলিকাতা ৫৬ নম্বর বিডন ষ্ট্রীট ডাক্তার ঘোষের দ্বিতীয় চিকিৎসালয়ে বিক্রীত হয়।

"কনক-নলিনী" এবং "সরোজ-বাসিনী।"
(মনোহর উপন্যাস)

এই মাসাধিক উপন্যাসদ্বয় স্ত্রীজাতিকে সচ্চরিত্র ও পতিভক্তি শিক্ষা দিতে বিশেষ পারদর্শিনী। সোমপ্রকাশ ও সংস্কৃত ডিপজিটরিতে ক্যানিং লাইব্রেরীর চীনেবাজার পঞ্চচন্দ্র নাথের দোকানে ও কলিকাতা নানাস্থানে পাওয়া যায়। মূল্য প্রত্যেকের এক এক টাকা।

ডাক্তার শ্রীনবীনচন্দ্র মুখোপাধ্যায়ের

অম্লনাশক চূর্ণ।

ও

অম্লশূল সংহারিণী বটী।

উক্ত ঔষধদ্বয় কলিকাতার দেশীয় উপাখ্যানে প্রস্তুত, সুরক্ষিত ও বিশ্বাস্য স্থানে বিক্রীত হয়।

অম্লনাশক চূর্ণ—অম্লরোগ যে কোন উপসর্গ লইয়াই হউক না কেন এই ঔষধ নিশ্চয়ই সেবন করিলে আরোগ্য হইবে নিশ্চয়। ৩ পয়সার মত চূর্ণ এই ঔষধ সেবন করিলে আরোগ্য হইবেন সকলেই অম্লবারি হইতে পরিত্রাণ পাইয়া সুস্থ হইয়াছেন। মূল্য ১ প্যাকেট ৷৷৵০ ডাকমাশুল ৵০। ২ প্যাকেট ৷৷৵০ ডাকমাশুল ৵০, ৬ প্যাকেট ৸৵, ডাকমাশুল ৷৵০ আনা।

অম্লশূল সংহারিণী বটী—যেরূপ ঔষধের পুরুষানুক্রমে কালিকে পাইলে বিধি অনুসারে সেবন করিলে অব্যর্থ ঔষধের ন্যায় কার্য্য করিবেক। এই ঔষধ ব্যবহারে বমন হইতে মুক্তিলাভ করিয়া অনেক অসাধ্য রোগী [illegible] আশীর্ব্বাদ ও প্রশংসা সূচক পত্র লিখিয়াছেন। বস্তুতঃ এই ঔষধ অম্লরোগের অমোঘ ও অব্যর্থ। এই ঔষধ কেবল অম্লরোগের শূল বেদনা নিবারণার্থ সেবনীয়, কিন্তু ইহা সেবন হইতে সম্পূর্ণ আরোগ্য লাভের বিশ্রামাবস্থায় অম্লনাশক চূর্ণ নিয়ম মত ব্যবহার করিতে হইবে। মূল্য ১ শিশি ৷৷৵০ প্যাকিং ।০ ডাকমাশুল ৵০ আনা। ১ ডজন ২৩ টাকা।

ঠিকানা সুবরমন, ডিস্পেন্সরি পলতাকুর

অংগ্রেজীর ডাক্তারিকাশের অনুবাদক।

শ্রীযুক্ত রসিকলাল গুপ্ত।

অবিনাশের আয়ু অধ্যবসায়ির ঔষধালয়।

কলিকাতা, ১১১ নং কলেজ ষ্ট্রীট, বহুবাজার।

বহুমূত্র ও মধুমেহ পীড়ার

মহৌষধ।

এই পীড়া আরোগ্যার্থ নানা অনুসন্ধান করিয়া একটী ঔষধ আবিষ্কার করিয়াছি। এই ঔষধ যথানিয়মরূপে ব্যবহার করিলে নিশ্চয় রোগ আরোগ্য হইবার সম্ভাবনা। প্রথমতঃ ছই সপ্তাহ ব্যবহার করিলে রোগের এবং উপসর্গ সকলের ক্রমশঃ হ্রাস হইতে থাকিবে। যথা—শরীর দৌর্ব্বল্য, হস্তপদাদির জ্বালা, গাত্রের রুক্ষতা, মস্তিষ্কের দৌর্ব্বল্য, কণ্ঠতালুর শুষ্কতা, পিপাসা, অতি ঘর্ম্ম প্রভৃতি উপসর্গ সকল ক্রমশঃ বিনষ্ট হইয়া "প্রস্রাব বারে ও পরিমাণে" স্বাভাবিক হয়।

৬ষ্ঠ সপ্তাহের ব্যবহারোপযোগী মূল্য ৯ টাকা।

শ্রীযুক্ত বাবু রসিকলাল গুপ্ত কবিরাজ মহাশয় আপনার বহুমূত্র ও মধুমেহের ঔষধ ও যোগক ৫ সপ্তাহ সেবন করিয়া আমার বিশেষ উপকার পাইয়াছে। বোধ করি আপনার উপদেশমত যাবতীয় নিয়ম রক্ষা করিয়া ঔষধ ব্যবহার করিতে পারিলে অধিক উপকার হইত। প্রথমতঃ প্রত্যহ ৩ বেলা যোগক ব্যবহার করিতে পারি নাই। মধ্যে মধ্যে এক একবার ব্যবহার করিয়াছি ও কোন কোন দিবস একেবারে করি নাই। ঔষধটী অতি অল্প ব্যবহার করিয়াছি। ২৭ এ বৈশাখ সন ১২৯১ সাল।

শ্রীযুক্ত বাবু উমেশচন্দ্র আচার্য্য কবিরাজ মহাশয় সমীপেষু।

নিবাস মহমনসিংহ।

দামোদর বাবুর উপন্যাস-গ্রন্থচতুষ্টয়।

সুবিখ্যাত উপন্যাস লেখক শ্রীযুক্ত বাবু দামোদর মুখোপাধ্যায় প্রণীত এই চারিখানি অত্যুৎকৃষ্ট নূতন

উপন্যাস	আদল মূল্য
(১) প্রতাপসংহ (ঐতিহাসিক উপন্যাস)	১৮০
(২) ছুইভগ্নী (সামাজিক উপন্যাস)	১
(৩) কমল-কুমারী (ঐতিহাসিক উপন্যাস)	১৷৷০
(৪) মা ও মেয়ে (সামাজিক উপন্যাস)	১৷০

১ লা বৈশাখ হইতে আগামী ৩০ এ আষাঢ় পর্য্যন্ত একমাত্র সমেত ২৷০ টাকায় বিক্রীত হইবে; ডাক খরচা লাগিবে ২৷০ আনা। সেই সময়ান্তে, বিনা ডাকমাশুলে প্রত্যেক পুস্তকের আদল মূল্য ৩ টাকা পড়িবে। আর প্রয়োজন হইলে ভিঃ পিঃ পুস্তকের ভিঃ পিঃ খরচা লাগিবে। ইচ্ছা করিলে ডাকমাশুলে বিনামূল্যে পাঠাইতে পারি।

শ্রীযুক্ত বাবু দামোদর মুখোপাধ্যায় প্রণীত

পাঠাইলে উপন্যাসগুলি পাইতে পারি। ইহার পাঠাইলে প্রত্যেক টাকায় ৵০ আনা কমিবেক।

১৬৮ নং বারাণসী ঘোষের ষ্ট্রীট কলিকাতা। } শ্রীদেবেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়

সংস্কৃতযন্ত্রের পুস্তকালয়

অতি নূতন পুস্তক।

সিটি সিণ্ডিকেট-প্রণয়ের হৃদয়-

বিনোদন ভাব দেখিতে চাহেন তিনি এই

পুস্তক শীঘ্র ক্রয় করুন।

কুলক্ষণী—অদর্শন।

([illegible] অন্তঃপুরকালের জীবন্ত ছবি সহিত।)

মূল্য ১০ আনা [illegible] ডাক মাশুল লাগিবে না।

যে মা [illegible] ১০, মফস্বল ১৷৵০ আনা।

সমাচারপত্রের সমালোচনা দেখুন।

[illegible] অবলম্বন—পুস্তকখানি আমরা আদ্যোপান্ত [illegible] করিয়াছি। প্রকৃত বাঙ্গালা প্রণয়ের প্রকৃত ছবি আমরা অতি অল্পই দেখিয়াছি। ইহাতে লেখক [illegible] মনের ভাব এমন সুন্দর চিত্রিত করিয়াছেন যে পাষাণহৃদয় পাঠকের হৃদয়েও তাহার প্রতিবিম্ব পড়িবে। লেখা সহজ্ঞ এবং প্রকাশ করিবার ভাষা যে সকল ভাব প্রকাশ করিয়াছেন, তাহা পাঠ করিয়া কবিত আমরা তাঁহার যত [illegible] তাহা, অল্প সময়ে করিতে পারি নাই।

আলোক ৭ ই বৈশাখ সন ২১ এ

Bengal Adarshan is an anonymous production apparently a young gentleman who has had [illegible] domestic mishap in having lost a beloved [illegible] from the effects of a difficult labour. It would appear to our unknown author has made his debut in this book before us, and we must say he has done remarkably well. We observe in it distinct signs of a promising genius akin to Poet [illegible]. Those who have read Babu Chunder Sekhar Mookerjee's Proym a work of some repute in [illegible] literature will not fail to find in the book [illegible] a decided improvement in writing. public times Indian Empire of 20 th April.

পুস্তক পাইবার ঠিকানা—শ্রীগোবিন্দচন্দ্র কর।

কলিকাতা—১৮ নং বহুবাজার ষ্ট্রীট।

সোমপ্রকাশ ডিপজিটরী।

২১ নং কলেজষ্ট্রীট কলিকাতা।

এখানে সোমপ্রকাশ [illegible] পুস্তক এবং সোমপ্রকাশে মাসিক ও উপন্যাস ইত্যাদি বিক্রয়ার্থ রক্ষিত হইয়াছে। নিম্নলিখিত পুস্তকগুলি মূল্যে প্রকাশিত হইল।

শ্রীমদ্ভাগবত ৵০, [illegible] অযোধ্যার ১৷০, Bhagabat Gita ১৷০, Half hour with Nature ৵০, Ancient world ১৷০, Modern world ২৷০, Speeches of Lord Ri ১৷০, A calender, (For ascertaining any of the week for any given time withu present century ৷০, Students guide ১৷০ কণ্ঠ ৵০, বালাসখা ২য় ৵০, মহাপ্রস্থান ১৷০, [illegible] ১৷০।

সোমপ্রকাশ সংক্রান্ত কয়েকটী বিশেষ নিয়ম।

সর্ব্বপক্ষে সোমপ্রকাশের অগ্রিম মূল্য ডাকমাশুল সমেত বার্ষিক ১০ টাকা এবং ষাণ্মাসিক ৫৷০ টাকা। অসমর্থ পক্ষে ডাকমাশুল সমেত ৭ টাকা। অসমর্থ পক্ষে মাসিক ত্রৈমাসিক বা ষাণ্মাসিকের নিয়ম নাই।

অগ্রিম-মূল্য না পাইলে সকলকে সোমপ্রকাশ প্রেরিত হয় না। যাঁহারা সোমপ্রকাশের মূল্য পাঠাইবেন, তাঁহারা স্ব স্ব নাম ধাম স্পষ্ট করিয়া লিখিয়া কলিকাতার দক্ষিণ সোণাপুর ডাকঘরের শ্রীযুক্ত ভূতনাথকুমার চক্রবর্ত্তীর নামে মনিঅর্ডার চিঠি, বরাত চিঠি, নগদ অর্থাদি, ইহার অন্যথা যাহাতে তাঁহার সুবিধা হয়, তিনি সেই উপায় করিবেন। অল্প আনার অধিক মূল্যের টিকিট প্রেরণ করিলে গৃহীত হইবে না। মূল্য নিঃশেষ হইবার পূর্ব্বেই কেহ সোমপ্রকাশ গ্রহণে অনিচ্ছুক হইলে অবশিষ্ট মূল্য ফিরাইয়া দেওয়া হইবে না।

যাঁহারা আমূল না লিখিয়া পত্রাদি প্রেরণ করেন, তাঁহাদিগের সেই পত্রাদি প্রায়ই গ্রাহ্য হইতে পারে না।

কেহ সোমপ্রকাশে বিজ্ঞাপন দিতে ইচ্ছা করিলে তাঁহাকে প্রথম তিন বার প্রতি পংক্তি ৵০ আনা, তাহার পর ৵০ এক আনা হিসাবে দিতে হইবে।

এই পত্র কলিকাতার [illegible] সোমপ্রকাশ যন্ত্রে [illegible] শ্রীযুক্ত ভূতনাথকুমার চক্রবর্ত্তীর দ্বারা মুদ্রিত হইয়া সোমপ্রকাশ আফিসে

ত্রৈমাসিক বার্ষিক মূল্য ডাকমাশুল সমেত ১০ টাকা। সাময়িক মূল্য ১ এক টাকা। ১২৯১ সাল। ২৮ এ জ্যৈষ্ঠ। ইং ১৮৮৪। ৯ ই জুন অগ্রিম বাষ্পাসিক ৫৷০, অগ্রিম মাসুল সমেত বার্ষিক ৭ টাকা মাত্র।

বিজ্ঞাপন।

মাথক মেহনার মহৌষধ।

যে সকল স্ত্রীলোকের সন্তান-প্রসবের পূর্ব্বে ও পরে পেটে বেদনা হয় ও পেটে গিরা, বুকে বক্ষাবেশ ও শ্বেত-প্রদর রক্ত-প্রদর প্রভৃতি পীড়া হয়, সেবনে উপকার অধিক পাইলে পরিবার মূল করে, সন্তান জিবলেক অধিক সেবন করিতে হয় না। বড়ো সন্তান হয় সময় উদর সেবন করিতে হয়, তজ্জন্য সন্তান পূর্ব্বে পত্র লেখা আবশ্যক। এক কৌটার মূল্য ২, টাকা পার্শ্বিং ৵০ আনা।

রতি-বিলাস তৈল।

অতি সুগন্ধযুক্ত সৌখীন তিল তৈল।

এই তৈল ব্যবহারে বায়ুরোগ, শিরঃপীড়া, মাথাঘুরা, মাথাধরা ও অনিদ্রা দূর হয়। মস্তিষ্ক শীতল, চুল ঘন, কোমল, কোঁকড়া লম্বা ও উজ্জ্বল কৃষ্ণবর্ণ হয়, গায়ে মাখিলে দুরন্ত প্রভৃতি চর্ম্মরোগ হয় না। অধিকন্তু শরীরে বল বৃদ্ধি হয়। প্রায় ৩মিনিট শীতল রাখে। মূল্য ৪ ঔন্স শিশি ৷৵০, ৮ ঔন্স৷৵০ বেঙ্গল পোষ্ট বোতল ৸০, পার্শ্বিং ৵০ ও টোকা বোতল ১৷০, পার্শ্বিং ৷৵০। অধিক লইলে আলাদিদা মাশুল।

মেহনাশক মলম।

এই ঔষধ সেবনে প্রস্রাবের জ্বালা যন্ত্রণা ও ধাতু মিশন, শ্বেত-প্রদর, মূত্রাশয়ের দুর্ব্বলতায় মূত্র ত্যাগ করা এবং এই সকল রোগজনিত জ্বর, অরুচির হয় পরিষ্কার হয় পরিষ্কার শরীরের বল বৃদ্ধি হয়। মূল্য ১৷০ পার্শ্বিং ৷৵০ আনা।

উদাসীন হইতে প্রাপ্ত।

সর্ব্বপ্রকার অর্শ রোগের অব্যর্থ মহৌষধ।

ইহা খাইবার মুখ জ্বালা, আহারান্তে, অম্ল বমন ও বমন, অম্লোদ্গার, উদরাময়, অগ্নিমান্দ্য, বেদনা, আমাশয়, অজীর্ণ পুরাতন পুরাতন জ্বর, রোহণী, অম্লপৈত্তিক জ্বর, প্লীহার উপসর্গ বিশিষ্ট অম্লপিত্ত ব্যাধি এই আশ্চর্য্য ঔষধ সেবনে সাদুলি যাইবে সন্তানের জ্বালা নিশ্চয় আরোগ্য হয়। মূল্য ১৷০, পার্শ্বিং ৵০ আনা।

শ্রীকেদারনাথ চক্রবর্ত্তী।
১৮ নং মুক্তারামের বাবুর, ঝামাপুকুর, সিমলা
কলিকাতা।

আমি অতি দুঃখিত হইয়া গ্রাহকগণকে জানাইতেছি, নানা কারণের বশবর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদকতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর ইহা আর সোণারপুর ডাকঘরের অধীন চাঙড়িপোতায় প্রকাশিত হইবে না। যদি কেহ ইহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১২৯০ সাল
১ লা চৈত্র
} শ্রীহরকান্তনাথ শর্ম্মা।
চাঙড়িপোতা
সোণারপুর ডাকঘর ২৪ পরগণা।

শ্রীযুক্ত হরকান্তনাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত নিম্নলিখিত মূল্যে ও ডাকমাশুলে কলিকাতা ৯৭ নং অপার সার্কুলার রোড সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়।

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ ম ভাগ	৵০	৫০
২ য় ভাগ	৵০	৫০
নীতিসার।		
১ ম ভাগ	৵০	৫০
২ য় ভাগ	৵০	৫০
৩ য় ভাগ	৵০	৫০
বিশ্বেশ্বর শিলার্পণ	।০	১০

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাকমাশুল /১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

প্রেরিতপত্র।

সম্পাদক মহাশয়! কতিপয় শিক্ষিত লোকের বিধবাবিবাহের বিপক্ষে মতামত দেখিয়া বিস্মিত হইয়াছি। তাঁহারা বলেন, স্ত্রীশিক্ষার পরিবর্ত্তে বিধবাবিবাহে মত দিতে হয় ইহা আশ্চর্য্য কিন্তু কেন আশ্চর্য্য তাহা আমাদিগকে বুঝাইয়া দিলে ভাল হইত। আমাদিগের ক্ষুদ্র বুদ্ধিতে যাহা অত্যধিকের অসাধিক, মঙ্গলসাধক তাহাই যুক্তিযুক্ত, আর তাহার বিরুদ্ধ যুক্তিকে আমরা অযুক্তির যুক্তি বলি, ইহাতে আমাদিগের মতভেদ আছে।

প্রজা-বৃদ্ধির অভিলাষী বলিয়া আমরা চিরকাল

...ছি ; পাঠিয়াছেন বলেন যে কোটী লোক পূর্ণ ...য়েজাতির কি কমসম্পাদ বৃদ্ধি হয় নাই ? ...ত্তাপ্ত তুচ্ছ আমরা এরূপ ভাবি না, আর ভারত তুচ্ছ হইলেও যে বিধবাদিগকে পুনর্ব্বিবাহে বঞ্চিত করিলে অপরিমিত জনবৃদ্ধিদোষ নিবারিত হইবে, ইহাও আমাদিগের সন্তোষজনক রূপে হৃদয়ঙ্গম হয় নাই। বিজ্ঞাসা করি, যদি লোক-প্রবাহ নিবারণ করাই স্থির হয় তবে এ ব্যভিচারনৈতিকবৃদ্ধি মৃতপত্নীক পুরুষদিগের উপর ব্যবহার করিলে ভাল হয় না কি ? নিয়ম করুন না কেন যে মৃতপত্নীক পুরুষেরা পুনর্দ্বিবাহের অধিকারী হইবেন না ; যদি এ কথাতে প্রতিবাদক সম্মত হন, তাহা হইলে বুঝিব তিনি নিতান্তই নিরপেক্ষ ভাবিক।

...র পর বিধবাগণ অলঙ্কারাদি নিমগ্ন। পতি গুরুদেব ভের চিন্তা তাঁহাদিগের পবিত্র হৃদয়ে স্থান পায় না। সমাজ 'কঠিন' শিক্ষা দ্বারা তাঁহাদিগকে এই পোষাকীত আত্মসংযম-বিদ্যায় বিশারদ করিয়া তুলিয়াছেন। প্রতিবাদক এইরূপ বলেন, কিন্তু এ সকল কথা সত্য কি ? অনিচ্ছিত স্বাধীনতা বিরহিত বিধবাগণ অত্যাচার প্রভাবে যে ঐরূপ অস্বাভাবী প্রকৃতি পাইতে পারে, তাহা আমাদিগের সহীবুদ্ধির অগম্য। যোগেন্দ্র বাবুর কি জিজ্ঞাসা করি এদেশে অনেক বিধবা তুশ্চরিত্রা হয়েন ? ইহা কখনই বিধবাদিগের সম্পূর্ণ স্বাধীনতাসূচক প্রশ্ন হইতে পারে না। কারণ সত্য ...ঈশ্বর নির্দ্দোষ ও পবিত্র জিনিষ, তাহাকে অপবিত্র স্বীকার করিতে, তাহারও লজ্জিত হওয়া উচিত নহে। বিধবাবিবাহ কোন সময় হইতে রহিত হইয়াছে তাহা নির্ণয় করা যদিও অসম্ভব, তথাপি ইহা আমরা বলিতে পারি যে এ নিয়ম তুইশ ভি... বিদ্যার ১৬৫৮ সালের ঘোষণাপত্রের ন্যায় চিরকাল অপ্রতিপালিত হইয়া আসিয়াছে। বিধবারা এ বিষয় বিরুদ্ধে পাকাশো বিদ্রোহী হন নাই বটে কিন্তু কার্য্যতঃ তাঁহারা উহাকে শাস্ত্রকর্ত্তাদিগের প্রলাপবাক্যের মধ্যে পরিগণিত করিয়াছেন। সুবিজ্ঞিত পুরুষগণ যে ইন্দ্রিয়ের দমনে অসমর্থ, তাঁহাদিগের অপেক্ষা অশিক্ষিত ইন্দ্রিয় বিজয়িনী অধিকতর অবলাগণ সে ইন্দ্রিয়ের দমনে সমর্থ হন না, ইহা বড় আশ্চর্য্যের কথা নহে। ...ন্নত মুষ্টীমাত্র প্রথা ভিন্ন প্রথম শতাব্দীর প্রারম্ভ আমাদেশে আমরা তাঁহাদিগকে অধিমুক্তে অবিরত ...হিক অত্যাচার করিতাম। বৈধব্যদিগকে সে ...ধা দিতে, গিয়াছে এরূপ কথা মুখে আনিতে হৃদয় কম্পিত হয়। ...ক্তিক যোগেন্দ্র বাবুর মতে বলেন বিধবারা পতিবিয়োগে নিতান্ত যে, এরূপ বেদনায় বিলাপ-আদিতে

বিধবাবিবাহবিষয়ে ইংরাজ উন্নতি করিয়াছে কি না ইহা এস্থে করা হইয়াছে। সমাগর ভারতের অধিশ্বর অধিপতি ইংরাজদিগের উন্নতিপ্রিয়তা আমরা বুঝিয়া পাই না, আমরা এরূপ অনুমান করিয়া ধন প্রাণে মরিব কেন ? ...ভি, সামাজিক উন্নতি বিষয়ে কি ভারতে ইংরাজদিগের উন্নতি সম্ভব ? ইংরাজদিগের আত্মসমাজ সুশিক্ষিত ...া থাকিলে ইং... চ. নল পাব হইতে পারিত না। সমস্ত ...ীয় উন্নতির বীজ সমাজদেহে অবশ্যই থাকে, ...োপের সমাজ আমাদিগের এ পাপ সমাজ তুলনায় স্বর্গ। তথায় দীর্ঘ নিশ্বাস ...অশ্রুবর্ষণ নাই, হাহাকার নাই। তথায় সাধের ...া, একপত্নী, আর একপত্নীকে নিশ্চিন্তচিত্তে ...া ...রণ না, নিশ্চিন্ত শিরা বৃদ্ধতী বিধবা ...ক্তিকে আলিঙ্গনের সহিত গ্রহণ হইতে বাধ ...া নিশ্চিন্ত না বৃদ্ধতী তথায় চরিত্রদোষের ...া ...র্শকে প্রশংসিত করে না। ...িতপতি বাবু ...ইংরাজ শিক্ষিত সাধারণের এত... মত ইহা ...ত ...া করিয়া পাইলেন, ইহাতি... সাধ রণের মত ...া অধিক লোকাক্ত ব্যক্তির মত বুঝি পাই, অধিকাংশ লোকেই সাধ রণের মত ...ক অনুমান করিয়াছে। শিক্ষিত ব্যক্তিদিগের অধিকাংশের ...া ...ের অনুকূলে কি প্রতিকূলে তাহা আমাদিগের জানিতে ইচ্ছা ...ংবাদপত্র ও মাসিক পত্র সকলের ...া ...ার অবশ্য শিক্ষিত, সেই শ্রেণীর আধিক্যে ...া সন্দেহই তাঁহার সন্তোষের নিদান হইবে ...া

...ন আমাদের ...া ...ক্ষেত্র বাবু কেবল উপরোধে ঢেঁকি গিলিতে অগ্রসর হইয়াছেন। ...ংকে বোধ ...া ...ন, তিনি অনুরোধ অপেক্ষাও সন্দেহের ...া ...ন সুখের বিষয়। কিন্তু ভিকপতি বাবুর এ সকল ...ন্দেহ ভাঙ্গিয়া বিধবাবিবাহ করিবার প্রয়োজন ...া, এবং বর্ত্তমান বিষয়ের স্থলে প্রাসঙ্গিক ...া ...ার কার্য্য করা পদার্থ, আমরা কোন সময় ...ন বিতর্ক করি নাই, মীমাংসার ...ক করিতেছি ভিকপতি বাবুর মতে বিধবাবিবাহ করা ...ক না ইহাই আমাদিগের জিজ্ঞাসা ছিল, ...ন কার্য্যতঃ কি করেন তাহা তাঁহা আমাদিগের অনাবশ্যক।

ভিকপতি বাবু যখন বিধবাবিবাহ চলিলে, সুন্দর সুগঠিত হিন্দু সমাজ ভগ্ন হইবে, এবং হিন্দুদিগের হৃদয়ে বিশেষ আঘাত লাগিবে। এরূপ অনুমানের কথা যখন মুখে আনিতে হৃদয় কম্পিত হয়, তখন যোগেন্দ্র বাবুর মনে যখন বিধবারা পতিবিয়োগে নিতান্ত যে, এরূপ বেদনায় বিলাপ-আদিতে

আমরা নিরন্তর বাধিত হইতেছি, তাহারা কি অপরিমিত বিষয় নহে ? যেখানে ...ার সমস্ত বিষয়ের যে অবনতি হয় তাহাতি আমরা এ জাতীয়ের সহিত সাক্ষাৎ হইবার ভয়ে অতি ...প্রকাশ্যভাবে বিলুপ্তি যাবৎ, তাবৎ ব্যভিচারী এই, যে বাল্যকাল হইতে বিধবাদিগের পর্য্যন্ত বিবাহ বন্ধ করিতে চাহেন। এই উক্তি যে অনুমান করিয়া সকল তাহা অনুভব পাঠকগণের বিচার্য্য, আমরা যদি যদি সেরূপ অনুমান দিয়া কখনও কোন দোষ আইসে, তাহা হইলে এই বিবাহকার্য্য লোকসমাজের প্রতিরোধক হইবে না, তাহার তাহা হইলে সমাজ সেই আধিক্য সুখ-প্রবাহের অবস্থায় উপনীত হইবে মাত্র। যাহারা উদ্ভাবনে পরাঙ্মুখ পারে কিন্তু রক্ষণে করিতে পারে ইহা আমাদিগের সুখ-বিষয় অভিজ্ঞের যোগ্যতা নহে।

যদি প্রতিবাদকগণ পুরুষ ও স্ত্রীজাতির প্রতি নিরপেক্ষ বিচার করিতে ইচ্ছা করেন তাহা হইলে, লোক গণনায় যে সকল ফল বাহির হইয়াছে তাহার প্রতি তাঁহাদিগের দৃষ্টিপাত করা অবশ্য কর্ত্তব্য। দেখা উচিত যে বিধবাদিগের বিবাহ বন্ধ থাকায় পুরুষদিগের অসুবিধা ঘটিয়াছে কি না। যত অবিবাহিত পুরুষের সংখ্যা ১৬০৩৮৬০৫ জন কিন্তু অবিবাহিত রমণীর সংখ্যা ১০০১১৮১১ জন বই নয়। সুতরাং অবিবাহিত পুরুষের সংখ্যা প্রায় ৬০ লক্ষের অধিক। আবার এদেশে ৭১৯৫৬৪৭ জন বিধবা আছে কিন্তু পৃথিবীপূজ্য পুরুষ ১৩৭৪১৮৪ জন বই নয় সুতরাং বিধবাদিগের সংখ্যা স্ত্রীলোক পুরুষদিগের অপেক্ষা ৬০ লক্ষেরও অধিক। সুতরাং এক পক্ষে ৬০ লক্ষ পুরুষ বিবাহ অভাবে বিদ্রোহী, অপর পক্ষে ৬০ লক্ষ বিধবাবিবাহ অভাবে বিদ্রোহী ; এই দুই অসন্তুষ্ট ইন্দ্রিয়বিতাড়িত সেনা হইতে যে দেশে যাবতীয় কুৎসা উত্থিত হইতেছে তাহা অস্বীকার করা কখনই অধিকৃত মস্তকের কার্য্য নহে, তাই সমাজকে বলি সমাজ ! আর উহাদিগকে রুদ্ধ করিও না, উহাদিগকে আর অন্তর্ভাবে মিলিত হইতে বাধা দিও না, বিধবা দিগের মুক্ত জীবনে জীবন সঞ্চার কর, অতীত পাপের প্রায়শ্চিত্ত করিয়া একবার আর্য্য-প্রভাবের পবিত্র সুখ অনুভব কর (১)।

ইন্দ্রাণীপুর } শ্রীযদুনাথচন্দ্র বন্দ্যোপাধ্যায়।
ঝিনেদা } ঐ ঐ যশোহর

(১) বিধবাবিবাহ বিষয়ক আবেদনপত্র সোমপ্রকাশে প্রকাশিত হইয়াছে, এখনও আর কয়খানি পত্র আসিবার আছে। আমরা আশা করি আর এ ইচ্ছা নয় যে, পত্র প্রেরকেরা বিধবাবিবাহবিষয়ক প্রকাশ করিয়া অনর্থক বিলম্ব করিবেন। তিনি বিধবাবিবাহ সম্পন্ন করিতে পারিবেন তিনি আমাদের

...ভাগলপুর মুন্সেফ সভা।

...পণ্ডিতবর শ্রীযুক্ত ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর মহাশয় ভাগলপুর মিউনিসিপালিটীর কর্ত্তারা অথবা কমিশনরদিগের সহিত পুরাতন পদ্ধতি-বশ শ্রীযুক্ত রামকমল সেন মহাশয়ের ভাগলপুর মিউনিসিপালিটীর কমিশনরদিগের সভাপরিবর্ত্তনে যে বিশেষ ঘটিয়াছে (অর্থাৎ নূতন মিউনিসিপাল আইন অনুসারে কি প্রকারে কমিশনরেরা নির্দ্ধারিত হইবেন তদ্বিষয়ে) আপনাদিগকে জানান করিয়াছেন, সেই ভাগলপুর বিষয়ের শ্রীমতীসাব প্রবেশ করিবার পূর্ব্বে "মুন্সীকটার মাহ" অনুসারে অদ্য বিশেষ অধিবেশনের অর্থাৎ ৬ই এপ্রেল ভাগলপুর পঞ্চবিদ্যালয়ে যে অধিবেশন হয় সে বিষয়ের কার্য্যবিবরণ সংক্ষেপে বর্ণন করা সম্পাদকীয় কার্য্য বোধে নিম্নে লিখিত হইল:—

সেই অধিবেশনে ৫ টী মাত্র প্রস্তাব উত্থাপিত, অনুমোদিত ও সমর্থনকৃত হইয়াছিল, এবং ঐ গুলি ৯ই এপ্রেল ডেপুটকমিশনর সাহেবের সমীপে প্রেরিত হইয়াছে। তন্মধ্যে প্রথম প্রস্তাব এই—

"১৮৭৬ সালের ৫ আইনের (অর্থাৎ মিউনিসিপালিটীসংক্রান্ত আইনের) ৫৫ ধারা অনুসারে আমরা কমিশনরদিগের উপর অর্পণ করিতে পারিতেছি না; কারণ মিউনিসিপালিটীর আয়ের অন্যান্য স্থান হইতে মিউনিসিপালিটী যে অর্থ সংগ্রহ করিতে সক্ষম।

এই প্রস্তাব উপলক্ষে কিঞ্চিৎ কমিশনর আপত্তি করিয়াছেন। করদাতৃসম্প্রদায়গণের এ বিষয়ে বিশেষ মনোযোগ প্রার্থনা করা যাইতেছে পুনরায় কার্য্যবিবরণের পর্য্যালোচনা না করিলে, যথার্থ সিদ্ধান্তে উপনীত হইতে পারা যায় না এ কথা আপনারা বিশেষরূপ জানেন। সুতরাং কমিশনরি হাতবাচিৎসংক্রান্ত করদাতৃগণের যথার্থ ফল জানিতে হইলে অগ্রে পক্ষসমর্থনী দুই একটী বিষয় লিখিতে হয়, ও দুই চারিটী কথা কহিতে হয়। সেগুলি এই:—বর্ত্তমান হাতবাচিৎসংক্রান্ত কি প্রকার চলিতেছে; কাহাকে মিউনিসিপালিটী বার্ষিক কত টাকা দিতেছে, সেপর্য্যন্ত কমিশনর-প্রদত্ত সময় উত্তীর্ণ হইলে বার্ষিক কত টাকা ঐ বা দিতেছেন; ইহাতে নিযুক্ত আফিস কর্ম্মচারীর প্রভৃতি বর্ত্তমান মহাশয়গণ বার্ষিক বা বার্ষিক কিছু টাকা পেন্সন পাইতেছেন, তাহার কত টাকা এবং কাহার কাহার প্রাপ্য হইবে। আমরা কত এই পেন্সনি [illegible] হইবার। যদি কেহ নূতন বিষয়বিভাগের সময়ে নিযুক্ত হইয়াছেন, তাঁহার পক্ষে আমরা কিরূপ ও কত্তা করিব।

[illegible] হইবে, ভাগলপুর মিউনিসিপালিটীর বর্ত্তমান অধিবাসী অবস্থায় কত, সংক্রান্ত রোগী বৎসরে চিকিৎসিত হইয়া থাকে, তাহার সীমা নির্দ্ধারিত করা [illegible] রোগীদিগের আবাসে আসিয়া আরোগ্য বা কমা-রোগ্য লাভ করে, ইত্যাদি। আর ইহাও দেখিতে হইবে যদি চিকিৎসালয়ের বর্ত্তমান অবস্থা পরিবর্ত্তন হয়, অর্থাৎ যদি কোনও স্থানে অধিবাসীর সংখ্যা হ্রাস বা বৃদ্ধি হয়, এটী যদি কেবল মিউনিসিপালিটীর দ্বারে চালিত হয়, তাহা হইলে এই চিকিৎসালয় চালাইতে মিউনিসিপালিটীর কত টাকা দেওয়া সঙ্গত ও যুক্তিযুক্ত; এটী বর্ত্তমান অবস্থায় থাকিবে কি মিউনিসিপালিটীর বর্ত্তমান আয় অনুসারে বিভিন্ন আকারে পরিবর্ত্তিত করিতে হইবে; অন্যান্য অবশ্যকর্ত্তব্য কার্য্যের ব্যাপারে ইহার ফলের পরিপুষ্ট করিতে হইবে কিনা অথবা করা উচিত কি না, ইত্যাদি।

উপরিউক্ত আরও বিষয়গুলি আপনাদের সম্মুখে উপস্থিত করিলাম। এক্ষণে চিকিৎসালয়ে প্রবেশ করুন। এতদিন চিকিৎসালয় কিরূপ উপায়ে চলিয়া আসিতেছে:—১ম উপায়, মিউনিসিপালিটী ইহাতে বার্ষিক ৫০০ টাকা সাহায্য করিত। ২য় উপায়, কমিশনর সাহেবদিগের হস্ত যা কিছু টাকা। এই দুই টাকা একত্র করিয়া চিকিৎসালয়টী চলিয়া আসিতেছে। [illegible] ক্রমে ক্রমে ক্ষীণ হইয়া আসিতেছে; টাকা যদি যাইতে ক্রমশঃ হ্রাস পড়িতেছে। কমিশনর সাহেব বাহাদুরের নিকট হইতে ঐ টাকাগুলির উপায়রূপ প্রতিবর্ষ ভরসা আসিতেছে; চিকিৎসালয়ের কর্ত্তারা ঐ ভরসায় নিশ্চিন্ত, বিপরীত ও অল্প মনে বিরক্ত হইতেছেন। এমন কি মনে করিতেছেন যে কি কুক্ষণে হাতবাচিকিৎসালয়ের ঐ বার্ষিক সাহায্য করিয়াছিলাম, এ আপদ কবে ঘুচিবে; কবে এ আপদ মিউনিসিপালিটীর ঘাড়ে চাপাইয়া নিশ্চিন্ত হইব। মিউনিসিপাল কমিশনরগণ হাতবাচিকিৎসালয়ের সম্পূর্ণ ভার মিউনিসিপালিটীর ঘাড়ে চাপাইবার জন্য বহু দিন হইতে বিশেষ যত্নবান আছেন। কেবল কমিশনর সাহেবের মুখরক্ষার জন্য কথার কথা কার্য্য হইতে পারিতেছেন না। এমন সময়ে লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুরের একখানি ঘোষণাপত্র আসিয়া তাঁহাদিগের চিরাভিলষিত মনোরথকে পূর্ণতার করিয়া দিল। ঘোষণাপত্রে লেপ্টেনাণ্ট গবর্ণর এই বলিয়াছেন। যে, হাতবাচিকিৎসালয়টী কমিশনরদিগের উপর অর্পণ করা তাঁহার অভিপ্রায়। এ বিষয়ে যদি তাঁহাদের কোন আপত্তি থাকে, তাহা হইলে তিনি এক মাসের মধ্যে ঐ আপত্তি লিখিয়া পাঠাইবেন। আমাদের মিউনিসিপাল কমিশনরগণ তদ্বিষয়ে এই "অনুকূল মনোভাব"।

অবধারণ করিয়া করিয়া সেক্রেটারী [illegible] সেই ঘোষণাপত্রের প্রত্যুত্তর পাঠাইলেন "আমাদের কোন আপত্তি নাই।"—তাহাতেই কি আমাদের কোন আপত্তি আছে কি না জানিবার কথা একবারও চেষ্টা করিলেন না। যদি মনের অবস্থাটা কি? তাহাদিগকে আবার কি জিজ্ঞাসা করিব? আমরা তাহাদিগের চতুর্দ্দশ পুরুষ জিজ্ঞাসা"—বেশ, মানিলাম; কিন্তু জিজ্ঞাসা করি মিউনিসিপালিটীর মধ্যে চক্রান্তকারি যারা ঐ ঘোষণাপত্র আনার করিবার জন্য লেপ্টেনাণ্ট গবর্ণর যে আজ্ঞা করিয়াছেন তাহার অর্থ কি? যদি অবস্থাটা ভেটিয়া হইবে, তবে তাহের অধিকে আমাদের কমিশনর করিবার দরকার ছিল কি? দরকার এই—যদি কেহ কোন আপত্তি করে। আর—কমিশনর বাহাদুরদের একবার ইহা জানা উচিত ছিল, যে, যখন লেপ্টেনাণ্ট গবর্ণর স্বয়ং করিতেছেন "কোন আপত্তি আছে কি না," তখন একবার একটা আপত্তি করিয়া দেখা যাউক; ফল হয় ভাল, না হয়, সেই তাহার উপযুক্ত ব্যবস্থা করা যাইবে।

কমিশনরদিগের এইরূপ অপূর্ব্ব আচরণ দেখিয়া করদাতৃগণ অবাক হইয়া গত ৬ই এপ্রেল তারিখে এক সভা করেন এবং চিকিৎসালয়ের ভার অর্পণ সম্বন্ধে পূর্ব্বোক্তরূপ আপত্তি লিখিয়া পাঠান। কিন্তু করদাতৃগণের সম্পাদক বেণিমাধব, যে, যে সময়ের মধ্যে তাঁহাদের আপত্তিপত্র কমিশনর সাহেবের নিকট উপস্থিত হইবে, তাহার পূর্ব্বেই মিউনিসিপাল কমিশনরদিগের "আপত্তি নাই" পত্র লিখা তাঁহার নিকট পৌঁছিবে সুতরাং কমিশনর সাহেব কোন আপত্তি আছে, কি না আছে, কিছুই জানিতে না পারিয়া, বাহাদুরদিগের প্রেরিত "আপত্তি নাই" পত্র খানিই লেপ্টেনাণ্ট গবর্ণরের নিকট পাঠাইবেন। এই অনিষ্টের আশঙ্কা করিয়া সম্পাদক ১২ই এপ্রেল লেপ্টেনাণ্ট গবর্ণর বাহাদুরের নিকট একখানি আবেদনপত্র পাঠান, এবং তাহার একখানি নকল কমিশনর সাহেব বাহাদুরের নিকট পাঠাইয়া দেন। ঐ আবেদনপত্রের মর্ম্ম পূর্ব্বোক্ত ৯ই এপ্রেল তারিখে ডেপুটকমিশনর সাহেবের নিকট প্রেরিত পত্রে বর্ণিত ১ম প্রস্তাবের মত। (Read the original Petition to his Honor the Lieutenant Governor.)

এই আবেদনপত্রের নকল খানি বোধ করি আমাদের কমিশনর মহাশয়দিগের হস্তগত হইয়াছে। হস্তগত হইবার দুই এক দিন পরেই ভাগলপুর গ্রামে মূলুক কাণ্ড উপস্থিত হইয়াছে; চারিদিকে রব উঠিয়াছে "A certain gentleman" "কোন ভদ্র লোক" ইত্যাদি হাতবাচিকিৎসালয় উঠাইবার

জনা লেপ্টেনাণ্ট গবর্ণরের নিকট দরখাস্ত করিয়াছে। অমনি খাতা প্রস্তুত হইল, লোক বাহির হইল, সই হইতে লাগিল; কথা কি না ডাক্তারখানা থাকা চাই। এই প্রকাণ্ড কাণ্ড লোকমুখে শুনিয়া আমার অন্তঃকরণে মহারাজ বল্লাল সেনের রচিত শ্লোকের শেষাংশ আবির্ভূত হইল। তাহা এই—

"প্রারম্ভো মধুপৈরকারণমহো ঝঙ্কারকোলাহলঃ" অর্থাৎ অহো! মধুপায়িগণ অকারণ এই বৃথা কোলাহল তুলিয়াছে। এই কোলাহল সম্পূর্ণ অলীক ও অমূলক।

করদাতৃমহোদয়গণ! একবার বিবেচনা করিয়া দেখুন— যদি আমাদের মিউনিসিপালিটীর কর্ত্তারা চিকিৎসালয়ের সম্পূর্ণ কায় কারে পরিত হন, তাহা হইলে প্রতি বৎসর মিউনিসিপালিটীকে ডাক্তারখানার জন্য সাড়ে আটশত বা পৌনে নয় শত টাকা দিতে হইবে: তাহা হইলে হাতযাচিকিৎসালয়টী আপাততঃ যেরূপ অবস্থায় চলিতেছে অর্থাৎ ইহার মাসিক বা বার্ষিক খরচ এক্ষণে যেরূপ হইতেছে ঠিক সেই পরিমাণ ব্যয় দিয়া মিউনিসিপালিটি এটীকে বজায় রাখিতে পারিবে কি না, অর্থাৎ স্বীয় আয় ব্যয় বিবেচনা করিয়া এরূপ-ব্যয়সাধ্য ডাক্তারখানা চালাইতে পারিবে কি না—বিবেচনা করুন। যদি এ ভাবে চালান অসম্ভব ও অসঙ্গত বোধ হয়, তবে অবশ্যই এতদপেক্ষা ন্যূন ব্যয়ে চালাইতে হইবে। আমরা দেখিতেছি আমাদের সন্নিহিত বারুইপুর মিউনিসপালিটী হাতযাচিকিৎসালয়ের জন্য বার্ষিক ৬০০৲ টাকা দিয়া সুশৃঙ্খলে ডাক্তারখানা চালাইতেছেন আমাদের রাজপুরমিউনিসিপালিটীর সে নিয়ম খাটে না? তদ্ভিন্ন তাহাতে অধিকাংশ টাকা ডাক্তারখানার ব্যয় করিলে অন্যান্য পূর্ত্তকার্য্যের জন্য টাকা কোথায় পাওয়া যাইবে। ডাক্তারখানা সম্বন্ধে করদাতৃসভার সম্পাদকের এই মত। অন্যথা—কাহার না ইচ্ছা কাহার না কামনা, কাহার না আন্তরিক অভিলাষ, যে, দেবলোকের চিকিৎসক অশ্বিনীকুমারদ্বয় অথবা বৈদ্যকশাস্ত্রের আদিপ্রচারক সুবিখ্যাতনামা ধন্বন্তরি কিম্বা হোমিওপ্যাথি পদ্ধতির অধিনায়ক হানিমান, অথবা অন্ততঃ একজন এম ডি, কিম্বা একান্তপক্ষে একজন এম বি, আসিয়া আমাদিগের হরিনাভি হাতযাচিকিৎসালয়ে অবতীর্ণ হন, এবং আমাদিগের ব্যাধিপীড়িত করদাতাদিগকে অরোগী করিয়া তুলেন সকলেরই ঐকান্তিক বাসনা, সন্দেহ নাই। কিন্তু মিউনিসিপালিটীর আয় সমষ্টির প্রতি দৃষ্টি নিক্ষেপ করিলে সে বাসনা কল্পনীকুকের বাসনার ন্যায় শুষ্ক হইয়া যায়। আমাদের মিউনিসিপালিটীর বার্ষিক আয় প্রায় ৭০০০, সাত হাজার টাকা। এই টাকাটী সমগ্র ব্যয় করিলে একজন এম ডি, কে আমাদের হরিনাভি চিকিৎসালয়ের ভার করিতে পারা যায়। তাই করা কি বৈধ? না যেমন আর সেই মত ব্যয় করিয়া একটী ডাক্তারখানা প্রতিপালন করা কর্ত্তব্য? করদাতৃ মহাশয়গণ! এই বিষয়ের মীমাংসার ভার আপনাদের উপর অর্পণ করিলাম। বলুন দেখি, ইহার নাম কি ডাক্তারখানা? চটাচটা দেওয়া? বলুন দেখি, ইহার নাম কি রাস্তা ঝাঁটাইয়া সম্পাদন করা? বিদ্যালয়, চিকিৎসালয়, রাস্তা ও পরিষ্কার পরিচ্ছন্ন পথ ও ঘাটপ্রণালী মিউনিসপালিটীর অত্যুজ্জ্বল চূড়ান্ত কার্য্য বলিয়া কে অস্বীকার করিবে? ঐক সকল একত্রই মিউনিসিপালিটীর সমান দৃষ্টিপাত করা উচিত। কোনটী হইলেই সুন্দর বিধান হয়, মন কুন্ন হয় এবং কোনটীরই সমাজ অসন্তুষ্ট হয়।

শ্রীহরকৃষ্ণ কবিরত্ন।

রাজপুর করদাতৃসভার সম্পাদক।

নামপ্রকাশ

এ জ্যৈষ্ঠ সোমবার।

- বিষয়ে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টের এখন কি কর্ত্তব্য।

সম্পাদকেরা যেরূপ কাণ্ড করিয়া তুলিয়াছেন, তাহাতে বোধ হইতেছে, কল তাহার এই শুরুতর সংবাদেই যেন ভারতের পশ্চিম সীমায় উপস্থিত হইবে। কেহ কহিতেছেন যে ভারতে ব্রিটিশ সৈন্য সংখ্যা বৃদ্ধি করা উচিত, কেহ কহিতেছেন, মিত্র রাজগণের চিত্তারাধন করা আবশ্যক, কেহ কহিতেছেন, অস্ত্রোদ্যের কারণ উপস্থিত করিয়া ভারতীয় প্রজাগণকে অস্ত্রশস্ত্র করিয়া রাখা উচিত, ইত্যাদি।

আমরা এই সকল পত্র পাঠ করিয়া যথার্থই চিন্তিত হইয়াছি। আমাদের মনে এই শঙ্কা জন্মিতেছে, লর্ড লিটনের অধিকারকালে যেমন বাঙ্গালিরা যেমন বাঙ্গালে রণকোলাহল উপস্থিত করিয়াছিলেন, অর্থাৎ দরিয়ায় * চালিয়া ছিলেন, অন্যায় মত আইন প্রচার করিয়াছিলেন এবং সমাচারপত্রের স্বাধীনতা হরণ করিয়া দেশের উন্নতির প্রতিরোধ ও ব্রিটিশ জাতির পাত্র কলঙ্ক পঙ্ক নিক্ষেপ করিয়াছিলেন, আবার যদি সেইরূপ কাণ্ড করিয়া তুলেন। রুশ ভলুক দোলজিহ্ব হইয়া ভারতের প্রতি তীব্র দৃষ্টিনিক্ষেপ করিতেছে, তাহা আমরা অস্বীকার করি না, কিন্তু এখনই যে ভারত আক্রমণে সমর্থ হইবে, তাহার সম্ভাবনা নাই। রুশেরা ভারত অধিকার করিয়া লইবে, একথায় বিশ্বাস প্রাচীনেরাও বাল্যকাল অবধি রুশের ভারত আক্রমণের কথা শুনিয়া আসিতেছেন। মরমুবকেরা আমার এই কথা শুনিতে শুনিতে বৃদ্ধ হইবেন।

আমরা পত্র দ্বারে রুশের সৈন্যবল প্রদর্শন করিয়াছি। যাহারা রণস্থলে অসংখ্য সৈন্য আনয়ন করিতে পারে সত্য, কিন্তু যে পক্ষে সৈন্যবল অধিক হইবে, সেই পক্ষেই জয়লাভ হইবে, এটী সিদ্ধান্ত বাক্য নহে। ফরাসিদিগের সৈন্যবল অধিক হওয়াতে ফরাসিরা হারিয়া গিয়াছেন এবং রুশদিগের সৈন্যবল অধিক হওয়াতে তুরস্কেরা পরাভূত হইয়াছেন, যেমন এই দৃষ্টান্ত আছে, তেমনি দৃষ্টান্তও আছে, রাজা যুধিষ্ঠির সাত অক্ষৌহিণী সেনা লইয়া দুর্য্যোধনের একাদশ অক্ষৌহিণীকে পরাজয় করিয়াছিলেন। কেবল সৈন্যবলের ন্যূনাধিক্য জয় পরাজয়ের কারণ নয়, রণস্থলে জয়শ্রী লাভের অন্য অন্য অনেক কারণ আছে। রুশের সে সকল কারণের সংঘটন নাই, তাহার সংঘটন হইবার এখনও বহু বিলম্ব আছে। বিশেষতঃ একবার এ বিবেচনা করা আবশ্যক, ইংরাজেরা তুরস্ক নয়, ফরাসিও নয়। রাজা যুধিষ্ঠির যে যে কারণে প্রভাসে অল্প সৈন্য লইয়া অধিকসংখ্য সৈন্যের পরাভূত সমর্থ হইয়াছিলেন; ইংরাজ জাতিতে সে সে কারণের সদ্ভাব আছে। পাণ্ডব সেনাদলের ভীষ্ম অর্জ্জুন সাত্যকি প্রভৃতি অনেক অজেয় যোদ্ধা ছিলেন, ইংরাজ সেনাদলেও সেইরূপ অনেক ভীষ্ম অর্জ্জুন আছেন। কলিকাতা গড়ের মাঠে সর জেমস্ ওটরামের প্রতিমূর্ত্তি দেখিলে তাহার মনে এই ইংরাজ জাতিতে ভীষ্মার্জ্জুনের আবির্ভাবের ভাবোদয় হয় না হয়? সাধারণতঃ এ প্রবাদও আছে, এক জন ইংরাজে ও সাত জন রুশ সৈনিকে সমান। এ প্রবাদ যদি সত্য হয়; ইংরাজেরা যদি রণস্থলে তিন লক্ষ সৈন্য উপস্থিত করেন, রুশেরা একুশ লক্ষ সৈন্য না আনিলে আর ইহাদিগের সহিত প্রতিদ্বন্দ্বিতা করিতে সমর্থ হইবে না। তদ্ভিন্ন সৈন্যগণের ন্যায় গুর্খা প্রভৃতি সৈন্যগণ আছে। রুশ সৈন্যেরা ইহাদেরও সম্মুখীন হইয়া সমকক্ষতায় যুদ্ধ করিতে সমর্থ হইবে না। মিত্র রাজগণ যুদ্ধ কালে কি ইংরাজের পার্শ্বে দণ্ডায়মান হইবেন না? যাঁহারা বলেন, রাজগণ অলস, তাঁহারা সময়ে সাহায্য করিবেন না, তাঁহারা ভ্রান্ত। ইংরাজের সাহায্যপ্রার্থী হইলে তজ্জন্যে বিমুখ হইবেন, যে হয় এরূপ নির্ব্বোধ মিত্ররাজগণের মধ্যে কে নাই। আর একটী কথা এই, রুশ প্রবল বিপক্ষ যখন সম্মুখে বর্ত্তমান, তখন মিত্ররাজগণে

র্থ হাঁর মনে যে অসন্তোষ কারণ বিদ্যমান আছে, ইংরাজেরা কি তাহার উন্মূলনে উদাসীন থাকিবেন? প্রধান প্রধান প্রজারা কি ইংরাজদিগের সপক্ষতা অবলম্বন করিবেন না? তাঁহারা ইংরাজজাতির সহিত প্রবলতর স্বার্থপাশে বদ্ধ। তাঁহারা যে উপস্থিত স্বার্থ পরিত্যাগ করিয়া ভাবী স্বার্থের লোভে মোহিত হইয়া রুশের পক্ষ আশ্রয় করিবেন, ইহার কি সম্ভাবনা আছে? ভারতবাসী প্রধান লোকেরা এত অবোধ নন। সিপাহি বিদ্রোহকালে দশ জন ভারতবাসী প্রধান লোকে বিদ্রোহিদিগের সহায়তা করিয়াছিলেন?

রুশেরা সুসভ্য নয়। রুশ গবর্ণমেণ্ট সুশাসনগুণে বর্ত্তমান প্রজাদিগকেই সুখিত করিয়া রাখিতে পারিতেছেন না। কত স্থানে কত ভয়ঙ্কর বীভৎস অত্যাচার হইতেছে। রুশবাসী ইহুদিদিগের প্রতি কি ভয়াবহ অত্যাচার না হইল? ইংরাজ অধিকারে অত্যাচার নাই, আমরা এ কথা বলি না। কিন্তু রুশের অত্যাচারের সহিত তুলনা করিলে ইংরাজ অধিকারের অত্যাচার অত্যাচার বলিয়াই গণ্য হয় না। অত্যাচারের নিবারণ বিষয়ে ইংরাজের যেরূপ যত্ন ও চেষ্টা আছে, পাঠক কি রুশরাজের সেরূপ যত্ন ও চেষ্টার সম্ভাবনা করেন? ভারতীয় গবর্ণমেণ্ট যদিও স্বেচ্ছাচারী, কিন্তু অত্যাচার বৃত্তান্ত পার্লিয়ামেণ্ট সভা পর্য্যন্তের গোচর করিয়া তাহার নিবারণ করিবার পথ ও উপায় আছে, রুশ অধিকারে কি কেহ সে আশা করিতে পারেন? রুশরাজই সর্ব্বেসর্ব্বা। তিনি কি কর্ম্মচারিদিগের একান্ত অধীন নন? কর্ম্মচারিরা অত্যাচার করিলে তিনি কি তাহার নিবারণে প্রভু হইবেন? তিনি যদি প্রজাদিগকে সন্তুষ্ট করিয়া রাখিতে পারিতেন, তাহা হইলে কি প্রজারা তাঁহার হত্যার নিমিত্ত অহোরাত্র বিচরণ করিত? ভারত যদি রুশের করতল গত হয়, রাজ্য বৃদ্ধি হইবে, রাজ্য বৃদ্ধি হইলে যে বিপদাশঙ্কা বৃদ্ধি হইবে, সে বিষয়ে কি সংশয় আছে? এ অবস্থায় ভারতীয় প্রজারা রুশ অধিকারে সুখী হইবে, পাঠক কি স্বপ্নেও এ আশা করেন?

যুদ্ধকালের ব্যাপার ও তাহার পর যাবৎ শান্তি সংস্থাপিত না হয়; তাবৎকালের কাণ্ড চিন্তা করিয়াও কোন্ বুদ্ধিমান ব্যক্তি রুশপক্ষ আশ্রয়ে অগ্রসর হইবেন? ছিউম সাহেব বলেন, রুশ-সেনাপতিরা মোগলগণকে লুণ্ঠনব্যাপার হইতে বিনিবৃত্ত করেন না, বরং উৎসাহ দিয়া থাকেন। রুশেরা জয়ী হইলে যে কি ভয়ঙ্কর কাণ্ড উপস্থিত হইবে, পাঠক কি কখন তাহা চিন্তা করিয়া দেখিয়াছেন? তাহার যে ধনসম্পত্তি আছে রুশ সৈনিকেরা কি তাহা অবাধে লুটিয়া লইবে না? কোন স্ত্রীর কি স্ত্রী কন্যাদির সতীত্ব রক্ষা পাইবে? যজ্ঞাগণ কি উন্মাদ হইয়া দিবারাত্রি বিচরণ করিবে না? কাহারও কি শান্তিসুখ লাভের সম্ভাবনা থাকিবে? কলতঃ আমাদিগের সংস্কার এই, এ সকল চিন্তা করিয়া কোন বুদ্ধিমান ব্যক্তিই রুশের পক্ষ অবলম্বন করিতে সাহসী ও উৎসাহী হইবেন না। তবে এ স্থলে আমাদের বক্তব্য এই, প্রথমে যে অংশে যে অসন্তোষ আছে তাহার ভারতীয় গবর্ণমেণ্ট তাহার অনুসন্ধান ও তাহার দূরীকরণ করিয়া প্রজাদিগকে দৃঢ়তর রাজভক্ত করিয়া তুলুন। তাহা করিলে প্রজারা সমধিক উৎসাহ সহকারে প্রাণপণে গবর্ণমেণ্টের হিতচেষ্টা পাইবে।

এক্ষণে আমাদিগের প্রশ্ন এই, রুশ সম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্টের এখন কর্ত্তব্য কি? পাঞ্জদির প্রভৃতি রুশ-অধিকৃত স্থানে বিপদ ঘটিয়া অবিলম্বে সৈন্য সংখ্যার বৃদ্ধি করিবার যে পরামর্শ দিতেছেন, তদনুসরণ করিয়া অকারণ অতিব্যয় করা বিধেয় নয়। রুশের ভারত আক্রমণের এখনও অন্ততঃ ১৫ বৎসর বিলম্ব আছে; তাঁহাদের আর্থিক একান্ত অসচ্ছল, তাহার সংগ্রহ সহজ নয়। যদি তাহারা হঠাৎ আক্রমণে উদ্যত হয়, আমাদের গবর্ণমেণ্ট কি বিলাত হইতে সৈন্য আনয়ন করিতে সমর্থ হইবেন না? এখন বিলাত হইতে সৈন্য আনয়নের কোন অসুবিধা নাই। এখানেও সহসা সৈন্য সঙ্কলন করা কঠিন হইবে না। সৈন্য সংখ্যা হ্রাস করাতে অনেক অতিরিক্ত দেশীয় সৈন্য বসিয়া আছে। তাহাদিগকে সংবাদ দিবামাত্র তাহারা আসিয়া উপস্থিত হইবে, মধ্যস্থলে বহুল সাহসী যোধসম্পন্ন আফগান স্থানরূপ সুদৃঢ় দুর্গ আছে। রুশদিগকে সে দুর্গ ভগ্ন করিয়া তাহার পর ভারতে প্রবেশ করিতে হইবে। ভারতীয় গবর্ণমেণ্ট বহুকাল ধরিয়া কাবুলের আমীরকে অর্থ যোগাইতেছেন আর কিছু কাল টাকা দিতে থাকুন এবং আমীর আফগানস্থানের যে উত্তর সীমা নির্দ্দেশ করিবার অভিলাষী হইয়াছেন, ভারতীয় গবর্ণমেণ্ট তাহা স্থির করিয়া দিউন। রুশেরা সে সীমা স্পর্শ করিলেই যুদ্ধ উপস্থিত হইবে, এই ঘোষণা করুন। ঐ বিষয়টী রুশ গবর্ণমেণ্টের গোচর করা হউক। তাঁহারা যদি এ ঘোষণার বিপরীত কার্য্য করেন, তখনই যুদ্ধ আরম্ভ করা হইবে, বিলম্ব বিলম্ব করা হইবে না, আফগানস্থানের লোকেরাই সম্মুখের যে রা হইবে; ইংরাজেরা ক্রমে পিছা সম্মুখে উপস্থিত হইবেন, এরূপ করিলে ইংরাজদিগের বিলক্ষণ বল বৃদ্ধি হইবে। কলতঃ আফগানের উত্তর সীমা রুশদল হইলে ইংরাজদিগের বিলক্ষণ সুবিধা হইবে সন্দেহ নাই।

বিপদসঙ্কুল ইংরাজ গবর্ণমেণ্টের কি কর্ত্তব্য?

বিলাতী মাটী অপেক্ষাও বিলাতী স্বার্থের অধিক। যে বস্তুতে বিলাতী স্বার্থ সংলগ্ন হয়, তাহাকে ছাড়াইয়া লওয়া তার হইয়া উঠে। বিলাতী স্বার্থ আহা কে যেন গ্রাস করিয়া ফেলে। আমরা ইংরাজ স্বার্থের গ্রাসকারিতা তার দুটী উদাহরণ প্রদর্শন করিতেছি। এক্ষণ স্বার্থ দ্বিতীয়, মিশর। এই দুটী স্থানের দুটী স্বার্থের এক রূপত্ব নাই। কারণ-ভেদে দুটী ভিন্ন ভিন্ন আকার ধারণ করিয়াছে। ক বুল লইয়া ক্ষতি বিনা লাভ নাই ইংরাজ তাহা বিলক্ষণ বুঝেন, তবে যে ইংরাজ কাবুল লইয়া ছাড়াইয়া পড়িয়া আছেন, কাবুল ভাণ্ডার দিবার টাকা দিতেছেন, তাহার কারণ রুশের আক্রমণ নিবারণ। কিন্তু মিশরে ইংরাজ স্বার্থ এরূপ নিবদ্ধ নয়। মিশরে ইংরাজের সুখের সম্পর্ক, বাণিজ্যের সম্পর্ক, ও কর্ম্মচারিদিগের বেতনের সম্পর্ক। এ সমুদায় সম্বন্ধের অপেক্ষা একটী প্রবল সম্বন্ধ আছে। মিশরে সুয়েজ খাল এবং মিশর ভারতে যাতায়াতের পথ। মিশরের সহিত ইংরাজ স্বার্থের যে একান্ত ঘনিষ্ঠ সম্বন্ধ, পাঠক ক্রমে তাহা দর্শন করুন।

সুয়েজ যোজকে বাণিজ্যসূত্রে ইংরাজজাতির যেমন অধিকার, ফ্রান্স, রুশিয়া, ইটালি অষ্ট্রীয়া আমেরিকা ভারতবর্ষ, চীন, জাপান ও অন্যান্য দেশেরও সেইরূপ অধিকার আছে। মিশর তুর্কি গবর্ণমেণ্টের রাজ্য; খেদিব সুলতানের নিয়োজিত রাজা, ফ্রান্স ও ইংলণ্ড রাজকার্য্যের তত্ত্বাবধারক। খেদিব রাজ্যশাসনকার্য্য সম্পন্ন করেন বলিয়া বার্ষিক ১০০০০০ ও তাঁহার পিতা ৪০০০০ এবং তাঁহাদিগের অপরাপর পরিবারবর্গ ১৭৫০০০ পাউণ্ড প্রাপ্ত হন।

১৮৭৯ অব্দের নবেম্বর মাস হইতে রাজকার্য্যে তত্ত্বাবধান ভার ফরাসী ও ইংরাজ গবর্ণমেণ্টের হস্তে সমর্পিত হয়, ১৮৮০ অব্দে মিশরের রাজকার্য্যে যে সকল বৈদেশিক কর্ম্মচারী নিয়োজিত ছিল, তাহাদিগকে কর্ম্মচ্যুত করিবার কল্পনা হওয়াতে বিদ্রোহ ঘটনা হয়। ১৮৮৩ অব্দের ডিসেম্বর মাসে ব্রিটীশ সৈন্যেরা তাহার নিবারণ করে। তদবধি মিশরে ব্রিটীশ গবর্ণমেণ্টের ১৭৬০ জন সৈন্য ও সেনাপতি আছেন। মিশরের রাজকার্য্যে ব্রিটীশ গবর্ণমেণ্টের যেমন ফরাসীর ও কর্ত্তৃত্ব ছিল, কিন্তু বিদ্রোহ দমনকালে ব্রিটীশ গবর্ণমেণ্ট ফরাসী গবর্ণমেণ্টের সহিত পরামর্শ করেন অথবা তাঁহাদিগের সাহায্য গ্রহণ করেন নাই। ১৮৮৩ অব্দের ১৮ ই জানুয়ারি খেদিব ফ্রান্সের হস্ত হইতে মিশরের রাজকার্য্য সম্বন্ধে কর্ত্তৃত্বভার গ্রহণ করেন। বিশেষতঃ ঐ সময়ে কনষ্টাণ্টিনোপলস্থ

টশ যুক্ত মিশরের রাজকার্য্যের সংস্কারার্থ আগমন রন। অতঃপর ইংরাজ গবর্ণমেণ্টই পেরিবের এক- র পরামর্শদাতা ও রাজকার্য্যের পরিদর্শক হইয়া ইলেন। ১৮৮৩ অব্দে রাজকার্য্যের বন্দোবস্তের ন্য একজন ইংরাজ এডমিনিষ্ট্রেটার নিযুক্ত হন। অব্দে সৈন্যবিভাগের সংস্কার হয় এবং বতীয় সৈন্য ব্রিটীশ গবর্ণমেণ্টের তত্ত্বাবধারণে ইসে। এক্ষণে মিশরে সর্ব্বশুদ্ধ ১০৯০০ জন নিক ও সেনাপতি এবং ১৩ খানি যুদ্ধ জাহাজ ছে।

১৮৭৪—৭৫ অব্দে খেদিব মহাআত্মিকা অব রেন। এই মহাআত্মিকা লইয়া মিশর গবর্ণমেণ্টের জ্যের পরিমাণ ১৪০৬২৫০ বর্গমাইল ও প্রজা ংখ্যা ১৭০০০০০। ইহাদিগের মধ্যে কায়রোয় ৬১০৮, আলেকজাণ্ড্রিয়ায় ২০৮৭৫৫, ডামায়েটায় ৩০৪৬, টাণ্টায় ৩৭৭২৫, মানসোরায় ২৬৭৮৪, সিয়াজিগে ১৯০৪৬, রসিটায় ১৬৬৭১, পোর্টসেডে ৫৫৬০ ও সুয়েজে ১০১১০ মুসলমানের বাস আছে। ১৮ অব্দে যে গণনা হয় তাহাতে দেখা গিয়াছিল, শরে ২৯৯৬৩ জন গ্রীক, ১৪৩১০ ফরাসী, ১৪৫২৪ টালীয়, ২৪০০ অষ্ট্রেলিয়, ৩৭৯৫ ইংরাজ, ১০৩৫ লমবেশীয়, ৮৭৯ আমান, ৭৫২ পারস্যদেশীয় ও ৮ জন কর্শিয় ছিল।

১৮৮২ অব্দে গ্রেটব্রিটেনের সহিত মিশরের যে ণিজ্য হয়, তাহা অপরাপর সকল জাতির অপেক্ষা ধিক। এই বর্ষে গ্রেটব্রিটেন হইতে মিশরে ২৯৮৩ ৬ পাউণ্ডের সামগ্রী আমদানী ও মিশর হইতে ২৮৩৫৫ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, রুশিয়া হইতে ৫৮৮৯ পাউণ্ডের দ্রব্য আমদানী এবং মিশর হইতে ৯৯১২ পাউণ্ডের দ্রব্য রুশিয়ায় রপ্তানী, ফ্রান্স হইতে ৯১০৩২০ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ১৫৪ ৪ পাউণ্ডের দ্রব্য ফ্রান্সে রপ্তানী, ইটালী হইতে ৮০০৯ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৭৫৭৫৯ উণ্ডের দ্রব্য রপ্তানী, অষ্ট্রীয়া হইতে ৬৮৩৩১ উণ্ডের দ্রব্য আমদানী ও ৪৩৬৩৫০ পাউণ্ডের দ্রব্য প্তানী, তুরস্ক হইতে ১১০৩৪৩ পাউণ্ডের সামগ্রী মদানী ও ৩৮৩৬৩৩ পাউণ্ডের সামগ্রী রপ্তানী, স হইতে ২০০৭৩ পাউণ্ড মূল্যের সামগ্রী আম নী ও ৭৭০২৭ পাউণ্ডের দ্রব্য রপ্তানী, আমেরিকা টে ১১৫৬৩১ পাউণ্ডের দ্রব্য আমদানী ও ৩০৯৬৬ উণ্ডের দ্রব্য রপ্তানী, ভারতবর্ষে চীন ও জাপান ইতে ৩১৩২৩৩ পাউণ্ড মূল্যের দ্রব্য আমদানী এবং ন্যান্য দেশ হইতে ১১৫৬৩১ পাউণ্ডের মূল্যের দ্রব্য মদানী ও ১৬৬৬৩৩ পাউণ্ড মূল্যের দ্রব্য রপ্তানী ইয়াছে। ১৮৮১ অব্দে গ্রেটব্রিটেনে ৮৪৪৩৪৫২, ীয়ায় ৬১৯৮০০৭, ফ্রান্সে ১১৮৩৭১১, ইটালীকে

৭৫১৪০৭, অষ্ট্রীয়ায় ৪৭৭৫৮৭, তুরস্কে ৪১৫০৬৮, গ্রীসে ১০৩৫৭৪, আমেরিকায় ৫১২১০ এবং অন্যান্য দেশে ১৫০৬১১ পাউণ্ড মূল্যের সামগ্রী রপ্তানী হইয়াছিল।

এক্ষণে পাঠক একবার তুলনা করিয়া দেখুন দেখিতে পাইবেন সর্ব্বাপেক্ষা বর্দ্ধে রুশিয়া, তুরস্ক ও ফ্রান্সের বাণিজ্য সর্ব্বাপেক্ষা হ্রাস হইয়াছে। মিশরে ইংলণ্ডের বাণিজ্য সর্ব্বাপেক্ষা বিস্তৃত। ইহাও স্পষ্ট দেখিতে পাওয়া যাইতেছে এটীশ গবর্ণমেণ্ট যেরূপে মিশরের কর্তৃত্ব পদ গ্রহণ করিয়াছেন এবং মিশর সম্বন্ধে যে প্রকার ভাবনা তাঁহার আয়ত্ত হইয়াছে, তাহাতে করিয়া এই অল্প কালের মধ্যে মিশরে বাণিজ্য বিষয়ে ইংলণ্ডের সম্ভাবনা অল্প। মিশর, তুরস্কের অধীনতার মধ্যে কিন্তু সুলতান উহার স্বত্ব রক্ষা করিতেছেন। ব্রিটীশ গবর্ণমেণ্ট যেরূপে তাহাই করিতেছেন। আরাবীর সহিত যুদ্ধ করিয়াছেন, তাহাতে কেবল ব্রিটীশ বিষয়ক, তাহা নহে, বিদেশীয় লোকদিগের স্বাধীনতা রাজদ্বন্দ্ব হইতে রক্ষিত ও কার্য্যবিশেষ বাণিজ্যের পথ সংকীর্ণ করাতে অপরা পর সকল জাতি বিরক্ত হইয়া উঠিয়াছেন। এখন মিশর সম্বন্ধে ব্রিটীশ গবর্ণমেণ্টের কর্ত্তব্য কি? ব্রিটীশ গবর্ণমেণ্ট মিশরে একপ্রকার আয়ত্ত করিয়া লইয়াছেন, এই কথা বলা হইয়া থাকে, ইংরাজ সৈন্যেরা মিশর পরিত্যাগ করিয়া যাইবে। কিন্তু সেই সময় এখনও আসে নাই। ইংরাজ সৈন্য মিশর পরিত্যাগ করিলে বিষম গোলযোগ উপস্থিত হইবে। আমরা উপরে কহিয়াছি, সকল জাতিই বিরক্ত, তাঁহারা কি প্রকারে মিশর স্বহস্তে লইবার চেষ্টা পরিত্যাগ করিবেন, বিশেষতঃ আরবেরা প্রবল বিপক্ষ। ইংরাজ সৈন্য মিশরে থাকিলে শত্রুতাচরণে বিরত নহে। তাহারা সুযোগ পাইলে খেদিবকে পরিত্যাগ করিবে না। ইংরাজেরা পরোক্ষভাবে গভর্ণমেণ্টকে অধিকৃত করিয়াছে। তাহাদের বিবেচনায় ব্রিটীশ গবর্ণমেণ্ট এই, তাহারা মিশর পরিত্যাগ না করেন। এ সম্বন্ধে প্রকারান্তরে অধিকার করিয়া উহার রক্ষণাবেক্ষণ করিতেছে। যে যে দোষ আছে, তাহার সংশোধন করিয়া প্রজাবিগকে অনুরক্ত করিয়া তুলুন।

বাঙ্গালি বাবু।

পাঠক! কি বলিতে পারেন, বাঙ্গালি বাবুর উপরে পাওনিয়রের এত রাগ কেন? বাঙ্গালি বাবু আত্মহিতার্থে যে কোন কার্য্য করেন, তাহাতেই তিনি চটিয়া উঠেন, ইহার কারণ কি? ইলবার্ট বিল প্রভৃতি ও বড় বিষয়, তাহা হইতে বাঙ্গালি বাবুরা যেরূপ করিয়াছিলেন, তাহাতে ও তিনি চটিতে পারেন, তাঁহার জাতি ভাই সকলেই চটিয়াছিলেন। তাহাতে আমরা যত বিস্মিত হই না। এদেশে আসিয়া অন্যায় ও অত্যাচার করা ইউরোপীয়দিগের এক প্রকার ব্রত। বাঙ্গালিবাবুরা রিপন সাহেবের সহায়তা করিয়া সেই ব্রতভঙ্গে উদ্যত হইয়াছিলেন। অতএব তাঁহারা কোপের কারণ না হইবেন কেন? কিন্তু অধিকতর আশ্চর্য্যের বিষয় এই, বাঙ্গালিবাবুরা যে কাজ করিতে যান, পাওনিয়র তাহাতেই প্রতিবাদী হন। সে দিন কলিকাতার মেয়র বাবু কালীনাথ মিত্র কলিকাতা মিউনিসিপালিটীর কর বৃদ্ধির প্রস্তাব করিয়াছিলেন বলিয়া পাওনিয়রের বিষনয়নে পড়িয়াছেন। পাওনিয়র কেবল তাঁহার প্রতিবাদে নিরস্ত করেন নাই, তিনি যে ইংরাজী কহিয়াছেন, তাহা লইয়াও উপহাস করিয়াছেন।

পাওনিয়র যদি ক্রোধে মত্ত না হইতেন, আমরা তাহাতে কোন বিবেচনা করিতেন, বাঙ্গালির ইংরাজী কথা শুনিয়া কখন উপহাস করিতেন না। পাওনিয়রকে যদি বাধ্য হইয়া ব ভালা করিতে হয়, কেমন অদ্ভুত কাণ্ডের অভিনয় হইয়া উঠে। "তুমি কেমন ক্রোধে ঠ্যাস বাড়িতে চাহে, আমি ট বুঝিতে পারে না" ইত্যাদি। বাঙ্গালার ছটা সভাকে মাতাইয়া তুলে। এ বাঙ্গালার কোন ভাষেরই খাটি নাই যেমন উচ্চারণ শুদ্ধি, তেমনি কর্ত্তা কর্ম্ম ক্রিয়া বিশুদ্ধি, সকলই উজ্জ্বল! শ্রীযুক্ত লালমোহন ঘোষ ও সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় প্রভৃতি ইংরাজীতে বক্তৃতা করিয়া প্রধান প্রধান ইংরাজকে সন্তুষ্ট করিয়াছেন। পাওনিয়র কি তেমন একজন ইংরাজের নাম করিতে পারেন, যিনি বাঙ্গালা ভাষায় বক্তৃতা করিয়া বাঙ্গালিদিগকে তুষ্ট করিয়াছেন? পাওনিয়র বাঙ্গালির মুখে ইংরাজী শুনিয়া সন্তুষ্ট হন না সেটি তাঁহারই গুণমহিমা।

এখন আমাদের প্রকৃত প্রশ্ন এই, পাওনিয়রের বাঙ্গালির উপরে এত মর্ম্মান্তিক রাগ কেন? পাঠক কি তাহার উত্তরদান করিতে পারেন? তবে পাঠক এ কথা বলিবেন সকল প্রশ্নের উত্তর দেওয়া যায় না। ঈশ্বর মানুষকে এ প্রকার বিষম বিপদ না করিয়া যদি চতুর্হস্ত চতুষ্পদ ও লাঙ্গুলযুক্ত করিয়া দুই পার্শ্বে দুটী পাখা দিতেন তাহা হইলে মানুষ অধিক ভয়ঙ্কর হইত। বিশেষতঃ ভারতস্থ ইউরোপীয়দিগের পক্ষে এ অস্ত্রটী অধিকতর কার্য্যকারি। তাহাদের সর্ব্বদা দেখা পড়ার অভ্যাস এক হাতে সেই কার্য্য সম্পন্ন করিতেন, আর এক হাতে তুলিকে প্রহার করিতে পারিতেন, এক হাতে আহার চলিত ও আর এক হাতে অন্যান্য কাজ চলিত। এখন যে সময়ে যত পথ চলিয়া থাকেন, চারি পদ দুইলে বেগশক্তির বৃদ্ধি হইত

[illegible] আমার মতের সহিত [illegible] করিতেন। আমুল হইতে গাছের [illegible] হইয়া হইত। তাহার [illegible] হইত না এমন [illegible] হইত, আমরা নীচে থাকিয়া [illegible] করিতাম। এমন সময়ে [illegible] বিলক্ষণ [illegible] এখন [illegible] হইতে [illegible] হইতেছে। [illegible] হইতে [illegible] হইতে [illegible] হইতেছে। [illegible] হইতে [illegible] হইতেছে। [illegible] হইতে [illegible] হইতেছে। [illegible] হইতে [illegible] হইতেছে।

[illegible] হইতে [illegible] হইতেছে।

স্বদেশে আসিয়াও হেষ্টির কোন
ফল লাভ হইল না।

শ্রীযুক্ত যাদবকানাথ বিদ্যাভূষণ প্রণীত নিম্নলিখিত পুস্তকগুলি নিম্নলিখিত মূল্যে [redacted] কলিকাতা ৯৭ নং কলেজ

সোমপ্রকাশ ডিপজিটারিতে পাওয়া যায়

উপদেশমালা	মূল্য	ডাকমাশুল
১ ম ভাগ	৶০	১০
২ য় ভাগ	৶০	১০
নীতিসার।		
১ ম ভাগ	৶০	১০
২ য় ভাগ	৶০	১০
৩ য় ভাগ	৶০	১০
বিশ্বেশ্বর বিলাপ	।০	১০

কয়খানি একত্র লইলে সমুদায়ে ডাকমাশুল ১০ লাগিবে।

শ্রীভূপেন্দ্রকুমার চক্রবর্ত্তী।

দুঃখিত হইয়া গ্রাহকগণকে জানাইতেছি, নানা কারণের বশবর্ত্তী হইয়া আমাকে কল্পদ্রুমের সম্পাদকতা পরিত্যাগ করিতে হইল। অতঃপর উহা আর সোণারপুর ডাকঘরের অধীন চন্দ্রদিঘিপোতায় প্রকাশিত হইবে না। যদি কেহ উহার স্বত্ব গ্রহণের অভিলাষী হন তিনি আমার নিকটে পত্র লিখিলে বিশেষ বৃত্তান্ত জানিতে পারিবেন।

১৩৯০ সাল, ১লা চৈত্র } শ্রীদ্বারকানাথ শর্ম্মা। চন্দ্রদিঘিপোতা। সোণারপুর ডাকঘর ২৪ পরগণা।

প্রেরিতপত্র।

হোমিওপ্যাথিক চিকিৎসা।

মহাশয়! দিন দিন যেমন নানাপ্রকার দুরূহ নূতন রোগের বৃদ্ধি দেখা যাইতেছে, তেমনি দিন দিন নূতন নূতন চিকিৎসা শাস্ত্রের উক্তি হইয়া নানাপ্রকার উপায়ও প্রচারিত হইতেছে। আমাদের এ দেশে দেশীয় সকল প্রকার চিকিৎসা ভিন্ন ইংরাজি চিকিৎসার মধ্যে এলোপ্যাথিক, হোমিওপ্যাথিক, ইলেকট্রোপ্যাথিক, হাইড্রোপ্যাথিক প্রভৃতি অনেক প্রকার চিকিৎসা প্রচলিত হইয়াছে। আরও অনেক প্রকার চিকিৎসা এ দেশে এখনও পর্য্যন্ত প্রচলিত হয় নাই। কিন্তু ইউরোপের কোন কোন প্রদেশে সে সকল চিকিৎসা বিস্তারিতরূপে প্রচলিত আছে।

১৭৯২ অব্দ হইতে ইলেকট্রো-এলোপ্যাথিক প্রণালী চিকিৎসা এ দেশে সাধারণ ভাবে প্রচলিত দেখিতেছি। এই চিকিৎসার উদ্ভিদেই এক প্রধান ঔষধ। উদ্ভিদের রাসায়নিক গুণসম্পন্ন এলোপ্যাথিক ঔষধ সকল, এবং ধাতুর যন্ত্র সকল ও রসায়ন এলোপ্যাথিক ঔষধ সকল, এই তিন প্রকার বিষয়ই এক এক রোগীতে ইলেকট্রো-এলোপ্যাথিক চিকিৎসার প্রয়োগ করা হইয়া থাকে। এই ইলেকট্রো-এলোপ্যাথিক চিকিৎসার ফল অতি আশ্চর্য্য। রোগীর শেষ অবস্থা উপস্থিত হইয়া ঔষধ গলাধঃকরণের ক্ষমতা না থাকিলেও ইহার দ্বারা চিকিৎসা হইতে পারে এবং অতি অল্পকাল মধ্যে রোগী সবল হইয়া আরোগ্যলাভ করিতে পারে।

আমি স্বচক্ষে দেখিয়াছি, এই চিকিৎসায় অতি কঠিন কঠিন রোগ সকলের অতি অল্পকাল মধ্যে আরোগ্য হয়। এলোপ্যাথিক ও হোমিওপ্যাথিক এবং দেশীয় চিকিৎসকগণ যে সকল রোগীকে জবাব দিয়াছেন, সেই সকল রোগী এই ইলেকট্রো-এলোপ্যাথিক চিকিৎসায় অতি শীঘ্র আরোগ্যলাভ করিয়াছে।

আমার এই ইলেকট্রো-এলোপ্যাথিক চিকিৎসাতে অতিশয় বিশ্বাস আছে, অনেক সময়ে এই চিকিৎসা দ্বারা বিলক্ষণ ফলও পাইয়াছি। আমি ইঁহার এই ইলেকট্রো-এলোপ্যাথিক চিকিৎসার গুণের প্রসঙ্গ করিতেছি, তিনি একজন গবর্ণমেণ্টের বেতনভোগী ডাক্তার। প্রায় ১৪ বৎসর যাবৎ গবর্ণমেণ্টের অধীনে চিকিৎসকের কার্য্যে নিযুক্ত আছেন। ইনস্পাতালে অথবা দাতব্য চিকিৎসালয়ে গবর্ণমেণ্টের আদেশে বাধ্য হইয়া ইঁহাকে এলোপ্যাথিক মতেই চিকিৎসা করিতে হয়, কেবল নিজের প্রাইভেট প্রাক্টীস যাহা পান, সেই সকল রোগীরই এই ইলেকট্রো এলোপ্যাথিক মতে চিকিৎসা করিয়া থাকেন। উহাতে অধিক সময় গবর্ণমেণ্টের কার্য্যে আবদ্ধ থাকিতে হয় ও সময়ে সময়ে গবর্ণমেণ্টের আদেশ অনুসারে এক স্থান হইতে অন্য স্থানে যাইতে হয়, দুই তিন বৎসর এক স্থানে স্থির থাকিতে পারেন না, এরূপ অবস্থায় ইনি সকল সময় সকল রোগী পান না।

আমার একটী কনিষ্ঠ ভ্রাতা প্রায় দুই বৎসর যাবৎ মেলেরিয়া জ্বরে জীর্ণ শীর্ণ, দুর্ব্বল ও উহারই দীর্ঘায় অবলম্বীভূত হয়। অনেক ডাক্তার ও দেশীয় চিকিৎসকগণ অনেক প্রকার চিকিৎসা করিয়া বিফল হয়। দিন দিন রোগের বৃদ্ধি হইয়া আমরা

[redacted]

[redacted]

[redacted]

সাধন ও নির্যাতনের অবসর পাইয়া অমনি আশ্চর্য্য ক্রীড়নক স্বরূপ ওভরসিয়ার বিহারিলাল মুখোপাধ্যায়কে উপেন্দ্র বাবুর নামে গাছ চুরী করিয়া লওয়ার অভিযোগ উপস্থিত করিতে উপদেশ দেন। প্রযোগ্য ডেপুটী মাজিষ্ট্রেট বাবু রায় চরণ বসু প্রথমতঃ ঐ মকদ্দমার অবসা গুরুত্ব করিবার জন্য পুলিষকর্ম্মচারির হস্তে তার অর্পণ করায়, পুলিষ কর্ম্মচারী মকস্বলে উপস্থিত ও সকল মনোযোগ হইয়া অবস্থার সম্পূর্ণ বিপরীত ঘটনাস্থলে উপেন্দ্রবাবুকে দোষী সাব্যস্তে রিপোর্ট ও চালান দেন, আসামীর আর্থনাদকে প্রশংসিত ডেপুটী বাবু যারেজমিন তদন্ত কারণে ঘটনাস্থলে উপস্থিত হন। অবস্থা দৃষ্টে ও তুরুপুরু ভাইসচেয়ারম্যান বাবু শ্যামাচরণ ভট্টাচার্য্য ও কমিশনর বাবু গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায় প্রভৃতির বাক্যে বিরোধীর স্থান ও গাছে আসামীর চিরপরিচিত স্বত্ব বিদ্যমানরূপে সপ্রমাণ হওয়ায় অতিশয় ঘৃণার সহিত অর্থাৎ উপস্থিত অমূলক মিথ্যা মকদ্দমা কেবল পূর্ব্ব রাগ ও দ্বেষ বশতঃ করা হইয়াছে,তাহাতে পুলিষের সাহায্য করা নিতান্তই বিস্ময়কর ও তাহা অনবধান বলিয়া উপলব্ধি হয় না, ইত্যাদি অভিপ্রায় প্রকাশ করিয়া আসামীর অনুকূলে মকদ্দমা নিষ্পত্তি করিয়াছেন। উল্লিখিত মকদ্দমার মূল বাদী ভাইসচেয়ারম্যান বাবু শম্ভুনাথ মুখোপাধ্যায়। ইনিস্বপক্ষ সমর্থনার্থ মিউনিসিপাল ক্লার্ক নীলমাধব মুখোপাধ্যায়কে সাক্ষ্য দিবার জন্য উপস্থিত করিয়াছিলেন; কিন্তু প্রতিবাদীর পক্ষসমর্থনকারী উকীল বাবু রামচন্দ্র মুখোপাধ্যায়ের পরীক্ষায় দাবীকৃত গাছে মিউনিসিপালিটীর স্বত্ব সপ্রমাণ হওয়া দূরে থাক তিনি মিউনিসিপাল কর্ম্মচারী সর্ব্বদা ভাইসচেয়ারম্যানের নিজকার্য্যে ব্যাপৃত থাকেন, এবং দেশ বিদেশ যাইয়া তাঁহার মকদ্দমার তদ্বির করেন ও তাঁহার অনুপস্থিতকালের হেডক্লর্ক কর্ত্তৃক হয় না ও সে সম্বন্ধে কোন অভাবও করা হয় নাই,ইহা প্রকাশ হওয়াতে উহা মিউনিসিপালিটীর কার্য্যপ্রণালী নিতান্তই দুষণীয় ও নিন্দনীয় বলিয়া অভিমতে প্রকাশ করিয়াছে। কত সাধারণের অর্থব্যয়ে এ প্রকার মিথ্যা মকদ্দমা উপস্থিত করা ও পুলিষের নিকট অযথা সাহায্য লওয়া সামান্য দুঃখের বিষয় নহে। বিশেষতঃ মিউনিসিপাল কর্ম্মচারীর দ্বারা প্রতিনিয়ত ভাইসচেয়ারম্যানের স্বকার্য্যসম্পাদন করিয়া লওয়া ও বেতন কর্ত্তন না করা নিতান্তই ক্ষোভের বিষয় সন্দেহ নাই, এবস্প্রকার বীভৎস ব্যাপার দুরীভূত হয়, কমিশনর ও মহাশয়দের পাঠকবর্গের বীভিপূর্ণ তদন্ত দৃষ্টি ও প্রতিযোগের ফল নাই। কর্ত্তৃপক্ষের দৃষ্টি থাকিলে হীন স্বার্থী অসদাশয়দের মেরুদণ্ডহীন অর্থের দ্বারা বীভৎস কার্য্য করাই হয় না। অতএব ভবিষ্যতে উল্লিখিত ঘোরতর ব্যাপার যাহাতে আর ঘটে, তদ্বিষয়ে সাধারণে অবশ্যই মনোযোগ বিধান করিবেন মহাশয়ের এবং পাঠকবর্গের সুবিধার্থে ডেপুটী বাবুর রায়ের অনুবাদ নিম্নে উদ্ধৃত করিয়া দেওয়া হইল।

অনারিং ইনস্পেক্টর।

ডেপুটী মাজিষ্ট্রেট বাবুর রায়।

বাদী বিহারিলাল মুখোপাধ্যায় — প্রতিবাদী উপেন্দ্রলাল মুখোপাধ্যায় ও প্রতাপ বাউরী।

দণ্ড বিধি আইনের ৩৭৯ ধারানুসারে আসামী উপেন্দ্রলাল মুখোপাধ্যায় ও প্রতাপ বাউরী পুলিষ কর্ত্তৃক আদালতে প্রেরিত হয়। ইহারা উলা মিউনিসিপালিটীর পাঁচ টাকা মূল্যের একটী বাবলাগাছ কাটিয়া লইয়াছে বলিয়া অভিযোগ করা হয়।

বাবলাগাছটী কাটিয়া লওয়া হইয়াছে উহা উভয় প্রতিবাদীই স্বীকার করিয়াছে কিন্তু তাহারা বলে যে বাবলাগাছটির তাহারাই প্রকৃত অধিকারী। যে জমিতে বৃক্ষটী ছিল, তাহা প্রতিবাদী উপেন্দ্রলালের মুখোপাধ্যায় আপনার অধিকার বলিয়া নির্দ্দেশ করিল।

বিচারালয়ের ওভারসিয়ার বিহারিলাল মুখোপাধ্যায় মিউনিসিপালিটীর কেরাণী নীলমাধব মুখোপাধ্যায়, রাখাল ডলে, মিউনিসিপাল কুলি জীবন মুদী এবং ভাইসচেয়ারম্যান শম্ভুনাথ মুখোপাধ্যায়ের জবানবন্দী গ্রহণ হইল। তৎপরে আমি স্বয়ং ঘটনাস্থলে উপনীত হইয়া অনুসন্ধানে প্রবৃত্ত হইলাম এবং তথায় উপস্থিত ভাইসচেয়ারম্যান শ্যামাচরণ ভট্টাচার্য্য এবং স্থায়ী মিউনিসিপাল কমিশনর গিরীন্দ্রনাথ মুখোপাধ্যায়ের সাক্ষ্য গ্রহণ করিলাম। যেখানে বৃক্ষটী দণ্ডায়মান ছিল, তাহাও পর্য্যবেক্ষণ করিলাম।

উলা মিউনিসিপালিটী পুঙ্খানুপুঙ্খরূপে নিতান্ত থাকায় ঘটনাস্থলে উপস্থিত হইয়া বিচারালয়ের ও প্রধানপদ ব্যক্তিদিগের সাক্ষ্য গ্রহণ করায় স্থায়ী বাদীর প্রদত্ত সাক্ষ্যের দ্বারা অতি বিস্ময়কর প্রতীয়মান হইতেছে যে, বৃক্ষটীর উপর প্রতিবাদীর সম্পূর্ণ স্বত্ব আছে এবং এ অভিযোগটী নিতান্তই অমূলক। এই ঘটনাটীর বিষয়কাল পূর্ব্বে স্থায়ী চেয়ারম্যান আসামী উপেন্দ্রলালের বিরুদ্ধে আর একটী অভিযোগ করিয়াছিল। সে মকদ্দমার কার্য্যপ্রণালী দৃষ্টে উপলব্ধি হয় যে এ অভিযোগটী সম্পূর্ণ বিদ্বেষমূলক এবং আসামীকে পুনরায় বিব্রত করার [illegible] অনুভব করাইবার নিমিত্ত প্রণোদিত হইয়াছে। আমি উভয় কার্য্যে বাধিত হইতেছি যে অভিযোগের বিষয়ে ভাইসচেয়ারম্যান যে প্রকার সেবা ও সাহায্য প্রদান করিয়াছেন তাহা নিতান্তই নিন্দনীয়। ঘটনাবলী পরিদর্শন দ্বারা আমি বলিতে বাধ্য হইতেছি এ মকদ্দমাটী যে নিতান্ত অমূলক তাহা প্রতিবাদীর অধিকার মাটী এবং প্রতি বাদীর সাক্ষির অসদ্ভাব নিবন্ধন তাহাকে উভয়কে নিরীহই তিনি এ মকদ্দমার সহযোগী হইয়াছেন। বৃক্ষটী ও যে স্থানে তাহার অবস্থিতি সম্বন্ধে যেরূপ, এতদুভয়েরই প্রতিবাদী অধিকারী। কাঁচা বৃক্ষটী ও পরিবর্দ্ধিত অল্প বয়স্ক বৃক্ষেই প্রতিবাদীর স্বত্ব আছে এবং তিনি ঐ সকল গাছপালার পরিবর্দ্ধনে বিশেষ প্রয়াসও স্বীকার করিয়া থাকেন। প্রত্যুত, আমি অতীব বিস্ময়াবিষ্ট হইতেছি যে এ মকদ্দমার প্রকৃত প্রমাণ দ্বারা পুলিষ এত দূর অবধানতার পরিচয় কিরূপে প্রদান করিল। এ বিষয়ে আমার ধারণা এই যে পুলিষের এরূপ অনবধানতা সম্পূর্ণ অনিচ্ছাপূর্ব্বক নহে। এই সমস্ত ঘটনা সম্পর্কে আমার বিশ্বাসরূপে হৃদয়ঙ্গম হইতেছে যে, এই অভিযোগটী নিতান্তই অমূলক। সুতরাং যথাবিধি মত যাচাইসাপেক্ষে আমি প্রতিবাদীকে অব্যাহতি প্রদান করিতেছি। এই মকদ্দমার ঘটনাবলীর দ্বারা মিউনিসিপালিটীর কতকগুলি ক্রিয়াকলাপ পরিচালনা হওয়া বাঞ্ছনীয়, যাহা ভাইসচেয়ারম্যানের মর্য্যাদা সঙ্গত নহে।

রামচরণ বসু
ডেপুটী মাজিষ্ট্রেট
১৩।৪।৮৪

ক

৩রা আষাঢ় সোমবার।

"মিউনিসিপালিটী ও পুলিষের অত্যাচার।"

পাঠক! মিউনিসিপালিটী ও পুলিষের অত্যাচারনীরক একটী প্রস্তাব প্রেরিতস্থলে দর্শন করিয়াছেন। সেই প্রস্তাবটী আমাদের অদ্যকার এ প্রস্তাবের মূল।

উলার মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান [illegible] পুলিষ উপেন্দ্রবাবুর প্রতি যে ব্যবহার করিয়াছেন, তাহা আমরা স্বচক্ষে দেখিয়াছি বলিয়া [illegible] বারাসতমিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান [illegible] আমরা স্বকর্ণে

ত্রিকালদর্শী ঋষিগণের ন্যায় ইন্দ্রজালকর্ত্তৃগণও ভবিষ্যৎ দেখিতে পান। অনুমান হইতেছে, রাজপুরমিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান ও অন্যান্য মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান উভয়ে ভাবেরাভাই হইবেন। ভাইসচেয়ারম্যান বাবুদিগের অদৃষ্টাকাশে কোথা হইতে একটী বিশেষ ভাগ্য উদিত হইয়াছে। রাজপুরুষেরা সম্ভ্রান্ত লোক দেখিয়া ভাইসচেয়ারম্যান করেন; কিন্তু লক্ষ্মী ও সরস্বতীতে চিরবিবাদ। সুতরাং অধিকাংশ ভাইসচেয়ারম্যান বাবুর সরস্বতীর সহিত গলাগলি। ভাল লেখাপড়া জানা না থাকাতে অধিকাংশ ভাইসচেয়ারম্যান বাবুর মিউনিসিপালিটী সম্বন্ধে প্রকৃত কর্ত্তব্যজ্ঞান থাকে না। তাঁহারা মনে করেন, মিউনিসিপালিটী তাঁহাদের নিজের তালুক। যা ইচ্ছা তাই করেন। যাহাতে মিউনিসিপালিটী হইতে দশ টাকা আয় হয়, সে চেষ্টাতেও বিমুখ হন না। মিউনিসিপালিটীকে দশ টাকা উপার্জ্জনের পথও অনেক আছে। রাস্তা পুল প্রভৃতি কণ্ট্রাক্টে হয়, খোয়াড় প্রভৃতি জিম্মায় আছে। যিনি উপার্জ্জন করিবেন বলে করেন, তিনি কণ্ট্রাক্টরের সহিত যোগ করিয়া অনায়াসে দশ টাকা লইতে পারেন। একটী রাস্তা নূতন প্রস্তুত করা হইল। তাহাতে তিন শত টাকা খরচ পড়িল। কণ্ট্রাক্টর পাঁচ শত টাকার বিল করিল। ভাইসচেয়ারম্যান তাহা মঞ্জুর করিয়া লইলেন। যে দুই শত টাকা লাভ রহিল, কণ্ট্রাক্টরে ও ভাইসচেয়ারম্যানে তাহা ভাগাভাগি হইল। কে তাহার অধ্ব লয়, কেহ হিসাব করে না। খোয়াড়ে একটা গরুতে পাঁচ আনা লওয়া হইল। গরুর সম্মুখে গোটা পাঁচ ছয় খড় ফেলিয়া দেওয়া হইল। গরুটী ক্রমে ক্ষীণ হইয়া অস্থিচর্ম্মসার হইতে থাকে। পক্ষান্তরে, গরুর খোরাকী পয়সার অংশভাগী হইয়া খোয়াড়রক্ষক ও ভাইসচেয়ারম্যান-বাবু হৃষ্টপুষ্ট হইলেন।

এস্থলে একটী উদাহরণ প্রদর্শন করিয়া আমাদিগকে পত্রপ্রেরকের পক্ষ সমর্থন করিতে হইল। রাজপুর মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান-বাবু সেই উদাহরণ। তাঁহার সহিত আমাদের জাতিত্ব সম্বন্ধ নাই, আমরা ব্রাহ্মণ, তিনি শূদ্র, কিন্তু তিনি আমাদের জাতির মস্তক হইয়া দাঁড়াইয়াছেন। আমরা তাঁহার অত্যাচারের কথা সর্ব্বদা সোমপ্রকাশে লিখিয়া থাকি। এই নিমিত্ত আমাদের উপরে তাঁহার এত রাগ যে তিনি আমাদের গ্রামের নাম করেন না। তাঁহা হইতে আমাদের গ্রামের একটী মঙ্গল চেষ্টাও হয় না। পাঠক! রাবণের অপরাধে সমুদ্রবন্ধনের কথা রামায়ণে শুনিয়াছেন এবং আমাদের অপরাধে ভূমির অতি পাপের কথা বাইবলে পড়িয়াছেন। এখন আমাদের অপরাধে আমাদের গ্রামবাসিদিগের দণ্ডের কথা শুনিলেন। আমাদের ভাইসচেয়ারম্যানবাবু আমাদের গ্রামে কোন ফৌজদারী মকদ্দমা ঘটান নাই বটে; কিন্তু একটী বিভ্রাটের পথ লইয়া তিন আদালতে মকদ্দমা করিয়াছেন এবং হারিয়াছেন। তিন আদালতে মকদ্দমা চালাইয়া মিউনিসিপালিটীর টাকা বৃথা নষ্ট করিয়াছেন, অবশেষে আমাদের প্রাপ্য খরচা দিয়াছেন। কেবল এই মাত্র নয়, সম্প্রতি একটী রহকারের পথ বন্ধ করিবার সহায়তা করিয়া বিষম অনর্থ ঘটাইয়াছেন। এই বিষয়মূলক একটী পরিবারের যাত্রা হত হইয়াছে। ভাইসচেয়ারম্যানবাবু যদি অন্যায় সহায়তা না করেন, ন্যায়ও আইন অনুসারে কাজ করিতেন এবং ঠিক কথা কহিতেন, খুনটী হইত না এবং এক ঘর ব্রাহ্মণও মজিত না। আমাদের ভাই সচেয়ারম্যান বাবু আমাদের সহিত কার্য্য সম্বন্ধে সকল সময়েই কৌশল খেলেন; দুঃখের বিষয় এই, সেব রক্ষা করিতে পারেন না। আমরা যে বিবাদের কথা কহিতেছি, এস্থলেও তিনি বিলক্ষণ কৌশল খেলিয়াছেন। যে দিন মিউনিসিপাল কমিটিতে বহু কয়া পথের কথার উত্থাপন হয়, সে দিন চেয়ারম্যানের প্রতিনিধি একজন নূতন লোক আইসেন। তিনি বলিলেন পথটী দেখিয়া হুকুম দিবেন। এক মাস পরে দেখিবেন, কি ছয় মাস পরে দেখিবেন, তাহার কোন কথা কহিলেন না। শুদ্ধ দিন পথ বন্ধ থাকিলে যে লোকের কিরূপে চলিবে, নূতন লোক বলিয়া তাহা বুঝিতে পারিলেন না। আমাদের ভাইসচেয়ারম্যান বাবু অতি কৌশলী, পথটী বন্ধ হইয়া যায়, তাহা তাঁহার অভিপ্রেত, সুতরাং তিনিও বুঝাইয়া দিলেন না। তিনি যদি বুঝাইয়া দিতেন, তাহা হইলে সমুদায় গোলযোগ মিটিয়া যাইত। গোলযোগ মিটান তাঁহার উদ্দেশ্য নয়। অতএব তিনি আরও গোল বাঁধাইয়া দিলেন।

আমাদের রাজপুরুষদের কড়াকড় কেমন, মিউনিসিপালিটীর কার্য্যভার স্বাধীনভাবে এ দেশীয়দের হস্তে দিতে চান না; কিন্তু তাঁহাদের মনোনীত ভাইসচেয়ারম্যানেরা যে অত্যাচার করেন, রাজপুরুষেরা সে দিকে বক্রদৃষ্টিতেও একবার নয়নক্ষেপও করেন না। যখন মিউনিসিপালিটী ছিল না, তখন আমরা কেবল কান্না কাঁদিয়াছি, কাহারও অত্যাচার সহ্য করি নাই; কিন্তু এখন কান্নাও কাঁদিতে হইতেছে এবং অত্যাচারও সহ্য করিতে হইতেছে। কেন অত্যাচার হয়, আর কেনই বা মিউনিসিপালিটীর অর্থ বৃথা নষ্ট করা হয়, এ বিষয় জানাইলে রাজপুরুষেরা কর্ণপাত করেন না। কর্ণপাত না করিবার একটী বিশেষ কারণ ঘটিয়াছে। ভাইসচেয়ারম্যানবাবু চেয়ারম্যান ও মাজিষ্ট্রেট সাহেবকে এই কথা বলিয়া ভুলাইয়া রাখিয়াছেন যে মিউনিসিপালিটীর ভাইসচেয়ারম্যান বাবুর সহিত শত্রুতা আছে, তাই তিনি ঐরূপ লিখিয়া থাকেন। বড় দুঃখ ও আশ্চর্য্যের বিষয় এই, যে বিদ্যা বলে, রাজপুরুষদিগের এ পর্য্যন্ত তাহার অনুগ্রহ করিয়া দেখিবার অবসর হইল না! আমাদের রাজপুরুষেরা কি কেবল কর্ণধার? তাঁহাদের চক্ষু নাই? একবার ঘটনাস্থলে গিয়া দেখিলেই ত সব গোল মিটিয়া যায়। উভয়ের মধ্যে যে, মিথ্যাবাদী, অভিযোগ করিয়া তাহার দণ্ডবিধান করা কি উচিত নয়?

পুলিষ যে কেমন দণ্ডমুণ্ডের নির্দ্দোষ ও কর্ত্তব্য নিষ্ঠ, বেণী কড়াইয়ের হত্যা তাহা প্রমাণ করিয়া দিয়াছে। পুলিষের ভয়ে প্রত্যক্ষ প্রমাণসত্ত্বেও হত্যাকারিদিগের দণ্ড হইল না। পুলিষের বাক্যে বিচারপতির এমনি ভ্রমধারণা হয় যে তিনি সাক্ষী পুর্ব্বাপরের বাক্যে বিশ্বাস করিয়াও করিলেন না; পূর্ব্ব মত বার এজেহার দিয়াছে, তত বারই এক কথা রহিয়াছে। দুই মাস তাহাকে হাজত দেওয়া হয়, তথাপি তাহার কথার কোন পরিবর্ত্ত হয় নাই। সে যদি প্রকৃত ঘটনা না দেখিত, অবশ্যই তাহার কথার জোর হইত। সে যে বেণীকে ডাকিয়া আনিয়াছিল, বেণীর মাও সে কথা কহিতেছে। পূর্ব্ব বলে বেণীকে ২।৪ ঘরে মারিতেছে দেখিয়াছে। যাহারা প্রাণে মারে, তাহারা হত্যা করিল না, তবে কি ভূতে হত্যা করিয়া গেল? যে দিন বেণী কড়াই হত হয়, সে দিন হত্যাকারিরা বাড়ী ছাড়িয়া পলাইয়াছিল, প্রথম তদন্তকারী পুলিষকর্ম্মচারী ইহা দেখিয়াও দেখিলেন না! হত্যাকারিদিগের যে ভাব হইয়াছিল, তাহা বুঝিয়াও বুঝিলেন না! ইহার ভিতর অনেক রহস্য আছে। যদুনাথ মাথর বড় চক্রী। তাঁহার চক্র কেবল কুরুক্ষেত্রের যুদ্ধে ও দ্রৌপদীর স্বয়ম্বরে কার্য্য করিয়াছিল, তাহা নয়, আলিপুরের উদ্যান বোমের মকদ্দমার সময়ে বিলক্ষণ কার্য্য করিয়াছে। জয়েন্ট মাজিষ্ট্রেট সাহেবের বুদ্ধিকেও আবিল করিয়া তুলিয়াছিল। আর একটী রহস্য এই, দুর্য্যোধনের মাতা বিজয় বাবুকে গরম বাপ বলিয়া কাঁদিয়া পড়িয়াছিলেন। তৃতীয় রহস্য বিধবা স্ত্রী এক শত টাকা পাইয়া অনেকের অনুরোধে গিয়া প্রকৃত কথা কহিলেন না। চতুর্থ রহস্য, অঘোর বাবু সকলেরই অধ্যক্ষ। পঞ্চম রহস্য যে দিন বেণীকড়াই হত হয়, সেই রাত্রিতে ও তাহার পরে প্রধান হত্যাকারী অনেক টাকা কর্জ্জ করে। কেন কর্জ্জ করিল, তাহার নিকটে কর্জ্জ করিল, ষষ্ঠ রহস্য এই, যেহেই এ সকল গূঢ় বিষয়ের অনুসন্ধান করিল না।

হিন্দুসমাজ সংস্কার ও আর্য্যদর্শন (১)।

আমরা আর্য্যদর্শনের প্রথম খণ্ডে "হিন্দুসমাজ সংস্কার" এই নামের একটী প্রস্তাব দেখিলাম। এবিষয়ে আমাদিগেরও কিছু বলিবার ইচ্ছা জন্মিল। আমরা দেখিতেছি, যেমন বড় সিঁড়ির যাহারা মানুষের মত হইতেছেন, হিন্দুসমাজের বর্ত্তমান শে চলীয়মনা তাঁহাদের অনেকেরই হৃদয়কে বিদলিত করিতেছে। এ সমাজের যে সংস্কার হয়, অনেকের এ ইচ্ছা জন্মিয়াছে। কিন্তু অনেকে সৎসাহসের অভাবহেতু ইচ্ছা কার্য্যে পরিণত করিতে পারিতেছেন না। যাঁহারা কার্য্যে অগ্রসর হইতেছেন, তাঁহাদিগের৪ সম্মুখে নানাপ্রকার বিঘ্ন বিপত্তি বিভীষিকা প্রদর্শন করিতেছে। পতিত সমাজের উদ্ধারসাধন বড় কঠিন কর্ম্ম। অনেক বিজ্ঞ-লোকের মত এই, যে সমাজ অতি উচ্চতর দশা হইতে পতিত হয়, তাহার আর পুনরুত্থান হইয়া পূর্ব্ববৎ অবস্থা হয় না। রোম গ্রীস প্রভৃতি প্রাচীন সমাজগুলি ইহার উদাহরণ। আর্য্যদর্শনের লেখক বলেন, "হিন্দুসমাজ একদিন প্রচণ্ড স্রোতস্বিনী ছিল। উন্নতির স্রোত ইহাতে প্রচণ্ডবেগে বহিয়াছিল। কিন্তু ভাগ্যদোষে সে স্রোত এখন একেবারে বন্ধ হইয়া গিয়াছে। আবার স্রোত বহাইতে হইবে। মরা নদীর পঙ্কোদ্ধার করিয়া আবার তাহাকে প্রবল স্রোতস্বিনীতে পরিণত করিতে হইবে। স্রোত বন্ধ হওয়ায় যে সকল শৈবাল দাম জন্মিয়াছে, তাহা উঠাইয়া ফেলিতে হইবে। শৈবাল দাম ও পঙ্করাশি উঠাইয়া ফেলিলেই নদী আবার সাগরাভিমুখিনী হইবে—আবার তটবর্ত্তী প্রদেশে জীবন ও সমৃদ্ধি বিস্তার করিবে। ইহা সম্পূর্ণরূপে নিরাপদ। যাহা নিরাপদ, তাহা ফেলিয়া যাহা পরাপদ, তাহার জন্য চীৎকার করিয়া মরি কেন?"

মৃত হিন্দুসমাজকে পুনরুজ্জীবিত করিয়া তুলা যে কেমন কঠিন কর্ম্ম, লেখক মরা নদীর উপমা দিয়া তাহা স্পষ্ট সপ্রমাণ করিয়া দিয়াছেন। মরা নদীর উদ্ধার করিতে গেলে অর্থবল শারীরিক বল ও দৃঢ়তর অধ্যবসায় প্রভৃতি অনেক উপকরণের প্রয়োজন। সুতন নদী কাটান সহজ, কিন্তু পুরাণ নদীর পঙ্কোদ্ধার বড় কঠিন কাজ। বড় বালি চুণ, অন্য স্থানের বালি আনিয়া তাহা পূর্ণ হইয়া যায়। হিন্দুসমাজের সংস্কার ইহার অপেক্ষাও অধিকতর দুরূহ ব্যাপার। ইহার বিরুদ্ধে অনেক বালি আছে। তাহার অপসারণ সহজ কার্য্য নয়। তাহার উপরাদ্ধে দুরূহতর

(১) আমরা এখনও আর্য্যদর্শনের দ্বিতীয় উক্তি দেখিতে পাই নাই। সুতরাং দুঃখী হইতেছি. এখানেও উদ্ধৃত হইতেছে, সুতরাং আমরা প্রস্তাবটি এখনই পাঠ করিয়া বিশেষ

পারীরিক বল ও মানসিক বলের একান্ত অল্পতা। অল্পে যে অল্পের সংস্কার না হইলে হিন্দুসমাজের উন্নতি সাধন হইবার কি সম্ভাবনা আছে? যাঁহারা স্বয়ং উন্নত ও বলীয়ান না হন, তিনি কি সমাজের উন্নতি সাধন করিতে পারেন? যদি বা সাহস করিতে পারেন, তাহা তাঁহার অবিমৃষ্যকারিতার ফল হইয়া উঠিবে। ফল কিছুই হয় না। মানসিক বল আধ্যাত্মিক, শারীরিক বল সাপেক্ষ। যাঁহারা হিন্দুসমাজের সংস্কারকারী, অগ্রে তাঁহাদিগের শারীরিক বল সকলের উপায় অন্বেষণ করা কর্ত্তব্য। হিন্দুরা বিশেষতঃ বাঙ্গালিরা এ দুরূহ কর্ম্ম কখন সমাজের সাহায্যে সফল হইবেন না। আমরা উপরেই বলিয়াছি, শরীর শক্ত না হইলে মন শক্ত হয় না। মন শক্ত না হইলে সৎসাহস জন্মে না, সৎ সাহস না জন্মিলে শক্ত কার্য্য উদ্ধার করিবার শক্তি জন্মে না। শারীরিক ও মানসিক বলসম্পন্ন হইবার উপায় কি? আজ আমরা বাঙ্গালিদিগেরই এ উপায়ের চিন্তনে প্রবৃত্ত হইয়াছি।

চারা গাছের রোগ নিবারণ করিলেই সে গাছের উন্নতি হয় না, তাহার ফলও পুষ্কল হয় না। শীঘ্র সে গাছ ও ফলে লোকা ঝরিয়া যায়। বাল্যবিবাহরূপে যে নৃশংস যমস্থান করে, তাহা চারাগাছের ফলজাত মুকুলের ন্যায় দুর্বল হয়। তাহার শারীরিক ও মানসিক কোন বলই প্রায় থাকে না। অতএব সর্ব্বাগ্রে বাল্যবিবাহের মূলোচ্ছেদ করিতে যত্নবান হইবার চেষ্টা করা সমাজ সংস্কারার্থী ব্যক্তি মাত্রেরই কর্ত্তব্য। আমাদের শিক্ষাক্রমে আহার প্রণালী ও বাস প্রণালী আদি ও ইহারও অগ্রে পরিবর্ত্তন করা আবশ্যক। আমাদের বাসপ্রণালী ও ভোজ্যদ্রব্যের দোষে দেহ প্রায়ই দুর্বল ও অসুস্থ থাকে। এ অবস্থায় বলসাধ্য কোন কার্য্যেই প্রবৃত্তি জন্মে না। পঠ ঠিক কি দেখিতে পাইতেছেন না, এই কারণেই ছেলের দল বাহিরের ও ব্রহ্মণ্যতার ধারিতেছে। সেই সেই সভায় গেলে হাত পা নাড়িয়ে চুল আঁ, উঠিয়া দাঁড়াইবার ভ্রমও স্বীকার করিতে হয় না। এই কারণেই বেতাদিগিরি কার্য্যে মুক্তকণ্ঠতার হয়।

ল। অধিকাংশ স্থলের ব্যবহার দেখিয়া স্পষ্টবোধ হয়, আমোদ প্রমোদে থাকিয়া অধিকাংশ ছেলে যেন ছিন্ন ভেটে গেলেই হইল।

কিছু উদ্দেশ্য আছে, সমাজের কাছে যে ঋণী, কারণের সে বোধ হয় না। অল্পের মধ্যে সভ্যতা লিগের বড় ইতর বিশেষ নাই।

আর্য্যদর্শনের লেখক কি এই সকল ছেলে লইয়া সমাজের সংস্কার করিবেন? যাঁহারা সমাজের কর্ণধার হইবেন, তাঁহাদিগকে আগে খাড়া করিয়া তুলুন। বিধবাবিবাহ প্রচলন ও বহুবিবাহ নিবারণ প্রভৃতি কার্য্যগুলি একপ্রকার সহজ। আর আমরা যে প্রস্তাবের কথা বলিলাম, তাহা অন্য প্রকার। সমাজের আভ্যন্তরিক সংস্কার ব্যতিরেকে সমাজ কখন উন্নতি লাভ করিতে পারিবে না। সমাজ বলিষ্ঠ হইলে বিধবাবিবাহ প্রভৃতি সহজে প্রচলিত হইয়া উঠিবে এবং হইতেছিলও। পাঠক! ও বিবেচনা করিবেন না যে, আমরা বিধবাবিবাহ প্রচলিত হইবার বিষয়ে সমাজকে উদাসীন থাকিতে উপদেশ দিতেছি। আমরা যে প্রস্তাব করিলাম, তাহার পরে সঙ্গে এ চেষ্টাও হউক।

"আমাদের সভ্যতার কি বিনাশ হইবে?"

১৮৮৬। ৯ মার্চ্চ হালের মর্ণ আডভার্টিজার বিভিন্ন শীর্ষ এই প্রস্তাবটী লইয়া আন্দোলন করিয়াছেন। ইংরাজদের প্রস্তাবটী করাতে বোধ হয়, পেষকের মনে এরূপ সন্দেহ আছে, বর্ত্তমান সভ্যতার বিলোপ হইতে পারে। আমাদের মতে তাহার এ সন্দেহ অমূলক। জগতের কোন পদার্থই নিত্য নয়। এই কলিকাতা বৈষয়িকদিগের মনে এমনি বলবতী হইয়াছিল যে, তাঁহারা রজ্জুতে সর্পের ন্যায় জগতকে ব্রহ্ম পদার্থ বলিয়া ভ্রম প্রচার করিয়াছিলেন। একজন ঋষি বলেন—

বহুপতেঃ কৃতা মথুরা পুরী
রঘুপতেঃ কৃতা অযোধ্যাতদোপমা।
ইতি বিচিন্ত্য কুরুষ মনঃ স্থিরং
জগদিদং ন সদিত্যবধারয়।

বহুপতি কৃষ্ণের মথুরাপুরী যেমন ধ্বংস হইয়াছে। রঘুপতি রামের অযোধ্যা যেমন বিনষ্ট হইয়াছে? এই চিন্তা করিয়া মন স্থির কর, জগৎ নিত্য নয়, এমন ধারণা করিয়া রাখ।

এটী কোন শোকপীড়িত ব্যক্তির বহুদর্শনা বাক্য। কিন্তু ইহাতে জগতের পরিণতি বিষয়টী সুন্দর বর্ণিত হইয়াছে।

রিভিউয়ের লেখক সভ্যতার লয় হইবার তিনটী কারণের নির্দ্দেশ করিয়াছেন। প্রথম নৈসর্গিক; দ্বিতীয় মানসিক; তৃতীয় প্রকৃতি ও মন উভয় ঘটিত। প্রথম, যত প্রকার বহুকালস্থায়ী প্রকৃতি সভ্যতা নাশের নৈসর্গিক কারণ। দ্বিতীয়, মনের বিকৃত ভাব। তৃতীয়টীর উদাহরণ আমরা দেখিয়াছি। বহুল পরিমাণে অস্বাভাবিক ভোগের প্রচার হইলে সভ্যতার বিনাশ হইয়া যায়। রোমান সাম্রাজ্য এই ভাবের বিশেষ প্রাদুর্ভাব আছে। তৃতীয়, সমাজের উচ্চ শ্রেণীর অধিকাংশের এই মত, বিবাহ না করা; যদি বা বিবাহ করা হয়, সন্তানোৎপাদন না করা।

লেখক যে তিনটী বিষয়ের নির্দ্দেশ করিয়াছেন,

ইহার আংশিক [illegible] পূর্ণ কারণও সন্দেহিত হয়। [illegible] পূর্বদেশে মহা প্রলয়ের ঘটনা ঘটে। কিন্তু বহু দিনের ঐতিহাসিক সংবাদ জানিতে পারা যাইতেছে, তাহার মধ্যে মহাপ্রলয়ের কথা শুনা যায় না। অতএব মহাপ্রলয় এ ধরণপাতাদি হইয়া বিশ্বরচনীয় সভ্যতার বিলোপ হইবে তাহার সম্ভাবনা নাই। অসৎ গ্রন্থের প্রাদুর্ভাব হইয়া তাহার আলোচনায় যে সভ্যতার নাশ হইবে, এ আশঙ্কা অমূলক কল্পনা সম্বন্ধে সন্দেহ নাই। মুদ্রাযন্ত্রের জীবন হইতে ইহার প্রতিঘাত জন্মিবার সম্ভাবনা। যাঁহারা বিবাহ ও সন্তানোৎপাদন না করিয়া সভ্যতা সংসারের সঙ্গম করেন, তাঁহারা ত লোকাতীত লোক। সৃষ্টি রক্ষার্থই স্ত্রী পুরুষ সৃষ্টি হইয়াছে। বিধাতা ইন্দ্রিয়বৃত্তিকে এরূপ বলবতী করিয়া দিয়াছেন যে সাধারণে ঐ সকল সম্পন্ন করা অসাধ্য নয়। দুই চারি জনের কথা আমরা ধরি না।

সভ্যতা যেমন কেন সর্বাঙ্গসম্পন্ন হউক না, প্রকৃতির যে নিয়ম আছে, ইহার সংহার হইবার। অন্য অন্য পদার্থের যেমন বাল্য যৌবন প্রৌঢ় ও বৃদ্ধ অবস্থা আছে, সভ্যতারও তেমনি আছে। চরম অবস্থা উপস্থিত হইয়া আসিলেই ইহার ক্ষয় হইয়া যাইবে। মানুষের মন অতি অদ্ভুত পদার্থ। ইহাতে লোভ ও অভিমান প্রভৃতি যে ক্রিয়া করে, বরং পৃথিবীর গতি রোধ করা যায়, তথাপি তাহাদের গতি রোধ করা যায় না। ইউরোপীয়েরা ও আমেরিকানেরা এখন উন্নতির সম্পন্ন। কিন্তু যখন দিগীয়া পরস্পরের মনে প্রবল হইয়া উঠিবে, তখন আপনারা কাটাকাটি করিয়া মরিবে। সভ্যতা তাহাদের রক্ষা রোধ করিতে পারিবে না। লোক ও রোমকেরা কি ঘরে ঘরে কাটাকাটি করিয়া উৎসন্ন যায় নাই? রোমকদিগের অন্তর্বিপ্লবেই অন্তঃসার শূন্য করিয়া তুলিয়াছিল। তাহাতেই রোম ক্ষয় হইয়া পড়ে। গল [illegible] আসিয়া নিমিত্ত মাত্র হয়। যে সময়ে [illegible] হয়, তখন তাহাদের বিলক্ষণ উন্নতি হইয়াছিল। কিন্তু দুর্যোধনাদির অভিমান ও অন্য অন্য রিপুগণের বীরত্ব সেই ভারতকে সেই সভ্যতাকে ক্ষয়দশা-পন্নী করিয়া গেল। তাহার পর কতবার ভারতে আবার কতবিধ পরিবর্তন হইয়াছে। অতএব এই নিয়তি হইতেছে, মানুষের মনই সভ্যতার কারণ, আবার সভ্যতা মানুষের কারণ।

ভারতবর্ষে রেলওয়ে।

আমরা ভারতে দুই একটী রেলপথ দেখিয়া [illegible] আমাদের আর রেলওয়ের আবশ্যক নাই [illegible] ইংলণ্ডের সহিত তুলনা করিয়া দেখি, তাহা হইলে বুঝিতে পারিব যে আমাদের যেখানে রেলপথ নাই বলিলেই হয়।

বাষ্পীয় পোত বাষ্পীয় শকট প্রভৃতির উপকারিতার বিষয় নিশ্চয়ই সকলে স্বীকার করিয়া থাকেন। এই সকল হইতেই বাণিজ্যের উন্নতি হয় এবং সেই মূলে আমাদের মন উন্নত হইতে থাকে। রেলওয়ে হইয়া কিরূপ সুবিধা হইয়াছে ও ইহার বিস্তৃতিতে কতদূর উপকার হইতে পারে সে বিষয়ের আন্দোলন করাই এই প্রস্তাবটীর উদ্দেশ্য।

মহাসভা পার্লিয়ামেণ্টে মধ্যে মধ্যে ভারতবর্ষে রেলওয়ের অভাব ও বিস্তার সম্বন্ধে যাহা শুনা যায় হইয়া থাকে। ভারতবর্ষ যেরূপ বিস্তীর্ণ স্থান, তাহাতে ১০০০০ দশ হাজার মাইল রেলপথ হইতে যে বিশেষ সুবিধার সম্ভাবনা নাই, ইহা উক্ত সভার সভ্যদিগের অনেকেই বেশ বুঝিয়াছেন। কিন্তু ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এ বিষয়ে বিশেষরূপ উৎসাহী ও উদ্যোগী না হইলে ইহলাভের সম্ভাবনা নাই। গবর্ণমেণ্ট মধ্যবর্তী হইয়া উৎসাহ দান দ্বারা ধনিদিগকে এ বিষয়ে প্রবর্তিত করুন, আর স্বয়ং ও ঋণগ্রহণ করিয়া কতক পথ নির্মাণ করুন। রেলওয়ে যে লাভজনক, ইহা সকলেই স্বীকার করেন। অতএব স্বয়ং ঋণী হইলেও ইহার নির্মাণে গবর্ণমেণ্টকে যে অধিক ধন ঋণগ্রস্ত থাকিতে হইবে না, ইহাতে আমাদের বিন্দুমাত্র সংশয় নাই। [illegible] ইংলণ্ড একটী কমিটী হইয়া স্থির হইয়াছে যে ভারতবর্ষীয় গবর্ণমেণ্ট এই সকল লাভ জনক হিতকর কার্য্যের জন্য এক বৎসরের মধ্যে অধিক ধার করিতে পারিবেন না। আমরা এরূপ ১০০০০০০০ টাকার নিয়মকে যুক্তিসিদ্ধ বলিয়া মনে করি না। কারণ, গবর্ণমেণ্টকে এরূপ নিয়মবদ্ধ হইয়া চলিতে হইলে আমাদের মঙ্গলের আশা সঙ্কুচিত হইয়া যায়। সকল রাজপ্রতিনিধি সমান বুদ্ধিমান দেশহিতৈষী কিম্বা উদারমতি নহেন, লর্ড রিপন হয়ত আরও ১০০০০ মাইল নূতন রেলওয়ে নির্মাণের অনুমোদন করিতেন কিন্তু উক্ত নিয়মের অধীন হইয়া তিনি তাহা করিতে পারিলেন না। এটী দুঃখের বিষয় সন্দেহ নাই। এই সকল বিষয় সম্বন্ধে ভারতবর্ষীয় গবর্ণমেণ্টকে স্বেচ্ছানুসারে কার্য্য করিতে দেওয়াই ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের সম্পূর্ণ কর্ত্তব্য।

রেলওয়ে বিস্তার দ্বারা কৃষি ও বাণিজ্যের বিশেষ উন্নতি হইয়া থাকে। সকল স্থানে সকল দ্রব্য উৎপন্ন হয় না। আমরা অনেক দ্রব্যের জন্য যেমন চীন ও জাপানের মুখ চাহিয়া থাকি, ইংলণ্ডও সেইরূপ আমাদের মুখ চাহিয়া থাকেন। ভারতবর্ষের যে সকল প্রদেশে গমের চাষ হয়, সেই সকল প্রদেশে চাউল উৎপন্ন হয় না। তজ্জন্য উভয় স্থানকেই পরস্পর সমরে বদ্ধ হইতে হয়। কিন্তু রেলওয়ে দ্বারা এই [illegible] সহজে ও সত্বরে ঘটিয়া [illegible] ভারতের ভূমি অত্যন্ত উর্বরা। [illegible] প্রকৃতি বাণে প্রচুর পরিমাণে শস্য [illegible] থাকে। যদি রেলওয়ে দ্বারা ঐ সব [illegible] আনীত হইয়া ইংলণ্ড প্রভৃতি [illegible] হইত তাহা হইলে ইহার উৎপত্তি [illegible] যাইত কিম্বা অত্যন্ত মূল্যেও বিক্রীত হইত। ইণ্ডিয়া প্রভৃতি দুই একটী রেলওয়ে হইয়াই গমের বিলক্ষণ উন্নতি হইয়াছে। ১৮৭৯ সালে ৬৯০০ টাকার গমের রপ্তানী হয় কিন্তু ১৮৮০ সালের ছয় মাসের মধ্যে ৬৮৩৪৩২০ টাকার গম রপ্তানী হইয়াছে। আশ্চর্য্যের বিষয় এই যে ঐ বৎসরের মধ্যে গম উৎপত্তির পরিমাণ প্রায় ৮০ বৃদ্ধি হইয়াছে। আবার যদি রেলওয়ে বিস্তার হয় তাহা হইলে আরও অধিক গমের উৎপত্তি ও রপ্তানী হইবে সন্দেহ নাই।

বেলজিয়ম ফ্রান্স প্রভৃতি ইউরোপের অন্য প্রদেশে ভারতীয় গমের রপ্তানী হয়। কিন্তু রেলওয়ে ও জাহাজ ভাড়ার আধিক্যহেতু ঐ সকল প্রদেশে এই গম দুর্মূল্য। ইহার মধ্যে রেলওয়ের ভাড়া অধিক। ভারতবর্ষে রেলওয়ের দীর্ঘতা ও [illegible] যোগিতার অভাব ইহার কারণ। ভারতবর্ষের উৎকৃষ্ট হইলেও মহার্ঘতা বশতঃ আমেরিকার গম অপেক্ষা ও বিক্রয় অধিক। আমেরিকায় বিস্তর রেলওয়ে আছে এবং তাহাদের পরস্পর বিলক্ষণ প্রতিযোগিতাও আছে। সেই হেতু জিনিষ পত্র সস্তায় বহিবার ভাড়া অপেক্ষাকৃত অনেক অল্প। ইত্যাদি আমেরিকার গম ইংলণ্ডে নীত হইয়া অল্প মূল্যে বিক্রীত হইবার সম্ভাবনা অধিক।

প্রকৃতি, ভারতের প্রতি প্রসন্না হইয়া ভারতভূমিকে উর্বরা করিয়াছে বটে কিন্তু নানা প্রকার প্রতিবন্ধক হেতু ভারতবাসিরা বিশেষ ফল লাভ করিতে পারিতেছে না। যদি ভারতবর্ষ আমেরিকার ন্যায় রেলওয়ে পূর্ণ হইত, তাহা হইলে ভারতের অর্থ রাখিবার স্থান হইত না। উৎপন্ন দ্রব্য স্থানান্তরিত করিবার বিশেষ সুবিধা আছে, ব্যয় অধিক হয়; এই হেতু ভারতের অনেক ভূমি পতিত হইয়া আছে।

আমেরিকার লোকসংখ্যা পাঁচ কোটী কিন্তু এক লক্ষ মাইল রেলওয়ে হইয়াছে। ভারতে পঁচিশ কোটী লোকের বাসস্থান, কিন্তু ইহার [illegible] হাজার মাইল মাত্র রেলওয়ে নির্মিত হইয়াছে। অতএব রেলওয়ে সম্বন্ধে আমেরিকার সহিত ভারতবর্ষের আদৌ তুলনাই হয় না। আমেরিকায় রেলওয়ে হইয়া বাণিজ্যের [illegible] অপেক্ষা

...বহরের খাজনা হ্রাসবৃদ্ধি করিয়া থাকেন। ...ীয় গবর্ণমেণ্টের আর তাঁহাদের হেট সেক্রে... নাই:এ সকল বিষয়ে তাঁহার পরামর্শ লইয়া ...র্য্য করিতে হইবে। আমাদেরমানুল ফমাইবার ...রোজন হইলে হেট সেক্রেটারির নিকট আবেদন ...রিতে হয়, তিনি যদি অনুকম্পা করিবেন, তবে ...ত অনেক বিলম্বে কিছু ফল হইল নতুবা কিছুই ...হ।

আমেরিকাবাসীরা কিছুতেই ভীত কিম্বা সঙ্কু... হয় না। লোকের বাস থাকুক বা নাই থাকুক, ...কের সম্ভাবনা থাক বা নাই থাকি তথাপি তাঁহারা ...পূর্ব্ব অরণ্য পরিষ্কার করিয়া রেলওয়ে বিস্তার ...রন। ক্রমে ঐ সকল স্থান লোকে পূর্ণ হইয়া ...ঠে। ইহা দেখিয়া ইংরাজ গবর্ণমেণ্টের রেলওয়ে ...র্যের উপকারিতা শিক্ষা করা উচিত। আমরা ...র্ণমেণ্টকে নিম্ন জন্ম পূর্ব্ব অরণ্য মধ্যে রেলওয়ে ...ত করিতে বলি না। জনপূর্ণ বসন স্থানে রেল... বিস্তার করা হউক যে সাধারণের বিশেষ উপকার ...য় এবং ভারতের ভূমি সকলের উর্ব্বরতারও বৃদ্ধি ...হবে।

আমেরিকার প্রতি বৎসর ৮০০০ হইতে ১০০০০ ...তন রেলওয়ে প্রস্তুত হয়। কিন্তু ভারতবর্ষে ...হইবার সীমা পর্য্যন্ত নাই। ভারত অত্যন্ত বিস্তীর্ণ, এখানে এত টাকা নাই যে রেলওয়ের জন্য ...র বৎসর আমেরিকার ন্যায় অর্থ ব্যয় হয়। ...ন নির্ব্বাচনের মিমিত্তে যে কমিশন নিযুক্ত করা ...হিল, তাঁহারা ভারতে ২০০০০ মাইল রেল... জন্য প্রস্তাব করিয়াছিলেন। তাঁহাদের সেই ...বনী কিছুতেই অলঙ্ঘনীয় নয়। যদি ইংলণ্ডে ...০০ মাইল রেলওয়ে হয়, তাহা হইলে ভারতে ...হত তুলনায় ভারতবর্ষের পরিমাণ ফল ১৩... বর্গ মাইল এই গণনা করিয়া ভারতে ২০... ...ইল রেলওয়ে অতিরিক্তের সন্দেহ নাই।

...সর মধ্যে কেবল ১০০০০ মাইল রেলওয়ে ...ত হইয়াছে। যে গতিতে বৎসর বৎসর পথ ...ত হইয়াছে, নিম্নে তাহা প্রদর্শিত হইল।

...৮৫০ সালে ৩৬৪৪ মাইল।
...৮৭৮ সালে ৮৭১২ মাইল।
১৮৮১ সালে ২৮৯২ মাইল।
১৮৮২ সালে ১০১৪৪ মাইল।

...এখন দেখা যাইতেছে যে, গত কয়েক বৎসরে আমাদের ...ইবার অনবিধ রেলপথ প্রস্তুত হইয়াছে। ...বৃদ্ধি হইতে পারে? ভারত ...ইংরাজ গবর্ণমেণ্ট যদি ইহার ...করিতেন তবে ...

ইংরাজ রাজনীতিজ্ঞ মনে করেন ভারতবর্ষ ...হইতে ইংরাজ ইহার শাসনকার্য্য হইতে ...হইবেন। ইহার মূলে অলীক শঙ্কা আছে.

...ন্যান্য স্থানের অধিক পরিমাণে রেলওয়ে ...ইংরাজজাতিরই রাজ্যশাসনাদির নানাপ্রকার সুবিধা হইবে।

ভারতবর্ষে রেলওয়ে বিস্তারের অন্যতম প্রধান বিশেষ কারণ এই যে এখানে ধনীলোকের সংখ্যা অত্যন্ত কম। যে দুই চারি জন ধনীলোক আছেন, তাঁহারা অর্থরাশি ভাণ্ডারস্থ করিয়া নিশ্চিন্ত হইয়া আছেন। নূতন ব্যবসায়ে অর্থ নিয়োজিত করিয়া বৃদ্ধি করিবার বিষয়ে তাঁহারা সম্পূর্ণ নিস্পৃহ। বিদেশীয় ধনিগণ এখানে রেলওয়ের জন্য অর্থ ব্যয় করিতে বড়ই সম্মতি দেন না। তাঁহারা অধিক আবশ্যক করেন। সৌভাগ্যক্রমে ইংলণ্ডের বিখ্যাত ধনী রথচাইল্ড ব্রাদার্স ভারতবর্ষে দুই একটী রেলওয়ে প্রস্তুত করাইতেছেন। তাঁহারা সাহস করিয়া অধিক মূলধন নিয়োজিত করিলে আমাদের বিশেষ মঙ্গলের সম্ভাবনা। ভারত গবর্ণমেণ্টেরও এই সকল ধনী...ক উৎসাহ দেওয়া অবশ্য কর্ত্তব্য। গবর্ণমেণ্ট যদি উদ্যোগী হন, তাহা হইলে দেশীয় ও বিদেশীয় অনেক ধনী ভারতে রেলওয়ে বিস্তাররূপ মহৎ কার্য্যে অগ্রসর হইবেন সে বিষয়ে সন্দেহ নাই।

যাঁহারা মনে ...রন, রেলওয়ে বৃদ্ধির সহিত দেশের শ্রীবৃদ্ধির হ্রাস হয়, তাহাদের ভ্রম্য আর নাই। রেলের ...পয়া প্রচারের সঙ্গেসঙ্গে তাঁহারা দেশ নিধন হইবে বলিয়া আশঙ্কা করেন। কিন্তু আমরা যদি দৃঢ়চিত্তমত প্রস্তাবনা হয় তাহা হইলে কৃষকেরা উপযুক্ত মূল্য পাইয়া বিশেষরূপ উৎসাহিত হইতে পারে এবং উৎপন্ন দ্রব্যের পরিমাণও ক্রমে বৃদ্ধি হইবার সম্ভাবনা। এরূপ হইলে দেশে ধনের অল্পতা না হইয়া উত্তরোত্তর বৃদ্ধিই হইবে, তদ্বিষয়ে বিন্দুমাত্র সন্দেহ নাই।

ভারতবাসীর এক ...

কারণ ১৬

আমরা সপ্রমাণ করিয়া থাকি আমাদিগের ...স্পরের সহানুভূতির অভাবই আমাদিগের অবনতির কারণ, কিন্তু কি কারণে পরস্পরের সেই সহানুভূতির অভাব হয় অদ্য তাহারই আলোচনা করা এই প্রস্তাবের মুখ্য উদ্দেশ্য। পৃথিবীর এক সপ্তমাংশ, যেরূপ ...পর্যবেক্ষণের জন্য তেমনি পৃথিবীর এক ষষ্ঠ ভাগ লোক ইংরাজাধিকৃত ভারতবর্ষের অধিবাসী। এই সকল লোকের স্বভাবে সহানুভূতির হ্রাস ঘটিয়া থাকে। বিশেষে গবর্ণমেণ্ট তিনি তাঁহার

...ন্যান্য প্রজাদিগের নিকট সহানুভূতি প্রাপ্ত হয়েন। অপর ...র্ণমেণ্ট তাঁহাকে ঘৃণার চক্ষে দেখেন। অধীনস্থ ...হইতে বিদ্যোপার্জ্জনার্থে তাঁহারা পর জ্ঞান করিয়া ...থাকেন। এজন্য মুসলমান ইংরাজকে যে চক্ষে দেখেন ...হিন্দুরা তাহাপেক্ষাও ঘৃণার চক্ষে দেখিয়া থাকেন। ইংরাজের সহিত তাঁহার আহার ব্যবহারের সাদৃশ্যই ...ঘটনা করিয়াছে। কিন্তু ও মুসলমান ইহাদি পর ...পরস্পরের ...প্রায় ...ঘটনা করে যে তা... ...বর্ত্তী হইলে অন্যান্য ...হইতে ...ঘটে। মুসলমানদিগের ...ন্য মুসলমান ব্যতীত ...পর সকল ...বর্ত্তীই ...ঘটনা ...পর আছে। সেইরূপ ...দিগের ...কারেরা মুসলমানদিগকে ঘৃণার চক্ষে ...করে হয় বটে, উহাদিগের দ্বারা ...ঘটনা হইবেন আশঙ্কা করিয়া ...হইতে পারেন না। ...দিগের সহিত ...হইতে পারেন না। ...প্রতি পরস্পরের বিদ্বেষবুদ্ধি ও পরস্পরকে ...পরের সহিত মিশ্রিত হইতে দেয় না। হিন্দু... প্রতি মুসলমানদিগের ঘৃণা এরূপ প্রবল যে ...হারা বড় দুঃখী হইয়া থাকিবে তথাপি হিন্দুর সহিত ...ক বিবাদে অবতরণ করিবে না। পরস্পরের ...ন্যান্য ব্যবহারে এত প্রভেদ দেখিতে পাওয়া যায় যে তাহাতে পরস্পরের সহিত পর... ...পরের মিলিত হওয়া সম্ভাবিতও নহে। হিন্দুরা যে ব্যবহারকে ধর্ম্মমূলক করিয়াছেন মুসলমানেরা ঠিক তাহার বিপরীত ব্যবহারকে ধর্ম্মকার্য্য মূলক করিয়া দিয়াছেন। বাল্যকাল হইতে হিন্দুবালক যে সংস্কারের বশীভূত হয় মুসলমান বালক ঠিক তাহার বিপরীত সংস্কারের বশীভূত হইয়া উঠেন এবং পর... পরস্পরকে পরস্পরের শত্রুজ্ঞান করেন বলিয়া উভয়ের ...য় আমাদিগের বলের হ্রাস হইতেছে। ভারতবর্ষে ...এইরূপ যতগুলি ধর্ম্মসম্প্রদায় আছে তাহাদিগের পরস্পরের সহিত পরস্পরের মিল নাই। যে সম্প্র... আহার ব্যবহারের সহিত অপর সম্প্রদায়ের আহার ব্যবহারের যেমন সাদৃশ্য দেখিতে পাওয়া যায় তাহার সহিত সেই পরিমাণে মিলও দেখিতে পাওয়া যায়। এরূপ স্থলে একে অপরের কার্য্যে ...ন্যায় বিরুদ্ধতা না করিয়া মিত্রের ন্যায় ব্যবহার করে না। সুতরাং কেহ কোন কার্য্য ...করিলে, বীরিয়ে গবর্ণমেণ্ট আত্মশাসন-প্রথা ...ভারতীয় অধিবাসীর অভিপ্রায় প্রকাশ করিলেন কিন্তু হিন্দু মুসলমানের বিবাদ নিবন্ধন গবর্ণমেণ্ট সে ইচ্ছা পরিত্যাগ করিলেন। গবর্ণমেণ্টের নিবন্ধন আমা... ...ইচ্ছার অভাব আছে, এইরূপে বর্ত্ত হইতেছে। ভারতবর্ষীয় ...লোক সংখ্যা ২০০০-০০০০ জন। ...হিন্দু ১০০০০০০০০। ...

১৩২১৫০২ ; অসভ্য লোক ৩৮২৩৫১ ; ইসলাম-ধর্ম্মাবলম্বী ৪৪১৬৮৮৪ [illegible] ১৮৯৫৩৩৩, শিখ ১৮৫ ৩৮২৬ ; জৈন ১২২[illegible] পার্সি ৮৫৩৯৭, ইহুদী ১২০০৯ ও [illegible]ানা ধর্ম্মাবলম্বী ১৫২০৫৯ জন। ইহাদিগের মধ্যে আজমীরে ৩১৬০২৯[illegible] হিন্দু, ৫৭৮০৯ জন মুসলমান, ২২২৫ জন খ্রীষ্টান, ১৮২ জন শিখ, ১৪৩০৮ জন জৈন, ৭৫ জন পার্সী ও ৯৪ জন ইহুদী ; অজমীরের পার্শ্বে ৩০৬২১৪৮ জন হিন্দু, ১৩১৭০২২ জন মুসলমান, ৪৮৮২৫১ জন খ্রীষ্টান, ৩ জন শিখ ১৫৮ জন জৈন ও ১৭৭ জন অপরাপর ধর্ম্মাবলম্বী ; অযোধ্যায় ৪৫৪৫২৮০৬ জন হিন্দু, ২১৭০৪৭১৪ জন মুসলমান, ২০০৮৮২২ জন খ্রীষ্টান, ১৫৫৮০৯ বৌদ্ধ, ১২৮১৫০ খ্রীষ্টান, ৫৪৯ জন শিখ ৬০৯ জৈন, ১৫৬ ১০৫৯ ৩৮১৯৭ জন অন্যান্য ধর্ম্মাবলম্বী, বেরারে ২৪২৫৬ ৫৬ জন হিন্দু, ১৮৭৫৫৫ মুসলমান, ৩৭৩৩৮ অসভ্য জাতীয়, ১ জন [illegible]ীষ্ট, ১৩৩৫ খ্রীষ্টান, ৫২৫ শিখ, ২০০ ১০ জৈন, ২৪২ পার্সী ও জন ইহুদী ; বোম্বাইয়ে ১৭৮৫৯৮৫ হিন্দু, ৩৭৭৪৩৩০ মুসলমান, ৯৩১৮৯৪ জন অসভ্য, ১২ জন বৌদ্ধ ১৪৪১৫৪ খ্রীষ্টান, ১২৭ ১৩০ শিখ, ৪৯৮৪৪৩ জৈন, ৭৩৯৭৩ জন পার্সী, ৯০২ ৩ জন ইহুদী ও ৬৮৯ অন্য ধর্ম্মাবলম্বী ; ব্রিটীশব্রহ্মে ৮৮১৭৭ হিন্দু, ১৬৮৮৮১ মুসলমান, ৩২৫১৫৮৪ বৌদ্ধ, ৮৪২১৯ খৃষ্টান, ৫ জন জৈন, ৮০ জন পার্সী, ২০৪ জন ইহুদী ও ১৪৩৬১৮ অন্য ধর্ম্মাবলম্বী, মধ্যপ্রদেশে ৮৭০৩১১০ হিন্দু, ১৮৫৬৮৭ মুসলমান, ১৭৫৩৯১৭ অসভ্য লোক, ১৭ জন বৌদ্ধ, ১১৯৭০ জন খৃষ্টান, ১৪ জন শিখ ১৫৮ জন জৈন ও ১৭৭ জন অপরাপর ধর্ম্মাবলম্বী ; বঙ্গদেশে ৪৫৪৫২৮০৬ জন হিন্দু, ২১৭০৪৭১৪ জন মুসলমান, ২০০৮৮২২ জন খ্রীষ্টান, ১৫৫৮০৯ বৌদ্ধ, ১২৮১৫০ খ্রীষ্টান, ৫৪৯ জন শিখ ৬০৯ জৈন, ১৫৬ ১০৫৯ ৩৮১৯৭ জন অন্যান্য ধর্ম্মাবলম্বী, বেরারে ২৪২৫৬ ৫৬ জন হিন্দু, ১৮৭৫৫৫ মুসলমান, ৩৭৩৩৮ অসভ্য জাতীয়, ১ জন খ্রীষ্ট, ১৩৩৫ খ্রীষ্টান, ৫২৫ শিখ, ২০০ ১০ জৈন, ২৪২ পার্সী ও জন ইহুদী ; বোম্বাইয়ে ১৭৮৫৯৮৫ হিন্দু, ৩৭৭৪৩৩০ মুসলমান, ৯৩১৮৯৪ জন অসভ্য, ১২ জন বৌদ্ধ ১৪৪১৫৪ খ্রীষ্টান, ১২৭ ১৩০ শিখ, ৪৯৮৪৪৩ জৈন, ৭৩৯৭৩ জন পার্সী, ৯০২ ৩ জন ইহুদী ও ৬৮৯ অন্য ধর্ম্মাবলম্বী ; ব্রিটীশব্রহ্মে ৮৮১৭৭ হিন্দু, ১৬৮৮৮১ মুসলমান, ৩২৫১৫৮৪ বৌদ্ধ, ৮৪২১৯ খৃষ্টান, ৫ জন জৈন, ৮০ জন পার্সী, ২০৪ জন ইহুদী ও ১৪৩৬১৮ অন্য ধর্ম্মাবলম্বী, মধ্যপ্রদেশে ৮৭০৩১১০ হিন্দু, ১৮৫৬৮৭ মুসলমান, ১৭৫৩৯১৭ অসভ্য লোক, ১৭ জন বৌদ্ধ, ১১৯৭০ জন খৃষ্টান, ৯৯ জন শিখ, ৪৫৯১১ জন জৈন, ৩৯৯ জন পার্সী, ৬৩ জন ইহুদী, ও ৪৭০৫৫ জন অন্য ধর্ম্মাবলম্বী ; কুর্গে ১৬২৪৮৯ জন হিন্দু, ১২৫৪১ মুসলমান, ৩১৫২ খ্রীষ্টান, ৯৯ জন জৈন ও ২১ জন পার্সী ; বাঙ্গালোরে ২৮৪৯৭৬৭৮ জন হিন্দু, ১৯৩৫৫৬১ জন মুসলমান, ১৫ ৩৫ বৌদ্ধ, ১১১০৮০ খৃষ্টান, ২৪৯৭৩ জৈন, ১৪৩ পার্সী, ৩০ জন ইহুদী, ১৬৩১ অন্য ধর্ম্মাবলম্বী ; উত্তর পশ্চিমাঞ্চল ও অযোধ্যায় ৩৮৫৫৫১২১ জন হিন্দু, ৬১৬ ২৯০০ মুসলমান, ১০৩ জন বৌদ্ধ, ৪৭৬৭৩ খৃষ্টান, ৩৬৪৪ শিখ, ৭২৯৪৭ জৈন, ১১৪ পার্সী, ১০১ ইহুদী ও ৬ জন অন্য ধর্ম্মাবলম্বী, পঞ্জাবে ৯৫৫২৯৫ হিন্দু, ১১৬৬২৪৩৪ মুসলমান, ৩২৪১ বৌদ্ধ, ৩৩৯৯১ খৃষ্টান, ১৭১৬১১৪ শিখ ৪৩৬৮ জৈন, ৪৬৫ পার্সী ১১৮৪ জন অন্য ধর্ম্মাবলম্বী ; বরারে ১৮৫২৮৬৮ হিন্দু, ১৭৪৯৮০ মুসলমান, ১০১৫২৪ অসভ্যলোক, ১৭১ খৃষ্টান, ৪৬১৬ জৈন, ৮১১৮ পার্সী ও ২৮ জন অন্য ধর্ম্মাবলম্বী, মধ্য ভারতবর্ষে ৭৮৫৪ [illegible] ৪৫৬১১৮ মুসলমান, ২১৫২৪ অসভ্য লোক, ৭০৩৫ [illegible] ইহুদী, ১১৬ পার্সি ও ইহুদী ও ৭৯ জন অন্যান্য ধর্ম্মাবলম্বী ; কোচিনে ৪২৯০২৪ হিন্দু, ৩৩৩৪ মুসলমান; ১৩৩৩১ খ্রীষ্টান ও ১২৯৯ ইহুদী ; হাইদ্রাবাদে ৮৮৯০১৮১ হিন্দু ১২৫১২৯ মুসলমান ১৩৯১৪ খ্রীষ্টান, ৩৩৮৪ শিখ, ৮৫২১ জৈন, ৬৩৮ পার্সী ও ৪৭ জন ইহুদী ; মহীশূরে ৫৮২৩৩৩ হিন্দু ২০০৪৮৪ মুসলমান, ১ জন বৌদ্ধ, ২৯২৯ খ্রীষ্টান ৪১ জন শিখ, ৪৭ জন পার্সী, ১ জন ইহুদী ও ২১ জন অন্য ধর্ম্মাবলম্বী ; রাজপুতানায় ৮৮৩৯২৪৩ হিন্দু ৮৬১৭৪৭ মুসলমান ৭৬৮৩৫৩ অসভ্য লোক, ১২৯৪ খ্রীষ্টান, ৯ জন শিখ, ৩১৮৯৭২ জৈন ৭ জন পার্সী, ২১০৭৭ অন্যধর্ম্মাবলম্বী এবং সিন্ধু প্রদেশে ১৭৫৪৭১০ হিন্দু, ১৪৩৮০২ মুসলমান, ৪৯৭৪২ খ্রীষ্টান ও ৯৭ জন ইহুদী আছে। এক স্থলে ভিন্ন ধর্ম্মাবলম্বী লোক থাকাতে সর্ব্বদাই পরস্পরে শত্রুতা হইতেছে। সালেম, তাঞ্জোর, মদুরে, লাহোর দিল্লী ও এলাহাবাদে হিন্দু ও মুসলমানে যে বিরোধ হয় তদ্দ্বারা পরস্পরের শত্রুতার কি পর্য্যাপ্ত প্রমাণ হয় নাই ? আমরা যেখানে হিন্দু মুসলমানে যত বিরোধের কথা শুনিয়াছি সে সমুদায়ই ধর্ম্ম মূলক।

উচ্চশিক্ষার দ্বারা জাতীয় কুসংস্কার দূরগত হইলে এ অনিষ্টের নিবারণ হইতে পারে। কিন্তু আমরা সেরূপ শিক্ষার প্রকৃষ্ট উপায় দেখিতে পাইতেছি না। হিন্দুরা অপরাপর ধর্ম্মাবলম্বী অপেক্ষা অধিক পরিমাণে উচ্চশিক্ষার রসাস্বাদ করিয়াছেন। কিন্তু তাহাতে কি বিশেষ উপকার হইবে ? সকল সম্প্রদায় সমান জ্ঞানসম্পন্ন না হইলে সকলের কুসংস্কার দূরগত হইবে না পরস্পরের প্রতি পরস্পরের ঘৃণাও হ্রাস হইবে না। এখনই ত ভারতবর্ষের সমগ্র লোকের মধ্যে ১০৪৮৩৮৩৫৭ জন পুরুষ ও ১১১৩৩২৯৫৭ স্ত্রীলোক মাত্রেই লিখিতে পড়িতে জানে না। অবশিষ্ট ৩৬৭৩০১৬৫ লেখাপড়া জানেন। ইহাদিগের মধ্যে অল্প শিক্ষিত ও অর্দ্ধ শিক্ষিত ব্যক্তিরা সংখ্যাই অধিক। সমগ্র লোকসংখ্যার সহিত তুলনা করিলে উচ্চশিক্ষা প্রাপ্ত লোক সহস্রে একজন আছেন কি না সন্দেহ। অতএব এরূপ স্থলে সাধারণতঃ বিদ্যার বিস্তৃতি সাধন দ্বারা আমরা সকল ধর্ম্মাবলম্বীর পরস্পর মিলনের অন্য সম্ভাবনা দেখিতে পাই না। আমাদিগের গবর্ণমেণ্ট বিদ্যাদান বিষয়ে যেরূপ অর্থ ব্যয় করেন তাহা এই বৃহৎ সাম্রাজ্যের উপযুক্ত নহে। প্রজাসাধারণকে শিক্ষিত করিয়া তুলা গবর্ণমেণ্টের কর্ত্তব্যকার্য্য, কিন্তু পাছে এদেশে শিক্ষা বিস্তার করিলে এদেশের লোকে স্বাধীন জীবনে মত হয় এই ভয়ে অনেক ইংরাজ উচ্চশিক্ষার প্রতিবাদী হইয়াছেন। কিন্তু সাবধানে চিন্তা করিয়া দেখিলেই বুঝিতে পারিবেন এরূপ আশঙ্কার মূল নাই। আয়র্লণ্ডের যখন সমস্ত প্রাপ্ত অশিক্ষিত তখন রাজপুরুষদিগের আশঙ্কা যে কোথা হইতে জন্মিল তাহা আমরা বুঝিতে পারিতেছি না। অশিক্ষিত লোক দ্বারা অসৎ গবর্ণমেণ্টের অধিকতর আশঙ্কা কি অশিক্ষিত লোকেরা গবর্ণমেণ্টের বল বুঝে না আইন বুঝে না সুতরাং কোন কার্য্য অপ্রীতিকর হইলে তৎক্ষণ ৎ বল দ্বারা তাহার নিবারণ করে। ১৮৫৭ অব্দে যে সিপাহি বিদ্রোহ হয় তাহা কি অশিক্ষিত সিপাহিদিগের নির্ব্বুদ্ধিতা নিবন্ধন নহে ? অমৃতসরে যে ব্রাহ্মণ বিদ্রোহোদ্যোগ করিয়াছিল সেও কি নির্ব্বোধ নহে ? তাহারা যদি ব্রিটীশ গবর্ণমেণ্টের সামর্থ্য বুঝিবার ক্ষমতা থাকিত তাহা হইলে সে কি কখন এরূপ কর্ম্মে সাহসী হইত ? ভারতবর্ষের সকল লোক সহায়ভূতি সূত্রে বদ্ধ হইলে গবর্ণমেণ্টের বল-বৃদ্ধি হইবে এই ভারতবর্ষ কেবল এতদ্দেশীয়ের দ্বারা বিদেশীয় রক্ষা হইতে পারিবে।

উপসংহারে আমাদিগের বক্তব্য এই, আমাদিগের দেশের লোকেরও বিদ্যাশিক্ষার তত্ত্বাবধারণ বিষয়ে অধিকতর বল পাওয়া কর্ত্তব্য। অন্যথা আমাদিগের জাতীয় জীবন বৃদ্ধির সম্ভাবনা নাই। জাতীয় জীবন বৃদ্ধি না হইলে আমাদিগের উন্নতির পথ এখন যেরূপ সঙ্কীর্ণ হইতেছে এতদপেক্ষা আরও সঙ্কীর্ণ হইয়া পড়িবে। রোগ জিনিয়া যদি চিকিৎসা করা অপেক্ষা রোগের প্রথম অবস্থাতে চিকিৎসা করা ভাল।

রুষ সম্বন্ধে ভারতীয় গবর্ণমেণ্টের কি কর্ত্তব্য ?

দ্বিতীয় প্রস্তাব।

রুষের ভারত আক্রমণ লইয়া যেপ্রকার আন্দোলন চলিয়াছে, তাহাতে স্পষ্ট বোধ হইতেছে কল-কর্ত্তৃকের ন্যায় ব্রিটিশসিংহের তথাকথিত একটি বিচলিত করিয়া তুলিয়াছে। এখন যাঁহারা বলিবেন রুষের আক্রমণ-শঙ্কা অলীক, তাঁহাদের যুক্তির উপরে যুক্তি প্রয়োগ করিয়া প্রস্তাব লেখা হইবে না। যাহাই হউক পূর্ব্ব উপায় অবলম্বন করা অবৈধ নয়। পূর্ব্ব উপায় অবলম্বন করা আবশ্যক বটে, কিন্তু তজ্জন্য হইয়া কতকগুলি টাকার শ্রাদ্ধ করা উচিত নয়। আমাদের বিবেচনায় নিম্নলিখিত দুটী উপায় প্রধানরূপে অবলম্বনীয় বলিয়া বোধ হইতেছে। প্রথম, ভারতের আভ্যন্তরীণ, দ্বিতীয়, ভারতীয় প্রজা মিত্ররাজগণ। আমীর যাহাতে ব্রিটিশরাজের উপরে বিদ্বেষযুক্ত না হন, সর্ব্বতোভাবে সে চেষ্টা পাওয়া কর্ত্তব্য। ব্রিটিশজাতির প্রদত্ত অনেক অর্থ আমীরের উদরগহ্বরস্থ

রূপ হইলে সকলই বিফল হইবে। আফগান্‌দের চতুর্দ্দিকেরই সীমা স্থির করিয়া দেওয়া উচিত। রুশেরা সেই সীমা স্পর্শ করিলেই যুদ্ধ ঘোষণা করিয়া দেওয়া হইবে। কাবুলের সন্নিকট যদি পুনরায় যুদ্ধ আরম্ভ হয় ব্রিটিশ জাতি ইচ্ছামত সৈন্য আনয়ন করিবার অনেক অবসর পাইবেন। আমরা শুনিয়া আনন্দিত হইলাম, সেই সীমা নির্দ্দেশ চেষ্টা হইতেছে। যে কোন উপায়ে হউক, কাবুলের আমীরকে হস্তগত রাখিতে হইতেছে।

দ্বিতীয়, এদেশীয় প্রজা ও বিজয়রাজগণের তুষ্টিসাধন। ইহাঁদিগের প্রতি গবর্ণমেণ্টের ও য়ুরোপীয়ের যে সকল অনুচিত ও অন্যায় ব্যবহার আছে, তাহার নিবারণ। তাহার নিবারণ হইলে ইহাঁদিগের মনের আন্দোলনভাব দূরগত হইবে। তাহা হইলে ইহাঁদিগের হইতে কোন শঙ্কা থাকিবে না। এ উপায়ের বিধান সহজ কথা সন্দেহ নাই। তবে একটী মহৎ প্রতিবন্ধক আছে, তাহার অপনয়ন না করিলে সুবিধা হইবে না। সে প্রতিবন্ধক পাওনিয়র ও ইংলিসম্যান প্রভৃতি কয়েকখানি সংবাদপত্র। ইহারা ব্রাহ্মসমাজের বশীভূত হইয়াছেন, ইহারা মনে করেন এ দেশীয়দিগকে পদ দ্বারা দলিত করিতে পারিলেই ইহারা ভয়ে ভীত হইয়া আর ব্রিটিশ আধিপত্যে কোন আপত্তি চেষ্টা করিতে পারিবেন না, বিশেষতঃ বাঙ্গালিদিগের উপরে ইহাঁদিগের বড় রাগ, ভারতস্থ য়ুরোপীয়েরা অত্যাচার করুন, দেশীয়দিগের সম্ভ্রম নাশ করুন, প্রজার উত্তম চাষের জমীতে নীল বপন করুন, প্রজাদিগকে ধরিয়া বেত্রাঘাত বধ ও বন্ধন করুন, পাওনিয়র প্রভৃতির ইচ্ছা এই তাহাতে কেহ কোন কথা না বলেন। বাঙ্গালিরা কথা কহ বলিয়াই বিষণ্ণমনে পাঠ করিতেছেন। ঐ সংবাদপত্র গুলিই গবর্ণমেণ্টের প্রতি প্রজার বিরাগ উৎপাদনের প্রধান কারণ হইয়াছে। এতএব ঐ পত্রগুলির মুখ বন্ধ করা একান্ত আবশ্যক হইয়া উঠিয়াছে। আমরা এ কথা কহিতেছি না যে, সকল বিষয়ে মুখ বন্ধ করা হউক। ঐ পত্রগুলি এ দেশীয়দিগকে গালি দিতে বা পায়ের তলায় দলিত করিতে পারেন, তাহার উপায় করা সর্ব্বাগ্রে কর্ত্তব্য।

পাওনিয়র প্রভৃতি গর্ব্বিত ও ভ্রান্ত বলিয়া প্রজারা বিরক্ত হইলে কি অনিষ্ট হয়, তাহা বুঝিতে পারিতেছেন না। বাঙ্গালিরা দুর্ব্বল বলিয়া তাঁহারা মনে করিতেছেন, ইহাঁদের বিরাগে কোন ভয় নাই। পরন্তু লোক বিরক্ত হইলে যে কি অনিষ্ট হয়, তাহা পর সম্পাদকেরা যদি একবার বিবেচনা করিতে পারেন, তাহা হইলে আর বিদ্রূপচ্ছলে ইহা লিখিতেন না।

সম্পাদকেরা কি তাহার সংবাদ রাখেন? তাঁহারা ইল্বার্ট বিল হয়, রাবণ উৎসব বন্ধ হয়, এই একটী কথা জিজ্ঞাসা করি, সেনাপতি রবার্টস্‌ কাবুলীয় প্রজাদিগের বিরাগের উপরে ভরসা করিয়াছিলেন কেন? যে সকল ইংরাজ বিজ্ঞ ও বহুদর্শী তাঁহারা প্রজাগণকে অনুরক্ত করিয়া রাখিতে বলিতেছেন কেন? কলতঃ পাওনিয়র প্রভৃতির বচন ব্যতিরেকে আমরা মঙ্গল দেখিতে পাই না। লর্ড লিটন ও টেডেন সাহেব ক্রমে পড়িয়া এদেশীয় সংবাদ পত্রের মুখ বন্ধ করিয়া ছিলেন। তাঁহাদের পাওনিয়র প্রভৃতির মুখ বন্ধ করাই উচিত ছিল। আমরা পাওনিয়র প্রভৃতি হইতেই বড় অনর্থ দেখিতেছি। তাঁহারা আমাদের রাজপুরুষগণকে সর্ব্বদা অসৎ পথে মতি দেন। মফস্বলে অর্থ ও দুঃশাসন হইতে দুষ্কোষের অধিক অনিষ্ট হয়; না, বিদ্বেষ চর্চ্চা হয়? বিদ্বেষের সহায়তায় পাওনিয়রের যে কত মঙ্গল হইয়াছিল, পাওনিয়র প্রভৃতি কি তাহা জানেন? বাঙ্গালিরা গবর্ণমেণ্টের মঙ্গলাকাঙ্ক্ষী বলিয়াই সর্ব্বদা তাঁহাদের দোষ সংশোধনের চেষ্টা পান। বাঙ্গালিরা কলমের জোরে গবর্ণমেণ্টের যে উপকার করিতে পারিবেন, পাওনিয়র প্রভৃতি অস্ত্রে শস্ত্রে ধরিয়াও তাহা করিতে পারিবেন না।

আসবাবির মতের ব্যবস্থা অতি কঠিন। কিন্তু উহা সত্ত্বেও জাল করা কমিতেছে না। ষ্টাম্প ও মোট প্রভৃতি ভাল করিয়া চই লোকে গবর্ণমেণ্টকে ব্যতিব্যস্ত করিয়া তুলাতে গবর্ণমেণ্ট নানা প্রকারে তাহার নিবারণ-চেষ্টা করিয়াছেন তথাপি কৃতকার্য্য হইতে না পারিয়া আপনারাই মারা হইয়াছেন। কিন্তু তাহাদিগের হস্ত হইতে প্রজাদিগের পরিত্রাণের উপায় কি? গবর্ণমেণ্টের এখন যে আইন আছে তাহা পর্য্যাপ্ত নহে। অবশ্যই উহার সংশোধন করা আবশ্যক। বর্ত্তমান নিয়মানুসারে ষ্টাম্পবিক্রেতারা যে সকল ষ্টাম্প [illegible] আমেন নির্দ্দিষ্ট সময়ের মধ্যে তাহা [illegible] হইলে কালেক্টারের নিকট ফেরত দিয়া [illegible] অথবা তৎপরিবর্ত্তে অন্য ষ্টাম্প লন। [illegible] ষ্টাম্পবিক্রেতার খাতা খানি একবার [illegible] কিন্তু যাহারা অসৎ লোক তাহারা [illegible] নানা প্রকার অন্যায় কার্য্যের অনুষ্ঠান [illegible] থাকে। তাহারা ভিন্ন ভিন্ন মুদ্রার যে [illegible] আমদানি করে বৎসমুদায় বিক্রীত না, [illegible] একটী আনুমানিক নাম খাতায় লিখিয়া কালেক্টারীর প্রাপ্ত ষ্টাম্পের বিক্রয় দেখাইয়া থাকেন। [illegible] আবশ্যক সেই সকল মূল্যবান ষ্টাম্প অধিক মূল্যে [illegible] তাহাদিগের নিকট হইতে ক্রয় করিয়া [illegible]

দরিদ্র লোককে খোরপোষ বিতরণ করিয়া থাকে; পাঁচ টাকার হলিল রেজিষ্ট্রী না করিয়া যদি সেই হলিলের সত্যতা প্রমাণার্থ দুই চারিটী সাক্ষী দেওয়া হয় তাহা হইলেই আদালত ডিক্রি দেন দেখিয়া উত্তরোত্তর জাল হলফীয়ের সংখ্যা বৃদ্ধি হইতেছে। এরূপ দুর্দ্দান্ত লোকের আমীরও আমার অসদ্ভাব নাই। তাহার কারণ এই, সকলেই তাহাকে ভয় করে এবং আদর দেখাও কিছু কিছু পায় সুতরাং তাহারা মিথ্যা সাক্ষী দিতে ভয় পায় না অধিকন্তু ইহাই তাহাদিগের এক প্রকার ব্যবসায় হইয়া দাঁড়ায়। এই কারণে আমরা রেজিষ্ট্রেশনের নিকট প্রস্তাব করিতেছি ষ্টাম্পবিক্রেতারা যে খাতায় ষ্টাম্প ক্রেতার নাম লিখিয়া দেন সেই খাতায় ক্রেতার স্বাক্ষর করাইয়া লইবার ব্যবস্থা করিলে অনেক পরিমাণে ইহার নিবারণ হইতে পারে। কালেক্টার এখন যেমন ক্রেতার নাম দেখিয়া লন তখন তেমনি ক্রেতার স্বাক্ষর দেখিয়া লইবেন। আর এরূপ স্বাক্ষর থাকিলে মকদ্দমাকালে বিচারপতি ষ্টাম্প বিক্রেতার দ্বারা তলব করিয়া মিলাইয়া দেখিতে পারেন প্রকৃত কি না সহজে হৃদয়ঙ্গম করিতেও সমর্থ হইবেন।

"আর্য্যধর্ম্মপ্রচারিণী" সভার সম্পাদক শ্রীযুক্ত শ্রীকৃষ্ণপ্রসন্ন সেনের মহৎ উদ্যোগ এত দিনের পর সফল হইবার সম্ভাবনা হইয়াছে। এত দিন কুমার শ্রীকৃষ্ণপ্রসন্ন একাকী হিন্দুধর্ম্মের প্রচারকার্য্যে ব্রতী ছিলেন। কিন্তু এখন দেখিতেছি তিনি একজন যোগ্য ব্যক্তির সাহায্যলাভ করিয়াছেন। উপযুক্ত লোকে যদি হিন্দুধর্ম্ম প্রচারকার্য্যে নিযুক্ত হন এবং সাম্প্রদায়িক দোষগুলির সংশোধন করা হয় তাহা হইলে অচিরে হিন্দুধর্ম্ম যে নবজীবন লাভ করিবে সে বিষয়ে সন্দেহ নাই। পণ্ডিত পদ্মনাভ তর্কচূড়ামণি এই সভার নিয়োজিত প্রচারক। ইনি ফাল্গুন আলবার্ট হলে ৪। ৫ দিন বক্তৃতা করিয়াছেন। পণ্ডিত পার্শ্বে লোকের যেরূপ সমাগম হয় ইহাঁর বক্তৃতা শ্রবণের জন্য সেইরূপ লোক সমাগম হইয়াছিল। ইহাঁর মূর্ত্তি প্রভৃতি দর্শনে লোকে এরূপ মোহিত হইয়াছেন যে আজকাল প্রায় সকলকেই আমরা ইহাঁর দৈনন্দিন ও আধ্যাত্মিক বক্তৃতা শ্রবণ করিতে দেখিতে পাইতেছি। দ্বিতীয় দিন ইহাঁর বক্তৃতা প্রণালী, আসন, উপবেশন করণ আড়ম্বর [illegible] বৈজ্ঞানিক গর্ব্ব মুছাইয়া দেন। দ্বিতীয় দিবসে [illegible] বিষয়ে বক্তৃতা করেন। পণ্ডিত [illegible] ও সাহেবেরাই সভা আহ্বান [illegible] বলিয়া সিদ্ধান্ত করিয়াছেন।

ইলন বিজ্ঞানসঙ্গত যুক্তি প্রদর্শন [illegible] ও রবিবারে সাকার উপাসনা সম্বন্ধে বক্তৃতা করিয়াছেন। প্রথম দিবস যে বক্তৃতা করেন তাহাতে তিনি বলিয়াছিলেন যে ঈশ্বরের, মনের বল, শরীর ও আত্মার সম্পূর্ণতা, বুদ্ধি, অধ্যবসায়, সাহস বিবিধ জ্ঞান ও বিজ্ঞান শিক্ষা এই সমস্তই উপায়ের উপর আমাদের ভাবী [illegible] নির্ভর করিতেছে। তৎপরে তিনি এটৈতক্রমে এইগুলি প্রমাণ করেন।

বিজ্ঞান।

তড়িৎ -টেলিগ্রাফ।

আমরা অনেক রাস্তার ধারে টেলিগ্রাফের তার দেখিতে পাই। তারে সংবাদও দূরদেশে পাঠাইয়া থাকি। কলিকাতার অনেক স্থানে টেলিফোনের তার বড় বড় অট্টালিকা সংলগ্ন দেখি; ইহাও সংবাদ পাঠাইবার ও পাইবার জন্য ব্যবহৃত হইয়া থাকে। কিরূপে এই সংবাদ পাঠান হয় ও পাওয়া যায় ভাবিলে চমৎকৃত ও বিস্ময়ান্বিত হইতে হয়। ইহা বাস্তবিক একটী রহস্য হইয়া উঠিয়াছে। অনেকেই এ বিষয়ে তর্ক বিতর্ক করিয়া থাকেন কিন্তু কেহই বোধ হয় ইহার প্রকৃত কারণ সহজে বুঝিয়া উঠিতে পারেন না। সাধারণ লোকে মনে করে যে সংবাদটী একখণ্ড কাগজে লিখিয়া তারের সহিত যোজনা করিয়া দিলে দূরদেশে নীত হয়। কিন্তু বাস্তবিক তাহা নহে। বিজ্ঞান-সাহায্যে এই অদ্ভুত ব্যাপার সাধিত হইয়া থাকে। কত বুদ্ধি প্রয়োগ দ্বারা ইহার প্রথম উদ্ভাবন হইয়াছিল ও কিরূপ কৌশল সহকারে এই কার্য্যটী সম্পাদিত হইয়া থাকে নিম্নে সামান্যরূপে তাহা প্রদর্শিত হইল।

তড়িতের সৃষ্টির সহিত টেলিগ্রাফ ও টেলিফোনের সৃষ্টি। টেলিফোনটী সম্প্রতি বাহির হইয়াছে। ক্রমেই ইহার উন্নতি হইতেছে এবং শীঘ্রই টেলিগ্রাফ অপেক্ষা বার্ত্তা বহনের অধিক সুবিধাজনক উপায় আবিষ্কৃত হইবে এরূপ আশা করা যায়, এই টেলিফোনের বিষয়ে পরে বলিবার ইচ্ছা রহিল।

যখন এরাষ্টেড্ ও আম্‌পেয়ারের পরীক্ষা দ্বারা তড়িৎ ও চুম্বকের সৌসাদৃশ্য প্রমাণীকৃত হইল তখন বৈজ্ঞানিকেরা এই দুই শক্তির প্রয়োগে সংবাদ আদানপ্রদানকার্য্যের সুবিধা করিতে [illegible] লাগিলেন এবং [illegible] পরিবারে কৃতকার্য্য হইয়াছিলেন। লৌহখণ্ডের ভিতর তড়িৎস্রোত প্রবিষ্ট হইয়া লৌহকে চুম্বকরূপে পরিণত করে। এই অবস্থায় লৌহ নিকটস্থ কোন ক্ষুদ্র লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ করিতে পারে। যখনই তড়িৎস্রোত বন্ধ করা যায় তখনই লৌহটীতে এই গুণের অভাব দেখা যায়। অতএব একস্থানে ব্যাটারি দ্বারা কিম্বা অন্য কোন প্রকারে তড়িৎ উৎপাদন করিয়া সেই তড়িৎকে কোন দূরস্থানে পাঠাইয়া দিলে, তড়িৎ শেষোক্ত স্থানের কোন লৌহখণ্ডকে চুম্বকরূপে পরিণত করিতে পারে। সেই চুম্বক সূচের ন্যায় হক্ষ কোন লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ দ্বারা সঙ্কেতে সংবাদ প্রদানের কার্য্য করিয়া থাকে।

তড়িৎস্রোত দ্বারা লৌহকে চুম্বকরূপে পরিণত করিবার উপায় অতি অল্প দিন জানা গিয়াছে। ১৮২০ অব্দে আম্‌পেয়ার প্রথমে কেবল চুম্বকসূচিকা দ্বারা সংবাদ প্রেরণের কার্য্য চালাইতেন। একটী চুম্বকসূচিকার উপরিস্থ কোন ধাতুনির্ম্মিত তারের ভিতর তড়িৎস্রোত প্রবাহিত হইলে সূচীর প্রথমে একদিকে পরে অপর দিকে গতি হয়। তড়িতের দিক্‌ভেদানুসারে সূচের গতির পরিবর্ত্তন হয়। এইরূপে সূচীকে সাঙ্কেতিকরূপে ব্যবহার করা যাইতে পারে। এ উপায়ে সংবাদ প্রেরণ করিতে হইলে ইংরাজী বর্ণমালার সমস্তগুলি অক্ষর জ্ঞাপনের জন্য তারের প্রয়োজন। আবার সেই তারগুলির অপর দিক্ কোন ষ্টেষন হইতে প্রথম ষ্টেষনে আনিয়া ব্যাটারির সহিত সংলগ্ন করা আবশ্যক। ১৮৩৪ অব্দে গৈজ্ঞানিক গস এবং ওএবার যে টেলিগ্রাফের সৃষ্টি করেন তাহাতে তড়িৎপ্রবাহে লৌহকে চুম্বকে পরিবর্ত্তন করিয়া উহার ব্যবহার করা হইয়াছিল। ইহাতে যে চুম্বকসূচ নিরোধ করা হইত অনেকদূর হইতে দূরবীক্ষণ যন্ত্র সাহায্যে তাহার গতি পর্য্যবেক্ষণ করিবার আবশ্যকতা ছিল। ১৮৩৭ অব্দে ষ্টাট্‌গার্ড নিবাসী মিউনিক নগরের প্রসিদ্ধ পণ্ডিত ষ্টাইনহাইল যে টেলিগ্রাফের উদ্ভাবন করেন তাহাতে উক্তপ্রকার কোনরূপ অসুবিধা নাই। ষ্টাইনহাইল অনেক পরীক্ষা দ্বারা স্থির করিলেন যে পৃথিবীকে প্রত্যাবর্ত্তন তারস্বরূপে নিয়োগ করা যাইতে পারে। ভূগর্ভে তড়িৎ চুম্বক প্রভৃতি শক্তির প্রেরক সর্ব্বদা প্রবাহিত হইতেছে। ইহা তিনি পরীক্ষা দ্বারা সুন্দররূপ সপ্রমাণ করিয়াছিলেন। অতএব ব্যাটারির সংলগ্ন একটী তারকে একস্থান হইতে দূরের অপর কোন স্থানে মাটীতে পুতিয়া দিয়া ব্যাটারির অপর দিক একটী তার দ্বারা মাটীর সহিত সংলগ্ন করিয়া দেওয়া আবশ্যক। এইরূপ করিলে তার ও পৃথিবীর মধ্য দিয়া তড়িৎস্রোত বহিতে থাকে। মধ্যবর্ত্তী কোন ষ্টেষনে তারের দ্বারা এই তড়িৎকে লইয়া গিয়া সংবাদসূচক কোন লৌহখণ্ডকে প্রতিবিশিষ্ট করা যাইতে পারে।

টেলিগ্রাফে সংবাদ পাঠাইবার ও পাইবার নিমিত্ত ভিন্ন প্রকার বন্দোবস্তের আবশ্যক। দুই স্থানে সংবাদ প্রেরণার্থ তড়িৎ সেই দুইটী লৌহ কিম্বা তাম্র তার দ্বারা সংলগ্ন করিতে হইবে। তড়িৎস্রোত উৎপাদনের জন্য দুই স্থানেই ব্যাটারি কিম্বা অন্য কোন যন্ত্রের প্রয়োজন। সংবাদ প্রেরণ ও প্রাপ্তির জন্য কোনরূপ বন্দোবস্ত থাকা অবশ্যই কর্ত্তব্য।

সম্প্রতি আমেরিকানিবাসী মোর্স সাহেব যে টেলিগ্রাফ যন্ত্রের আবিষ্কার করিয়াছেন তাহা অতীব সুন্দর ও কৌশলময়। অন্য অন্য যন্ত্রে সংবাদ গ্রহণার্থে সর্ব্বদা মনোযোগ সহকারে সূচীর গতি পর্য্যবেক্ষণ করিতে হয় তাহাতে তাহাদের সম্পূর্ণ সম্ভাবনা। মোর্স এই অসুবিধা দূরীকরণার্থ সংবাদকে কাগজে চিহ্নিত করিবার উপায় করিয়াছেন। একটী চাকায় কাগজ জড়ান থাকে এবং উহা সেই চাকা ত্যাগ করিয়া ক্রমে ক্রমে অপর একটী চাকায় জড়াইয়া যায়। তড়িতের প্রবাহকালে এইরূপ ঘটিয়া থাকে যে, একটী কাঁটা দ্বারায় দূরীকৃত ও আকর্ষিত হইয়া কাগজে চিহ্ন করে এবং তড়িতের স্থিতি-অনুসারে এই 'চিহ্নের অন্যথা কিম্বা অস্তিত্ব হয়। এইরূপ দুই একটী চিহ্নের যোজনা দ্বারা বর্ণমালার অক্ষর প্রকাশিত হয়। এবং ইহা হইতেই সংবাদগ্রহীতা সকলই বুঝিয়া লয়েন। মোর্স আর একটী নূতন উপায় বাহির করিয়াছেন। ইহাতে তড়িৎ সাহায্যে চুম্বকৃত লৌহ দ্বারা অপর লৌহ আকর্ষিত হইয়া পরস্পরের আঘাতে শব্দ উৎপন্ন হয়। সেই শব্দের অন্যথা কিম্বা আধিক্য অনুসারে সংবাদের সঙ্কেত পাওয়া যায়। এই যন্ত্রে সংবাদ গ্রহণের শ্রবণেন্দ্রিয়ের প্রবলতার বিশেষ প্রয়োজন।

অনেকে দেখিয়া থাকিবেন যেসময়ে ষ্টেষনে সংবাদ আসিবার পূর্ব্বে সংবাদগৃহীতার নিকট একটী ঘণ্টার শব্দ হয়। সংবাদগৃহীতাকে সতর্ক করিবার জন্যই এইরূপ কৌশলময় বন্দোবস্ত আছে। সময়ে সময়ে এই ঘণ্টাটীর এত উচ্চ শব্দ হয় যে সংবাদগৃহীতা নিদ্রিত থাকিলেও তাহার নিদ্রা ভঙ্গ হইয়া থাকে তড়িতই এই ঘণ্টারও শব্দ করিবার কার্য্য করিয়া থাকে। ঘণ্টাকে যেরূপ বাজিবার কল থাকে সকল ষ্টেষনে তারে সংবাদ দিবার যন্ত্রে ষ্টেষনে কিম্বা যেস্থানে সেইরূপ একটী কল আছে। তড়িৎ দ্বারা চুম্বকীকৃত কোন লৌহখণ্ড অপর একটী লৌহখণ্ডকে আকর্ষণ কিম্বা দূরীকরণ করিবার সময় পেরোক্ত লৌহ নিকটবর্ত্তী কোন ধাতুপাত্রে আঘাত করে, এবং তাহাতেই এরূপ শব্দ হইয়া থাকে।

নজীর।

১৮৮৩, ২২ এ মে তারিখের।

ফৌজদারি আপীল।

বিচারপতি মিত্র ও বিচারপতি কিন্স।

নবীন কৃষ্ণ মুখোপাধ্যায় বাদী।

ঊনসপ্তাহর মিউনিসিপালিটীর বেতনভোগী

প্রতিবাদী।

যদি কোন মিউনিসিপালিটীর আইনের কোন কর্ম্মচারী কোন অপরাধ করে, আর মিউনিসিপালিটীর বিচারপতিরা বিচার করিয়া সেই অপরাধ প্রমাণ করেন, মিউনিসিপালিটীর বেতনভোগী কোন কর্ম্মচারী যদি ঐ বিচারপতিদিগের মধ্যে কাহার নামে ফৌজদারী কার্য্যবিধির ৪৫৭ ধারানুসারে সেই অপরাধ প্রমাণ বলিয়া গ্রাহ্য হইবে না। অর্থাৎ মিউনিসিপাল আইনের বিরুদ্ধাচারীর দণ্ড হইবে না।

মকদ্দমাটী এই নবীন কৃষ্ণ মুখোপাধ্যায়ের নামীয় রুল হইয়া গিয়া পড়িত। মিউনিসিপালিটী তাঁহাকে কাজ করিবার মোটীস দেন। তিনি তাহা করেন নাই। ১৮৭৬ সালের অক্টোবরীয় ৫ আইনের ৩১৩ ধারানুসারে মিউনিসিপালিটী তাঁহাকে অপরাধী করেন। মিউনিসিপাল বিচার বিভিন্নের মধ্যে মিউনিসিপালিটীর বেতনভোগী কর্ম্মচারী সভাপতি ষ্টীবনসেন সাহেব ছিলেন। চার্জ্জকাটে এই মকদ্দমা উপস্থিত হইলে বিচারপতিরা এই সিদ্ধান্ত করেন মিউনিসিপালিটীর বেতনভোগী কর্ম্মচারী, যাহাদের মিউনিসিপালিটীর কার্য্যসম্বন্ধে আছে তাহারা মকদ্দমার বিচারকার্য্য করিতে পারেন না।

১৮৮৩। ৭ ই জুন।

ক্রিমিনেল কৌজন।

বিনোদকুমারী বাহিনী।

ও অপর শেঠানী প্রতিবাদিনী।

১৮৮০ সালের ১৫ ই জুলাই মুর্শিদাবাদ জেলার জজ এই রায় দেন, ১৮৮০ সালের ২৭ এ মেব্রুয়ারি কলিকাতা হাইকোর্ট তাহা রহিত করিয়া যে ডিক্রি দেন, তাহা হইতেই এই আপীল হইয়াছে।

এখন সাম্রাজ্যের চোখের আড় ক্রমে ক্রমে পরিত্যক্ত হইয়া পড়িতেছে। সত্য এপ্রিলের এ দেশে গ্রহণ করিতে গবর্ণর জেনরলগণের এই আজব উপস্থিত হয়, গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে প্রাণ হারাইতে হইবে। সেই সময়ে গবর্ণর জেনরল প্রভৃতি সকলে শৈলবাস করিতে যাইতেন। ১৮৬৪ অব্দে যখন দ্বিতীয়বার ভারতের গবর্ণর জেনরল করিয়া পাঠাইবার কথা হয়, সেই সময়ে তিনি জিদ করিয়া শৈলবাস স্বীকার করাইয়া লইয়াছিলেন। ক্রমে উপরের দেপার্টমেণ্ট সমূহের সেক্রেটরিগণও ঐ পথের পথিক হন। ক্রমে ঐ রোগ এমনি প্রবল হইয়া উঠিয়াছে যে লেপ্টেনাণ্ট গবর্ণর ও কমিশনরেরা পর্য্যন্ত নিদাঘকালে পর্ব্বতের মাতৃস্তন্যিনোল সেবা না করিলে কার্য্যকর্ম্ম করিতে ও জীবিত থাকিতে পারেন না। ইহাতে দেশের পক্ষে অনেক প্রকার অমঙ্গল ঘটিতেছে। অনেক অর্থ বৃথা নষ্ট হইতেছে। ইহাতে প্রায় সকল লোকেই বিরক্ত হইয়া উঠিয়াছেন। যাহাতে ইহার নিবারণ হয় সকলে প্রাণপণে সেই চেষ্টা আরম্ভ করিয়াছেন। সে দিন মান্দ্রাজে প্রায় পাঁচ হাজার লোক একত্রিত হইয়া তত্রত্য গবর্ণর লার্ড উক্ত সাহেবের শৈলবাসের এবং বাঙ্গালোরে সেনানিবেশের প্রতিবাদ করিয়াছেন। এখানেও সকলে প্রায় একবাক্যে রাজপুরুষদিগের শৈলবাসের প্রতিবাদ করিতেছেন। পক্ষপাতের পক্ষে ও বিপক্ষে নানা প্রকার যুক্তি প্রদর্শিত হইতেছে। যাঁহারা ইহার পক্ষ, তাঁহারা বলেন গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে প্রধান শাসনকর্ত্তাদিগের প্রাণ হানির সম্ভাবনা। দ্বিতীয়, গ্রীষ্মে শৈলবাস করিয়া সুস্থ ও সবল দেহ হইলে অধিকতর পরিশ্রম সহকারে কার্য্যকর্ম্ম করিতে পারা যায়। যাঁহারা বিপক্ষবাদী, তাঁহারা কর্ত্তাদিগের স্বাস্থ্যভঙ্গ নিবন্ধন কার্য্যক্ষতি ও অর্থ হানি প্রভৃতির উল্লেখ করিয়া থাকেন। যে কোন বিষয় হউক উভয় পক্ষই যুক্তিদ্বারা বর্ণন করিতে পারা যায়। কিন্তু সেই যুক্তির বলাবল বিবেচনা আছে। পাঠক! আইস আমরা একবার শৈলবাসের সপক্ষদিগের প্রদর্শিত যুক্তিগুলির বলাবল চিন্তা করিয়া দেখি।

প্রথম, গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলেই যে প্রাণ হারাইতে হইবে, এটী সিদ্ধান্ত বাক্য নহে। একের মৃত্যু দর্শন করিয়া এপ্রকার সিদ্ধান্ত করা কোন ক্রমেই সঙ্গত হইতে পারে না। যে কোন বিষয়ের সিদ্ধান্ত হউক বহু উদাহরণ না দেখিয়া হয় না। ভারতবর্ষে কদাচিৎ শীতকালে যদি কোন দিন বৃষ্টি হয়, তাহা দেখিয়া কেহ কি এপ্রকার সিদ্ধান্ত করিতে পারেন যে, শীতকালেই ভারতে বর্ষাকাল। গুরুতর শ্রমশীল প্রধান রাজকর্ম্মচারিরা গ্রীষ্মকালে কলিকাতায় থাকিয়া কি কার্য্যকর্ম্ম করেন না? তাঁহাদের শরীরের স্বাস্থ্যের কি ব্যাঘাত হয়? যদি তাহা হইত তাহা হইলে আমরা প্রতিবৎসর কলিকাতায় বসিয়া সার জন্ মাপ্তি ও হাইকোর্টের প্রধান বিচারপতি প্রভৃতিকে নূতন নিয়োজিত দেখিতে পাইতাম। গ্রীষ্মকালে কলিকাতায় না থাকিলে যে পরিশ্রম করা যায় না, এ বাক্যটীকেই বা আমরা কিরূপে প্রামাণিক বলিয়া স্বীকার করিব। লর্ড কর্ণওয়ালিস ও লর্ড মেটকাফ প্রভৃতি গ্রীষ্মকালে কলিকাতায় বাস করিয়া অনেক পরিশ্রম করিয়াছিলেন। তাঁহারা যে সময়ে কলিকাতায় অবস্থান করিয়া কার্য্য করেন, সে সময় নূতন রাজ্যোদ্যমের কাল। অতএব সেই সময়ে যে কিরূপ পরিশ্রম করা আবশ্যক হইয়াছিল, তাহা সহজেই বুঝিতে পারা যাইতেছে। এখন ত বিশ্রাম ও আমোদপ্রমোদ করিবার কাল। অতএব এখন যে গ্রীষ্মকালে কলিকাতায় থাকিয়া কাজ করা যায় না এ কথা অকিঞ্চিৎকর।

এ সকল যুক্তি ত' অকিঞ্চিৎকর হইল, তবে গ্রীষ্মকালে রাজপুরুষদিগের শৈলবাসের প্রকৃত যুক্তি কি? যুক্তি দুটী আছে। এক, এখানকার গবর্ণমেণ্ট স্বেচ্ছাচারী, রাজপুরুষেরাও স্বেচ্ছাচারী। রাজপুরুষদিগের ইচ্ছা এই, কর্ম্মকাজ বড় হউক না হউক তাঁহারা বিশ্রাম সুখ ও বিহার সুখভোগ করিবেন। গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে সে সুখভোগ হয় না। দ্বিতীয়, স্বেচ্ছাচারী শব্দের অর্থ এই, কর্ত্তারা যা ইচ্ছা করেন, তাহাই করিবেন। অন্যের কথায় যদি তাঁহার বিপরীত আচরণ করিতে হয়, তাহা হইলে তাঁহারা মনে করেন তাঁহাদের অপমান হইল এবং কর্ত্তৃত্বের ব্যাঘাত জন্মিল। এখন এই এক অভিমানের উপরেই শৈলবাস নির্ভর করিতেছে। নতুবা গ্রীষ্মকালে কলিকাতায় থাকিলে যে অনিষ্ট হয়, সে কথা প্রামাণিক নহে। ফলতঃ এখন প্রধান কর্ত্তাদিগের হার্লপর্টির কাল পড়িয়াছে। সে বাবুগিরি তাঁহাদের দেশের ধনে করিতে হয় না। নিজ দেশের ধনেও করিতে হয় না। ভাগ্যবানীর ধনে সেই বাবুগিরি করা হয়। ভাগ্যবানীর রক্তশোষা ধন তাঁহাদিগের কাছে পাওনা আর না পাওনা তাহা দেখিবার প্রয়োজন নাই। কর্ত্তাদিগের বাবুগিরি হইলেই হইল। আমরা বড় দুঃখিত হইতেছি, ন্যায়পর লর্ড রিপনবাহাদুর শৈলবাসের প্রতিবাদ করিয়া এটী উঠাইয়া দিবার চেষ্টা পাইতেছেন না।

এই শৈলবাসবিধি নিবারণের প্রকৃত উপায় কি? আমরা প্রস্তাব করিতেছি, ইংলণ্ডীয় গবর্ণমেণ্টের কর্ত্তব্য সমাপ্তের পর যিনি ভারতের গবর্ণর জেনরল হইয়া আসিবেন, তাঁহাকে এই স্বীকার করাইয়া লওয়া আবশ্যক, যে তিনি গ্রীষ্মকালে কলিকাতায় থাকিবেন। যিনি এই অঙ্গীকারে বদ্ধ হইবেন, তিনিই গবর্ণর জেনরল হইবেন। যিনি এ অঙ্গীকার না করিবেন, তিনি ঐ পদ পাইবেন না। গবর্ণর জেনেরল যদি পর্ব্বতে গমন না করেন, লেপ্টেনণ্ট গবর্ণর প্রভৃতিকে কাজে কাজেই পর্ব্বতবাস পরিত্যাগ করিতে হইবে।

পাণ্ডবিয়রের বাঙ্গালি-ফোবিয়া।

অগ্রে কুক্কুরদষ্ট ব্যক্তিরই কেবল হাইড্রোফোবিয়ার কথা শুনিয়াছি। এখন কর্ণফোবিয়া ও শাস্ত্র ফোবিয়া প্রভৃতির কথা শুনা যাইতেছে। আজ কাল আবার, দেশীয় সমাচারপত্র সম্পাদকদিগেরও বাঙ্গালি-ফোবিয়া দেখিতেছি। কুক্কুরদষ্ট ব্যক্তিরা ফোবিয়াগ্রস্ত হইলে জল দেখিলে যেমন ভয় উহাদের উদয় হয়, তেমনি পাণ্ডবিয়র প্রভৃতি বাঙ্গালিদিগকে দেখিয়া ভয়াটয়া উঠিতেছেন। যখন ব্যক্তির ফোবিয়া প্রবল হইলে সে অবসন্ন হয়, নানা প্রকার বিলাপ করে, গাত্রদাহ জন্মে, চক্ষু রক্তবর্ণ হয়। পাণ্ডবিয়র প্রভৃতিরও সেইরূপ বাঙ্গালির উন্নতি দর্শনে ঈর্ষা জন্মিয়াছে। কত প্রলাপ বকিতেছেন। দাত বেরুল বাহিরে মন অন্তরাত্মা শুকিয়াছে। উষ্ণ শোণিত প্রবাহিত শিরায় শিরায় বহিতেছে। কোপে চক্ষু আরক্ত হইয়াছে। তবে এখন ইঁহাদের ভয় উদয় হয় নাই, এই নিমিত্ত মনের ভাব এক কথঞ্চিৎ গোপন করিয়া রাখিতে পারিতেছেন। কিন্তু তাহা সম্পূর্ণ গোপন থাকিতেছে না। মাঝে মাঝে প্রকাশ হইয়া পড়িতেছে।

এখনে পাণ্ডবিয়রকে আমরা একটী কথা জিজ্ঞাসা করি, তিনি বাঙ্গালিকে যত নিন্দা করিয়াছেন, যত গালি দিয়েছেন, যত নিন্দা করিয়াছেন, তাহা কি বাঙ্গালীর উচ্চতা ও তাঁহার নীচতা প্রকাশ হইয়াছে না? এ দেশে একটী প্রবাদ আছে "ঢেঁড়সের গায়ে থুতু দিলে সেই থুতু আপনার গায়েই পড়ে থাকে"। বাঙ্গালির উপরে তাঁহার এত রাগ কেন? তাঁহার এবং তাঁহার প্রতিপোষকগণের মনে এই গর্ব্ব আছে আমরা ভেক্কজাতীয়, বাঙ্গালীরা বিজিত। তাহারা উন্নত হইয়া আমাদের সমকক্ষ হইবে কেন? তাহাদিগকে চিরকাল আমাদিগের চরণসেবা করিতে হইবে। বাঙ্গালীরা তাহা করিতেছেন না, দিন দিন স্বেচ্ছাচারী হইয়া উঠিতেছেন, মুখের উপরে তাঁহাদিগের দোষ বলিতেছেন। পার্লিমেণ্ট আদি কি ইহা পসন্দ করিতে পারেন?

এ রোগের প্রতীকারের একটী উপায় আছে। যদি আমাদের গবর্ণমেণ্ট করিতে পারেন, তাহা হইলে এখনই তাহার প্রতীকার হইয়া যায়। গবর্ণমেণ্টের জাতি ভাই বলিয়া তাহা করাও উচিত। সে উপায়টী এই "বিষস্য বিষমৌষধং" গবর্ণমেণ্ট বাঙ্গালিদিগকে অধিকতর উন্নত করিয়া তুলুন। অবস্থানুসারে উচ্চতর পদগুলি প্রদান করুন। শুদ্ধ কৃষ্ণ ভেদ বিবেচনা পরিত্যাগ করুন। যোগ্যানুসারে সমুদয় কার্য্য করিতে আরম্ভ করুন। এই সকল দেখিলেই পাণ্ডবিয়র আপনা আপনি অধির হইয়া উঠিবেন। ঔষধ ঢালিয়া দিবে। সেই পিরার পিরার প্রবেশ করিয়া তাঁহাকে মূর্চ্ছিত করিয়া ফেলিবে। এখন ও হার যে আশা আছে, সেই প্রবল জ্বালার নিকট তাহা পরাভাব প্রাপ্ত হইবে। তাহাকেই কি বিষস্য বিষমৌষধং" বলে না?

অন্যান্য মকদ্দমা বিলম্ব ও ব্যয়সাধ্য একটী প্রস্তাব।

আমরা দেখিয়াছি এরূপ অনেক বিষয় আছে যে, আমরা ভোগ করি, অথচ তাহার লক্ষণ বুঝিতে পারি না, সেই বিষয়ে আমরা অজ্ঞান করিয়া থাকি। প্রতিবেশীর অসুখ হইয়াছে, অথচ প্রতিবেশী জ্ঞাতিদিগের ধনবৃদ্ধি হইল বলিয়া ঈর্ষা করা হইয়া থাকে বঙ্গবাসিদিগের মকদ্দমা বিষয়ীয়ের স্বরূপ সেইরূপ। বঙ্গবাসির মকদ্দমায় যে ক্ষতি হয়, তাহা একবারে নষ্ট, অর্থ ও সময় নষ্ট হয়, উকীল, মোক্তার ও আমলাদিগের পোষ্যবর্গকে ভেজদিয়া লোপ পায়, এবং বিচারকের নিকটে যায় পর নাই নিন্দা হইয়া থাকে, মকদ্দমার জয় পরাজয় উভয়ই প্রায় তুল্য। যিনি জয়ী হন, তিনি অবসন্ন হইয়া পড়েন, আর যিনি পরাজয় হন, তিনি একবারে উৎসন্ন গিয়া থাকেন। বঙ্গদেশের অনেক বড় বড় ঘর এই মকদ্দমাবিপদগ্রস্ত হইয়া উৎসন্ন হইয়াছে। বঙ্গবাসিরা বড় মকদ্দমাপ্রিয় বলিয়া বাহিরে অভিশয় দুর্নাম রটিয়াছে। বড় দুঃখের বিষয় বঙ্গবাসিদিগের তথাপি চৈতন্য নাই। মকদ্দমা করিয়া লোকের মধ্যে এই দেখিতে পাই, যিনি জয়ী হইলেন, তাঁহার অভিমান চরিতার্থ হইল। মকদ্দমায় জিতেছি মনে করিয়া অনেকক্ষণ অনুভব করিলেন, কিন্তু মকদ্দমার ব্যয় যে কি বিষম ঘটিয়াছে, তখন মনুষ্যে বুঝাইয়া দিলেন, তখন বুঝিতে পারেন।

বঙ্গদেশের এ বিপদটী কেমন, তাহার ভাবযোধার্থে কয়েকটী প্রমাণ উদ্ধৃত করিয়া দিয়াছি, পাঠক একবার আন্দোলন করিয়া দেখুন। অনেকে [illegible] আদালতের সৃষ্টি হওয়াতে 'অরোপকার সাধিত হইয়াছে। কিন্তু পরিণাম বিবেচনা করিয়া দেখিলে স্পষ্ট বুঝিতে পারা যাইবে, আদালতগুলি বঙ্গবাসির বিপদের অধিকতর সহায়তা করিতেছে।

আদালতের যেরূপ বিচারপদ্ধতি হইয়া উঠিয়াছে তাহাতে অনেক সময়ে আমাদের মনে হয়, আদালতগুলি আমাদের বিপদমাত্রের কারণ না হইয়া বিপদের কারণ হইয়াছে। শরীর বারণ করিয়া যেমন ডাক্তারের নিকট না গেলে চলে না, তেমনি বিষয় বিভব রাখিতে হইলে আদালতে না গেলে চলে না। কিন্তু আদালতগুলি আইন ও বিচারপদ্ধতির দোষে আপদগ্রস্ত হইয়া উঠিয়াছে। গবর্ণমেণ্ট ক্রমেই আদালতের ব্যয় বৃদ্ধি করিতেছে কিন্তু আমরা দেখিতেছি ক্রমেই বিচারের দুর্গতি বাড়িতেছে। মফস্বলাকাশে অনেক বিচারপতি মনে এরূপ দুর্দ্ধর্ষ ধারণা হয়, যে তাঁহারা আদালতীভূত হইয়া বিচারে অলাঞ্জলি দিয়া বসিয়াছেন। আইনের জটিলতাও এই আপদের বিলক্ষণ সহায়তা করিয়া থাকে। এক আইনের বহু প্রকার ব্যাখ্যা হয়। মুন্সেফ যে আইনের যে অর্থ করিয়া বিচার করিলেন, জজ আদালতে সেই আইনের ভিন্ন অর্থ হইয়া মুন্সেফের রায় রদ হইয়া যায়। হাইকোর্ট আবার "দুরাত্মেতুদীয়ঃ পন্থাঃ" করিয়া বসিলেন।

বিচারপতির ধারণা ও আইনের জটিলতা হইতে যত মকদ্দমার যে কেমন শ্রীবৃদ্ধি হইতেছে, আদালত ও বিচারপতির সংখ্যা এবং আইনের অর্থভেদের বিষয় ক্ষণকাল চিন্তা করিয়া দেখিলে পাঠকের তাহা সুন্দররূপে হৃদয়ঙ্গম হইবে। এখন দেওয়ানী আদালত ও দেওয়ানী বিচারপতির বিষয় লইয়াই বিচার করিয়া দেখা হউক।

কলিকাতা হাইকোর্টের জজ
জেলা ও সেসন জজ
সহকারী জেলা ও সেসন জজ
সব জজ ও ছোট আদালতের জজ
মুন্সেফ

মুন্সেফেরা যদি মাসে গড়ে ১০ টী করিয়াও মকদ্দমা ক রন, তাহা হইলেও বঙ্গদেশে মাসে ২৩৫০ মকদ্দমা হয়। সব জজদিগের নিকটেও আদি মকদ্দমা ও আপীল আছে। হাইকোর্টের ঐরূপ আদি ও আপিলী মকদ্দমা হইয়া থাকে। প্রমাণ পুস্তক জজদিগের সম্মুখে উপস্থিত না থাকাতে আমরা মকদ্দমার সংখ্যা স্থির করিয়া দিতে পারিলাম না। ধরিয়া লইলাম মাসে যেন তিন হাজার মকদ্দমা হয়। ঐ সকল মকদ্দমায় বিচারপতির বুদ্ধি ও বিবেচনাশক্তির [illegible] দিগের সর্ব্বদাই উপযোগপরীক্ষা হইয়া হয়। সোমপ্রকাশপাঠক প্রতি সপ্তাহেই কলিকাতা হাইকোর্টের জজদিগের বিচার দেখিতেছেন। মকদ্দমাকারিদিগের যে কেমন বিপদ, তাহা কি বুঝিতে পারিতেছেন? এক মকদ্দমার কত প্রকার প্রতি হয়, জজদিগের কেমন আদালত বুঝিতে পারিতেছেন। সীতারাম দ্বিতীয়বার অগ্নি পরীক্ষার প্রস্তাব করাতে যে অভিমানে পৃথিবীতে প্রবেশ করিয়াছিলেন, এ এক মকদ্দমার বহুবার অগ্নি-পরীক্ষা হয়। মুন্সেফের আদালত হইতে জজের আদালত হইয়াই মকদ্দমার নিষ্পত্তি হয় না। হাইকোর্টে আসিয়া বিবিধ অগ্নি-পরীক্ষা করিয়া [illegible] প্রথমে এক অথবা দুই বিচারপতি বিচার করিয়া থাকেন। হাইকোর্টের [illegible]

রে প্রিন্সি কৌন্সিল। ইহার মধ্যে মধ্যে আবার
লি বিচার আছে। স্বামিবিচার "আর মুড়ো গাছায়
ন দুই সম না" আবার গোড়া হইতে আরম্ভ।
ও গুরুতর উপদ্রবে কি মকদ্দমাকারির প্রাণ-
ছে? মকদ্দমাকারিরা জিগীষাবৃত্তিতে অন্ধ হন
লিয়া আপনাদিগের শুভাশুভ অমিষ্ট বুঝিতে
রেন না।

এত মকদ্দমাবৃদ্ধির তিনটী প্রধান কারণ দৃষ্ট হইতেছে।
ণম, বঙ্গদেশ আজও তেমন সুশিক্ষিত হয় নাই
, সকলে আপন আপন স্বত্ব বুঝিয়া ন্যায়ালয়সংসে
র্ধা করিতে পারে। একটু সুবিধার যোগ হইলেই
গড়ার বিষয়ের প্রতি লোভ দৃষ্টি পড়ে। অপরের
ম্পত্তি আকর্ষণ করিতে গেলেই তাহার অভিমান
ীত হইয়া উঠে, তৎক্ষণাৎ মকদ্দমা বাধিয়া যায়।
ঙ্গদেশে এখনও অশিক্ষিত ও অর্দ্ধশিক্ষিতের ভাগ
ধিক। তন্নিবন্ধন পরস্পর বিদ্বেষ প্রবল। ইহাই
কদ্দমার উৎপত্তির প্রধান কারণ হইয়াছে।

দ্বিতীয়, জমীদার প্রজা সম্বন্ধে। প্রজারা সহজে
মীদারের খাজনা দিতে চায় না। আমরা বিশেষ
নুসন্ধান করিয়া দেখিয়াছি, যে জমীদারী লইয়া
কান গোলযোগ নাই, প্রজারা স্বচ্ছন্দে
াজনা দেয়। যদি অনাবৃষ্টি বা অতিবৃষ্টির ভয়
াকে, তাহা হইলেও কথাই নাই। জমীদার
হজে প্রজার নিকট হইতে খাজনা আদায় করিতে
ারেন না। সহজে জমীদারের খাজনা আদায় হই
ার কোন বিধিও নাই। সুতরাং আদালতের আশ্রয়
হণ করিতে হয়, মকদ্দমার শ্রীবৃদ্ধি হইয়া উঠে,
খাজনার মকদ্দমার সংখ্যা কি অধিক নয়?

তৃতীয়, আদালতের সংখ্যাযুক্ত মকদ্দমাবৃদ্ধির
পর কারণ। পর পর এত যদি উচ্চ আদালত না
থাকিত, মকদ্দমার সংখ্যা কমিয়া যাইবে সন্দেহ নাই।
আমরা উপরে কহিয়াছি, বঙ্গদেশে অশিক্ষিত ও
অর্দ্ধশিক্ষিতের ভাগ অধিক বলিয়া জিগীষাবৃত্তি প্রবল
হইয়াছে। পর পর আপীল আদালত থাকাতে সেই
বৃত্তি চরিতার্থ করিবারও সুন্দর পথ হইয়াছে। যদি
আদালতের সংখ্যা কমিয়া যায়, মকদ্দমারও সংখ্যা
কমিয়া যায় সন্দেহ নাই। আমরা ইহার একটী
প্রমাণ দিতেছি। রামপুরবোয়ালিয়াতে যত কাল ফৌজদারী মকদ্দমা হইবার ব্যবস্থা হইয়া
ছিল। তাহাতে আমরা দেখিলাম, ফৌজের বৌ
পর্য্যন্ত মকদ্দমা করিতে আরম্ভ করিল। আমরা
তাহার প্রতিবাদ করাতে ঐ ব্যবস্থাটী রহিত হইয়া
যায়। ঐ ব্যবস্থা রহিত হওয়াতে মকদ্দমার যে
সংখ্যা কমিয়াছে, সে বিষয়ে সন্দেহ নাই। যদি
বলেন, ন্যায় সংস্থাপনার্থ গবর্ণমেণ্ট বহুসংখ্যক আদা-
লতের সৃষ্টি করিয়াছেন, কিন্তু আমরা বলি, বহু-
সংখ্যক আদালত হওয়াতে তাহার বিপরীত ঘটনা
ঘটিতেছে। আদালতগুলিকে ধর্ম্মাধিকরণ বলে।
কিন্তু আমরা অনেক এ দালতকে অধর্ম্মের অধিকরণ
দেখিতে পাই। দশ হাজার টাকার উপরের মক-
দ্দমা না হইলে প্রিবিকৌন্সিলে হয় না। কিন্তু এক
দিগের দশ হাজারের কম মূল্যের মকদ্দমা, তাহারা
প্রিবিকৌন্সিলে যাইতে পারিল না। তাহাদের
পক্ষে ত অন্যায় হইল। পূর্ব্বে যখন এত আদা-
লতের সৃষ্টি ছিল না, তখনকার লোকেরা এক
প্রকার সুখী ছিল। তাহারা মারামারি করিল,
ঝগড়া করিল, গ্রামের পাঁচ জন ভদ্রলোককে পাঠা
তাহাদের বিবাদ মিটাইয়া দিলেন, শান্তির সংস্থা-
পন করিলেন, উভয়েই সন্তুষ্ট হইল। আদালতের
শ্রীবৃদ্ধি হওয়াতে এ ভাবের বিপরীত ঘটিয়াছে।

এই নিমিত্ত আমরা আজ এই প্রস্তাবে যাহা
বলিতেছি, যাহা হইলে লোকে আদালতে না যান, গবর্ণ-
মেণ্ট তাহার একটী উপায় করুন। আত্মশাসন
প্রণালী সর্ব্বত্র প্রবর্ত্তিত হইতেছে। যেখানে উকীল
মোক্তার প্রভৃতি ভাল ভাল লোক মিউনিসিপাল
কমিশনর হইবেন সেখানে মকদ্দমার বিচার হইবার
ব্যবস্থা করা হউক। গ্রামের লোকে মকদ্দমার
বিচার করিলে ঠিক ঘরোয়াই সম্ভাবনা। কারণ,
গ্রামের মিউনিসিপাল কমিশনরেরা গ্রামের অবস্থা
জানেন, কাহার ন্যায্য কোথায় তাহারা ভাল
বুঝিতে পারেন। পক্ষান্তরে, আদালতের বিচার
পণ্ডিতদিগের আশ্রয়ে সাধিত হয়। এই নিমিত্তই
আপীলে অনেক রায় রহিত হয়। আমাদের প্রস্তা-
বানুযায়ী ব্যবস্থা হইলে এ প্রদেশ গৌরবান্বিত হইবে।
এখন মিউনিসিপাল কমিশনর-
দিগকে যে ক্ষমতা দিবার কথা হইতেছে, তাহা
ত শূন্যগর্ভ। সে কেবল অপ্রত্যয় মাত্র। তাহাতে
কমিশনরদিগের কিছুমাত্র গৌরব নাই। আর নূতন
বলিয়া যিনি যে রসজ্ঞান করেন। বাস্তবিক উহাতে
কিছুমাত্র রস নাই। আমরা যে প্রস্তাব করিলাম,
তাহা যদি কার্য্যে পরিণত হয়, উহাতে বিলক্ষ
রসসঞ্চার হইবে সন্দেহ নাই।

অমরেন্দ্র কৃষ্ণদাসদিগের আরোগ্য লাভার্থ প্রার্থনা।

এতৎসম্বন্ধে আমরা যে একখানি পত্র প্রাপ্ত
হইয়াছি, তাহা এ স্থলেই প্রচার করিলাম। তাঁহার
আরোগ্য যে দেশের সকলেরই প্রার্থনীয় হইয়াছে
তদ্বিষয়ে সন্দেহ নাই; তিনি এক্ষণে বঙ্গদেশের একজন
মুখমাত্র। তিনি দেশের হিতার্থ সর্ব্বদা প্রাণপণে চেষ্টা
পাইয়া থাকেন। তাঁহার হইতে দেশের অনেক মঙ্গল
হইয়াছে। তিনি আরো বহুদিন জীবিত থাকিলে,
তাঁহা হইতে দেশের আরো অনেক মঙ্গল হইবে। এমন
সময় কে বলিতে পারে, যে এরূপ ব্যক্তির দীর্ঘজীবন প্রার্থনা
না করে? তাঁহার যেরূপ বিশ্বাস, তিনি সেইরূপ পথ
অবলম্বন করিয়া ঈশ্বরের নিকটে কৃষ্ণদাসের দীর্ঘ-
জীবনের প্রার্থনা করেন এই আমাদের ইচ্ছা। আমরা
পত্রখানি অবিকল এস্থলে উদ্ধৃত করিয়া দিলাম।

সম্পাদক মহাশয়। এক দিবস অমরেন্দ্র বাবু শ্রীযুক্ত কৃষ্ণদাস পাল মহাশয়কে কথাপ্রসঙ্গে জিজ্ঞাসা করিলেন "তুমি কি বঙ্গ-বাসীতে লিখিয়া থাক?" তাহাতে আমি তাঁহাকে বলিলাম, না মহাশয়। আমি বঙ্গবাসীতে লিখি না। সংবাদপত্রে না লেখার কারণ তাঁহার নিকট প্রকাশ করিলাম। মহাশয়। মধ্যে মধ্যে ইচ্ছা হয় লিখি, কিন্তু আপনাকে হীনবল জ্ঞান করিয়া তাঁহার নিকট যে কথাটী বলিয়াছি স্মরণ হওয়ায় নিরস্ত হই। এবার মনের ভাব এতদূর প্রবল হইয়া পড়িয়াছে যে তাহা প্রকাশ না করিয়া মনের মধ্যে অতীব কষ্ট বোধ হইতেছে এবং কর্ত্তব্যের ত্রুটি জ্ঞান করিতেছি।

অনেকে আমাকে সর্ব্বদা বলেন যে আর পূর্ব্বের ন্যায় উৎসাহ দেখি না কেন? সত্য কথা বলিতে কি, মহাশয়। আমি অনেক দুঃখে সর্ব্বদা জ্বালাতন, তাহার উপর অমরেন্দ্র কৃষ্ণদাস বাবুর পীড়ার দেশের চর্চ্চা তাবিয়া আমার মন একেবারে অভিভূত হইয়াছে। আমাদিগের দেশের বর্ত্তমান যে অবস্থা, তাহাতে তাঁহার মতন্দুরস্তাই যে কতদূর অমঙ্গলজনক তাহা লেখা বাহুল্য মাত্র। বোধ হয় তাঁহার চিরশত্রু শত্রু পর্য্যন্ত স্বীকার করিবেন যে 'পেট্রিয়ট' সম্পাদকের জীবন দেশের একটী গৌরব ও অতীব প্রয়োজনীয় পদার্থ। তাহাতে যদ্যপি আমাদিগের কপালদোষে কোন অমঙ্গল ঘটে (যেরূপ বাঙ্গালীর কপাল যে কেমন সুপ্রসন্ন তাহা আর সকলের পাঠকবর্গের অবিদিত নাই) সেই জন্য আবার একান্ত ইচ্ছা যে স্বদেশহিতৈষী ব্যক্তিমাত্রেই মহাত্মা কৃষ্ণদাসের আরোগ্য জন্য সকলে নিজ নিজ আরাধ্য দেবতার নিকট প্রার্থনা করেন। কারণ এক্ষণে প্রায় সকলেই স্বীকার করেন যে "ন চ দৈবাৎ পরং বলং"।

মহাশয়। আমার অভিলাষ সকলে মিলিয়া আমাদিগের অধিষ্ঠাত্রী দেবী ৺ কালীঘাটে যাইয়া তাঁহার আরোগ্য জন্য স্বস্ত্যয়ন করেন। আরও আজকাল নগর সংকীর্ত্তন অনেক হইয়াছে, সকলে মিলিত হইয়া নগরে নগরে "হে কৃষ্ণ কর রক্ষা কৃষ্ণদাসে" এইরূপে সংকীর্ত্তন করেন।

সম্পাদক মহাশয়! আপনি আমার মনের ভাব

বুঝতে পারিলেন, আমার মন কতদূর ব্যথিত তাহাও জানিতে পারিলেন,অতএব এ বিষয়ে আমি আর অধিক লিখিতে পারিলাম না। মহাশয়ের উপর সম্পূর্ণ নির্ভর করিলাম, এ বিষয় মহাশয় আমার অপেক্ষা বিশেষরূপে সংশোধনের গোচর করিতে পারিবেন,তাহার আর সংশয় নাই, নিবেদন ইতি।

বশম্বদ
শ্রীঈশানচন্দ্র চট্টোপাধ্যায়
প্রোপ্রাইটর ও ম্যানেজার
২। এ আষাঢ় ১২৯১। বিপক্ষ " চ বড়া 'হকরী"

পাত্রনিয়র ও মহারাজ হলকার।

আজকাল সংবাদপত্রের সম্পাদকগণের এক-প্রকার ধারণা হইয়াছে যে তাঁহারা লোকের নিন্দা কুৎসা করিতে পারিলেই সুলেখক সুবিজ্ঞ বলিয়া পরিচিত হইবেন। ইলবার্ট বিল লইয়া কিছুদিন সম্পাদক মহাশয়েরা ঘোর মস্তিষ্ক চালনা করিলেন। মনের সাধে নিরীহ ভারতবাসীকে অকৃতজ্ঞ অপরাধ বলিয়া প্রমাণ করিবার চেষ্টা করা হইল ইংরাজ অকৃতজ্ঞতা প্রভৃতি অসদ্গুণের পরিচয় দেওয়া হইল ও মিথ্যা বাগাড়ম্বর করিয়া আপন আপন বিদ্যা বুদ্ধির উৎকর্ষ সাধন করা হইল। এখন সে সকল বিষয়ের গোলযোগ একপ্রকার মিটিয়া গিয়াছে। এখন আর সিপাহির বিষয় বড় কিছু নাই বলিয়া কখন শিক্ষিত বাঙ্গালি যুবকদিগের প্রতি ক্রোধ সৃষ্টি করা হয়, কখন বা দেশীয় রাজাদিগের প্রতি মিথ্যা দোষারোপ করিয়া গবর্ণমেণ্টের প্রিয় হইবার চেষ্টা করা হয়। আমাদের এতদ্দেশীয় সহযোগী পাত্তনিয়রপত্র সম্পাদকের পূর্ব্বোক্ত রোগটীর বিলক্ষণ বৃদ্ধি হইয়াছে। তিনি কয়েক দিন ধরিয়া দুর্ব্বল রাজভক্ত বাঙ্গালীকে যথেচ্ছ গালি দিলেন। এখন মহারাজ হলকারকে আক্রমণ করিয়াছেন সম্পাদক মহাশয় কি এখন দেশীয় রাজাদিগের মিথ্যা অপবাদ দিয়া সন্তুষ্ট হইবার উপযুক্ত সময় বুঝিলেন? এদিকে সমস্ত ভারতবর্ষ সুখে অগ্রসর হইতেছে, কাব ইংরাজ গবর্ণমেণ্টের সহিত সুখে আছে, এমন কি গবর্ণমেণ্টকে দেশীয় রাজাদিগের বিরুদ্ধে উত্তেজিত করিবার উদ্যম করা পাত্তনিয়র সম্পাদকের ন্যায় রাজনীতিজ্ঞ মহাপুরুষের কর্ত্তব্য?

সিপাহী বিদ্রোহের সময় ব্রিটিশ গবর্ণমেণ্ট হলকারকে মিথ্যা দোষী করেন। কর্ণেল ডুরাণ্ড হলকারকে বিদ্রোহী পক্ষ বলিয়া প্রচার করিয়াছিলেন। ডুরাণ্ড যে ঈর্ষ্যাপরবশ হইয়া এরূপ করিয়াছিলেন, তাহাতে আর সন্দেহ নাই। সুতরাং হলকারের দোষ প্রমাণ করিবার জন্য কখন চেষ্টা করা হয় নাই কেন? কেবল কেবার ইতিহাস লেখক সেক্রেটারি সার জন কেই সাহেব এ বিষয়ের ভরসা করেন ও হলকারকে নির্দ্দোষ প্রমাণ করিয়া ক্ষান্ত থাকেন। আবার সার রবার্ট হ্যামিলটন, সম্পূর্ণরূপে হলকারের পক্ষসমর্থন করিয়া গবর্ণমেণ্টে এক পত্র লেখেন। হ্যামিলটন যাহা লিখিয়াছিলেন তাহার মর্ম্ম এই:—

হলকার সম্বন্ধে গবর্ণমেণ্টের প্রতি সম্পূর্ণ প্রসন্ন। বিদ্রোহের সময়ে তিনি তাঁহার রাজ্যবাসী ইংরাজ প্রজাগণকে কিরূপে রক্ষা পাইবে, সেই জন্য সর্ব্বদা ব্যস্ত ও চিন্তিত ছিলেন। তিনি তাহাদের প্রতি কোনরূপ অত্যাচার করেন নাই।

হ্যামিলটন আরও লিখিয়াছিলেন যে হলকারের রাজ্যস্থ বিদ্রোহিগণ সর্ব্বদা হলকারকে ভয় করিত। হলকারের রাজত্ব হইতে যাহারা কোম্পানির সাহায্যের সহযোগী বলিয়া বরং পরিচিত ছিল তাহারা কেহই হলকারের অধীন লোক নহে। এই সকল বিদ্রোহী সিপাহী বন্দী হয়, তাহারা সকলেই হলকারের নিকট হইতে সাহায্য পায় নাই বলিয়া ক্রোধ ও দুঃখ প্রকাশ করিয়াছিল।

এ সকল কি হলকারের নির্দ্দোষিতা প্রতিপাদক নহে? তথাপি হতভাগা হলকার এপর্য্যন্ত ইংরাজের সম্পূর্ণ বিশ্বাসভাজন হইতে পারিলেন না! ইংরাজের সন্দেহ এখনও দূর হয় নাই। লেফ্‌টেনেণ্ট কর্ণেলের যেন এক প্রকার প্রমাণ হইয়া গিয়াছে যে, কোন গবর্ণর জেনরেল এ সম্বন্ধে আর কোন কথা উত্থাপন করেন নাই। অধুনা হলকারের অপরাধ মোচন করিতে ইচ্ছুক হইয়াছেন দেখিয়া পাত্তনিয়র সম্পাদক আর থাকিতে পারিলেন না। যাহাতে লাটসাহেব এ বিষয়ে হাত না দেন যাহাতে হলকার নির্দ্দোষ বলিয়া পরিগৃহীত না হন, সেই জন্য সম্পাদক কোমর বাঁধিয়া লাগিয়াছেন। কিন্তু ইনি কি করিতে কি করিতেছেন, তাহা কোন লাভ আছে? লাভ থাকিলেই বা একজন সুবুদ্ধি সম্পন্ন রাজার প্রতি যথেচ্ছ ভাষা প্রয়োগ করা কি সম্পাদকের কর্ত্তব্য? ইহা যে নিশ্চয়ই নীচ প্রকৃতি সূচক তাহাতে আর কিছুমাত্র সন্দেহ নাই।

সম্পাদক নিঃসন্দেহ জানেন যে সিপাহী বিদ্রোহে দেশীয় রাজাগণই ইংরাজদিগের জয় লাভের প্রধান কারণ। তাঁহারা যদি সেই সময়ে অর্থ ও সৈন্য দ্বারা সিপাহিদিগকে সাহায্য করিতেন তাহা হইলে কাহার সাধ্য সে ক্ষেত্রে ইংরাজ রাজত্বকে ধ্বংস হইতে রক্ষা করে। বিদ্রোহিগণ অর্থাভাবে অসহায়াবস্থাপন্ন হইয়া পড়িল, সুতরাং নিঃসন্দেহ সেই সময় হইতে ইংরাজের নাম ও যশের আরম্ভ ইতিহাস হইতে বিলুপ্ত হইয়া যাইত। ইংরাজরাজনীতিজ্ঞেরা বেশ বুঝেন যে,দেশীয় রাজাদিগের সহিত মিলিয়া মিশিয়া চলিতে তাঁহারা তাহাদিগকে নির্ব্বিঘ্নে রাখিতে পারিবেন। ইহা বুদ্ধিমান লোক মাত্রেরই পরামর্শসিদ্ধ। পাত্তনিয়র সম্পাদককে আমরা ঐ শিক্ষা করিতে অনুরোধ করি।

পাত্তনিয়র সম্পাদক আজকাল হলকারের নূতন নূতন দোষ প্রচার করিতে বসিয়াছেন। তিনি বলেন " ইন্দোর রাজ্যে অত্যাচার নূতন নহে গত কয়েক বার ধরিয়া এই অত্যাচারের কথা শুনা যাইতেছে। ইংরাজ গবর্ণমেণ্ট এ সমস্ত অত্যাচারে কর্ণপাত করেন না কেন? এই তাঁহাদের কর্ত্তব্য কার্য্য? তিনি আরও বলেন " গবর্ণর জেনরেলের এজেণ্ট জর্জ লেপেল গ্রিফিন সাহেব হলকারের অত্যাচারের কথা জানিতেন তাঁহার রাজ্যে লোকে বিনা অপরাধে বন্দী হয় তাহা গ্রিফিনের অবিদিত ছিল না। তবে কি গবর্ণমেণ্টের সাহায্য পান নাই বলিয়া কিছু কথা প্রকাশ করিতে পারেন নাই।"

এ সকল নিশ্চয়ই সম্পাদকের কপোলকল্পিত গ্রিফিন যদি এই সকল ব্যাপার জানিয়া শুনিয়া চুপ করিয়া রহিতেন,তবে ব্রিটিশ গবর্ণমেণ্ট তাঁহাকে বৃথা কিমুক্ত করিয়াছিলেন কেন? প্রত্যেক রাজ্যে এক একজন রেসিডেণ্ট থাকে। রাজ্যমধ্যে অত্যাচারাদি দেখিলে তাঁহারা রিপোর্ট না করিয়া চুপ করিয়া থাকিবেন, ইহা আমাদের বিশ্বাস নাই। বিশেষতঃ দেশীয় রাজারা এখন যেরূপ শিক্ষিত, তাহাতে তাঁহাদের প্রজাদিগের কোনরূপ অন্যায় অমঙ্গলের সম্ভাবনা নাই ইহা আমরা বেশ জানি। অতএব পাত্তনিয়র সম্পাদককে বলি যে তাঁহার স্বয়ংকথা বন্ধ করিয়া যাওয়াই ভাল। আমাদের পরামর্শে সেখানে লোকের কর্ণগোচর করিয়া হাস্যাস্পদ হওয়া তাঁহার ন্যায় বিচক্ষণ লোকের পক্ষে নিতান্ত গর্হিত কার্য্য।

বিজ্ঞান।

বেলুন বা ব্যোমযান।

বিজ্ঞানবলে কত অদ্ভুত বিষয়ের ব্যাপার সাধিত হইতেছে, ভাবিলে চমৎকৃত হইতে হয়। যে সকল অলৌকিক ব্যাপার অলৌকিকাতিরিক্তে আছের ও শিক্ষার অভাবে ভয়ানক বলিয়া বোধ হইতে নিরস্ত ছিল, পূর্ব্বাপর সেই, অবধি সেই ঐশ্বরীক অবস্থার কিছুমাত্র তুলনা হয় না। যখন যেদিকে দৃষ্টিপাত করা যায়, সেই দিকে বিজ্ঞানের [illegible]

বিষয় আমাদের মনযোগের যোগ্য বটে। বিজ্ঞান বিৎ পণ্ডিতেরা সকলে পৃথিবীর উপকারের চেষ্টায় ফিরিতেছেন। বাষ্পীয় শকট প্রভৃতির উপকারিতার বিষয় উল্লেখ করা কেবল পুনরুক্তি মাত্র; ইহাদের সাহায্যে ছয় মাসের পথ ছয় দিনে যাওয়া সম্ভব হইয়াছে। আবার ব্যোমযানের আবিষ্কার দ্বারা আমাদের আরও সুবিধার সম্ভাবনা হইতেছে। শূন্যমার্গ দিয়া বায়ু সাহায্যে উঠিয়া আমরা গ্রহ নক্ষত্রাদি সম্বন্ধে অনেক বিষয় জানিতে পারিব এবং অল্পকাল মধ্যে আধিক যুদ্ধগমন করাও অসম্ভব নহে। অনেক সময়ে যুদ্ধকালে বেলুনদ্বারা বিশেষ উপকার পাওয়া গিয়াছে। উচ্চে উঠিয়া নিশ্চিন্তে শত্রুপক্ষের সৈন্যসংখ্যা ও অস্ত্র শস্ত্রা দির চূড়ান্ত বিষয় অনায়াসে জানা যায় এবং তাহাতে জয় লাভের সম্পূর্ণ সম্ভাবনা। বাস্তবিক যুদ্ধকালে ব্যবহারের জন্যই বেলুন বিশেষ উপযোগী। কিরূপে বেলুন সাহায্যে আকাশে উঠা যায় ও কোন্ সময়ে তাহার প্রথম আবিষ্কার হয়, নিম্নে সংক্ষেপতঃ তাহা লেখা হইল।

অতি প্রাচীন কাল হইতে শূন্যমার্গ দিয়া বিচরণ করিবার চেষ্টা হইতেছে। রামায়ণ মহাভারত প্রভৃতি প্রাচীন গ্রন্থে যে পুষ্পরথের উল্লেখ আছে, তাহা বোধ হয় বেলুন ব্যতীত আর কিছুই নহে। রাবণ সীতাকে পুষ্পরথে তুলিয়া সুখে লইয়া গেল, ইহা কবিকল্পিত হইলেও আমরা কোনরূপ ব্যোমযানের অস্তিত্ব বিশ্বাস করি। পারস্য ইতিহাসে বর্ণিত আছে, রাজা কৈকয়ুস একটী লঘুযান প্রস্তুত করাইয়া ঈগল পক্ষীর সাহায্যে শূন্যে উঠিয়াছিলেন। তিনি একটী লঘুযান প্রস্তুত করাইলেন, তাহার চতুর্দ্দিকে মাংসখণ্ড রাখিয়া দিলেন, কতকগুলি ঈগলপক্ষীকে মাংসখণ্ডের কাছে কাছে এরূপে বাঁধিয়া রাখিলেন, যে তাহারা মাংস খণ্ডগুলিকে পাইতে না পারে। পরে তিনি এক খানি আসন লইয়া যানের ভিতর বসিলেন। পক্ষিগুলি যখন ক্ষুধার্ত্ত হইল তখন তাহারা লক্ষ বিস্তার করিয়া মাংসখণ্ডগুলি ধরিবার জন্য চেষ্টা করিতে লাগিল। এইরূপ করাতে তাহারা যানের সহিত মাংসটীকে শূন্যে লইয়া গেল। রাজা কাকুস চীন দেশের মরুভূমিতে পড়িয়া আহারের অভাবে প্রাণত্যাগ করিয়াছিলেন।

ইউরোপে যখন পণ্ডিতমণ্ডলীর মধ্যে বিদ্যোত্সাহ হইল যে, বায়ুর গুরু প্রভৃতির ন্যায় বায়ু প্রভৃতি সকল, তখন অনেকে জলযানের ন্যায় বায়ুযানের উদ্ভাবনের প্রস্তাব করিতে লাগিলেন। ইংলণ্ডের প্রসিদ্ধ পণ্ডিত বেকন প্রকাশ করেন যে অত্যন্ত পাতলা তামার পাত দিয়া শূন্যগর্ভ বর্ত্তুলের ভিতর আগুন রাখিলে বর্ত্তুলটীকে জল এবং বায়ু যানরূপে ব্যবহার করা যাইতে পারে। বেকনের পর অনেক দিন ব্যোমযানের আর কোন কথা শুনা যায় নাই। পরিশেষে ১৭৮৩ অব্দের জুন মাসে আনোম নগরের মন্ত্রী মিত্রার নামক দুই ভ্রাতা প্রথম বেলুন যন্ত্রের সৃষ্টি ও পরীক্ষা করেন। তাঁহারা প্রায় ৮০ হাত পরিধি বিশিষ্ট ও ১৩০ মণ ওজনের একটী গোলাকার যান প্রস্তুত করেন। ইহার নিম্নভাগে একটী ছিদ্র দিয়া ছোট পাকলা এরপানি লোকা ঝুলান ছিল। বেলুনের মধ্যে বায়ুকে উত্তপ্ত করিবার জন্য ঐ নৌকার আগুন রাখা হইত। এইরূপ বেলুনটী এক মাইলেরও অধিক উচ্চে উঠে এবং নির্ব্বিঘ্নে নামিয়া পড়ে।

মন্ত্রী ভ্রাতারের পর পারিসনগরের চার্লস নামে একজন বৈজ্ঞানিক একটী নূতনরূপ যানের উদ্ভাবন করেন। চার্লস দেখিলেন যে হাইড্রোজেন অর্থাৎ জলযান বায়ুর অপেক্ষা অনেক লঘু। অতএব তিনি স্থির করিলেন যে বেলুনের যান প্রস্তুত করিয়া তাহার ভিতর উত্তপ্ত বায়ুর পরিবর্ত্তে জলযান রাখিলে অধিকতর ফললাভের বিশেষ সম্ভাবনা। এইরূপ স্থির করিয়া তিনি সম্পূর্ণ কৃতকার্য্য হইয়াছিলেন এবং আজকাল যে প্রণালীতে বেলুন নির্ম্মিত হয়, চার্লসকে এই প্রণালীর কর্ত্তা বলিয়া স্বীকার করিতে হইবে। চার্লস বেলুনের ভিতর কতকগুলি প্রস্তরখণ্ড রাখিয়াছিলেন। উপরের বায়ুর ন্যায় নীচের বায়ুর অপেক্ষা অনেক লঘু। বেলুনকে অধিক উচ্চে তুলিতে হইলে কেবল ইহার ভার কমান আবশ্যক। প্রস্তরখণ্ডগুলি দুই চারিখানি করিয়া ফেলিয়া দিলে এই অতিরিক্ত সিদ্ধ হইয়া থাকে। প্রায় একশত বৎসর হইল চার্লস বেলুন সৃষ্টি করিয়াছেন কিন্তু এখনকার বেলুন আর তখনকার বেলুন দেখিলে কে না বলিবে বিভিন্ন ছিল না। চার্লসের এক বৎসর পরে আর একটী গোল— বেলুন ইংলণ্ডের মাঞ্চেষ্টর নগর হইতে শূন্যে উত্থান করে। এই বেলুনে কোন লোক ছিল না। তিন ঘণ্টার মধ্যে বেলুন ইংলিসডালের পার হইয়া নরফোক নগরে উপনীত হয়। সকলের বিশ্বাস আছে যে বেলুন দ্বারে বাষ্পীয়পোত অপেক্ষা অধিক সুবিধাজনক হইয়া উঠিবে এবং অনেকে বেলুনকে বায়ুযানে চালাইবার জন্য কতই চেষ্টা করিতে লাগিল। কিন্তু বায়ুর বেগের পরিমাণ জানিতে না পারাতে কলের ন্যায় কাল ঠিক রাখার কথা নিতান্ত অসাধ্য। ফ্রিজার নামে একজন ফরাসী পণ্ডিত ১৮৫২ অব্দে বেলুনের দ্বারা শূন্যে উঠেন এবং পরে ফিরে আসিয়া বলেন যে তিনি বেলুন সংলগ্ন নৌকায় বাষ্পীয়যান রাখিয়া অনেকগুলি কল-কব্জি পরিবিশিষ্ট করিয়া ব্যোমযানকে উপরে চালাইতে সক্ষম হইয়াছিলেন। কথার যথার্থতা সম্বন্ধে এখনও বিশেষ সন্দেহ আছে; কারণ এ পর্য্যন্ত কেহ ফিজারের ন্যায় পরীক্ষা করিয়া কৃতকার্য্য হয়েন নাই।

চার্লসের পর অনেক দিন বেলুনের কোনরূপ উন্নতি হয় নাই। ১৮৫৪ অব্দে গুস্তাব সুবিখ্যাত বৈজ্ঞানিক গে লুসাক বেলুন সহযোগে উপরে উঠেন। তিনি প্রায় ২৩০০০ ফিট উর্দ্ধে উঠিয়াছিলেন। তাঁহার সঙ্গিত বায়ুর তাপ পরিমাপক একটী যন্ত্র ছিল। তিনি পরিষ্কার বুঝিতে পারিয়াছিলেন যে ২৩০০০ ফিট উর্দ্ধে যাওয়া সেই কালে কোন লোকের পক্ষে অসম্ভব। ইহার পর ফুর্যাঁরস নামক দুই ভাইয়ের অনেক কথা আছে। এখানে তত লইয়া গেলে যে বৎসরাৎ সংক্ষেপ হয় তিনি তাহারও প্রমাণ পাইয়াছিলেন।

গে লুসাকের পর গ্রিণ, গ্রেসার, ফ্লামারিয়ন প্রভৃতি বৈজ্ঞানিকেরা বেলুন যন্ত্রের বিশেষ উন্নতি করিয়াছেন। গ্রিণ উপরে কাফি ও অন্যান্য দ্রব্য উপস্থ করিবার জন্য একটী সুন্দর উপায় উদ্ভাবন করেন। যাহা লইয়া গ্রিণ পাকে বিলক্ষণ ঘটে এই উপায়ের কিয়ৎ পরিমাণে চূর্ণ করিয়া দেন; সেই চূর্ণে জলের প্রবেশমাত্রে যে তাপ সঞ্চারিত হয়, সেই উত্তাপে তিনি কফির কার্য্য করিয়াছিলেন। গ্রিণ ১৮ ঘণ্টা উর্দ্ধে থাকিয়া সমুদ্রের উপর দিয়া প্রায় ৫০০ মাইল পথ পরিভ্রমণ করিয়া নিম্নে নামিয়া আসিয়াছিলেন। গ্রিণের বেলুন ৮৫০০০ ঘিট ঘন ছিল এবং প্রায় ৫০ মণ ভার লইয়া উর্দ্ধে উঠিয়াছিল। কিন্তু সম্প্রতিকাল যে বেলুন নির্ম্মাণ করাইয়াছিলেন, তাহা আরও প্রকাণ্ড। উহাতে ১০০০০ ঘিট গ্যাস ধরিয়াছিল। প্রথমবার উঠিয়া যাইবার কি নিয়মে শীতল ও বায়ুমণ্ডলে কি পরিমাণে জলীয় বাষ্প আছে, তিনি তাহা স্থির করিয়াছিলেন। যখন তিনি দ্বিতীয়বার উঠেন, তখন বৈজ্ঞানিক গ্রেসারকে তাঁহার সঙ্গে লইয়াছিলেন। তাঁহাদের সহিত কতকগুলি পায়রাও ছিল। প্রায় তিন মাইল উঠিয়া তাঁহারা একটী পায়রাকে নীচে ফেলিয়া দেন। বায়ুর লঘুতা হেতু পায়রাটী উড়িতে না পারিয়া পালকে পালক পড়িয়াছিল। প্রায় সকল পায়রাকে সেইরূপ করিয়া ফেলিয়া দেওয়া হইল। দুই একটী যাহা বাকি আরও কিছু উপরে উঠিয়া গেলেন, সেগুলি মরিয়া গিয়াছে। পাঁচ মাইল উপরে যাইলে গ্রেসার সাহেব অজ্ঞান হইলেন এবং আরও কিছু পরে তিনি প্রায় সংজ্ঞাহীন হইয়াছিলেন। যখন প্রায় ছয় মাইল উঠিয়াছিলেন, তখন ফ্লামারিয়ন গ্যাস ছাড়িয়া দিবার চেষ্টা পাইলেন। কিন্তু তাঁহার হস্ত প্রায় অবশ হওয়াতে হস্ত দ্বারা ঐ কার্য্যটী সম্পন্ন করা

উঠিয়াছিল। গ্যাস ক্রমে ক্রমে চড়িয়া বেলুনকে বেলুন নীচে আসিতে লাগিল ও অবশেষে মাটিতে আসিয়া পড়িল। পুরুষ দুই স্ত্রীলোকের আরও দুই একবার উঠিবার ইচ্ছা ছিল বেলুন উর্দ্ধে চটবে বোধ লইয়া লাফিয়া পড়িয়াছিলেন। ইঁহাদের ছেড়ে দেওয়ার পর উপরে তুলা স্পিরেলি ও সিরকপ নামক তিন ব্যক্তি একত্র একটী বেলুনে উঠেন ১৫০০০ ফিট উপরে উঠিয়া দারুক দুই ব্যক্তির মৃত্যু হয়, প্রথমোক্তটী অতি কষ্টে বাঁচিয়া আসিয়া আইসেন। তিনি বলিয়াছিলেন যে মৃত দুই জনের মুখের অভিব্যক্তি কালিমাযুক্ত হইয়াছিল ও ভিতরে একরূপ করিয়া হক্ত ছিল। তাঁহাদের মৃত্যুর প্রধান কারণ 'ক লা এ পর্য্যন্ত একটি, বলা হইয়া রহিয়াছে। অনেকে বলেন উচ্চস্থ বাতাসের লঘুতাই উহার কারণ।

বৈজ্ঞানিকদিগের সাহসিকতা ও বুদ্ধিমত্তা সম্বন্ধে লিখিয়া এখন সাধারণতঃ ব্যোমযান সম্বন্ধে কিছু বলা আবশ্যক। লম্বা লম্বা একগুলি রেশম সূত্র একত্র বুনিতে হয় এবং তাহার উপর বারের ন্যায় এক প্রকার তুলোর লেপ দিতে হয়। রূপ করিলে ভিতরে বাতাস যাইতে পারে না। ই রেশম নির্ম্মিত পোষাকের উপরে দিবে পাস বাহির করিয়া দিবার একটী উপায় থাকে চের দিকে একগাছি সরু দড়ি থাকে। একখানি তি লঘু নৌকা ঝুলান থাকে। যাত্রিগণ এই ীকায় বসে। সমস্ত বেলুন একটী জালে বা পূর্ণ আবৃত থাকে। যুদ্ধের সময় যে বেলুনের বহার হয়, তাহা ঘুড়ীর ন্যায় একগাছি সূত্র দ্বারা উড়িতে থাকে। রজ্জুটীর অপর প্রান্ত অশ্বা- ারী কিম্বা পদাতিক কোন সৈন্যের হাতে থাকে। বেলুনের উন্নতির এখনও অনেক বাকি আছে। ন হইয়া যদি ইচ্ছামত উর্দ্ধে গমনাগমন করা ইবে, তখন নিশ্চয়ই পৃথিবীর একটী নূতন ভাব ইবে। তখন আমরা এত লক্ষ্যাদি সত্ত্বেও অনেক ন বিষয় শিখিতে পারিব এবং আমাদের সুখের রিমাণ বৃদ্ধি হইবার সম্ভাবনা, ক্রমে তড়িৎ প্রভাব করে বেলুনের উন্নতি হওয়া বোধ হয় অসম্ভব হে।

ইউরোপীয় সমাচার।

পারিস ৩, ই জুলাই। নূতন নির্ব্বাচিত চীনদেশীয় দূত সহ লেগো এম, পোঁহু সহিত সাক্ষাৎ করিয়া বলিয়াছেন চীনের সহিত মিত্রতা করেন চীনের এরূপ ইচ্ছা নয়।

ডাউনিং ষ্ট্রীটে মন্ত্রীসভার অধিবেশন হইতেছে।

পারিস ৩ রা জুলাই। আসিয়ার কলাটিয়া হইতে সাহসিকদিগের প্রত্যাগমন সম্বন্ধে [illegible]

[illegible] ই জুলাই। [illegible] আফিসরের প্রতি আদেশ হইয়াছে যে, তাঁহারা মার্চ হইতে সেপ্টেম্বর পর্য্যন্ত অনুসন্ধান করিবেন।

[illegible] ই জুলাই। নিম্নেবীয়া [illegible] মাত্রক স্থান [illegible] পরিত্যাগ করিয়াছে।

[illegible] ই জুলাই। [illegible] বলিয়াছেন, [illegible] করিবার জন্য [illegible] করিয়াছেন। অদ্য [illegible] ৩৬ জন মিসরীয় পোকের [illegible] ঢাকার [illegible] কারবেন।

[illegible] ই জুলাই। [illegible] ১৪৬ জন মত বিয়াছেন। এবং [illegible]

[illegible] ই জুলাই। দক্ষিণ প্রদেশ হইতে সাম্প্রতিক [illegible] ৩ জন মিত্র [illegible] হইয়াছে। এক মাত্র [illegible] বড়া হইয়াছে।

[illegible] ই জুলাই। প্রাবর্ত্তন ওয়েষ্টিয়াপা সাহেব [illegible] এবং [illegible] পরাস্ত করার [illegible] করিয়াছেন।

[illegible] ই জুলাই। প্রাডাইস সাহেব লিখিয়াছেন সভা- [illegible] করিয়া বলিয়াছেন যত সভা [illegible] যে নিয়মে [illegible] করিয়াছেন, তাহা অক্টোবর মাসে পার্লিয়ামেণ্টে [illegible] হইবে। নিয়ম সভার লোকেরা [illegible] আনন্দধ্বনি করিতেছেন।

[illegible] সিপাহী দিগের, অফিসরদিগের নিমিত্ত [illegible] ঐ [illegible] ঐরা নির্দ্দি পরিত্যাক্ত হইবে।

[illegible] ই জুলাই। [illegible] লইয়া আন্দোলনা করিতেছেন [illegible] [illegible] ঐতিহাসিকদিগের আরা লেখা করিবেন তাহার [illegible] [illegible] করা বাঞ্ছিত।

[illegible] ই জুলাই। মাসে মাসে ওলাউঠায় মৃত্যু [illegible] [illegible] লোকের এ রোগে মৃত্যু হইয়াছে। [illegible] [illegible] ১২ জনের মৃত্যু হইয়াছে।

বিবিধ সংবাদ।

আমরা নিম্নলিখিত আকাশবাণীটী পাঠাইলাম, কিন্তু কথার গতিটী পূর্ব্বাপর নয়। বহুদর্শী অংশ [illegible] প্রভৃতি কলনাতে অনেকেরই [illegible] করেন। বর্ত্তমান মিউটিনিসপাসটীর কমিশনরদিগের মধ্যে যে এখন কেবল সকল লোক আছেন, এই আকাশবাণী তাহার পরিচয় দিয়া দিতেছে।

আকাশবাণী।

সাবধান! সাবধান!!

আজকাল বারপুর নগরে মিউটিনিসপাস কেবল মারিবার সময় উপস্থিত। ভাল লোক চাই। যেখানে [illegible] পড়িবে না। যুবক [illegible] আর কে [illegible] ভয় [illegible] পোট বিয়ে [illegible]। আর ভাবিও না। অন্ধকূপ [illegible] ভাবাই ভাল। [illegible] এক কথা ভাবিয়া [illegible] ভাবিয়া [illegible] ভাবিয়া [illegible]

নিবার সোকেরা তাহার নিকটে চিরকৃতজ্ঞ থাকিবে ॥

মিশিনারদের আসিবার পূর্ব্ব আইরিস পাদরিরা সমস্ত সোকদিগকে খ্রীষ্টিয়ান করিয়াছে। তাহাদের অনেক অধিক সংখ্যা হইয়াছে। তাহারা পূর্ব্ব-দেশের লোকদিগকে খ্রীষ্টিয়ান করিবার অনুসন্ধানার্থ যাইবার উপদেশ দিয়াছেন। কিন্তু, তাহারা পূর্ব্বদেশীয় লোকের সঙ্গে কথোপকথন করিয়াছেন, তাহারা পূর্ব্বদেশীয় লোকদিগকে এই প্রকারে ঠাট্টা করিয়াছেন, পূর্ব্বদেশীয় লোকেরাও এই প্রকারে তাহাদিগকে ঠাট্টা করিতে ক্ষান্ত হয় নাই। আইরিশ কি টাকা লইয়া ধর্ম্ম প্রচার করিতে আসিয়াছে? আর তাই যদি, তবে ও তাহাদিগকে না কি দিবে? আমাদের দেশে আসা কিসের জন্য?

ভূমিকম্পে ফিজি ও উৎসন্ন যাইতে বসিয়াছে। এই সপ্তে ফিজিবাসীরাও উৎসন্ন যাইতেছে। সেলু ভয়না সেলু তথাকার লোকের একটী বিষয়ের মায়ের কিনিয়, কিন্তু কেমন আশ্চর্য্যের ইহাতে ন, সেলু ও অন্যান্য পাখীগুলি ক্রমে ক্রমে লয় হইয়া যাইতেছে।

মাইল সাহেব ১৮০৪ হইতে ১৮৮২ অব্দ পর্য্যন্ত র্গের শিক্ষা সংক্রান্ত একটী রিপোর্ট প্রকাশ করিয়াছেন। তিনি বলিয়াছেন ফুর্ত্তীর লোকেরা নিয়ত-দের মধ্যে তাদের লোক-সংখ্যা ক্রমশঃ হ্রাস হইতেছে। ই কারণে তথায় খ্রীষ্টিয়ান মণ্ডলী তাদৃশ উন্নতি করিতে ছে। ব্যালকরিসের বিদ্যালয়ে অনেক বালিকা ঠ করিয়া থাকে। তিনি দেখাইয়াছেন পূর্ব্ব বিদ্যা-দের অধ্যয়ন করিবার উপযোগী বত সময় পায়ে, তাহার এক সপ্তমাংশ বালিকা ব্যালকরিসের বিদ্যালয়ে অধ্যয়ন করে।

১৮৮১-৮২ অব্দে আমাদের ব্যালকরিসের অন্য ১৮০ ও খ্রীসোকরিসের জন্য ৫২ টী বিদ্যালয় ছিল। রার মধ্যে ১১ টী উচ্চ শ্রেণীর, ১৮টী মধ্য শ্রেণীর, ১০০ টী প্রাথমিক, ৯ টী ট্রেনিং, ১ টী ইংরাজি, ১ টী শিল্প বিদ্যালয় ছিল। এই কল বিদ্যালয়ে ৫৫১১০ জন ও ১৩৫৮ টী স্ত্রী ছাত্রী অধ্যয়ন করিয়াছে। ইংরাজিদের মধ্যে অপরিমাণের ১৩৬৪ জনকে গবর্ণমেণ্ট সাহায্য দান করিয়াছেন। ইহা ব্যতীত ছাত্রদের জন্য ৩১১১৫ টাকা অতিরিক্ত দেওয়া হইয়াছে। ইহার মধ্যে ৯৯৫ টাকা আমাদের দেশে ব্যয় হইয়াছিল। ছাত্রদের মধ্যে অধিকাংশ ছাত্র, অর্থাৎ ৩৫৫৫ জন ছাত্র ও ৩৫৫ জন ছাত্রী ব্যালকরিসের ভাষা শিক্ষা করিয়াছে। ইহাদের মধ্যে ৩৫৫ জন ছাত্র ও ৩৫৫ জন ছাত্রী ব্যালকরিসের ভাষা শিক্ষা করিয়াছে। ইহাদের মধ্যে ৩৫৫ জন ছাত্র ও ৩৫৫ জন ছাত্রী ব্যালকরিসের ভাষা শিক্ষা করিয়াছে।

ব্যবসায়ের ভেদটী অন্যান্যদেশে ভোজনের কুর্ব সম্বন্ধের ন্যায় ভেদবাদীদিগের উপর বড় ঘৃণাকর ছিল। ইংরাজ মহারাজ্ঞীর বিবাহ সম্বন্ধের আনন্দ-শিক্ষ করাতে তাঁহার বর্ত্তমান গবর্ণমেণ্ট তাঁহাকে এলাহাবাদের এলাহাবাদী ভোজনের সঙ্গে অধিষ্ঠিত করিয়াছেন। কুল সাহেব এই আহারে উপস্থিত হইবার অনেক চেষ্টা করিয়াছিলেন কিন্তু সফল মনোরথ হন নাই। এইবার ভোজনীয়দিগের হাতে যাওয়া পড়িবে।

আমাদের এলাহাবাদ সংবাদদাতা লিখিয়াছেন "অনিয়ন্ত্র সহযোগিতা দেখিতে পাই "বাঙ্গালী বাবুর "আর্দ্ধে পাই-রিসিভিয়ুর অন্তর্হিত হইয়া থাকে, তিনি অন্যান্য তাঁহাদের বর্ণন করিয়া না করিয়া তদপ্রকৃত উত্তর কি না সন্দেহ। একালে বাঙ্গালীর নাম গন্ধ আছে সেখানেই তাঁহার দলাদলিভোবের বিষাদ দেখিতে পাওয়া যায়। সম্প্রতি কলিকাতা মিউনিসিপালিটী লইয়া এই মহাত্মা-বিবাদের আগে তাগে দাঁড়াইয়াছেন। তাঁহার বার্ড সাহেব এই সম্বন্ধে যে বক্তৃতা করেন তাঁহাতে আরও তাঁহার দোষাদি প্রকাশিত হইয়াছে। বিগত ৩০ এ জুনের পাইওনিয়রে বাঙ্গালার সেক্রেটরী গবর্ণর ইয়ন্স সাহেবকে মিউনিসিপালিটীর সম্বন্ধে যে উপদেশ দিয়াছেন তাহার শেষাংশ এখানে উদ্ধৃত করা গেল— he (ইয়ন্স সাহেব) must replace Mr. Harrison and his cohort of chattering Babus by some less flatulent and ineffectual agency " পাই ওনিয়র অত্যন্ত অসন্তুষ্ট হইয়াছে। তিনি শ্বেত পুরুষদের কখনই দোষ দেখিতে পান না, তবে কিনা ন্যাশনল সাহেব তাঁহার এক বিরাগভাজন হইয়াছেন তাহা বলিতে পারা যায় না। বোধ হয় উক্ত সাহেব বাঙ্গালী কমিশনরদিগের সহিত একত্র কাজ করেন বলিয়াই তাঁহার এরূপ বিষনজরে পড়িয়াছেন। যাহা হউক উক্ত সাহেব যে কলিকাতার মিউনিসিপালিটী লইয়া বড় বাড়, কিন্তু তিনি নিজদেশের সাধারণ তাদৃশ ভাবেন না তাহাই প্রায়। আমেরিকায় মিউনিসিপালিটীর অবস্থা যে কিরূপ তাহাতে উহাদের কখন কথা বলিতে দেখিলাম না। যাঁহারা এতদ্দেশীয় এতদ্দেশবাসিদের "ব্যাভারাদের ভার্সা দেখিয়াছেন তাঁহাদের কখন মনে হইবে না যে মিউনিসিপালিটী লইয়া কোন পদার্থ এদেশে আছে। অতএব মিউনিসিপালিটী শ্বেত পুরুষদের মুখরার পথার পরিষ্কার রাখিবার কথা কহিয়াছেন, আর সেখানে এই ব্যবস্থাপকদিগের মধ্যে তাঁহার ন্যায়ানুরূপ অনুবিধার প্রতিপন্ন হইয়া তাঁহাকে অতিরিক্তদের ভোজন করার ন্যায় কমিশনর এলাহাবাদে দুই জন প্রসিদ্ধ [illegible] বন্দ্যোপাধ্যায় ও বাবু

এলেক্সান্দর বন্দ্যোপাধ্যায়ের উপর এই নূতন বিষয় ভার অর্পিত হয়। তাঁহারাই ব্যবসায়ের বিষয়ে বড় আছেন, অথবা অন্যান্য সিবিল সার্ব্বিসের এদেশবাসিদের ব্যবহারের ন্যায় দেখায়, আশ্চর্য্য বলেই হউক; কিন্তু কুলাঙ্গার কল করিতে দেখিলাম না। সে জন্যই বলিতেছিলাম, পাই ওনিয়র এ সকল বিষয় কিছু দেখিতে পান না। শুধু এই এদেশীয়দিগের কোনরূপ সমর পাইলে, তখন তাঁহার সাধারণ ব্যবহার সম্পূর্ণ পরিবর্ত্তন পাওয়া যায়। আমরা আশা করি, এলাহাবাদ মিউনিসিপালিটী সভ্যগণ এই সময়ে যেন একবার চক্ষু উন্মীলন করেন।

সাহেবদিগের ইংলণ্ডবিদায় লইয়া আজকাল বিশেষ আন্দোলন উপস্থিত হইয়াছে। প্রথম সংবাদ পত্র একখানা ইংরাজ দোষ ঘোষণা করিতেছেন, এমনকি ইংলিশম্যান, ষ্টেটসম্যান পর্য্যন্ত ইহার বিপক্ষ হইয়া দাঁড়াইয়াছেন। বাস্তবিক এই ইংলণ্ডবিদায়ের জন্য কত টাকা যে অনর্থক বাহির হয় তাহার আর ইয়ত্তা নাই। এ সম্বন্ধে অমরাদল গবর্ণমেণ্ট অপেক্ষা উহার পরিবারবর্গই গবর্ণমেণ্টের যার পূর্ণ পূর্ণ দোষের অংশের যে কিরূপ বৃদ্ধি হইয়াছে তৎসম্বন্ধে আমরা দুই একটী কথায় এস্থলে উল্লেখ করিতেছি। সাহিবরাজ ভারতবর্ষে অপরাহ্ণের গবর্ণমেণ্টের বাহিরের যায়, তথায়ওকারা তাঁহাদের অধিক অধিকারিত করিয়া থাকেন। ইহাঁদের মধ্যে অনেকগুলি কণ্ডচারীকে থাকিতে হয়, তাঁহাদের তথায় যাতায়াতের খরচ এবং ঐ কয়েক মাসের জন্য প্রত্যেকের কয়েকজনের অংশ অতিরিক্ত পাইয়া থাকেন। তদ্ভিন্ন সেক্রেটরিয়েটের কার্য্য হ্রাস করিবার জন্য এবার একটী নূতন প্রথা প্রচলিত হইয়াছে। তাহাতে কার্য্য লাঘব হওয়া দূরে থাকুক বরং পূর্ব্বাপেক্ষা বিগুণ হইয়াছে। আর কতক গুলি অকর্ম্মণ্যের কর্ম্ম মিলিয়াছে। এতদ্দেশীয় সেক্রেটরিয়েটের ১০০ শত জন কর্ম্মচারী, গ্রীষ্মকালে এলাহাবাদে আসীনে প্রায় ৫২। ৫৩ জন থাকিতেন, আর অবশিষ্ট মাইনিতালে যাইতেন, কিন্তু এই নব প্রচলিত প্রথানুসারে এবারে এলাহাবাদ আসীনে কেবল মাত্র ৮। ৯ জন করিয়া মিলিয়াছেন, আর আর সকলে সাহেবদের বিলাসক্ষেত্র সেই মাইনিতালে অবস্থান করিতেছেন। আমার সেক্রেটরিয়েটের কার্য্য নির্ব্বাহের জন্য এখানকার গবর্ণমেণ্টের ডাকাবাহকটী পূর্ব্ব পূর্ব্ব বৎসর অপেক্ষা আর তিনটী লোক বৃদ্ধি দিয়াছে। একণে বিবেচনা করিয়া দেখা উচিত যে, নতন লোকের যার বিবাহার্থ পূর্ব্বলোকের কর্ম্ম [illegible] অনর্থক ব্যয় হইতেছে। যদি কাহিলাম লোকদিগকে এই কারণ বশে নির্দ্দয় করিয়া থাকেন, আমি

হইলে আমাদের কোন কথা বলিবার ছিল না, কেন না তিনি আপনার বিবাদের কথা নিজ হইতে বন্ধ করিয়াছেন, কিন্তু তাহা না হইয়া যখন এই দীর্ঘ প্রবন্ধের কটোপার্জ্জিত অর্থে তাঁহার সুখ ভোগ হইতেছে, তখন ইহার অপেক্ষা অন্যায়ের আর কি হইতে পারে। জানি না কি করা আমাদের গবর্ণমেণ্ট এতাদৃশ অন্যায় ব্যবহার কথা কোনরূপ আপত্তি করেন নাই।

আগামী ৪ঠা আগষ্ট হইতে এলাহাবাদে হাই কোর্টের সেসন বসিবে।

এতদিনের পর সকলদের এলাহাবাসিদের প্রতি সদয় হইয়াছেন। এক সপ্তাহের অধিক হইল এখানে ক্রমাগত বৃষ্টি হইতেছে। এক্ষণে কিছুদিন বন্ধ হইলে ভাল হয়।"

সম্বাদের অন্তর্গত কানপুর হইতে একব্যক্তি লিখিয়াছেন গত ১৮ এ জুন তিনি কানপুরে এক ব্যক্তিকে আমীনের নিকটে কতকগুলি কথা জিজ্ঞাসা করায় তিনি বলেন, বর্ত্তমান আমীনের আসনগ্রহণ দেখিয়া সমস্ত সম্বাদ ও মৌলবী বিদ্বান্ত হইয়াছেন। এমন কি যদাপি আমীর কোন ঐ ধর্ম্মভ্রষ্ট হন, তাহা হইলে কোন সম্বাদের নিকট হইতে সাহায্য পাওয়া ভার হইবে। কল যে তাঁহার বিরুদ্ধে চেষ্টা করিতেছে, তাহাতে যে আমীরের কোন ভাবী আশঙ্কা নাই, তাহাও নহে। তিনি বলেন আমীর যদ্যপি বুদ্ধিমান হন, তাহা হইলে ব্রিটিশ গবর্ণমেণ্টের সহিত কখনও অসদ্ব্যবহার করিবেন না। তাঁহার একাল তথায় থেকেতে বিস্তার আশা উচিত নয়। আমীরকে সুপরামর্শ দেওয়া ও তিনি যাহাতে প্রজাদের মনোরঞ্জন করিয়া চলেন, ব্রিটিশ গবর্ণমেণ্টের তদ্বিষয়ে তাঁহাকে উপদেশ দেওয়া কর্ত্তব্য। তদ্ভিন্ন এই, কাবুল রাজ্যের সম্বাদ যাহাতে বাহিরে প্রকাশ না হয় তাঁহার কর্ম্মচারীদিগকে সেই আদেশ দিয়াছেন। পাছে তাঁহার প্রজারা কোন সংবাদ লিখে সন্দেহ হইলেই তিনি ডাককর্ম্মচারিদিগকে প্রজাদিগের পত্র খুলিয়া পড়িবার অনুমতি দিয়াছেন। এ প্রস্তাব যে একেবারে অমূলক, তাহা উক্ত কাবুলী বিশ্বাস করেন না। তিনি বলেন যে কল কাবুলের আভ্যন্তরিক সংবাদ লইবার জন্য যে কল ডেলীগ্রাফ অর্থ ব্যয় করিতেছে, তাহাতে যে এপ্রকার আদেশ আমীর দিবেন তাহা বিচিত্র নহে।

আমাদিগের মেদেনীপুর সম্বাদদাতার সময় [illegible] অবস্থান করিয়া আগামী ৪ঠা আগষ্ট কলিকাতায় গমন করিবেন।

ত্রিচিনপল্লী হইতে এক ব্যক্তি লিখিয়াছেন, তথাকার [illegible]

পড়িয়া গিয়াছে, এগুলি [illegible] ইংলণ্ডিয় মহাশয়ের কার্য্যদক্ষতার ফল। কারণ যখন তিনি ফরিয়াদী এবং ইহার উপবিভাগের ডেপুটি কমিশনর বিবাদী তখনত এই সকল স্থলে এইরূপ ভুল ভুল পড়িয়া গিয়াছিল। আমাদের বিশ্বাস হইতেছে, পুলিস কর্ম্মচারিগণ তাঁহাকে নিজীব জীব মাত্র পাইয়া আপন আপন কার্য্যে স্বাধীনতা ভাবে ব্যবহার এই সুযোগ অন্বেষণ করিতেছে। এস্থলে আমরা সাধারণ পরামর্শ দিতেছি, অতঃপর তিনি আপন কোর্টের মধ্যে চতুর সরেস্তা নিযুক্ত করিবেন, আপন স্বাধীনতা রক্ষা করিতে পারেন কিন্তু, আমাদের বিশ্বাসানুসারে, এ অন্যায়াচার নিবারণ করিতে পারে, যদি তিনি স্বয়ং কোন চতুর সরেস্তা নিযুক্ত করিতে না পারেন, আমরা তাঁহাকে একান্তচিত্তে বলিতেছি, যে আমরা তাঁহাকে এ বিষয়ে সাহায্য করিব।

তাঁহারা শুনিয়া আহ্লাদিত হইবেন যে বর্ত্তমান সপ্তাহে পূজা অবকাশ উত্তমরূপ সম্ভোগ হইয়াছে। পোস্ত আফিসের ছুটীও আছে। অতএব ২৩ এ তুন হইতে ২৭ এ তুলাই পর্য্যন্ত বেলী সাহেব, আফগানস্থানবাসী [illegible] বিবেচনা করিয়া আসিবার ভাবণ, এবং তাহার কর্ত্তব্যকার্য্যের উপায় কি, এই সম্বন্ধে একটী [illegible] করিয়াছিলেন, সভার সার এমন্ত্রী ঈডেন, সার কেভেণ্ডিস এবং আর আর লোক উপস্থিত ছিলেন, সার রিচার্ড টেম্পল সভাপতির আসন গ্রহণ করিয়াছিলেন। ঐ প্রস্তাবিত প্রস্তাব প্রবন্ধ পাঠ না করিয়া 'আফগানস্থানবিষয়ের ভাবের কারণ ও এবং ও উহাতে আমার নিবারণ হইতে পারে" এ সকার কোন প্রবন্ধ পাঠ করিলে কি ভাল হইত না?

পূর্ব্বকালে কোন পুরুষ কিম্বা স্ত্রীলোক যেরূপ প্রতারণা করিয়া কার্য্য করিলে কলুষিত আখ্যা চুন কালিতে সম্বাদ হইতে বঞ্চিত করিয়া রাখিতেন কিন্তু এখনকার সময়ে এ কুপ্রথা উঠিয়া গিয়াছে। বোধহয়েত [illegible] কিন্তু সম্প্রতি দেখা গিয়াছে। অতএব, তিন জন লোক আপন আপন স্ত্রী প্রভৃতি রাখিয়া [illegible] এই প্রকার সাজা দেওয়াতে বিচারে তাহাদের প্রত্যেকের তিন বৎসর করিয়া কারাবাসের আদেশ হইয়া গিয়াছে।

মৃত কেশবচন্দ্র সেনের স্বরণ 'চতু আনা' ফণ্ডে সপ্তাহ পর্য্যন্ত ১১,৮২২৸৶ টাকা উঠিয়া আছে।

এক ব্যক্তি লিখিয়াছেন, সর্পে দুগ্ধপান করায় কিম্বা গরু ভূমিতে ঘাস খায়, এমন কি ঐরা ভূমিতে [illegible] অনেক সময়ে বিষ হইতে বাহির হইয়া পড়িবে। তিনি বলেন সম্প্রতি [illegible]

আমরা শুনিয়া আহ্লাদিত হইলাম, কাইসা সিরাজ বিদ্যালয়ের একজন [illegible] ছাত্র যাহাতে তথায় কলেজ বিভাগে প্রবেশের [illegible] নিযুক্ত করা হইবে। বাবু বাঞ্ছি মুখোপাধ্যায়, ঐ বিদ্যালয়ের একজন ছাত্র।

[illegible] ঐরাক ঐরাক সৈনিক পুরুষদিগের [illegible] প্রবল হইয়াছে। গবর্ণমেণ্ট শীঘ্র ঐরাক [illegible] করুন। সাধারণ [illegible] একজন [illegible] ছুরিকা [illegible] করিয়াছে। তিন জন [illegible] আহত হইয়াছে।

ষ্টেটস্‌ম্যানের সংবাদদাতা লিখিয়াছেন [illegible] মাদ্রাজ স্থানের ডাইনির কয়েক জন সৈন্য [illegible] তিন জন সেপাহীর উপর তরবারি আঘাত করে তাহাদিগের মধ্যে একজন মরিয়া গিয়াছে এবং অপর দুই জন গুরুতররূপে আহত হইয়াছে। মৃত ব্যক্তির মুখে লিখিত হইয়াছিল। অনেক অনুসন্ধানের পর সব পাওয়া গিয়াছে।

গত বুধবার অপরাহ্ণ তিন ঘটিকার সময় দুই [illegible] একটী ঘোরতর ঘটনা হইয়া গিয়াছে। [illegible] মিসটনজী একজন [illegible] ঘোড়ে একটী দুগ্ধের [illegible] ঐরাক ঐরাকে [illegible] করিতে করিতে কূপের কাছে পড়িয়া যায়। কয়েক জন রাজমিস্ত্রি নিকটবর্ত্তী একটী বাটীতে কার্য্য করিতেছিল, তাহারা এই ঘটনা দেখিতে পায় তাহাদের মধ্যে একজন তখনে আসিয়া ঐ কূপে নামিয়া কন্যাটিকে লইয়া যেমন উপরে উঠিবে অমনি ঐ কূপের দুর্ব্বিত পানে অটৈতন্য হইয়া কন্যাটির সহিত পতিত হয়। ইহা দেখিয়া আর এক জন উহাদিগকে তুলিতে যায়, কিন্তু কেহই তুলিতে পারে নাই।

মুসলমান [illegible] নিম্নলিখিত সংবাদটী [illegible] পাঠক তাহা বুঝিতে পারিবেন। [illegible] হুরতী সুন্দরী [illegible] করিবার জন্য প্রতি বৎসর লোক পাঠান। [illegible] করিয়া মোহর আদি [illegible] আসিয়া পত্র আদি [illegible] বালকদিগকে ক্রয় করিয়া লইয়া যায়। পথিমধ্যে [illegible] একজন ব্যক্তি একজন বালক লইয়া সর্ব্বদাই [illegible]

...ছিলেন, কিন্তু তাঁহার বিষয় কী তাহা বলিতে পারেন নাই, অন্যান্য সাক্ষীর ... করিয়া কলিকাতায় আসেন। ...

...বাবু সেতুরামের টেলস হে অর্থাৎ খুনের খবর ... যাইবে, তাহার সূচনা হইয়াছে। ... একটী ছেলের খনি বাহির হইয়াছে। একজন আরব ... করেক জন ইউরোপীয়ের অধিক আমিনির ... হাজার বা ৩৫০০০ হাজার টাকার টেলস ... পুলিসেছেন।

...পরিবের একজন প্রাণিতত্ত্ববিৎ একটী ছেলেকে ... করেক জন বিজ্ঞানবিৎ পণ্ডিতের সমক্ষে ... পুরিয়া অনুপরি ৪টি হাত দেন। ৫ বৎসরের ... সেই হাতের আঘাতেই খুনিয়া গেলেন, ... একটী জীবিতাবস্থায় আছে।

...রসায়নশাস্ত্রবিৎ পণ্ডিত মহেন্দ্রলাল সরকার ... করিয়া প্রস্তুত করিবার উপায়ের আবিষ্কার ... দিয়াছেন। মহাপণ্ডিতদিগের এই আবিষ্কার সম্বন্ধে ... ।

...হাকিমদিগের সাক্ষিকরিবার নিয়মাবলীর ... সম্বন্ধে সকলের প্রত্যয় ... ।

...ঘোষাই ... ।

...

...

...

ঘরে ৭ ই,পেরিক একজন ভদ্রা লইয়া ছারবানদিগকে প্রহার করিয়া বাটীর দ্রব্যাদি আত্মসাৎ করে। উইলিয়ামু এই সংবাদ পাইয়া পরদিন পুলিস মাজিষ্ট্রেট ফেজারসন সাহেবের নিকট গেঁহিতের নামে চুরী ও আর আর অপরাধের অভিযোগ করিয়া সকলের প্রার্থনা করেন। মাজিষ্ট্রেট সাহেব চুরীর দারিটী রহিত করিয়া আর আর অপরাধের জন্য সমন প্রদান করিয়াছেন।

ত্যুমিওপাথিক চিকিৎসা এদেশে প্রচার হওয়াতে দেশের যেমন উপকার হইতেছে, তেমনি অপকারও অনেক হইতেছে। আমরা দেখিতে পাই, ভদ্রস্থ অশিক্ষিত লোক দুই এক পাতা হস্তগত করিয়া অথবা দুই চারি পাতা পড়িয়াই আপনাদিগকে মস্ত চিকিৎসক মনে করিয়া নিজ নিজ পুত্র কন্যা এবং দরিদ্র প্রতিবেশিগণকে অকালে যমালয়ে পাঠাইতে সঙ্কুচিত হয় না। এই সকল ডাক্তারের হাত হইতে দেশের রক্ষা করার জন্য একটী যে আইন করা আবশ্যক হইয়াছে তাহা বলা বাহুল্য।

ডেলিপোষ্ট বলেন যে মীস্ জোন্স্ সম্বর ডাক্তার বিবি অধিকতর যত্নতার সহিত ডাকঘিরাদি সম্পন্ন করাতে সম্প্রতি গবর্ণমেণ্ট তাঁহাকে কুমুর সমরের পোষ্টমাষ্টরের কর্ম্মপদে নিযুক্ত করিয়াছেন। আমাদের দেশে পোষ্টমাষ্টার জেনারল এতদ্দেশীয় শিক্ষিত স্ত্রীলোকদিগকে ডাকবিভাগে নিযুক্ত করিতেন বলিয়া যে খুব ধুম বাধিল, তাহার কি হইল?

আমরা দুঃখ সহকারে প্রকাশ করিতেছি যে পঞ্জাবের লেপ্টেনণ্ট গবর্ণর সার চার্লস এচিসন তাদৃশ আরোগ্য লাভ করিতে পারেন নাই।

লিম্‌লীর ঠাকুর মহাশয়কে বোম্বাই ব্যবস্থাপক সভার একজন সভ্যের পদে নিযুক্ত করায় তত্রত্য সমস্ত সংবাদপত্র সম্পাদক আনন্দোল্লাস প্রকাশ করিতেছেন। কেন তিনি শিবপ্রসাদ নাকি?

'সমস্ত শিবত্বে হীরকিন্স সাহেব না হওয়াতে তথাকার পাহাড়ে এক প্রকার ভয় জন্মিতেছে। এ প্রদেশে কখনে সখনে ভূমি কম্পিত হইলে যে প্রকার শোভা হয়, আজ কাল শিমলা পাহাড় উক্ত প্রকার ভয় ভূমি দ্বারা অল্পে অল্পে সুশোভিত হইতেছে। তত্রত্য অধিবাসিগণ ইহাকে অনাবৃষ্টির চিহ্ন বলিয়া স্থির করিয়াছে। কিন্তু বিদেশের লোকে শিমলার কথা কিছুমাত্র বুঝিতে পারে না, অতএব মাসলেরিয়ার বসতিস্থান বলিয়া উহা ভাল বলা যায় না।

কাবুল হইতে এমন শুনা গেল যে, আফগানিস্তানের সৈন্যাধ্যক্ষ গোলাম হাইদার খাঁ তাঁহার [illegible] সহচরগণ হত হইয়াছেন।

[illegible] ছাড়িয়া [illegible]

[illegible] ভেটি, ঐদিবসের [illegible] তাইস্‌চেন্সলরের বাস [illegible] বন্দুকি সকাবাত যোগে আক্রান্ত হইয়া [illegible] করিয়াছেন।

মন্ত্রান্ত সাবাস পরে [illegible] সেনেটীয় সময়ে [illegible] ফ্যাকল্টেরও [illegible] আমাদি [illegible] বারাণসিদের [illegible] করিবার অধিকার [illegible]

গত মাসে গতে [illegible] সহধর্ম্মিণী পারিস [illegible] পথকে মহাসমারোহে [illegible] সম্প্রদায় [illegible] দেখা হয় নাই।

আজ ইউরোপ [illegible] ঘটে নাই এমন [illegible] দিন। গত ১ [illegible] কোপনিকের [illegible] হয়। ইউরোপে [illegible]

আমরা অতিশয় শোক সন্তপ্ত হৃদয়ে প্রকাশ করিতেছি যে প্রসিদ্ধ হোমিওপ্যাথিক ডাক্তার বাবু রোকনাথ মৈত্র পরলোক গমন করিয়াছেন। ইনি [illegible] পরোপকারী ছিলেন। পূর্ব্বদিন রোগে তিনি সকালে মানবলীলা সম্বরণ করিয়াছেন। তথাকার [illegible] চিকিৎসালয় স্থাপিত করিয়া যাবজ্জীবন চালাইতে [illegible] ইহাতে ঐক্য [illegible] [illegible] বৎসর বয়সে মৃত্যু হইয়াছে। ইনি [illegible] সকল সাধন করিয়া গিয়াছেন।

[illegible] মেণ্ডামাল বাগে [illegible] এক লক্ষ টাকার অধিক [illegible] চড়। আর কাল ইউরোপে [illegible] প্রবল।

সর্ব্বধাম মাস [illegible] পারিস [illegible] পিটসবর্গে বিদ্যারম্ভে [illegible] করিতে আরম্ভ করিবে। প্রত্যেক টেবে [illegible] আরোহী গাড়ি এবং একখানির [illegible] খানিতে ৫ জন থাকিবে। [illegible] সারলেসিয়ান নামক স্থানে এইরূপ [illegible] দেখান হইয়াছিল।

৬৫ গবর্ণমেণ্টের উপনিবেশ [illegible] বলিয়া তথায় কেহই যাইতে চাহে না। [illegible] কয়েক জন ভদ্র লোকই কর্ম্মের আশায় যাইয়া [illegible] ইহারা ও তথাকার অধিবাসিদিগকে প্রলোভন দেখাইয়া লইয়া যাইতে আরম্ভ করে। [illegible]

[illegible] ১৮৭৯ সালের [illegible]

[illegible]	[illegible] বিভাগ
বিশ্বম্ভর দাস	ঐ
শ্যামাচরণ দাস	ঐ
প্রসন্নকুমার গুহ	ঐ
অম্বিকাচরণ মুখোপাধ্যায়	৩য় বিভাগ
শ্যামাচরণ বসু	ঐ
অম্বিকাচরণ মিত্র	ঐ
রামযোগেন্দ্র কর	ঐ
মধুসূদন চট্টো	ঐ
মহেন্দ্রচন্দ্র দাস	ঐ
রাজনারায়ণ বসু	ঐ
মহেশচন্দ্র ভট্টাচার্য্য	ঐ
কালীপ্রসন্ন মুখোপাধ্যায়	ঐ

একখানি লিখিয়াছেন, বাবু কালীপ্রসন্ন সেন গুপ্ত প্রবেশিকা পরিক্ষায় [illegible] বোর্ডের আদেশানুসারে, [illegible] প্রতিমাসে ৫ টাকা বিধি মত বজায় রাখিয়া [illegible] করিতেছেন। ইহা দ্বারা [illegible] [illegible] ও [illegible] বিশেষ [illegible] করিবে। কালীপ্রসন্ন বাবু [illegible] বোর্ড [illegible] পুরস্কার [illegible]

কালী বাবু তাঁহার [illegible] বাবু [illegible] মহেশচন্দ্র [illegible] [illegible] করিতেছেন। [illegible]

...ধার সর্বত্রই কার্পাসবীজ বিদ্যমান থাকায় তাহা ...যায়।

হাজারিবাগী চৌরঙ্গীস্থিত বিলাতীয়ের ১৮৮০ সালের হিসাবই প্রকাশিত হইয়াছে। ১৮৭৯ সালের ১ লা জানুয়ারির এই বিলাতীয়ে ৬৯-জন বালক ছিল। ২০ জন মুসলমান বালকের প্রত্যেকের জন্য মুক্তিদাতা করিয়াছিলেন। ইহাদিগের মধ্যে ৩৫ জন মুসলমান ও ৪৯ জন হিন্দু। যে বালক মুক্তিলাভ করিয়াছে, সে ইচ্ছা করিলে সাধারণ বিদ্যালয়ে পড়িতে পারিত, এখন সে শিক্ষকতার অধিক ও তাহা করিয়া জীবিকা নির্বাহ করিতেছে। এই বর্ষে এই সকল বালকের জন্য ৮৭৯৭৸৫ অর্থাৎ প্রত্যেক বালকের জন্য ১৮১০ টাকা ব্যয় ও প্রত্যেক বালকের জন্য ৩৮৯৸৩ টাকা আয় হইয়াছে।

প্রশ্ন।

মহাশয়! বদ্যপায়ী আপনকার প্রশ্নের উত্তর করিতে পারি, কিন্তু আপনি উত্তরগুলি মোটা করিয়া বেরূপ উত্তর প্রদান করেন, তাহাতে আমার উত্তর করিয়া বিচার করিতে গেলে, বোধ হয় দ্বিপ্রহরের একটী প্রশ্নোত্তরের নিষ্পত্তি হইতে পারে না।(ক)। বিগতবারে ৩৭ টী আষাঢ়ের সোমপ্রকাশের ৩ য় পৃষ্ঠের ৩য় স্তম্ভে পিতা ও স্ত্রী-পুরুষ সম্বন্ধে কয়েক ব্যক্তির কথোপকথন করিয়াছেন, তাহার উত্তর প্রদান করা, যে কতদূর দায়ক, তাহা আপনি ও আপনার পাঠকগণ বিবেচনা করিবেন। যদিও বাইবেল পুস্তক ভিন্ন ভিন্ন চেষ্টা করিয়া বুঝিবার প্রয়োজন আছে, তথাপি তাহাতে কোন কোন বিষয় অবশ্যই সরল আছে; কিন্তু সকল ঈশ্বর-প্রেরিত পুরুষদিগের সকল বিষয় অবশ্যই সরল (খ) হইবার নহে।

(১) যে বিষয়ে যে পুরুষ সকলের অপেক্ষা তাহার অনুকরণীয় কি ছুতীয়?

(২) আমরা ও অন্য অনেকেই বুঝিতে পারিতেছি, আমার ঐ পুত্রের যেরূপ শিক্ষা আবশ্যক তাহা অনুকরণীয় নহেন্দ্রই ইহা দেখিতে পাইতেছি। ঐ বিষয়ের ও ঈশ্বরের ... পড়িয়া ... পড়ি। সো—ন।

(৩) ঈশ্বরের ভাব ও মনুষ্যের ভাব এক কি না, এবং আকাশে ঈশ্বরের ঈশ্বর আছে কি না; তাহা পণ্ডিত আত্মা ঈশ্বরের সহায়তা ও পিতা ঈশ্বরের অনুগ্রহে ঐশ মনুষ্যের নিম্ন ভাবসকল বুঝিতে পারিলেই ঈশ্বরের সম্বন্ধে তাৎপর্য্য হৃদয়ঙ্গম হইতে পারিবেন। আমার আমার পুরাণাদি লেখকেরা ব্রহ্মা বিষ্ণু প্রভৃতি দেবগণ ও দুর্গা কালী অভৃতি দেবী গণের কেহই দর্শন করিয়াছেন, বাইবেল লেখক এমন কহেন নাই। তবে ইহাতে যদি কিছু আরোপ থাকে, তাহা ঈশ্বরের নিজের আরোপ (৫) আমরা ঈশ্বর সম্বন্ধে কথোপ।"

৪ র্থ প্রশ্নোত্তর।

যদি আমরা ঈশ্বরের না হইতে, তাহা হইলে ঈশ্বর দুর্বল অনুকরণীয়, মহৎপদ গ্রহণের অনভিলাষী হইতে পারিত (৬) কিন্তু যে মনুষ্য তাঁহার সম্পূর্ণ আজ্ঞা (বাধ্যতা) প্রতিপালনপূর্ব্বক পুত্রের ঔপযুক্ত কষ্ট ও উৎপীড়ক পাপ ও মৃত্যুকে জয় করিয়া

(৪) আমার সকল বুঝিতে না পারিলে, তখন বুঝিবার চেষ্টা পাইবে। এ বিষয়ে কি ঈশ্বর মানুষকে বুদ্ধি দেন নাই? বুঝিবার চেষ্টার নাম কি বিতণ্ডা? সো—ন।

(৫) অনেক স্থলে বোধ হয় বুঝিতে পারা যায় না। তখন যে অর্থ পাঠ করা হয়, তাহা হইতে কিছু আর লাভ করা যাইবে, এরূপ ইচ্ছা করিলে আমরা ঈশ্বরের বাক্য সকল ভাবিয়া, পাঠে নিজেদের অনেক উপকার করিয়া লইতে পারি। সো—ন।

(৬) আরোপ পদার্থই দোষের। মনুষ্যের নিজেরই দোষের জন্য আর ঈশ্বর বুদ্ধির অনুরোধ করা, কখনো উচিত নহে। সো—ন।

(৭) ঈশ্বর মনুষ্যের কথা অবশ্য অনুকরণীয় হইতে পারে না, তখন মনুষ্য যে নিজের অনুকরণীয় হইবে না তাহা স্পষ্ট। আমরা ঈশ্বরের অনুকরণ করিতে পারি, তাহাতে ঈশ্বরের ঈশ্বরত্ব কিছুমাত্র হ্রাস হয় না। সো—ন।

নিজের প্রতিজ্ঞা পালন করিয়াছেন, সেই জন্য তিনি ঈশ্বর মহিমা অনন্তকালীন। ঈশ্বরে বিশ্বাস করিতে পারিলেই, আমাদের আর কিছুই বুঝিতে বাকি থাকে না।

৩ য় প্রশ্নোত্তর।

পুত্র পিতার অধিকার জানা না থাকিলে পিতা পুত্রকে কত দিয়া থাকেন, যদি তাহা না হয়, তাহা হইলে পিতার পুত্রের প্রতি ভালবাসার কখন কমা হয় না (৭)। ঈশ্বরে আমরা ও অন্যান্য পুত্র ও পুত্র প্রকৃতি হইয়াও ঐ আছে, সে সকলই প্রয়োজন মাত্র যায়, ঈশ্বরের জন্য হইয়াছে। ঈশ্বর অন্যের হাতের ঘড়ি না পাইলে, মানুষ কেমনই সুখাদ্যক করিতে পারিবে না, তাহা ঈশ্বরের ইচ্ছা। তোমার পুত্র আবশ্যকমত কিছু করিতে পারে।

৪ র্থ প্রশ্নোত্তর।

মানুষের অবাধ্যতা প্রীতির অভাব প্রভৃতির সৃষ্টি, অনন্ত সময়ে সকলেরই বিনাশ কর্ম সকলের সৃষ্টি হইয়াছে কেন? হইয়াছে কেন, ইহা যদি আপনি বিবেচনা করিয়া বোধহয়, তাহা হইলে বলিতে পারিবেন, এই সকলের সৃষ্টি, মনুষ্যের মঙ্গলের ও পিতা ঈশ্বরের মহিমা (৮) প্রকাশের জন্য হইয়াছে।

৫ ম প্রশ্নোত্তর।

এই প্রশ্নের উত্তর বলে আমি একটী কথা, আপনাকে জিজ্ঞাসা করি, মহাশয় বলেন মানুষের পাপী ও তাহাতে পাপ আসিই হইল, সেই পাপ মোচনের জন্য ঈশ্বর আপন অদ্বিতীয় পুত্রকে (৯) পাঠাইলেন, তিনি এত করিলেন কেন? এখনে আমি বলি, তবে সৃষ্টি না করিলেই ত হইত, তিনি সৃষ্টি করিলেন কেন। কেন না তিনি সব করেন; ও ভাল মন্দ করেন; এবং আপনার সন্তোষ ও আনন্দ জন্য দিয়া তাহা সুখ করেন। (ইত্যাদি ইত্যাদি।)

আপনকার প্রশ্নোত্তরাকাঙ্ক্ষী
ধাঁধাঁকারী।

(৮) এ বিষয়ে মতভেদ নাই। কিন্তু যে পিতা পুত্রের প্রবৃত্তি দিয়া তাহার সন্তুষ্টিসাধন করেন, সে পিতা কেমন? সো—ন।

